

# স্বাস্থ্য-সমাচার

বঙ্গভাষায় স্বাস্থ্য সম্বন্ধীয় একমাত্র  
মাসিক পত্র।

সম্পাদক

ডাক্তার শ্রীকান্তিক চন্দ্র বসু, এম্ বি।

পঞ্চম বর্ষ

১৩২৩

কার্যালয়

৪৫ নং আমহার্ট ষ্ট্রীট, কলিকাতা।

বার্ষিক মূল্য এক টাকা।

BLANK PAGE(S)

INSECT DAMAGE

DOUBLE COLOUR PAGE

Tight Binding



# স্বাস্থ্যসমাচার



“শরীরমাংসং খলু ধর্মসাধনম্”

পঞ্চম বর্ষ।

বৈশাখ ১৩২৩ সাল

প্রথম সংখ্যা

**স্বাস্থ্য-নীতি**—(ব্যক্তিগত)—সর্বসাধারণের অবস্থা জ্ঞাতব্য, প্রাতঃক্রিয়া, স্নান, আহার, স্নানপান, পরিধান, পরিশ্রম ও ব্যায়াম, বিশ্রাম ও নিদ্রা এবং সংঘম সম্বন্ধে সরল ভাষায় আলোচনা করা হইয়াছে। প্রতি খণ্ড ৯০ মাত্র (৯১০ ডাক টিকিট পাইলে একখণ্ড পাঠান হয়)।

**গৃহস্বাস্থ্য-নীতি**—গৃহস্থ মাত্রেই অবস্থা জ্ঞাতব্য; গৃহ, বায়ু, জল, খাদ্য ও রোগ সম্বন্ধে সরল ভাষায় আলোচনা করা হইয়াছে। প্রতি খণ্ড ৯০ আনা (১০ আনার ডাক টিকিট পাইলে একখণ্ড পাঠান হয়)।

উভয়েরই ছাপা, কাগজ ও কভার অতি সুন্দর। দুই খানি

একত্রে ভি, পিতে লইলে ৯০ আনা।

স্বাস্থ্য-সমাচার কার্যালয়ে পাওয়া যায়।

ক্যাণ্ডি ড্রাগ প্রেস,  
৪৫ নং আমহার্ট স্ট্রিট, কলিকাতা।

স্বাস্থ্য-সমাচার” পঞ্চম বর্ষে পদার্পণ করিল। পাঠকবর্গের গ্রহে “স্বাস্থ্য-সমাচার” ক্রমশঃ দেশ মধ্যে আবশ্যকীয় হইয়াছে। কিন্তু আমরা সকলের আশা ও আকাঙ্ক্ষা মত কর্তব্য পালন করিতে পারিতেছি না। মান যুদ্ধাদির জগৎ ছাপিবার কাগজ দুস্প্রাপ্য ও ল্যা হওয়ার জগৎ আমরা বাধ্য হইয়া নিকট কাগজে লিখিতেছি। এই জগৎ আমরা গ্রাহকবর্গের নিকট প্রার্থনা করিতেছি।

সভা-সমিতি ও সহযোগী সংবাদ পত্রাদিতে স্বাস্থ্য ও হিতৈষণা সম্বন্ধীয় প্রবন্ধাদি ও আলোচনা অনেক প্রকাশিত হইতেছে। বর্তমান সংখ্যা হইতে আমরা “সকল আলোচনা ও প্রবন্ধের সার সংকলন করিয়া ‘সকল আলোচনা’ নামক প্রবন্ধরূপে প্রতি মাসে প্রকাশিত করিব। ইহার দ্বারা সভা-সমিতি ও অগাধ পত্রিকাদিতে প্রকাশিত ও জনহিতৈষণা সম্বন্ধীয় যে সকল প্রবন্ধাদি প্রকাশিত হইবে, আমাদের পাঠকবর্গ তাহাদের সারাংশ

বিদিত হইবেন এবং আমরাও আমাদের মতোমত প্রকাশ করিব।

স্বাস্থ্য সম্বন্ধে জনসাধারণকে শিক্ষা দিতে হইলে কেবল “স্বাস্থ্য-সমাচার” দ্বারা তাহা হইতে পারে না। সাধারণের ওদাশ্য দূর করিতে হইবে। এজন্য ধর্ম-প্রচারকের ত্রায় স্বাস্থ্যবর্তী প্রচারকের আবশ্যক। প্রাইমারি ও মধ্য ইংরাজী বিদ্যালয়ে স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক সকল রীতিমত পড়ান উচিত। শিশুদিগকে অতি সরল ভাবে ও বয়স্ক বালকদিগকে বিশদরূপে এই সকল বিষয় বুঝান আবশ্যক। বালিকাদিগকে ব্রতকথার ত্রায় স্বাস্থ্যবাণী সকল কর্তৃস্থ করান উচিত।

আমাদের স্বাস্থ্যের উন্নতির জগৎ আলোচনা, লেখালেখি ও জল্পনা কল্পনা মতেও বস্তুতঃ দেশমধ্যে উন্নতি আরম্ভের কোন সূত্রপাতও দেখি না। আমরা “স্বাস্থ্য-সমাচার” সম্পাদনা সম্বন্ধে নিজ পরিবারবর্গের মধ্যে আজ পর্যন্ত শরীর পালন ও শরীর রক্ষার সকল নিয়ম প্রতিপালিত করাইতে সক্ষম হইতেছি না।

ইহা বড়ই ক্ষোভ ও দুঃখের বিষয়। কথায় বলে, “অভ্যাস যায় না মলে” এইটী এক্ষণে অক্ষরে অক্ষরে সত্য বুলিতে পারিতেছি। পরিবারবর্গের অজ্ঞানতা ও কুমসংস্কার ইহার প্রধান কারণ। শৈশবে যেরূপ শিক্ষা ও অভ্যাস পাইয়াছে পরজীবনে তাহা পরিবর্তন করা অতি কঠিন ব্যাপার। এই জন্ত আমরা করজোড়ে প্রত্যেক পিতামাতা, শিক্ষক ও গুরুজনবর্গকে নিবেদন করিতেছি যেন তাঁহারা শৈশব হইতেই শিশুদিগকে শরীরপালন ও রক্ষা করিবার প্রণালী অভ্যস্ত করাইয়া দেন। শিশুকে যাহা শিখাইবে সে তাহাই শিখিবে। এখন হইতে সকলে এক মনে, এক ধ্যানে চেষ্টা করিলে অন্ততঃ ১০।১৫ বৎসর পরে ভাবী বংশধরদের ঘারা (young hopeful) এদেশের স্বাস্থ্য অনেক উন্নত হইতে পারিবে।

দেশের দরিদ্রতা স্বাস্থ্যোন্নতির অপর অন্তরায়। প্রবন্ধ লিখিতে বসিলেই বা বক্তৃতার সময় আমরা আমেরিকা, ইংলণ্ড ও অন্যান্য দেশের নজির দেখাই। বলি দেখ পানামা দেশ হইতে ম্যালেরিয়া দূরীভূত হইল, ইংলণ্ডে ওলাউঠা রোগ আর আদৌ হয় না, সেখানে একটা মাত্র বিষধর সর্প নাই, এইরূপ যে নানা স্বাস্থ্যোন্নতির দৃষ্টান্ত দেখাই, আর বলি আমরা নিশ্চল, নিশ্চেষ্ট হইয়া বসিয়া আছি কোন চেষ্টা করিতেছি না, রোগে ও অকালমৃত্যুতে দেশে হাহাকার ধ্বনির রোল উঠিতেছে—কেহ রাজার দোষ দিতেছে, কেহ জমীদারের দোষ দিতেছে কেহ বা অদৃষ্টের দোষ দিয়া নিশ্চিন্তভাবে কালযাপন করিতেছে। কিন্তু ইহার মূলে

দেশব্যাপী ভীষণ দরিদ্রতা সকল বিষয়ের অন্তরায় বাধা দিতেছে।

প্রকৃত স্বাস্থ্যোন্নতি করিতে হইলে দেশের সাধারণের আর্থিক অবস্থার উন্নতি আবশ্যিক। অল্পগ্রহ হইলে লোকের বুদ্ধির সুরণ হইতে দেখা লোকে কার্যতৎপর হয় ও ভালমন্দ বিবেচনা করিতে পারে। দরিদ্রতার কষাঘাতে সাধারণ লোকের মন জর্জরিত। তুমি ভাল কথা বলিলেও তাহার মন্দ বলিয়া মনে হয় এই জন্ত কেবল বাক্যেই চলিবে না। যাহাতে দেশের প্রত্যেক লোকের আয় বৃদ্ধি পায় অর্থাৎ যাহাতে প্রত্যেকে উপার্জনক্ষম হয় তাহার ব্যবস্থা স্বাস্থ্যোন্নতির সোপান বলিতে হইবে। আমরা ক্রমশঃ স্বাস্থ্যোন্নতি উপায় নির্দেশের সহিত কিসে আর্থিক উন্নতি পারে তাহার যতদূর সম্ভব আলোচনা করিব।

দেশের কোথায় কিরূপ অবস্থা কি করিলে লোকের স্বাস্থ্যের ও আর্থিক উন্নতি হইতে পারে সম্বন্ধে যদি প্রতি জেলা হইতে এক একজন “স্বাস্থ্য-সমাচারে” তাঁহাদের বক্তব্য জ্ঞাপন করেন হইলে জনসাধারণের অনেক সুবিধা হইতে পারে কেবল ডাক্তার কবিরাজের ভিতর স্বাস্থ্য আলোচনা আবদ্ধ হইয়া থাকে ইহা আমাদের আশা নহে। যে কোন ব্যক্তি যদি লোকশিক্ষার জনীয় ও কার্যে পরিণত করা যায় এইরূপ উপায় দিয়া প্রবন্ধ প্রেরণ করেন তাহা আমরা প্রকাশিত করিব।

## বিষ্ণু বা বেল।

—:o:—

বিষ্ণু বৃক্ষ হিন্দুদিগের মধ্যে একটা পবিত্র ও বিষ্ণুবৃক্ষে ভগবতীর উদ্বোধন হইয়া থাকে। দেব শ্রীমুক্তে ভগবতী নিজেই বলিতেছেন “সমস্ত ক্রমস্থ বিষ্ণুঃ—অর্থাৎ বিষ্ণুবৃক্ষেই আমার বাস। এই বৃক্ষ বিষ্ণুবৃক্ষে শ্রীনিকেতন বলে ও বিষ্ণুবৃক্ষকে ফল বলে। এই বৃক্ষ ভারতবর্ষের সর্বত্র দেখিতে ওয়া যায়। ইহা হিন্দুর পক্ষে এত পূজনীয় যে সাধারণের কার্য ব্যতীত এই বৃক্ষের কষ্ট অপর কোন ব্যবহার করে না। প্রাচীন সংস্কৃত গ্রন্থে এই ইহার ফল, পাতা, শিকড়, ছাল প্রভৃতি সমুদয়ই মাহাত্ম্য বলিয়া বর্ণিত আছে। গৃহ হইতে বিদেশ পর্যন্ত বিষ্ণুবৃক্ষের আশ্রয় লই। পত্র ত্রিপত্র নির্মিত বলিয়া হিন্দুশাস্ত্রে এই পত্রের মাহাত্ম্য বর্ণিত আছে। এই ত্রিপত্র ব্রহ্মা, বিষ্ণু, শিবের স্মারক; অকার, উকার ও মকাররূপী প্রণব; আমি, তুমি, তিনি—এই তিন পুরুষ স্বরূপ জ্ঞেয় ও জ্ঞাতা এই ত্রিপুটীস্বরূপ; কর্তা, কর্ম ও ইহার ব্যঞ্জক এবং স্বর্গ, মর্ত্য ও অন্তরীক্ষ এই লোকের স্বরূপ। বিষ্ণুব্রহ্মপর্ণ স্তবে ইহার বিবিধ উদ্বোধন শক্তি দেখা যায়। বিষ্ণুব্রহ্মের টাটকা মধুর সহিত সেবন করিলে দান্ত পরিষ্কার হয় ও মারোগ্য হয়। দশমূল পাঁচন বা পঞ্চমূল পাঁচনে লের ছাল ব্যবহৃত হইয়া থাকে। জ্বরে, হৃদরোগে ময়ে, রক্তান্তিসারে অন্ন ও অজীর্ণ রোগে কোন বায়ু রোগে ইহার ত্বক, মূল, পত্র, ফল, সমুদয়ই ব্যবহারে লাগে। মুসলমানেরাও ঔষধার্থ ব্যবহার করিয়া থাকেন। মক্জানাদিয়া গ্রন্থে ইহা উত্তেজক, রসায়ন, কষায় ও

ধাতু স্বাস্থ্য বর্ধক ঔষধ বলিয়া বর্ণিত আছে। চিনির সহিত ব্যবহার করিলে সঙ্কোচক হইলেও ইহাতে অর্শ উৎপাদন করিতে পারে না।

বিষ্ণুবৃক্ষের আকৃতিগত, পত্রগত এবং ফল গত বিস্তর প্রভেদ আছে। তন্মধ্যে বিষ্ণুবৃক্ষের আরণ্য ও গ্রাম্য এই দুই প্রকার প্রভেদই প্রধান। আরণ্য বিষ্ণুবৃক্ষের প্রকার ভেদ।

ভারতবর্ষের ও বর্মা প্রদেশের বনে, জঙ্গলে ও গাঁহাড় নিকটে আগুনগনি ভস্মে এবং গ্রাম্য বিষ্ণুবৃক্ষ ভূমিতে রোপিত হয়। বহু বিষ্ণুবৃক্ষাকৃতি, কঠিন, গোল, অত্যন্ত কষায়রস ও বিষ্ণু এবং ইহার ফলে বিস্তর বিচি থাকে। গ্রাম্য বিষ্ণুবৃক্ষের ফল বৃহৎ। কলের খোনা পাতলা, প্রচুর শাঁন বিশিষ্ট, স্তম্ভ ও স্তম্ভ। ইহার ভিতরে বিচিও অল্প থাকে। উত্তর, পশ্চিম ও মধ্যভারতে যে সকল বহু বিষ্ণুবৃক্ষ পাওয়া যায়, সে গুলি অত্যন্ত মাদকগুণবিশিষ্ট এবং মৎস্ত মারিবার বিষ স্বরূপে ব্যবহৃত হয়। কিন্তু রোপিত গ্রাম্য বিষ্ণুবৃক্ষ গুণ সম্পূর্ণ স্বতন্ত্র। কেন যে বহু ও গ্রাম্য বিষ্ণুবৃক্ষে এতটা সম্পূর্ণ প্রভেদ ইহা চিন্তনীয়।

বীজ হইতেই সচরাচর বিষ্ণুবৃক্ষ জন্মিয়া থাকে। কিন্তু বর্মা প্রদেশে বিষ্ণুবৃক্ষের মূলদেশ হইতে যে সকল

বিষ্ণুবৃক্ষ চাষ। অক্ষুর উদগত হয় সেই অক্ষুর সমেত মূল রোপণ করা হইয়া থাকে। পাঁচ হইতে আট বৎসর পর্যন্ত বিষ্ণুবৃক্ষ ফলবান হয় এবং ২৫ পঁচিশ হইতে ৩০ ত্রিশ বৎসর এই বয়সে বৃক্ষ পূর্ণতা লাভ করে। বেল পরিপক হইতে দশমাস কাল লাগে এবং ফাল্গুন ও চৈত্র মাস ইহার পাকিবার সময়। তবে পৌষ ও মাঘ মাসেও পাকা বেল পাওয়া যায় কিন্তু সে সব অকালপক।

বেলের বিচি যে সকল গর্ভে থাকে, তাহাদের মধ্যে এক রকম আটা পাওয়া যায়। ঐ আটা বিচির চতুর্দিকে লাগিয়া থাকে।

বেলের আটা।

এই আটা সর্বত্রই সিমেন্ট কার্যে ব্যবহৃত হয় এবং চুণের সহিত ইহা মিশ্রিত করিলে অতি উত্তম সিমেন্ট হয়। বহু বিবেরই অধিক আটা থাকে। উত্তর এবং মধ্য ভারতে কুপ নির্মাণ করিবার জন্ত এই সিমেন্টের বিশেষ প্রয়োজন। ইহার আটাতে উত্তম বার্নিস প্রস্তুত হয়। আমাদের দেশের কারিকরগণ যখন প্রতিমায় রং ফলায়, তখন বেলের আটা সেই রঙে মিশায়। ইহাতে রং খুব উজ্জ্বল হয়। মাল্যক অঞ্চলে হিন্দু সাধুরা তৈলের পরিবর্তে বেলের শাঁস মাখিয়া স্নান করে। ইহাতে তাহাদের শরীর পরিষ্কার ও স্নিগ্ধ থাকে। দক্ষিণ আর্কটের ও বাঙ্গালা-দেশের গরিব লোকেরা তৈলের পরিবর্তে ইহার আটা ছলে মাখে এবং সাবানের পরিবর্তে ইহার আটায় কাপড় পরিষ্কার করে।

ইহার ফলমধ্য হইতে শাঁস বাহির করিয়া শুষ্ক করতঃ তাহাতে লোকে ঔষধ বা পবিত্রভঙ্গ প্রভৃতি রাখিবার জন্ত বাস প্রস্তুত করে। পেশোয়ার প্রভৃতি স্থানের লোকেরা ইহার দ্বারা সুন্দর সুন্দর নস্ত্রাধার (নস্ত্রদানি) প্রস্তুত করিয়া কারবার করে। রাঢ়দেশে ইহাতে এক রকম মালা প্রস্তুত করিয়া কণ্ঠে ধারণ করে।

“বিব্বো মহাকপিথাখ্যঃ শ্রীফলো গোহরিতকী। পূতিবাতোহথ মঙ্গল্যো মালুর ত্রিশিখা-বপি ॥” অর্থ এই যে, নাম ও পর্যায়ঃ। বিব্ব, মহাকপিথ, শ্রীফল, গোহরিতকী, পূতিবাত, মাল্য, মালুর ও ত্রিশিখা— এইগুলি বেলের নাম। এতদ্ভ্যতীত ইহার আরও অনেক নাম আছে। যথা :—শাণ্ডিল্য, শৈলুষ, মালুর, কপীতন, মহাকপিথ, অতিমাল্য, মহাফল, শল্য, হস্তগন্ধ, শলাটু, ককটাহ, শৈলপত্র, শিবেষ্ট, পত্রশ্রেষ্ঠ, ত্রিপত্র, গন্ধপত্র, লক্ষ্মীফল, বন্ধফল, হুরাহ, ত্রিশাখপত্র,

শিবক্রম, সদাফল, সত্যফল, সুনীতিক, সমীরসী সত্যধর্ম, অধরারুহ, কণ্টকাঢ়া, সিতানন, নীলমল্লি, মুক্তকচ্ছ, বায়ু, কফ ও পিত্তনাশক। বেলের শীতফল এবং সোমহরীতকী।

সংস্কৃত ভাষায় ইহাকে বিষ বলে। বাঙ্গালাদেশে বেল, হিন্দী ভাষায় বেল, মহারাষ্ট্রীয় দেশে বেলগুজরাটে বিলোবিষ, কর্ণাট দেশে বেললু, ইংরাজী ভাষায় Bengal kins (বেঙ্গল কিন) এবং ইংরেজী ল্যাটিন নাম Eagle marmelos.

শ্রীফলস্তুরিত্তো গ্রাহীরুক্ষোহিমিপি কুং। বাতশ্লেষ্মহরোবল্যো লঘুরুক্ষশ্চ পাচনঃ।

বেলের গুণ।

বেল কষায়, রুক্ষ, তিত্তি ও বমন নিবারক। মলরোধক, অগ্নিবর্দ্ধক, পিত্তজনক, বাতকফনা-বলকারক, লঘু, উষ্ণ ও পাচক।

কচি বেলের গুণ।

বালং বিষ্ণু ফলং স্নিগ্ধং গুরু রুচ্যঞ্চ দীপনম্। গ্রাহকং পাচকং তিত্তি লঘু চোক্ষকং তু-শূল্যাম বাত গ্রহণী কফাতিসার নাশনম্ ॥

অর্থ এই যে কাঁচা বেল স্নিগ্ধ, গুরু, চোক্ষিক, জঠরাগ্নির উদ্দীপক, মলরোধক ও পাচক। তু-শূল, আমবাত, গ্রহণী ও কফাতিসার নাশক।

পাকা বেলের গুণ।

পকং বৈষ্ণং দাহকরং মধুরং গুরু তুবরম্। বিফল্ভকারি তিত্তোক্ষং গ্রাহকং কটু দো-দুর্জ্বরং বাতলং চাগ্নিমান্দ্যকৃদৃষিভিমতম্।

অর্থ এই যে পাকা বেল দাহজনক, মধুর, কষায়, বিষ্টভকারক, ত্রিদোষকারক, দুর্জ্বর, বা-এবং মন্দাগ্নিজনক।

বিষ্ণু মূলের গুণ।

বিষ্ণুমূলং তু মধুরং ত্রিদোষচ্ছর্দিশূলনুং। লঘুকচ্ছহরং বাত কফপিত্তশ্চ নাশনম্। পর্ণানি গ্রাহকাণি স্যুবাতনাশকরাণি চ।

অর্থ এই যে বেলের মূল মধুর, তথা ত্রিদোষ, বমন, বাত, গ্রাহী ও বাতনাশক।

অশ্বেচ পত্রগুণাঃ।

অশ্বেচ পত্রং কফবাতাম শূলম্শ্চ গ্রাহিরোচনম্। কেহ কেহ বলেন, বিষপত্র কফ, বাত, আম ও পিত্তনাশক। ইহা গ্রাহী ও রোচক।

অস্যপুষ্পগুণাঃ।

বিষপুষ্পের গুণ যথা :—বেলের ফুল অতিসার,

বিষমজ্জ ভবং বৈল মুষ্ণুং বাত হরং পরম্। বিষ মজ্জা ভব তৈল উষ্ণ ও বাত বিনাশক।

বিষমজ্জ ভবং বৈল মুষ্ণুং বাত হরং পরম্। বিষ মজ্জা ভব তৈল উষ্ণ ও বাত বিনাশক।

কফবাতাম শূলম্শ্চ গ্রাহিণী বিষ্ণুপেষিকা।

কফ, বাত, আমবাত ও শূলনাশক এবং রোচক।

কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্। কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্।

কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্। কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্।

কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্। কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্।

কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্। কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্।

কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্। কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্।

কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্। কাঞ্জিক সংস্থিতং বিষ্ণুমগ্নিসন্দীপনং পরম্।

বৈদিক গ্রন্থে বিষ্ণু ব্যবহার।

চরকের চিকিৎসা স্থান তৃতীয় অধ্যায়ে আছে। অরোগীর মলদ্বারে যদি কর্তনবৎ পীড়া থাকে, তবে তাহাকে বেল শুঠের কাথ পান করাইবে।

চক্রদত্তে হৌল্য চিকিৎসায় আছে বিষ্ণুপত্রের স গাজে মর্দন করিলে শূলব্যক্তির অতি বেদ জন্ত গাজের দুর্গন্ধ নষ্ট হয়।

বেল শুঠ চূর্ণ কিঞ্চিৎ শুঠের চূর্ণ ও পুরাতন ইক্ষু-গুড় সহ সেবন করিয়া তক্র পান করিলে অত্যুগ্র গ্রহণী প্রশমিত হয়।

ত্রিদোষজাত শোথে বিষ্ণুপত্রের রস মরিচ চূর্ণ দিয়া পান করিলে শোথের উপকার হয়।

ভাবপ্রকাশকার বলেন :—কাঁচা বেল পোড়াইয়া গুড়ের সহিত তক্রণ করিলে আমাতিসার প্রশমিত হয়। অপিচ ইহা বিবন্ধন।

সুশ্রুত বলেন—স্কন্দগ্রহ প্রতিষেধার্থ স্কন্দগ্রহাক্রান্ত শিশুকে বিষ্ণুকণ্টকের মালা ধারণ করাইবে। (উঃ ২৮ অ)

যমনে বিষ্ণুমূল শুষ্ক—বিষ্ণুমূল শুষ্কের কাথ শীতল হইলে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে বমন নিবৃত্তি পায়। (ছর্দি চিঃ)

শোথে বিষ্ণুপত্র—ত্রিদোষজাত শোথে বিষ্ণুপত্রের রস মরিচ চূর্ণ সহ পান করিবে। (শোর্থ চিঃ)

প্রবাহিকায় (“আমাশয়”) বিষ্ণুশলাটু—বেল শুঠ ও তিল সমভাগে লইয়া পেষণ করিবে; ইহাতে দধির সর, দাড়িমের রস, এবং তিল তৈল যোগ করিয়া খড়যুধ পাক করিবে। শীতল হইলে “আমাশয়” রোগীকে সেবন করাইবে।

স্বভার্শে বিষ্ণুশলাটু—স্বভার্শ রোগীকে বেল শুঠের কক সেবন করাইবে। (অর্শঃ চিকিৎসা)

ইংরাজী সূত্র।

বিষ্ণুফল ষাতুপুষ্টিকর, পাচক, উদর ও সমুদয় শরীরের বলকারক ও অতি স্নিগ্ধ কারক। কফাতিকারক।

ধমনী অর্থাৎ (mucous membrane) মিউকাস মেমব্রেনের প্রকোপ ও বিকার নাশক, এবং আমাশয় ও রক্তাভিসার নিবারক। ইহা সেবন করিলে শরীর সর্বল ও স্বভাবস্থ হয় এবং কোষ্ঠ পরিষ্কার থাকে।

ডাক্তার মুর সাহেব (Dr. W. J. Moor) বলেন যে ইহার আটাতে (Tannic acid) ট্যানিক এসিড বিস্তারিত থাকিতে ইহা অল্পই মিউকাস মেমব্রেনের সংকোচন করে। (Vide Manual of family medicine for India by W. J. Moor C. I. E. Page 24.) কিন্তু আবার কিয়ৎপরিমাণে কোষ্ঠ পরিষ্কার রাখে। এই উভয় গুণের সমাবেশ আর কোন সঙ্কোচক ঔষধে দেখা যায় না। একই দ্রব্য কিন্তু দুই বিপরীত ক্রিয়া প্রকাশ করে। ইহা পুরাতন উদরাময় ও আমাশয় রোগে বিশেষ উপকারী। বালকদিগের যখন পর্যায়ক্রমে উদরাময় ও কোষ্ঠবদ্ধতা থাকে, তখন বেলের কাথই একমাত্র ঔষধ।

অল্পই পীড়াসমূহে বিষফলের মহোপকারিতা স্কটিশ ১০০০ বৎসর পূর্বে হইতেই ইউরোপীয় সমাজে বিদিত ছিল। খ্রীষ্টীয় ষোড়শ শতাব্দীতে গোয়া রাজধানীর রাজপ্রতিনিধি গবর্নরের ডাক্তার গার্সিয়া ডি, ওয়ার্টা বেল ফলকে মার্মেলস্ ডি, বেঙ্কুলা বলিয়া বর্ণন করেন ও ইহা উদরাময় রোগে ব্যবহার করেন। ডাক্তার রিড, রাম্পিয়াস ও অ্যান্সি প্রভৃতি মহোদয়গণও স্ব স্ব গ্রন্থে ইহার উপকারিতা বর্ণন করিয়াছেন। কিন্তু ইং ১৮৬৯ সালের পূর্বে পর্য্যন্তও ইহা ইণ্ডিয়ান ফারমাকোপিয়াতে উপকারী ঔষধ বলিয়া স্থান লাভ করে নাই। ডাক্তার জে, এ, গ্রীন সাহেবের মত এই যে ইউরোপিয়ানদিগের অত্যন্ত কোষ্ঠবদ্ধতা ও উদরাময় সংযুক্ত অম্বাজীর্ণ (Dyspepsia) রোগে প্রতিদিন প্রাতে পকবেলের সরবৎ বিশেষ উপকারী। তিনি আরও বলেন যে অপক বিষফল ৬ ছয় ঘণ্টা কাল অগ্নি দ্বন্দ্ব করিয়া লইলে আমাশয় রোগে অত্যন্ত ফলপ্রসূ ও সঙ্কোচক বলিয়া (powerful astringent) দেশীয় লোকে সর্বদা ব্যবহার করে। ডাক্তার বি,

বহু বলেন:—ওলাউঠার প্রাকৃতিক হইলে প্রতি প্রাতে বেলের সরবৎ পান করিলে ওলাউঠার আঁকিয়া হইতে রক্ষা পাওয়া যায়। যেহেতু ঐ সময় তে পরিষ্কার রাখা বিশেষ আবশ্যিক। আর কোষ্ঠবদ্ধতা অথচ বিরচন যাহাতে না হয় তৎপক্ষে বিশেষ ব্যবস্থা রাখা কর্তব্য। বিষফলের গুণাবলী অনেক ডাক্তার গ্রন্থে আছে এবং ইহা নানা রকমে ব্যবহৃত হইয়া যথার্থ:—Bael mixture, Extract of Bael, Bael Jelly, Decoction of Bael and Syrup of Bael etc. বেলের আরক, বেলের একট্র্যাক্ট, মোরক্সা, বেলের কাথ, বেলের সরবৎ প্রভৃতি ইহাদের প্রস্তুত প্রকরণও ফারমাকোপিয়া ডাক্তারি পুস্তকে আছে।

ভিন্ন ভিন্ন রোগে ভিন্ন ভিন্ন মাত্রায় বিষফল এইরূপ প্রয়োগ হয়। যথা:—

অভিসার ও রক্তাভিসারে—২ঘণ্টা অন্তর ১৬

নাহা অর্থাৎ প্রায় এক কাঁচা।  
বিষচিকা বা ওলাউঠায়—আধ ঘণ্টা অন্তর  
ঘোল মাষা।

মিউকাস মেমব্রেনের প্রকোপে—১৬ মাষা  
মধ্যে ২১৬ বার।

ক্ষয়কাস দৌর্বল্য ইত্যাদিতে—৪ চারি মাষা  
মধ্যে ২১৬ বার।

উদরক্ষীতি ও উদরাময়ে—আধ ছটাক  
মিশ্রিত বিষ সায়ংকালে রুটীর সহিত খাইতে  
শিশুগণের নিমিত্ত এই সকলের অর্দ্ধমাত্রা বা  
মতে আরও কম।

বেলের আরক প্রস্তুত কর

বিষ ফলের খোসা ছাড়াইয়া তাহাকে  
করিয়া কাটিতে হইবে। পরে উহাকে বে  
রাখিয়া তাহাতে একরূপ পরিমাণে জল দি  
যাহাতে সমস্ত বেলগুলি জলমধ্যে নিমজ্জিত  
এই ভাবে ৪৮ ঘণ্টা রাখার পর ঐ জল

কোনরূপ নিষ্কাশন যন্ত্রের সাহায্যে ঐ জল  
করিয়া ছাঁকিয়া কিঞ্চিৎ ঘন হওয়া পর্য্যন্ত জল  
হইবে। একেবারে সমস্ত বেলের কাথ বাহির  
না আসিলে, পুনরায় পূর্বের ত্রায় ডিজাইয়া  
তাহা হইতে যে কাথ পাওয়া যাইবে  
একত্র জল দিতে হইবে। ছাঁকিবার পর  
জল যতক্ষণ কিঞ্চিৎ ঘন না হয়, ততক্ষণ জল  
জল শীতল হইলে তাহার ঠ চতুর্থাংশ  
Spirits of wine) স্পিরিট অফ ওয়াইনের  
মিশ্রিত করিবে। এইরূপ করিলে উহা নষ্ট  
না। তৎপরে বোতলে ছিপি আঁটিয়া রাখিবে।  
ফল সিদ্ধ করিবার সময় উহার বিচি ও আঠা ত্যাগ  
বে না।

গর্কনা মিশ্রিত বিষসার করণ।

বিষফলের খোসা ছাড়াইয়া তাহাকে ছোট ছোট  
গুলিয়া অতি কোমল না হয়, ততক্ষণ পর্য্যন্ত  
ক সিদ্ধ করিতে হইবে। পরে উহাকে একটা  
কাঁচ দিয়া ছাঁকিতে হইবে। ছাঁকিয়া যাহা  
ব, তাহার প্রতিসেরে এক সেয় চিনি মিশ্রিত  
হইবে। যতক্ষণ জল দিলে তাহা পুড়িয়া  
সম্ভাবনা থাকে না ততক্ষণ জল দিবে। পরে  
হইলে উহাকে বোতলে বা পাথরের পাত্রে  
মা মুখ আবদ্ধ করিয়া দিবে। বিচি, আটা সমেত

সিদ্ধ করিবে। ওলাউঠা রোগীর যখন বমন হয়,  
তখন বেল খাওয়াইলে বমন বন্ধ হয়। ওলাউঠায় বেল  
অধিক পরিমাণে খাওয়াইতে হয়।

পেটের অসুখে বেলপোড়া খাইবার  
নিয়ম।

একটা কাঁচা বেল রাত্রে পোড়াইয়া শিশিরে সমস্ত  
রাত্রি রাখিবে। পরে প্রাতে ছাগ দুধের সহিত গুড়  
বা চিনি মিশাইয়া খাইবে।

রোগ আরোগ্যে ব্যবহার।

বিষ মূলের ত্বক চূর্ণ ১০ হইতে ১০ শীতল জল সহ  
প্রতিদিন প্রাতে খাইলে রসায়নের কার্য করে।

বিষ পত্র গব্য দুধ সহ পেষণ করিয়া খাইলে  
সামান্য জ্বর আরোগ্য হয়। বিশেষতঃ এই ঔষধ  
গর্ভিণীর পক্ষে বিশেষ উপযোগী।

বিষ পত্রের রস ১ তোলা মরিচ ৭৮ তোলা চূর্ণ  
করিয়া ঐ রসে প্রক্ষেপ দিয়া কিছুদিন খাইলে শ্বাস  
রোগের উপকার করে ও শরীর সর্বল হয়।

বিষপত্ররসসহ অল্প পরিমাণে সৈন্ধব লবণ মিশ্রিত  
করিয়া উত্তমরূপে মর্দন করিয়া চক্ষুতে লাগাইলে চক্ষুর  
শোধ ও রক্তবর্ণতা নষ্ট হয়।

ইহা সকলের মনে রাখা আবশ্যিক বিষপত্রাদি  
পরিষ্কার হওয়া চাই। যাহা কীটাদির লালাদ্বারা  
দূষিত তাহা যেন গ্রহণ করা না হয়।

## স্বাস্থ্য ও সংযম।

শ্রীবিমলেন্দু মিত্র লিখিত—

আমরা জল বায়ু ও সাধারণ পরিচ্ছন্নতা বা অপরিচ্ছন্নতা প্রভৃতিকেই মোটামুটি ভাবে স্বাস্থ্য-সম্বন্ধীয় উন্নতি বা অবনতির কারণ বলিয়া নির্দেশ করি, স্বাস্থ্যের উন্নতির জন্য আমরা সর্বদাই দেশের জলবায়ু যাহাতে ভাল হয় সেই চেষ্টা করিয়া থাকি, আবার যখন কোনও রোগ হয় তখন আমরা দুই জল-বায়ুকেই তাহার কারণ বলিয়া নির্দেশ করি। জলবায়ু প্রভৃতি যেমন স্বাস্থ্যের উন্নতি বা অবনতির পক্ষে বাহ্য বা প্রাকৃতিক কারণ সেইরূপ ইচ্ছিয় ও প্রবৃত্তি সমূহের সংঘত বা অসংঘত ব্যবহারও স্বাস্থ্যের প্রকৃতি নির্ধারণ বিষয়ে অন্যতম কারণ। স্বাস্থ্য সম্বন্ধে জলবায়ু প্রভৃতি বাহ্য বা প্রাকৃতিক দিক, আর সংযম মানসিক বা অন্তরের দিক।

সংযম যে স্বাস্থ্যের পক্ষে একটি বিশেষ প্রয়োজনীয় বিষয় তাহা সকলেই বোধ হয় সহজে বুঝিতে পারেন। পূর্ণ স্বাস্থ্য লাভ করিতে হইলে বা কোনও রোগবিশেষ হইতে মুক্তিলাভ করিতে হইলে সংযম এবং স্বাস্থ্য সম্বন্ধীয় বাহ্য অঙ্কুলতা উভয়ই তুল্যরূপে প্রয়োজন। আপনি যদি উত্তম জলবায়ু বিশিষ্ট স্থানে বাস করেন অথচ আহারাদি বিষয়ে আপনার সংযম না থাকে, অর্থাৎ যদি অধিক আহার বা নিষিদ্ধ বস্তু আহার প্রভৃতি যথেষ্টাচার অবলম্বন করেন তাহা হইলে আপনি রোগ মুক্ত হইতে পারিবেন না। আবার আপনি অতিশয় সংযম পরায়ণ হইয়াও যদি দুই জলবায়ুপূর্ণ স্থানে ও কদম্ব গৃহে বাস করেন তবুও আপনি রোগ-মুক্ত হইতে পারিবেন না। জলবায়ুর অঙ্কুলতা ও সংযমনীতা না থাকিলে কিছুতেই পূর্ণ স্বাস্থ্যোন্নতি ঘটে না। জলবায়ুর দুইতা বশতঃ আমরা যে রোগে ভুগি তাহা এই ম্যালেরিয়া প্রসিদ্ধ দেশে আর বেশী কষ্ট

করিয়া কাহাকেও বৃথাইতে হইবে না। সংযম অভাবের কারণে আমরা কত সময় রোগে ভুগি বা কোনও রোগ আরোগ্যলাভে বিলম্ব হয় তাহা অনেকেই বোধ করিয়া থাকেন। নিম্ন নিম্ন জীবন আলোচনা করিলে বুঝিতে পারিবে যে ডাক্তারেরা এবিষয়ে অনেক সাক্ষ্য দিতে পারেন। ডাক্তার হয়তো বলিলেন যে ভাতটা আর এক দিন পরে খাইলেই ভাল হয় বা অমুক দ্রব্যটা আর কত দিন পরে খাইলে ভাল হয়। রোগীর হয়তো সংযম অভাব, তিনি মনকে দমন করিতে পারিলেন না, নির্ধারিত সময়ের পূর্বেই নিষিদ্ধ দ্রব্য আহার করিলে ফলে রোগ বাড়িয়া গেল। স্থলবিশেষে হয়তো বা মারাত্মক হইয়া দাঁড়াইল।

আমাদের এখন সংযমের প্রতি বিশেষ গুরুত্ব হইবে। আমাদের দেশ নানা রোগের আকর হইয়া ম্যালেরিয়ার দেশ ছাড়াই হইতেছে। প্লেগ, প্রভৃতি দুর্দান্ত রোগ সকল ভারতের নানা স্থানে আধিপত্য বিস্তার করিতেছে, তাহার উপর দরিদ্র। দরিদ্র বলিয়া আমরা উপযুক্ত মাটি বাসস্থানের সংস্থান করিতে পারি না এবং রোগে ভুগি। তাহার উপরে যদি আমরা সংযম তাহা হইলে আমাদের অবস্থা অতিশয় শোচনীয় দরিদ্রের অর্থাভাব বশতঃ উপযুক্ত আহার বা না জুটিতে পারে কিন্তু তাহার মনকে সে চেষ্টা তো অনেক পরিমাণে সংঘত রাখিতে পারে। আহার বিহার পরায়ণ হইলে অনেক রোগে হইতে মুক্তি পাওয়া যায়, দরিদ্রের পক্ষে হওয়া বড়ই অসম্ভব কথা। তাহা হইলে কোনও রূপেই স্বাস্থ্যরক্ষা করিতে পারে না। স্বাস্থ্য সম্বন্ধীয় যে বাহ্য অঙ্কুলতা বিধান

পারে না এবং সংযমদ্বারা যে স্বাস্থ্যরক্ষা করা তাহাও পারে না, সুতরাং তাহার অদৃষ্টে চিরদিন রোগ ভোগ বা দুর্দান্ত স্বাস্থ্যসম্পন্ন হইয়া থাকা ভিন্ন আর কিছুই না। দরিদ্রকে অনেক সময় অভাব বশতঃ দায়ে সংঘত হইতে হয়। দারিদ্র্যবশতঃ ইচ্ছামত পরিষ্কার, বসন, ভূষণ পরিধান ও অগ্রান্ত পার্থিব আশ্বাদন ঘটে না, সুতরাং সাধারণভাবে জীবনে কষ্টকর বিষয়েই দরিদ্রকে বাধ্য হইয়া সংঘত আচার নিয়ন্ত্রণের সহিত সঙ্গ্রহ ও বুদ্ধির সহিত স্পর্শে ও প্রকৃত প্রয়োজন প্রযুক্ত হয় তবেই তাহা প্রকৃত সফল প্রদান হইতে পারে। আমার নিত্য রাজভোগ ভক্ষণের ইচ্ছা, অর্থাভাবে তাহা ঘটে না, সুতরাং রোগ ভোগ না খাইয়াও আমার দিন কাটিতেছে। কিন্তু প্রায়শঃ আমার পক্ষে স্নান ও আয়ত্বাধীন কুপথ্য খাওয়ার লোভ সংবরণ করিতে আমি সম্পূর্ণ অক্ষম। এখানেই দুর্দান্ততা, এইখানেই সংযমের অভাব।

বশতঃ যে সংযমের কথা বলিলাম প্রকৃত প্রস্তাবে শাস্ত্রের হিসাবে তাহা আসল সংযম নহে। করিয়া বা অবস্থা দ্বারা বাধ্য হইয়া কোনও বস্তু ভাগ না করা প্রকৃত সংযম নহে। সংযমের পক্ষে হতাই প্রধান জিনিষ। কোনও বস্তুর ভোগ আমি যদি কোনও কারণে বিরত হই কিন্তু মনে যদি সেই বস্তু উপভোগের ইচ্ছা বর্তমান তবে উহা প্রকৃত সংযম হইবে না। স্পৃহা বা শূণ্যতাই সংযমের মেরুদণ্ড।

নির পক্ষেও সংযম শিক্ষার বিশেষ প্রয়োজন। এক পক্ষে দরিদ্রকে সংযম শিক্ষার সুবিধা প্রদান অল্প হিসাবে তাহা ধনীকে সংযমের পথ হইতে দূরে লইয়া যাইতে চেষ্টা করে। দরিদ্রের ক অভাব বশতঃ ইচ্ছারূপ পার্থিব সুখসম্ভোগ না, ধনীর স্বচ্ছলতা বশতঃ সুখসম্ভোগের মাত্রা গিয়া ভোগবাহুল্য বা অতি ভোগ ঘটে। ধনীর সংযম: উন্মুক্তস্থানে ও প্রশস্ত গৃহাদিতে বাস করেন,

আহারাদি ও পোষাক পরিচ্ছন্ন প্রভৃতিও ধনীদের দরিদ্র অপেক্ষা অনেক উন্নত, সুতরাং বাহ্যিক অবস্থা ও আচার ব্যবহার হিসাবে ধনীর স্বাস্থ্য খুব উন্নত থাকি উচিত। কিন্তু অনেক স্থলে তাহার ব্যতিক্রম দেখা যায়। ধনিগণ সংযম অভাবে অনেক সময় পীড়াগ্রস্ত হন। আর্থিক স্বচ্ছলতা বশতঃ নানাবিধ পার্থিব সুখ-ভোগ তাহাদের পক্ষে সহজ ও সুপ্রচুর হয় এবং ক্রমশঃ তাহারা স্বাভাবিক মাত্রা অতিক্রম করিয়া যথেষ্টাচারিতা বা অতিভোগের সীমায় আসিয়া উপস্থিত হন। তখন সংযমহীনতার যে শাস্তি তাহাই ভোগ করিতে হয়, পীড়িত হন। আমার বিশ্বাস এই অসংযম ও ভোগবাহুল্যের ফলেই ধনিগণ অনেক সময় রোগে ভোগেন। ধনীর বাহ্য জীবনযাপন প্রণালী যখন দরিদ্র অপেক্ষা অনেক উন্নত সুতরাং রোগ নিবারক তখন সংযমভাব ও ভোগবাহুল্যই ধনিগণের রোগের একটি প্রধান কারণ বলিয়া মনে হয়।

ধনী ও দরিদ্র উভয়েরই সংযম তুল্যরূপে প্রয়োজন। একটু বিস্তৃতভাবে দেখিতে গেলে ধনী, দরিদ্র, বালক বৃদ্ধ, স্ত্রী-পুরুষ ও জ্ঞানী মূর্খ সকলেরই সংযম প্রয়োজন। সংযম যে শুধু শারীরিক স্বাস্থ্য ও রোগাদি নিবারণের জন্য প্রয়োজন তাহা নহে। স্বাস্থ্যের পক্ষে ইহা বিশেষ প্রয়োজনীয় বটে কিন্তু তাহা ভিন্ন সংযমের অনেক উচ্চ উদ্দেশ্য আছে এবং তাহাই সংযমের প্রকৃত ও মূখ্য উদ্দেশ্য, সংযম মনের উন্নতি সাধন করে, চরিত্র গঠন করে ও মানবজীবনকে মহৎ ও গৌরবান্বিত করে। সংযমহীন হইলে আর মহত্ত্ব থাকে না। সংযমই মহত্ত্বের প্রধান লক্ষণ ও মূল ভিত্তি। মানুষ প্রকৃতির শ্রেষ্ঠ জীব। মানুষের স্বাধীন ইচ্ছা আছে। ইন্দ্রিয়গণ সেই ইচ্ছা পূরণের এক একটি উপায়। আমাদের বুদ্ধিশক্তি বা বিবেক এই ইচ্ছা ও ইন্দ্রিয়গণের কর্তা। এখন সংযমের কার্য বা প্রয়োজন তাহা সহজেই বোঝা যাইতেছে, আমাদের ইচ্ছা ও ইন্দ্রিয়গণ এবং বুদ্ধি ও বিবেক এই সকলের মধ্যে সামঞ্জস্য রক্ষা করাই সংযমের কার্য, মন (বুদ্ধি ও

বিবেক) ও ইঞ্জিয়গণের মধ্যে প্রভুত্ব সঞ্চয় করিয়া বজায় রাখাই সংমনের কার্য। সংযম আমাদের মরণ ঘারে যেন জাগ্রত প্রহরী, সংযম প্রবল ও জাগ্রত থাকিতে প্রজ্ঞা-ইঞ্জিয়গণ প্রভু-মনের কোনও প্রকার অনিষ্ট করিতে পারে না, যদি সংযম নিদ্রিত বা দুর্বল হইয়া পড়ে তবেই ইঞ্জিয়গণ মনের রাজ্যে চুরি বা ডাকাতি করিতে সুবিধা পায়, এক কথায় ইঞ্জিয়গণ চিরদিনই মনের আজ্ঞাবহ ও অধীন থাকিবে তাহা হইলেই প্রকৃত মনুষ্যত্ব অর্জন করা হইবে এবং মানব জীবন সফল ও ধন্য হইবে।

সংযমের প্রয়োজনীয়তা যখন এত বেশী তখন ইহার শিক্ষা বা আয়ত্তীকরণ সম্বন্ধে একটু আলোচনা করা প্রয়োজন, বিশেষভাবে আলোচনার ক্ষেত্র ইহা নহে, তবে মোটামুটিভাবে কি করিলে আমরা একটু সবলচিত্ত ও সংযমী হইতে পারি তাহাই আলোচনা করিব, কোনও প্রলোভন আসিলেই হঠাৎ আমাদের চিত্ত চঞ্চল হয় ও তাহার আপাত মনোহারিতায় ভুলিয়া যাই, ইহা অশ্রদ্ধা, প্রলোভন আসিলেই আমাদের মন স্থির ও দৃঢ়চিত্ত হইতে চেষ্টা করা উচিত। তাহার পর সেই প্রলোভন অল্পসারে কার্য করিলে যে সুখ বা আনন্দ হইবে আমাদের জীবনের সংশ্র (গোটা) ও প্রকৃত সুখের সহিত তাহার কিরূপ সম্বন্ধ তাহা স্থির করিতে হইবে, আমরা প্রত্যেক প্রলোভনকে যেন স্বতন্ত্র ও স্বতন্ত্র ভাবে দেখি প্রত্যেক প্রলোভনকেই যেন জীবনের সমগ্র উদ্দেশ্যের সহিত তুলনা করিয়া তাহার বিচার করি তাহা না হইলে প্রকৃত বিচার করা হয় না, জীবনের মূল উদ্দেশ্যের সহিত যদি কোনও প্রলোভন ও তদনুযায়ী কার্য না মেলে তবে তাহাকে বর্জন করিতে হইবে, কারণ তাহাতে আমাদের প্রকৃত কল্যাণ হইবে না, যে কার্য বা সুখ আমার জীবনের মূল উদ্দেশ্য ও তদন্তর্গত সুখের সহিত মিলিবে না তাহা কখনও আমার মঙ্গলজনক হইবে না, জীবনের মূল উদ্দেশ্য ও তৎসংশ্লিষ্ট যে সকল কার্য ও সুখ তাহাই সংকার্য ও প্রকৃত সুখ, অর্থাৎ সকল কার্য ও তৎসংশ্লিষ্ট

সুখ উচিত কার্য বা প্রকৃত সুখ নহে। সে সকল কার্যই পূর্বোক্ত উপায়ে তাহার সংশোধন করিতে আপাততঃ সুখ বা আনন্দ হইলেও প্রকৃত প্রবে। ইহাতে প্রথম প্রথম একটু অসুবিধা বা কষ্ট তাহাকে সুখ বলা যায় না, সে সুখ বাস্তব সুখ হইলেও পরিণামে সফল পাওয়া যাইবে। ইহাই তাহা সুখের ভান বা ছায়া মাত্র। তাহার ভিতরে বা জীবন নাই। সে সুখ সর্বদা বর্জনীয়।

আমাদের সাধারণ অভ্যাসে ও দৈনিক কার্য সম্বন্ধে সংযমের বিষয় কিছু বলিব। আমাদের আশুপথের উপর একটু দৃষ্টি রাখিলেই আমরা সংযম শিখিলে অনেক সুবিধা পাইতে পারি, প্রথম প্রথম এইরূপে আমাদের নিজ নিজ অভ্যাস ও দৈনিক কার্য আলোচনা করিতে হইবে, যদি দেখি যে কোনও এক বিশেষ অভ্যাসের আমি খুব বেশী অধীন তাহা হইলেই তাহার প্রতিকার করিতে হইবে, সে অভ্যাস একটু লঘু ও সংযত করিতে হইবে। যদি প্রাণী সবল হয়, পাচক শক্তি পুনরুদ্ধারিত হইয়া আহ্বারের সময় টুক খাওয়া আমার অত্যন্ত অসুবিধা হইয়া থাকে এবং কোনও দিন টুক না হইলেই অসুবিধা বোধ হয়; ভোজনে যেন আদৌ তৃষ্ণার পথ্যের অধিক বিজ্রাট ঘটতে দেখা যায়। সে রূপ স্থলে মাঝে ২ ইচ্ছা করিয়া বিনা ভোজন করা উচিত। তাহা হইলে অভ্যাস বজায় রাখিবার চেষ্টা করে, কিন্তু সেরবাসী শিথিল ও ধীর হইয়া আসিবে, এবং পূর্বে অভ্যাসপ্রাণী রমণীগণ বাটার দাসী অথবা পাচক যে একটা প্রবল অধীনতা ছিল তাহা দূর হইয়া যাইবে। প্রাণীকে অর্ডার দিগাই নিশ্চিত হন, তাহারা নবাবিকৃত তখনই স্বাভাবিক অবস্থা হইবে, তখন আর ২১ কপ্রাণী পুস্তক পাঠ করিয়া নানাবিধ সাহেবী বিনা টকে খাইতে বিশেষ অসুবিধা বা কষ্ট হইবে। প্রাণীর খাওয়া প্রস্তুত শিক্ষা করিতে কষ্ট বোধ করেন এইরূপ যদি কাহারও অত্যধিক চা পানের আ। কিন্তু দেশের জিনিসের গুণ ও প্রস্তুতাদি থাকে তাহা তিনি পূর্বোক্ত উপায়ে দমন করিবার ক্ষমতা অর্জনে কুণ্ঠিত হন। ইহা আমাদের করিবেন। কাহারও হয়তো কোনও ক্রোড়া বিচৌগ্যের বিষয় নয় কি? প্রতি বিশেষ আসক্তি, তাহাও তিনি পূর্বোক্ত উপায়ে দমন করিবেন, কাহারও হয়তো খুব ঘন ঘন খাওয়া যথেষ্ট বিচার শক্তির প্রয়োজন হইয়া থাকে, পথ্য দেখার অভ্যাস আছে, জোর করিয়া মাঝে মাঝে খাওয়ার গুণে রোগী আনন্দের সহিত গ্রহণ করিয়া তাহাকে থিয়েটার দেখা হইতে বিরত হইতে পারে। পথ্য প্রস্তুত কালীন বিশেষ পরিষ্কার পরিচ্ছন্ন তাহা হইলেই তাহার অভ্যাস সংশোধিত ও স্বাভাবিক থাকি উচিত। প্রস্তুতের বাসন ইত্যাদি বেশ অবস্থা প্রাপ্ত হইবে, এইরূপে আমাদের প্রাণী করিয়া মাজিয়া লওয়া কর্তব্য এবং যে সমস্ত অভ্যাসের প্রতি মনযোগী হইতে হইবে এ

সংযম শিক্ষার প্রথম সোপান, সংযম শিক্ষাকারীর পক্ষে ইহাই প্রথম স্তর, ইহাই ভিত্তি প্রস্তর, ইহার উপরেই পরবর্তী জীবনের পরিপক ও উন্নত সংযমসৌধ প্রতিষ্ঠিত হইবে।

## দেশীয় পথ্য ও তাহার ব্যবহার।

ডাক্তার শ্রীরাখাল চন্দ্র নাগ লিখিত :-

উপাদান ব্যবহার করিতে হইবে তাহাও নির্দোষ হওয়া প্রয়োজন। বাসি বা পুষ্টিপিত্ত পথ্যাদি এবং অনাবৃত ঠাণ্ডা দুই প্রভৃতি কদাচ ব্যবহার করিবে না। পথ্য অনাবৃত থাকিলে নানাবিধ রোগ-জীবাণু প্রভৃতি তাহাতে পতিত হইয়া বিষময় করিয়া তুলে। রোগীর পথ্য যতদূর সাধ্য মুখরোচক করিয়া প্রস্তুত করিতে হয়। তবে সাধারণ ভাবে নিত্য প্রয়োজনীয় অন্ন, ব্যঞ্জন প্রস্তুতের আয় যত, মসলাদি দেওয়া বিধেয় নহে, পথ্য প্রস্তুতের ভার মাতা, ভগিনী প্রভৃতি আত্মীয়ের হস্তে গুল করা উচিত, পথ্য প্রস্তুতের সময় অল্পরূপে অমনোযোগী হইবে না, কয়লার জ্বলে কখনও পথ্যাদি প্রস্তুত করিবে না, কারণ তাহাতে অনেক সময় পথ্য প্রদানের উদ্দেশ্য সম্যকরূপে ফলপ্রদ হয় না, কাঠ বা ঘুঁটের জ্বলে প্রস্তুত করিবে কিন্তু যেন ঘোয়ার গন্ধ না লাগে তৎপ্রতি দৃষ্টি রাখিবে। পথ্যের মধ্যে তৈল ও ঘৃত যত কম ব্যবহার হয় ততই মঙ্গল। তৈল বা ঘৃত ব্যবহার করিতে হইলে তাহা নির্দোষ ও বিশুদ্ধ হওয়া উচিত। আজকাল বাজারে বিশুদ্ধ ঘৃত পাওয়া বড়ই কঠিন ব্যাপার, ঘৃতের মধ্যে সাপের চর্কি, বাদাম প্রভৃতি নানাবিধ উদ্ভিজ্জ তৈলাদির সংমিশ্রনে অত্যন্ত বিষাক্ত হইয়া উঠে, আমাদের আয়ুর্বেদ শাস্ত্রে আছে যে ঋণ করিয়াও ঘৃত সেবন করিবে কিন্তু আর ভারতের সে দিন নাই, নকলে দেশ আচ্ছন্ন করিয়া ফেলিয়াছে। তৈল ব্যবহার করিতে হইলেও তাহা



খাটা সরিষার তৈল হওয়া প্রয়োজন। পথ্য রন্ধন-কালীন পাক-পাত্রে মুখ ঢাকিয়া রাখা দরকার, কিন্তু যে ক্ষেত্রে, সর্বদা নাড়িতে হইবে তথায় তাহা চলে না, তবে পথ্য প্রস্তুত হইলেই তাহাতে ঢাকা দেওয়া উচিত। পাক পাত্র কখনও লৌহ, তাম্র, টীন প্রভৃতির ব্যবহার করিবে না, আমাদের হিন্দু শাস্ত্রে তাম্র পাত্রে ভোজন নিষিদ্ধ, ইহাতে অনেক প্রকার বাধি আক্রমণ করে। লৌহ পাত্রে রন্ধন করিলে তরকারী বা অগ্ন্যাগ্ন্য এক প্রকার কৃষ্ণাভ রং হইয়া যায়! আমাদের দেশের মাটির বাসন এ কার্যে বিশেষ প্রশস্ত তবে তাহা বিশুদ্ধ দেখিয়া লওয়া উচিত, মাটির হাঁড়ি, সরা প্রভৃতি দামেও খুব সস্তা কাজেই প্রত্যহ পরিবর্তন করিলেও বিশেষ ক্ষতি হয় না।

নানাবিধ উৎকৃষ্ট ঔষধাদি ব্যবহার করিয়া ও বিজ্ঞ-চিকিৎসক দ্বারা চিকিৎসিত হইয়াও অনেক সময় রোগী পথ্য বিভ্রাটেই কালের কবলে উপনীত হয়, ইহাতে কেবল গৃহস্থের দোষ দিলে চলিবে না, অনেক ভবঘুরে চিকিৎসকও পথ্য বিভ্রাট দ্বারা রোগীর অনিষ্ট করিয়া থাকেন। আজকাল সেরূপ চিকিৎসকের অভাব নাই অনায়াসেই তাহারা চিত্রগুপ্তের খাতার নম্বর বাড়াইয়া বসেন। পাঠকগণের অবগতির জন্ত একটা রোগীর বিবরণ দিলাম।

আমাদের নিকটস্থ কোন পল্লীগ্রামে কোন রোগীর অনেক দিন ম্যালেরিয়া জ্বর ভোগের পর দুর্বল অবস্থায় নিউমোনিয়া বা ফুসফুস প্রদাহ হয়। প্রথমতঃ সে জনৈক ডাক্তারের দ্বারা চিকিৎসিত হয়, তিনি সাধ্যমত রোগীর স্বব্যবস্থা করিয়া বিদায় হন। রোগীর দ্বার দিয়া একজন কবিরাজের বাটী যাইবার রাস্তা (শিক্ষিত কবিরাজ নহেন)। তিনি নিজেই কবিরাজ হইয়াছেন ও মধ্যে মধ্যে এনোপ্যাথিক চিকিৎসাও করেন, গৃহস্থ তাহাকে ডাকিয়া দেখাইলেন, তিনি পূর্বেরকার শিক্ষিত ডাক্তার বাবুর ব্যবস্থা অগ্রাহ করিয়া বলিলেন এ তোমার সবার কাসের পীড়া স্নান আহার বন্ধ করিলে কেন? আমার এই বটীকা খাও

আর নিয়মিত স্নান আহার কর, ইহা তোমার হাতে থাকিবে। যখন তাহা ফুটতে আরম্ভ করিবে জ্বর হইয়াছে। রোগী কি করিবে, কবিরাজ বাই সময় আস্তে আস্তে নাড়িয়া চাড়িয়া দিবে, যেন দুই দিনে সারাইয়া দিব, অমনি ডাক্তার বাবুর চোখে তাহা বসিয়া না যায়, যাহাতে উত্তমরূপে সিদ্ধ আনা হইল না, স্নানাহার কার্য সম্পন্ন হইল, তদ্বিষয়ে বিশেষ দৃষ্টি রাখিবে। সিদ্ধ হইয়া গলিয়া সেবন হইল। আর গুর গুর করিয়া জ্বর জলে পর তাহা ছাঁকিয়া লইয়া অল্প চিনি সহযোগে রোগীকে কাঁপাইয়া তুলিল। জ্বর ক্রমে হ্রাস হইয়া যাইবে। বালির প্রচলন হওয়া অবধি ইহা হইয়া ফুসফুসের প্রদাহ এত বর্ধিত হয় যে ক্রমশঃ লোপ পাইয়াছে। বালি পাউডার প্রস্তুত তাহার পরদিন প্রাতঃকালে মৃত্যুমুখে পতিত হইতে হইলে যবগুলি বেশ পরিষ্কার পরিচ্ছন্ন করিয়া ইহাতেই বুঝা যাইতেছে যে পথ্য নির্বাচনের দোষিয়া লইতে হয় প্রথমতঃ তাহা কুটিয়া খোসা ফেলিয়া এবং শীতের সময় স্নান করিয়াই ইহার রোগেও পারা যায়, পরে ময়দা ভাদ্দিবার যাতায় দিয়া প্রাপ্ত হইল। চিকিৎসক মহাশয় এখানে অবশ্য দিয়া লইয়া মিহি চালুনী দ্বারা চালিয়া লইতে হয় লাভ করিলেন। কিন্তু ভগবানের নিকট তিহা হইলেই বালি পাউডার বা যবের গুঁড়া প্রস্তুত শক্তি পাইবেন না? সমস্ত রোগের মধ্যে উল্লেখ। ইহা প্রস্তুত করিয়া লইয়া একটা বোতলে রোগে রোগীর পথ্য সম্বন্ধে বিশেষ স্ববোধে ভাল পাত্রে বেশ করিয়া ঢাকা দিয়া রাখিতে আবশ্যক, অনেক সময় বিনা ঔষধে কেবল মাত্র। সেবন দ্বারাই উদরাময়, অজীর্ণ প্রভৃতি পাক জলবালি—বালি পাউডার এক ছটাক নানাবিধ পীড়া আরোগ্য হইয়া থাকে। আবার সর পরিমিত ঠাণ্ডা জলে গুলিয়া, অর্ধ ছটাক কেহ রোগীকে অপর্ধ্যাপ্ত পরিমাণে দুগ্ধাদি মিত চিনি বা মিষ্টির গুঁড়া মিশ্রিত করিয়া ফুটাইয়া করাইয়া তাহার পেটের ব্যারাম ডাকিয়া আবে, পরে পাতলা বস্ত্রে করিয়া একবার ছাঁকিয়া দুগ্ধ উত্তম পথ্য হইলেও তাহার নিয়মিত ক্রিয়া রোগীর ইচ্ছানুসারে কাগজী লেবুর রস মিশাইয়া গীকে খাইতে দিবে। অনেকে মিষ্ট জব্য খাইতে না তাহাদিগকে চিনির পরিবর্তে অল্প পরিমাণে মিশাইয়া দিতে হয়।

নিম্নে কতকগুলি দেশীয় পথ্য প্রস্তুতের নিয়ম লিখিত হইল।

যবের মণ্ড ৩—যবের মণ্ড প্রস্তুত হইতে যবগুলি ভাল করিয়া বাছিয়া ঠাণ্ডা জলের সহিত মিশাইয়া পরে তাহাতে উচিত। বাছা শেষ হইলে তাহাকে কুটিয়া গরম জল ঢালিয়া অল্প অল্প নাড়িতে হয়, খোসা গুলি বাদ দিতে হয়, ইহাকেই যবের মণ্ড পর অল্পক্ষণ ফুটাইয়া লইয়া সিদ্ধ করিবে ও ক্রমা-বলে। আয়ুর্বেদ মতে যবের মণ্ড—ইহা মধুর নাড়িতে থাকিবে, এই সময়ে একবল্কা টাটকা শীতবীর্ষ্য, কফপিত্তের শান্তিদায়ক, শরীরের দুগ্ধ দুগ্ধ এক পোয়া তাহার সহিত মিশাইয়া দিবে অগ্নি, মেধা, স্বর ও বর্ণের বৃদ্ধিকারক তৃষ্ণানাশক, আবশ্যকমত চিনি ও মিছরী সংযোগ করিবে। অগ্নুলোমকারী; মেদোন্ন ও রক্তপিত্তের শান্তিবিধ জ্বরাদি ও অজীর্ণ রোগীতে যবের পথ্য উৎকৃষ্ট মণ্ড প্রস্তুত করিতে হইলে প্রথমতঃ প্রয়োজন প্রদান করে।

যবের চাউল গ্রহণ করিয়া গরম জলে চালিয়া অন্নমণ্ড ৩—পুরাতন তুণ অর্ধ ছটাক, জল একটা হাঁড়ি করিয়া উনানে চড়াইবে, এবং যত্নে সের, আবৃত পাত্র মধ্যে ২০ মিনিট পর্যন্ত ফুটাইয়া

ছাঁকিয়া লইবে শীতল হইলে আবশ্যক পরিমাণে চিনি মিশ্রিত করিয়া ব্যবহার করিবে। জ্বর, প্রদাহ, মূত্রকৃচ্ছাদি রোগে স্থপথ্য।

খৈয়ের মণ্ড ৩—মত প্রস্তুত খৈ বস্ত্রখণ্ডে বন্ধন করিয়া ফুটন্ত জলে কিয়ৎক্ষণ নিমগ্ন রাখিবে। খৈ কোমল হইলে উক্ত জলে হস্ত দ্বারা মর্দন করিয়া পাতলা কাপড়ের দ্বারা ছাঁকিয়া লইবে। তাহা হইলেই খৈয়ের মণ্ড প্রস্তুত হইল। দুগ্ধ সহযোগে চিনি সংযোগ করিয়া ব্যবস্থা করিবে। ইহা লঘুপাক, পাচকশক্তি বৃদ্ধিকারক ও পোষক।

জ্বরাদি নানাবিধ রোগে উৎকৃষ্ট পথ্য।

চিড়ের মণ্ড ৩—অধিকাংশ চিকিৎসকগণ রোগীকে চিড়ের মণ্ড ব্যবস্থা করিয়া থাকেন। চিড়ের মণ্ড প্রস্তুত করিতে হইলে পরিষ্কার, ক্লেশহীন ও সুরু দেখিয়া চিড়াগুলি উত্তমরূপে বাছিয়া লইতে হইবে। পরে অন্ন মণ্ড প্রস্তুতের ছায় প্রস্তুত করিয়া ছাঁকিয়া লইবে। রোগীর কৃটি অনুসারে ইহার সহিত চিনি বা লবণ মিশাইয়া দিতে হয়।

কাঁচাকলা মণ্ড ৩—প্রথমে কাঁচাকলা উপরিভাগের খোসা বেশ ভাল করিয়া ছাড়াইয়া ফালা ফালা করিয়া কাটিবে ও তাহা কিছুক্ষণ ভিজাইয়া রাখিয়া পরে তাহাকে সিদ্ধ করিবে। উত্তমরূপে সিদ্ধ হইলে পর কষানি জলটুকু ফেলিয়া দিয়া অপর পাত্রে ঈষৎ জল রাখিয়া চটকাইয়া লইবে, চটকান শেষ হইলে পর একখানি পরিষ্কার কাপড়ে করিয়া ছিবড়া শূণ্য করিয়া ছাঁকিয়া লইবে। যাহাতে মণ্ডটা উত্তমরূপ পরিষ্কার ভাবে ছাঁকা হয় তদ্বিষয়ে বিশেষ লক্ষ্য রাখিতে হইবে। রোগীর মুখরোচক করিবার জন্ত ইহার সহিত অল্প পরিমাণে মিছরীর গুঁড়া বা চিনি কিম্বা লবণ মিশাইয়া লইতে হয়। ইহা উত্তম লঘুপাক, যখন কোন প্রকার খাটাই সহজে পরিপাক হয় না, সেই সময় ইহা ব্যবস্থা করিয়া উপকার পাওয়া যায়।

মানমণ্ড ৩—মানমণ্ড প্রস্তুত করিতে হইলে

বেশ ভাল মান কচুকে কুঙ্গীর দ্বারা কুরিয়া লইতে হয় পরে তাহা রৌদ্রে শুক করিয়া লইয়া শিলে বাটিয়া গুঁড়া করিবে। এইরূপ গুঁড়া এক তোলা, পুরাতন আতপ তণ্ডুলের গুঁড়া দুই তোলা, খাঁটা দুধ একশ তোলা, জল একশ তোলা ও প্রয়োজন মত মিছরী ইহার উপাদান। চাউলের গুঁড়া বেশ পরিষ্কার ও দুধটা খাঁটা ও নিষ্কল থাকিবে দরকার। দুধ উনানে চড়াইয়া এক বন্ধ হইলে তাহাতে মানকচুর চূর্ণ গুলি দিয়া আন্তে আন্তে নাড়িতে থাকিবে এবং পরে অগ্নি জ্বালিয়া দিয়া উত্তমরূপে নাড়িবে। যখন ইহা বেশ ঘন হইয়া উঠিবে তখন নামাইয়া লইলেই মানমণ্ড প্রস্তুত হইল। ইহা কেবল পথ্য নহে উবধেরও কার্য্য করিয়া থাকে। আমাশয়, গ্রহণী, উদরাময়, শোথ প্রভৃতিতে বিশেষ উপকারী।

**জলসাগু ৪**—সাগুদানা বিশুদ্ধ দেখিয়া লওয়া উচিত ও তাহার মধ্যে যে সমস্ত আবর্জনা থাকে তাহা বেশ ভাল করিয়া বাছিয়া ফেলিতে হয়। সাগু এক ছটাক, চিনি বা মিছরী দুই ছটাক ও বিশুদ্ধ জল এক সের ইহার উপাদান। প্রথমতঃ আবশ্যকানুযায়ী জল লইয়া উক্ত বাছা সাগুদানাকে উত্তমরূপে ধুইয়া লইবে এবং সেই জল ফেলিয়া দিয়া সাগু গুলি ছাঁকিয়া লইবে ও তাহাতে জল ১ সের দিয়া কিছুক্ষণ ভিজাইয়া রাখিবে পরে ঐ জলসহ উনানে চড়াইয়া মুছ জ্বালে পাক করিবে যতক্ষণ তাহা উনানে চড়ান থাকিবে ততক্ষণ বেশ করিয়া খন্তি বা হাতা দ্বারা নাড়িতে থাকিবে। যখন বেশ সিদ্ধ হইয়া ভাতের মাড়ের আকার ধারণ করিবে তখন তাহা নামাইয়া লইয়া চিনি ও মিছরী মিশাইয়া লইবে। যাহারা মিষ্ট খাইতে আপত্তি করে তাহাদিগকে লবণ ও কাগজী লেবুর রস দিয়া খাইতে দিবে। অনেক সময় সাগুর দানা মুখে লাগিলে অনেকে একেবারে ইহা খাইতে চায় না। এক্ষণ স্থলে উক্ত ভিজান সাগু-দানাকে উত্তমরূপে শিলে বাটিয়া লইয়া তাহার পর প্রস্তুত করিলে আর দানা মুখে লাগে না। স্বগন্ধ করিবার জন্ত অনেক সময় দারুচিনি ও ছোট এলাচের

গুঁড়া বা কর্পূর সামান্য পরিমাণে দেওয়া যাইতে ইহাতে রোগী বেশ আগ্রহের সহিত খাইয়া থাকে।  
**দুধসাগু ৪**—জলসাগু প্রস্তুত কালীন জলের পরিবর্তে অর্ধ সের জল ও অর্ধসের দুধ আবশ্যক হয়; প্রথমে দুধে চিনি বা মিছরী দিয়া বলাক ফুটাইয়া রাখিয়া দিবে ও উক্ত আধসের দুধ পূর্বমত সাগু সুসিক করিয়া তাহাতে উক্ত মিশাইয়া নামাইয়া লইবে, তাহা হইলেই প্রস্তুত হইল।

**সাগুর খিচুড়ী** :—খিচুড়ী নামের মাহাত্ম্য আছে, আমাদের বাঙ্গালা দেশে প্রায় অধিকাংশই পরিষ্কার পাক পাত্রে করিয়া মুছজ্বালে ব্যক্তিই শীত ও বর্ষাকালে ইহার আদর করিয়া থাকিবে ও সতর্ক ভাবে তিন চার মিনিট কাল জলসাগু বা দুধসাগুর পরিবর্তে যদি ইহা ব্যবহার করা যায় তাহা হইলে রোগী অসীম তৃপ্তি লাভ করিবে। ইহা উত্তমরূপে প্রস্তুত করিতে পারিলে রোগীর স্বপথ্য ও রুচিজনক হইয়া থাকে। নিম্নলিখিত ইহা প্রস্তুত করিতে হয়। ইহার উপাদান—সাগু দুই তোলা, সোণা মুগ বা উৎকৃষ্ট বাছা খাঁড়ি দাল দুই তোলা, লবণ ছয় আনা, হরিদ্রা বাট্টা সিকি, জিরামরিচ বাটা দেড় আনা, ছোট দানা দুই রতি, দারুচিনির কুচি দুই রতি, মাখম অর্ধ কাঁচা, জল অর্ধসের। সাগু গুলি বেশ ভাল করিয়া অগ্নে ধুইয়া লইবে এবং সেই গুলি লইয়া একটা পাক পাত্রে অর্ধসের উনানে চড়াইবে এবং মুছ জ্বাল দিতে থাকিবে বেশ গরম হইলে পর কাটা দিয়া নাড়িয়া দিবে। পাক পাত্রের মুখ ঢাকা দিয়া রাখিবে। খুব আরম্ভ হইলে হরিদ্রা ও মসলা বাটা পুনরায় একবার নাড়িয়া চাড়িয়া আবার এইরূপে কিছুক্ষণ জ্বাল পাইলে বেশ সুসিক আসিবে। যতক্ষণ পর্যন্ত সাগুগুলি দাইলে মিশিয়া এক হইয়া না যায় ততক্ষণ মধ্যে পাত্রের ঢাকনি খুলিয়া নাড়াচাড়া করিয়া দিবে সুসিক হইয়া আসিলে তাহাতে লবণ দিয়া নাড়িয়া

সংখ্যা ]  
নাড়িবে ফুটিয়া উঠিলে পর নামাইয়া ২০ মিনিট পাকপাত্রে ঢাকা দিয়া রাখিবে এবং আহারের নাড়িয়া চাড়িয়া দিয়া রোগীকে খাইতে দিবে।

**৪**—রোগীর ব্যবহারের জন্ত বেশ ভাল করিয়া গুলিয়া লইবে, যেন তাহার কাঁচা এরাকট না থাকে, পরে তাহাতে একপোয়া কাঁচা এরাকট না থাকে, পরে তাহাতে একপোয়া মিশাইয়া পরিষ্কার পাক পাত্রে করিয়া মুছজ্বালে ও সতর্ক ভাবে তিন চার মিনিট কাল নাড়িতে থাকিবে, ফুটিবার সময় তাহাতে ও মিছরীর গুঁড়া মিশাইয়া লইতে হয়। যখন স্বচ্ছবর্ণ ধারণ করিবে তখন নামাইয়া লইয়া রাখিয়া দিবে। দুধ দিয়া প্রস্তুত জলের পরিবর্তে কাঁচা দুধ দিয়া এরাকট গুলিয়া পরে আবশ্যক মত দুধ মিশাইয়া লইতে হয়। জল দ্বারা প্রস্তুতকৃত এরাকটে এক বলকা গরম মিশাইয়া লইলেও চলে।

**৪**—চাউল ও সোণা মুগের দাল ইহার উপাদান। কোন কোন স্থলে ভাল মুগের দালও ব্যবহার করা হয়। সম পরিমাণে পুরাতন সরু চাউল ও সোণা মুগের দাল খিচুড়ী রন্ধনের জায়গায় রাখিতে হয়, কিন্তু ইহাতে ঘৃত, তৈল ও গরম বাদে কেবল মাত্র হরিদ্রা, ধনে এবং জীরা-চ বাটা ও লবণ ব্যবহৃত হয়।

**৪**—টাটকা ধৈ কে প্রথমতঃ শুষ্ক করিয়া লইতে হয়, পরে পূর্বোক্ত নিয়মে ডির জায় সিদ্ধ করিয়া লইলেই খৈয়ের ওগরা হইয়া থাকে, রং করিবার জন্ত কেবল মাত্র হরিদ্রা দিতে হয়। ইহাতে জীরা ধনে প্রভৃতি দিবে না, ইহার রোগীর পক্ষে বেশ রোচক হইয়া থাকে ও পুষ্টিজনক হয়।

**৪**—পল্লীগামে প্রায়ই

সূর্যস্থানে পানফল বা সিংগাড়া কিনিতে পাওয়া যায়। কাঁচা পানফলকে বেশ ভাল করিয়া বাটিয়া লইতে হয়, পরে এক বলকা দুধের সহিত মিশাইয়া মুছজ্বালে পাক করিতে হয়, আবশ্যক মত চিনি ও মিছরী মিশাইয়া লওয়া উচিত। যতদূর কাঁচা পানফল না পাওয়া যায় তবে শুকনা পানফল হামান দিষ্টায় বা শীলে গুঁড়াইয়া লইবে পরে ফুটিত দুধে পানফলের গুঁড়া দিয়া নাড়িয়া মোহন ভোগের জায় হইলে চিনি দিয়া নামাইয়া লইতে হয়, ইহা লঘুপাক ও বেশ মুখরোচক পথ্য।

**৪**—সোণা মুগ বা খাড়ি মসুর দাইল উত্তমরূপে বাছিয়া ও ধুইয়া লইবে তৎপরে যথা পরিমাণে জল মিশাইয়া মুছজ্বালে ফুটাইতে থাকিবে, ফুটিতে আরম্ভ হইলে অল্প পরিমাণে গোটা জিরা, ধনে, দারুচিনি, ও তেজপাত ফেলিয়া দিবে। দাইল উত্তমরূপে গুলিয়া যাইলে পর তাহাতে আবশ্যক মত লবণ মিশাইয়া কিছুক্ষণ পরে সাতলাইয়া নামাইয়া লইবে, পরে কিছুক্ষণ স্থির ভাবে রাখিয়া বেশ বিতাইয়া উপরের জলীয়াংশ ছাঁকিয়া লইবে। ইহা মুখরোচক ও স্বপথ্য। খাড়ি মসুরের ঘূষ মাংসের কাথের জায় পুষ্টিজনক হইয়া থাকে, যাহারা মাংস ভোজন করিতে আপত্তি করিয়া থাকেন, তাহাদিগকে অন্যায়সে ইহা ব্যবস্থা করিতে পারা যায়। এসেঙ্গ অব মসুরী নামক পথ্য আজ কাল বহুল ব্যবহৃত হইতেছে।

**৪**—উত্তম কলি-শাক ভাল করিয়া ধুইয়া হাত বাছাই করিয়া লইবে, পরে শাকের পরিমাণ মত জল লইয়া একটা নূতন মাটির হাঁড়িতে চড়াইবে। জল একটু উত্তপ্ত হইলে তাহাতে হরিদ্রা ও ধনেবাটা লবণ দিয়া শাকগুলি ফেলিয়া দাও, তাহার পর উত্তমরূপে সিদ্ধ হইলে পর শাকগুলি ছাঁকিয়া বাদ দিয়া অবশিষ্ট বোলটুকুই রোগীর পথ্য রূপে ব্যবহার করিতে হয়। হাম রোগে অনেক সময় ইহা দেশীয় কবিরাজগণ ব্যবস্থা করিয়া থাকেন।

গাঁদালের বোলঃ—হরিদ্রা এবং সামান্য ধনেবাটা ও লবণ কতকখানি জলে গুলিয়া মৃৎপাত্রে উনানে চড়াইবে, পরে তাহাতে বেশ বাছাইকরা ও ধোয়া গাঁদাল বা গন্ধ ভাঙলে পাতা ফেলিয়া দিবে, কিয়ৎক্ষণ ফুটিয়া যখন জল একটু গাঢ় হইবে সেই সময় তাহা ছাঁকিয়া লইলেই গাঁদালের বোল প্রস্তুত হয়। ইহা উদরাময় প্রভৃতি রোগে রক্তল ব্যবহৃত হইয়া থাকে।

### সিঙ্গি ও মাগুর মাছের ঘূষঃ—

জীবন্ত মাগুর বা সিঙ্গী মৎস্য উত্তমরূপে কুটীয়া ও ভাল করিয়া ধুইয়া লবন এবং হরিদ্রা মাখাইয়া কিছুক্ষণ রাখিয়া পরে তাহাকে অল্প পরিমাণে তৈল দিয়া ভাজিয়া লইবে, ও ভাজা হইলে পর গরমজলে নাছগুলি ফেলিয়া অল্প রগড়াইয়া লইবে, তাহাতে মাছের উপরের তৈল ছাড়িয়া যাইবে। অবশেষে একটা পাত্রে উপযুক্ত পরিমাণে জল চড়াইয়া ফুটিয়া উঠিলে মাছগুলি তাহাতে ছাড়িয়া দিবে, যদি আনাঙ্গ দিবার আদেশ থাকে তবে সেগুলি সামান্য ভাবে সাতলাইয়া এই সময় দিতে হয়। এই সময় অল্প পরিমাণে খিচ শূণ্ড ধনে ও হলুদ বাটা এবং লবণ দিবে, মুছ উত্তাপে ফুটিয়া যখন সমস্ত বেশ সুসিক্ত হইবে, তখন তাহা নামাইয়া লইবে, ঘূষ প্রস্তুত করিতে হইলে পাক পাত্রে মূখ বেশ ভাল করিয়া ঢাকিয়া রাখিতে হয়। ইহা লঘু পথ্য ও বিশেষ বলকারক। তরকারী ও মাছগুলি ছাঁকিয়া ঘূষ ব্যবহার করিতে হয়। উদরাময় ও আমাশয় পীড়ায় ইহা অবাধে ব্যবহৃত হইয়া থাকে।

পাঁটার মাংসের ঘূষঃ—কচি পাঁটার মাংস বেশ ভাল করিয়া কুটীয়া ঈষৎ গরম জলে কিছুক্ষণ ভিজাইয়া ছাঁকিয়া লইবে, পরে মাংসের চারিগুণ জল উনানে মাটির পাত্রে করিয়া চড়াইয়া দিবে, জল বেশ ফুটিয়া উঠিলে তাহাতে উক্ত মাংস

হরিদ্রা ও লবণ মাখাইয়া ফেলিয়া দিবে, পরে সুসিক্ত হইলে ছাঁকিয়া লইবে, প্রথমে মাংস চবি দেখিয়া লওয়া উচিত।

নিষ্কহোমের বা ছানার জল— হাঁড়িতে করিয়া বিশুদ্ধ দুগ্ধ অগ্নিতে চড়াইবে, তাহা ফুটিতে আরম্ভ হইলে পানি বা কাগজী রস তাহাতে ঢালিয়া দিবে, তাহা হইলেই ছানা যাইবে, পরে জলটা ছাঁকিয়া লইবে। উদরাময় অল্পজীর্ণ রোগীর পক্ষে ছানার জল একটা উৎকৃষ্ট প

দুগ্ধ ফটুকিরি বা স্যালান হো—দেড় পোয়া নিষ্কল দুগ্ধের সহিত একছটাক জল মিশাইবে, পরে উহা মৃৎপাত্রে করিয়া আ চড়াইবে, তাহার পর তাহাতে অর্দ্ধতোলা ফটুকি চূর্ণ নিষ্কেপ করিবে, তাহা হইলেই ছানা যাইবে। ছানা বাদ যে জল অবশিষ্ট থাকিবে তাহা ছাঁকিয়া লইলেই স্যালানহোয়ে প্রস্তুত হইল।

তিসির পানী—পরিষ্কার বাছা ও তিসি এক ছটাক, একটা লেবু, কুটীত যষ্টিমধু তোলা এবং কিছু মিছরী ও জল তিন পোয়া একঘণ্টা কাল মুছ জালে সিদ্ধ করিবে তাহা পরে পরিষ্কার বস্ত্র খণ্ডে ছাঁকিয়া লইবে।

কিসমিসের ঘূষ বা স্নেহ—কিসমিস খেঁতলাইয়া লইয়া উহার বিগুণ আয়ুর্দে ফুটিত জলে মিশ্রিত করতঃ ২ ঘণ্টা কাল মুছ সিদ্ধ করিবে। অনন্তর ছাঁকিয়া কাথটা পৃথক লইতে হইবে, এই কাথকেই ডাক্তারেরা বুলিয়া থাকেন। ক্রমশঃ অল্প পরিমাণে আরম্ভ করিয়া মাত্রা বৃদ্ধি করিতে হয়। ইহা পরিপোষক এবং সহজে জীর্ণ হয় ও ইহাতে ভাগ খুবই কম। ব্রথ, দুগ্ধ প্রভৃতি অপেক্ষা ইহার শক্তি বেশী।

## ম্যালেরিয়া।

শ্রীতারাকিশোর গুপ্ত লিখিত—

ম্যালেরিয়া সম্বন্ধে অবিরাম আলোচনা চলিতেছে। এই Statistics লইয়া সকলে ব্যস্ত। এদিকে লোক মরিয়া দেশ জনশূন্য হইতে চলিয়াছে। সমিতি করিয়া আমরা আমাদের কর্তব্য সম্পাদন করিলাম তাহা গণনা করিয়া শেষ করিতে না, কিন্তু ইহাতে একটা লোকেরও প্রাণ রক্ষা করে তাহাতে স্নিতে পাই নাই। কতকগুলি কথার অবতারণা করা হইতেছে মাত্র। যে বৎসর বৎসর লক্ষ লক্ষ লোক এক জ্বররোগে মৃত্যু পতিত হয় সে দেশের আর কি আশা আবার স্নিতেছি, ইণ্ডিয়ান এসোসিয়েশন একটা ম্যালেরিয়া কন্ফারেন্সের যোগাড়ে আছেন, তাহা মণ্টকেও একটা কমিশন বসাইবার অনুরোধ হইয়াছে। ফল যাহা হইবে তাহা আমরা পূর্বেই করিয়া দিতে পারি। কলিকাতা সহরের স্বরম্য বৈজ্ঞানিক পাথার নীচে বসিয়া ম্যালেরিয়া স্কারের বহুতা করিলে কোন ফল হইবে না। দেশের প্রকৃত মঙ্গল কামনা করেন, তাহারা রেগিতার স্ব স্ব স্বাচ্ছন্দ্য পরিত্যাগ করিয়া কিছুদিন বা গ্রামে ঘুরিয়া দেশের লোককে শিক্ষা দিবার উপকার হইলেও হইতে পারে। দেশের জন্ত অনেকেই প্রাণ দিতে প্রস্তুত, কোন প্রকার, শারীরিক অসুবিধা বা অর্থব্যয় তাহারা সম্পূর্ণ নারাজ। বর্তমান সময়ে মরিয়া ধ্বংস করিবার জন্ত যে সকল অনুষ্ঠান হইছে, এরূপ আর কিছুদিন চলিলে ১০।১৫ বৎসর আর কাহাকেও কিছুই করিতে হইবে না।

লোক না থাকিলে আর কাহাকে বাঁচাইয়া রাখিবার প্রয়াস পাইব।

ম্যালেরিয়া নিবারণের জন্ত যত প্রকার উপায় অবলম্বনের উপদেশ দেওয়া হয় পল্লীগ্রামে যে তাহার কয়টা Practical, বক্তৃতার মোহিনী মায়ায় ভুলিয়া, তাহা একবারও কেহ তলাইয়া দেখেন বলিয়া মনে হয় না। আমাদের জাতীয় দুর্ভাগ্য যে আমরা বাস্তব জীবনে বড়ই উদাসীন।

আমাদের মধ্যে যাহারা শিক্ষিত বলিয়া অভিমান করেন তাহাদের অধিকাংশই বড় unpractical গোছের লোক, বরং অশিক্ষিত লোক যাহাদিগকে অনুন্নত বলিয়া আমরা অবজ্ঞা করি তাহাদিগের মধ্যেই practical লোকের সংখ্যা একটু বেশী দেখিতে পাই। ম্যালেরিয়া বিষ সমূলে উৎপাটিত করিবার জন্ত মশক-কুল ধ্বংস করা; খালে, বিলে, ডোবায়, নালায় প্রচুর পরিমাণে কেরোসিন তৈল ব্যবহার এবং যত প্রকারের আগাছা ও আবর্জনা, যাহা পচিয়া মশকের জন্ম হইতে পারে, তাহা পরিষ্কার করিয়া ফেলিবার উপদেশ দেওয়া হয়। অগ্রান্ত বহুপ্রকার উপায়ের মধ্যে এই কয়টাই বিশেষ প্রয়োজনীয় বলিয়া নির্দেশ করা যাইতে পারে। ইহার একটাও যে পল্লীগ্রামের লোকের সাধ্যায়ত্ত নহে, তাহা কি কেহ ভাবিয়া দেখেন, তারপর না হয় বুঝিলাম, ম্যালেরিয়া বিষ কেবল মশকের দ্বারাই সংক্রামিত হয়, কিন্তু মশক সে বিষের সৃষ্টি করে বলিয়া তো বলা যায় না। সব দোষ মশার ঘাড়ে চাপাইয়া নিশ্চিত হইলে চলিবে না! এমন সকল স্থানের কথা আমি জানি যেখানে মনে হয় সৃষ্টিকাল হইতেই বহুপ্রকার মশকের উৎপাত বর্তমান আছে, কিন্তু ৩০ বৎসর পূর্বে সে সকল স্থানে

ম্যালেরিয়ার নাম গন্ধও ছিল না। কোথা হইতে এ বিষের এমন হঠাৎ প্রাদুর্ভাব হইল? তারপর এমনও হইতে দেখিয়াছি, একস্থানে হঠাৎ এক বৎসর ম্যালেরিয়ার প্রবল প্রকোপ প্রকাশ পাইয়া, তাহার পরবর্তী কয়েক বৎসর আর কোন উৎপাতের লক্ষণ থাকে না। আমি যে সকল গ্রাম নির্দেশ করিতেছি, সে সকল গ্রাম রেলের রাস্তা হইতে বহুদূরে এবং সেখানে বর্ষার জলের স্বাভাবিক গতিরোধ করিবার মত সরকারি কোন বড় রাস্তা বা বাঁধ নাই। কোনও প্রকার প্রাকৃতিক বিপর্যয় দৃষ্ট হয় না। সেখানকার অধিবাসী মাঝেই কৃষক। গ্রাম ছাড়িয়া দূর দূরান্তরে কোথাও যাওয়া আসা তাহাদের স্বভাব বিরুদ্ধ। সভ্যতার আনুসঙ্গিক পাঠশালা, ডাক্তারখানা, পোস্ট অফিস, পুলিশ ইত্যাদি কোন আপদ বালাই নাই। নিজের ঘরের ধান, বিলের মাছ, গোয়ালের দুধ এই লইয়া সুখে স্বচ্ছন্দে দিন কাটাইতেছিল, হঠাৎ কোথা হইতে ম্যালেরিয়া মহামারি আসিয়া গ্রামটী উচ্ছন্ন করিয়া দিয়া গেল। কেহ কিছু বুঝিল না কেন এমন হইল। মশকের জন্ত এমন হইয়াছে বলিলে গ্রামবাসীরা কথাটা বাতুলের প্রলাপোক্তি মনে করিবে। পানামা কেনেলে কি হইয়াছে না হইয়াছে, নিউইয়র্কে কোন পণ্ডিত কি বলিয়াছেন এবং ইটালিতে কি করিয়া ম্যালেরিয়া নিবারিত হইয়াছে, এ সম্বন্ধে ভূরি ভূরি স্মৃতিস্তিত প্রবন্ধ পাঠ করিয়া ঐ সকল গ্রামের অধিবাসীদিগকে রোগমুক্ত করিতে পারা যাইবে না। উপরে যে সকল গ্রাম আমার লক্ষ্য সেই গ্রামগুলি ত্রিহুট্ট জেলার অন্তর্গত। ঐ জেলার পরিমাণ প্রায় ৫০০০ বর্গ মাইল, বর্ষাকালে প্রায় এক তৃতীয়াংশ স্থান জলে ডুবিয়া যায়। সে আবার যেমন তেমন জল নহে, চারিদিকে সমুদ্রবৎ জলের মধ্যে গ্রামগুলি দ্বীপের মত ভাসিতে থাকে। বৈশাখ জ্যৈষ্ঠ মাস হইতে আরম্ভ হইয়া আষাঢ় মাসে দিগদিগন্ত ব্যাপিয়া জলে জলে একাকার হইয়া পড়ে। তখনই নানাপ্রকারের খাল ও জলীয় উদ্ভিদের জন্ম ও সঙ্গে সঙ্গে অগণ্য মশকের সৃষ্টি হয়।

এখন এই সমুদ্রের মধ্যে কেরোসিন তৈল চ্যামস্কাধীন এখানে আর একটা কথা বলিতে চাই। কি ব্যবস্থা করা যাইতে পারে এবং কি উপায়ে আসামে বহুকাল বাস করিয়াছি। সেখানকার মশককুল ধ্বংস হয়? তাই বলিতে ইচ্ছা ভীষণ কালাজরের প্রাণসংহারক মৃত্তি প্রত্যক্ষ মশাটাকে ছাড়িয়া দিয়া অন্য কি প্রকার সহ্য। রোগের প্রথম প্রকোপের সময় শতকরা উপায় অবলম্বন করিয়া আমরা এই ব্যাধির হস্ত ৮ জন রোগীই মৃত্যুমুখে পতিত হইত। এত নিষ্কৃতিলাভ করিতে পারি, এখন তাহার আবিবোধ হয় মগেগেও মরে না। কালাজর এক-করিবার সময় উপস্থিত হইয়াছে। কেবল acq প্রবল ম্যালেরিয়া বলিয়াই স্থিরীকৃত হইয়াছে। discussionএ মাহুষের প্রাণ বাঁচিবে না। পূ পূর্বে আসামে এই ব্যাধির নাম মাত্রও কৃষককে মশারি ব্যবহার করিবার উপদেশ। আসামের কোন কোন স্থান স্বাস্থ্যনিবাসের পূর্বে তাহার যাহাতে মশারি ক্রয় করিবার মতসের উপযোগী বলিয়া গণ্য ছিল, এখন সে সকল হইতে পারে, সে ব্যবস্থা করা উচিত। বে বাস করা বিপজ্জনক হইয়াছে। এই কালাজর দেখিয়াছি ঘরের দরজা জানালায় wire-নগারো পাহাড়ের প্রান্তভাগে দেখা দেয় এবং দিয়া মশা প্রবেশ পথ রুদ্ধ করিবার উ বৎসরের মধ্যে সমস্ত গারো পাহাড়ে ছড়াইয়া দিয়া থাকেন। এই দরিদ্রের দেশে এই ঐ সেখান হইতে এই প্রবল ব্যাধি নিকটস্থ উপদেশের মূল্য কতটা তাহার আলোচনা নিম্নোপাড়া জেলা আক্রমণ করে। সেখানে কেন স্বাস্থ্যকর স্থানগুলিতে হঠাৎ ম্যা এত বৃদ্ধি হয়, যে গবর্ণমেণ্ট রাজকীয় আফিস আবির্ভাব হয় তাহার প্রকৃত কারণটা আজ গোয়ালপাড়া হইতে ধুবড়ীতে স্থানান্তরিত নির্দিষ্ট হইয়াছে বলিয়া মনে হয় না। না বাধ্য হন। গোয়ালপাড়ার পরেই তাহার নানা মতের মধ্যে পড়িয়া আমরা দিশাহারী কামরূপ জেলা, সেখানেও কালাজর প্রবল পড়িতেছি। এমন সকল গ্রামে হঠাৎ ম্যা ধারণ করে। কামরূপে লোক ক্ষয় করিয়া আক্রমণ হইতে দেখিয়াছি, যেখানে, যে যে জেলায় মহামারিরূপে প্রকাশিত হইয়া কয়েক বিষের উৎপত্তি হয় বলিয়া নির্দেশ করা হর মধ্যে দেশটাকে একরকম জনশূন্য করিয়া সকল কারণ প্রত্যক্ষভাবে একটাও দেখিতে পা একটা কথা এখানে লক্ষ্য করিবার বিষয়। ত্রিহুট্ট জেলা বাস্তবিকই একদিন লক্ষ্মীর হা যতগুলি জেলার নাম করিয়াছি, সবগুলিই এমন ধনে ধাত্তে পূর্ণ, স্বাস্থ্যকর স্থান বাংলার নদের right bankএ স্থি। ব্যাধিটা যেন আর দ্বিতীয়টা ছিল কি না সন্দেহ। কিন্তু একটানা ধারাবাহিক স্রোতের মত এক জেলার সে দিন নাই। স্থানে স্থানে আসামের জ জেলায় বিস্তৃতি লাভ করে। গারোহিল প্রবেশ করিয়াছে শুনিতো পাই। এখন ারম্ভ করিয়া নওগাঁ পর্য্যন্ত এই মহাব্যাধি যেন : নির্দিষ্ট পথ ধরিয়া অগ্রসর হইয়াছে। নওগাঁ শিবসাগর জেলায় যদিও কালাজর কোন কোন প্রবেশ করিয়াছে, কিন্তু কোথাও তেমন ক আকার ধারণ করিতে পারে নাই। সে স্থান রোগের উপযোগী ক্ষেত্র নহে বলিয়াই হয় ততটা প্রবল হইতে পারে নাই, কেবল রাজত্ব হইবে।

ব্যাধি প্রসিদ্ধিত স্থানের লোকের যাতায়াতের দরুন সেখানেও রোগ প্রকাশ পাইয়াছে মাত্র।

কালাজরের ইতিহাস আলোচনা করিলে একটা -বড় আশ্চর্যের বিষয় দেখিতে পাওয়া যায়। যে সকল জেলায় শালবন আছে, কেবল সেই সকল জেলায়ই এই রোগের প্রকোপ অত্যন্ত প্রবল আকারে প্রকাশ পাইয়াছে, গারোহিলের শালবনেই এই রোগের সৃষ্টি এবং সর্বত্রই যেন শালবনের অনুসরণ করিয়াছে। শালবনের নিকটবর্তী গ্রামেই মৃত্যুসংখ্যা বেশী হইয়াছে। শালবনের নিকটস্থ কোন কোন গ্রাম একেবারে জনশূন্য করিয়াছে, অল্পত তেমন হয় নাই। নওগাঁ জেলা ছাড়িয়া শিবসাগরে শালবন নাই বলিলেই হয়, সেইজন্ত সেখানে কালাজর বড় একটা আমল পায় নাই। ব্রহ্মপুত্রের উত্তর পাড়ে তেজপুর প্রভৃতি স্থানেও যেখানে শালবন আছে সেইখানেই এই রোগের প্রাদুর্ভাব বেশী দেখিতে পাওয়া যায়। কেহ কেহ বলিতে পারেন যে শালবন তো আবহমান কাল হইতেই আছে, কিন্তু কালাজরটা তো আধুনিক। ইহার উত্তরে আমি এই বলিতে পারি, যে শালবনগুলি পূর্বে এখানকার অবস্থায় ছিল না। তখন, অর্থাৎ কালাজর প্রাদুর্ভাবের পূর্বে, গবর্ণমেণ্টের রিজার্ভ বা রক্ষিত বনের সৃষ্টি হয় নাই। এখন নব শালবন রক্ষিত (Reserved forest)। রিজার্ভ হইবার পূর্বে শালবনগুলিতে বৎসর বৎসর আগুন লাগিয়া যত শুকুনো লতা, পাতা, বাঁশ, ডাল, মূল পুড়িয়া গাছের নীচের স্থানগুলি পরিষ্কার হইয়া যাইত। এখন আর তাহা হইতে দেওয়া হয় না। অতি যত্নে ও বহু সহস্র টাকা ব্যয়ে শালবনগুলিকে অগ্নি হইতে রক্ষা করা হয়, তাহাতে ফল এই হইয়াছে, যে গাছের নিম্নস্থ স্থানে রাশীকৃত আবর্জনা স্তুপাকার হইতেছে, এবং সেখানেই রৌদ্র বৃষ্টিতে পচিয়া স্থানগুলিকে ভয়ানক স্যাঁৎস্যাঁতে ও নানাপ্রকার কীট পতঙ্গের আবাসভূমি করিয়া তুলিতেছে। আমি পূর্বেই বলিয়াছি গবর্ণমেণ্টের রক্ষিত শালবনের নিকটস্থ গ্রামগুলিই কালাজর ধারা

বেশী আক্রান্ত হইয়াছে। এই জন্ত মনে হয়, রক্ষিত বনের দ্বারা ভবিষ্যৎ বংশধরদের কাঠ কুটা পাইবার সুবিধা হইলেও বর্তমান সময়ে ম্যালেরিয়া সৃষ্টির একটা প্রধান কারণ হইয়া দাঁড়াইয়াছে এবং এই কারণেই বোধ হয় পাঞ্জাব ও উত্তর পশ্চিম প্রদেশের কোন কোন স্থানে ম্যালেরিয়া দেখা দিয়াছে। আমি উপরে যাহা বলিয়াছি তাহা সকল প্রকার বন সম্বন্ধে খাটিবে না। আমি কেবল 'deciduous forest' বিশেষতঃ শালবনের কথাই বলিতেছি, অর্থাৎ যে সকল বনে বসন্ত সমাগমে গাছের প্রায় সব পাতা ঝরিয়া পড়ে। বৎসর বৎসর লক্ষ লক্ষ গাছের পাতা নীচে ঝরিয়া পড়ে, গাছ বাঁশ ইত্যাদি মরিয়া আবর্জনা বৃদ্ধি করে। বহু বৎসর ধরিয়া এই আবর্জনা রাসীকে যত্নে রক্ষা করিলে জ্বর এবং অন্যান্য রোগের বীজাণুর সৃষ্টি হইবে মনে করা একটুকুও অসঙ্গত হইবে না। পূর্বেই বলিয়াছি রক্ষিত হইবার পূর্বে এই সকল বনে বৎসর বৎসর আগুন লাগিয়া নিম্নস্থ সকল প্রকারের আবর্জনা পুড়িয়া

পরিস্কার হইয়া যাইত, তখন আর কোন রোগের দিন হাস পাইতে থাকে? সেই জন্ত, মনে হয়, সৃষ্টির সম্ভাবনা থাকিত না। এই রক্ষিত শের কৃষিসম্পদ বৃদ্ধি করিতে হইলে অগ্রে এই রক্ষিত বনগুলিকে অগ্নি হইতে রক্ষা করাধির নিরাকরণ করিতে হইবে। কালাজ্বর বা ম্যালেরিয়ার কোন সম্পর্ক আছে সুখের বিষয় আজকাল দেশের ও দেশের দৃষ্টি এই সুধীবর্গকে অল্পসন্ধান করিয়া দেখিবার জন্ত মনে পতিত হইয়াছে; ফলে এ সম্বন্ধে আলোচনা করা দেখা যাইতেছে। বঙ্গদেশকে ম্যালেরিয়া-মুক্ত

আর একটা বিষয় উল্লেখ করিলেই আমরা হইলে দেশের সমস্ত পুকুর ভরাট করা, জঙ্গল শেষ হয়। আজকালিকার theory মতে রক্ষা করা, নদীর মোহানা খুলিয়া দেওয়া প্রভৃতি ভিতরে বন জঙ্গল বৃদ্ধি হইতে দিলে যদি মৃত্যু বলিয়া বিশেষজ্ঞেরা মত প্রকাশ করিয়া থাকেন। সংস্কৃত হইবার সম্ভাবনা থাকে, তবে দেশে বহু ব্যয় ও সময়সাপেক্ষ। তাহা যত দিন না স্থানে বিশেষতঃ গ্রামের সন্নিকটে বৃহদাকারে ততদিন আমরা বঙ্গের পল্লীবাসী গৃহস্থেরা সংরক্ষিত করিয়া রাখিলে জরের প্রাবল্য নূরুকে ও পরিবারস্থ ব্যক্তিগণকে বাহাতে ম্যালেরিয়া-কেন? যুগযুগান্তর হইতে মানুষ বন জঙ্গল রাখিতে পারি তাহার চেষ্টা কি করিব না? করিয়াই এই পৃথিবীটাকে বাসোপযোগী রাখিলে পারি তাহার চেষ্টা কি করিব না? তুলিয়াছে। সেই বনকে রক্ষা করিয়া বৃদ্ধি করিবার উপদেশ দিয়াছেন, সেইরূপ ব্যক্তিগত দেওয়া প্রকৃতি বিদ্রূপ এবং মানুষের প্রাণের ম্যালেরিয়ার প্রতিষেধক কতকগুলি উপায়ও নহে। বর্তমান সময়ে যে নীতিতে গভর্নমেন্ট করিয়া দিয়াছেন। সেগুলি পালন করিয়া reservation হইতেছে আমি তাহাই লক্ষ্য করে সুস্থ রাখিতে সচেষ্ট হই না কেন? এসম্বন্ধে

## কৃষকের কর্মশক্তি ও ম্যালেরিয়া।

ছুখের বিবরণ এই যে, আমরা ভুলিয়া যাই দেহকে সুন্দর করিতে হইলে মনকেও সুন্দর ও পবিত্র করিতে হয়। রস্কিন্ বলিয়াছেন "Every right action and true thought sets the seal of its beauty on person and face." বস্তুতঃ চিত্রকর যেমন তুলি দিয়া রংয়ের পর রং চালিয়া দিয়া পটে জীবন্ত চিত্র অঙ্কিত করেন, তাস্বর যেমন লৌহময় অস্ত্র দিয়া খুদিয়া কদাকার প্রস্তর খণ্ডে মনোহর মূর্তি গঠন করেন, আমরাও সেইরূপ প্রতিমূর্ত্তে স্ফুটিকা ও স্বকার্য দ্বারা তিলে তিলে দেহকে সুন্দর করিয়া গড়িয়া তুলিতে পারি। মনন শক্তিদ্বারা দেহকে যেরূপ নবীন ও সুন্দর রাখা যাইতে পারে সাবান পমেটমে সেরূপ পারা যায় না ইহা সত্য সমাজে অতি সত্যরূপে স্বীকৃত হইয়াছে।

আশা ও আনন্দ বিশ্বাসের প্রধান সঞ্চল। দেহকে সুন্দর, সতেজ, নবীন রাখিতে হইলে হৃদয়ে সেইরূপ আশা চাই ও পূর্ণ আনন্দ চাই।

কোন সুবিখ্যাত চিত্তাশীল ব্যক্তি লিখিয়া, বিষয় চিন্তা বা ব্যাধি চিন্তার ঘন ছায়ায় যেন "The face cannot betray the years until the mind has given its consent. The mind is the sculptor." বাস্তবিক চিন্তাশক্তি দেহের সৌন্দর্য সৃষ্টিকর্তা। তাহার দৃষ্টান্তে বলিয়াছেন, এক খেনা। তাহার প্রাণকে গভীর স্নেহে ভালবাসে, কিছু ময়লা বদাকার ছিলেন। দেহের এই অক্ষয় করিয়া আঁকড়াইয়া ধরে, জীবন ভাঙের শেষ সুখা থাকতে তিনি ক্ষুণ্ণ মনে থাকিতেন। তাঁহার দৃষ্টান্ত আদায় করিতে চায়, মরণের দূতের সহিত এই অশান্তি ও চিন্তাতে তাঁহার দেহ দিন দিন লণ্ণ লড়াই করিয়া দীর্ঘ জীবন লাভ করে; শ্রীহীন হইতে লাগিল। সৌভাগ্যক্রমে তিনি বনের স্ফুর্ভ উৎসাহ, আশা, আনন্দ, নিবিড় করিয়া সময় এক আশার বাণী শুনিলেন সংকল্পলব্ধি করিতে চায়। তাই তাহার এত দীর্ঘজীবী। সং-চিন্তার দ্বারা দেহকে যে শ্রীযুক্ত করা অন কামশীল, এমন জীবন্ত জাতি হইতে পারিয়াছে। পারে, ইহাতে তাঁর দৃঢ় বিশ্বাস হইল। আশায় খেলায় বুড়ি ছুইলে আর চোর হইতে হয় না, আনন্দে আপনার দেহের সৌন্দর্য লাভের পথ হিসাবে জীবন খেলায় নির্মল আশা আনন্দের চির তিনি নিযুক্ত হইলেন। প্রফুল্ল হৃদয়ে, শান্ত মনে, চির সতেজ, দৃঢ় বিশ্বাসযুক্ত চিন্তাশক্তি বুড়ীর দুঃখ অপমান সহিয়া সং-চিন্তা ও সংকার্যে রত হইলে ব্যাধি মৃত্যু, জীর্ণতা মালুমকে শাস্ত দিয়া ধীরে ধীরে তাহার দেহ এক অপূর্ব শ্রীমণ্ডিতরূপে পরিণত হইতে পারে না।

উঠিল; নষ্ট স্বাস্থ্যের পুনরুত্থান হইল। মার্কিন হাস্য রসিক কবি অলিভার হোমকে ছুই দিয়া গুণ করিলে যেমন বাড়িয়া চার হা (Oliver Wendell Holmes) অশীতি বৎসর বয়সে এক স্বতঃসিদ্ধ বৈজ্ঞানিক সত্য; সেইরূপ তাহার দেহের যৌবনময় স্বাস্থ্যের কারণ জিজ্ঞাসা সহিত, অসৌন্দর্যের সহিত ও ভগ্ন স্বাস্থ্যের পরিণতি তিনি বলেন—

তাঁহাদের কারণ, বিষাদ, অশ্রদ্ধা, ভয়, ভাবনা "It is due chiefly to a cheerful disposition and invariable contentment in every period of my life with what I was. Wrinkles do not appear on faces that had constantly smiled. Smiling is the best possible message Contentment is the fountain of youth.

যদি সরান হয় তাহা হইলে অর্ধেক ব্যাধিতার "আমায় অন্তঃকরণ চির প্রফুল্ল। সুখে ছুখে, সুদিনে যায়, পরে তথায় শুভ আশা শান্তি বিশ্বাস ও আশায় আমায় মনের শান্তি হারাই না। আমার মত স্থাপন করিলে নব যৌবনের শুভাগমন হয়; এক বৈজ্ঞানিক সত্য।

আমাদের দেশের মালুমদের ও পাশ্চাত্য মালুমদের ফটো তুলনা করিয়া দেখিতে বসিলে জিনিষ খুব সুস্পষ্টরূপে চোখে পড়ে। আমাদের দেশের লোকদের ফটোর মুখগুলি গভীর, শুষ্ক

রসিক লোকের উপর বার্ককোর চিহ্ন পড়ে না। কারণ আমার শান্তির অন্তর ভেদ করিয়াই যৌবন রসের উৎস নিয়ত উৎসাহিত হইতেছে।

বস্তুতঃ বর্ষ পরিবৃত্ত সৈনিকের গাত্রে শত্রুর তরবারি আঘাত করিলে যেমন তরবারিই দ্বিধাশূন্য হইয়া যায়, হাস্য রসিক লোকের মনের উপর বার্ককোর জীর্ণতা স্পর্শ তেমনি বৃথা হয়; প্রাণভরা আনন্দময় চিন্তাশক্তির সরল হাস্য প্রভাতের অরুণ কিরণের মত জরার সকল কুমালাকে খণ্ডবিধণ্ড করিয়া দেহকে সৌন্দর্যশালী করে।

এই আনন্দ, এই শান্তি, এই বুকভরা শুভকরী আশা, এই আশ্রয়িত্তিতে দৃঢ় বিশ্বাস, এই প্রাণভরা হাস্য ইহাই সকল রোগনাশের "পরশপাথর" ঔষধ, ইহাই বৈদ্যানাথের মাদুলী, ইহাই তারকেশ্বরের ধর্মায় স্বপ্নলক অলৌকিক ঔষধ, ইহাই সেই মুসলমান ফকিরের পড়া জল। অতিমানবের আশায় সত্য জগতের যে সাধনা চলিতেছে এই শুভ আশা, নির্মল আনন্দ ও দৃঢ় বিশ্বাস দ্বারাই তাহা লাভ করা যায়।

আমাদের চিত্ত যে আমাদের দেহকে গড়িয়া চলিতেছে একথা যেন আমরা প্রতিমূর্ত্তেও না ভুলি। পূর্ণ স্বাস্থ্যের আশা চাই, আমি যে আপন শক্তিতে সকল বাধা বিপত্তির মাঝে আপনাকে গড়িতে পারি ইহাতে দৃঢ় বিশ্বাস চাই। এই আলোর হাসিভরা গগনতলে স্নিগ্ধ বাতাসের সাগর মাঝে, শ্রামল হাস্যময় ধরার বুকে যে জীবন পাইয়াছি, তাহার আনন্দময় উপভোগ চাই। তাহা হইলে, দেহ দেবালয় হইবে, জীবন মধুময় ও পবিত্র হইবে। এই নবীন মানবের অপেক্ষায় জগৎ শুষ্ক হইয়া রহিয়াছে।

## কুইনাইন সম্বন্ধে ভ্রান্ত ধারণা।

শ্রীজ্ঞানেন্দ্র নাথ সিংহ লিখিত—

দেশে ম্যালেরিয়ার প্রকোপ উত্তরোত্তর বৃদ্ধি হইতেছে এবং এতাবস্থায় কুইনাইন যখন আমাদের একমাত্র সঞ্চল ও আশ্রয় স্থল, তখন কুইনাইন সম্বন্ধে সাধারণের ভ্রান্ত ধারণা দূর করা আমাদের একান্ত কর্তব্য। এই কুসংস্কার দূরীকরণের জন্যেই অল্প কুইনাইন সম্বন্ধে গুটিকতক কথা লিখিত হইল। কুইনাইন সম্বন্ধে মোটামুটি নিম্নলিখিত কয়েকটি কথা বলা আমি যুক্তিসঙ্গত বলিয়া বিবেচনা করি।

প্রথমতঃ কুইনাইনের ম্যালেরিয়া আরোগ্যকারী শক্তি সর্ববাদিসম্মত। ইহা রক্তস্থিত ম্যালেরিয়া জীবাণুদের ধ্বংস সাধন করে তজ্জগৎ ইহা নিয়মিত ও পরিমিত ভাবে ব্যবহৃত হওয়া উচিত। অনেকে এই নিয়মের ব্যতিক্রম করিয়া ক্রমাগত জরে ভুগিতে থাকেন এবং তাঁহাদের মনে এই ধারণা বদ্ধমূল হয় যে কুইনাইন সেবনে জ্বর আটকাইয়া থাকে, আরোগ্য হয় না। পুনঃ পুনঃ জরে আক্রান্ত হইয়া তাঁহারা কুইনাইনের উপর বীতশ্রদ্ধ হইয়া পড়েন এবং শেষে মুক্তকণ্ঠে প্রচার করেন যে কুইনাইন ব্যবহারে কোনও ফল হইল না। তাঁহারা ভ্রমেও অহুসঙ্কান করিয়া দেখেন না যে ইহা যথেষ্ট কুইনাইন ব্যবহার না করার জন্যে তাঁহাদের নিজের ভ্রমে হইয়াছে, বাস্তবিক কুইনাইনের কোনও অপরাধ নাই। এক্ষেত্রে ইহাও বলা আবশ্যিক যে অল্প মাত্রায় কুইনাইন ব্যবহার করিলে Quotidian (প্রাত্যহিক) ও Malignant tertian type এর জরে কিছুমাত্র সফল হওয়া দূরের কথা অনেক সময় কুফলই ফলিয়া থাকে। Dr. Laveran এর মতে এই প্রকার অল্পমাত্রায় কুইনাইন ব্যবহারে ম্যালেরিয়া জীবাণুগুলির শক্তি বৃদ্ধি পায়।

অনেকে জানেন Hydrarg perchlor প্রভৃতি antiseptic lotion অল্প strengthএ ব্যবহার করিয়া রোগজীবাণু ধ্বংস হওয়া দূরের কথা তাহাদের শক্তি বাড়িয়া থাকে। পক্ষান্তরে ইহাও সত্য। ক্রমাগত অল্পমাত্রায় কুইনাইন ব্যবহারে ম্যালেরিয়া জীবাণুগুলির কুইনাইন সহ্য করিবার একটি সীমা জন্মিয়া যায়, তজ্জগৎ শেষে অধিক পরিমাণ কুইনাইন সফলদায়ক হয় না। এক্ষেত্রে পুনঃ পুনঃ কুইনাইন সেবা বেশী মাত্রায় কুইনাইন প্রয়োগ করিলে মরিয়া যায় এবং রোগী আরোগ্য লাভ করে না।

কুইনাইন রক্তস্থিত ম্যালেরিয়া জীবাণুদের সাধন করিতে পারে, কিন্তু Immunity উৎপাদন করিতে পারে না, যাহার প্রভাবে ম্যালেরিয়া বিষ প্রবেশমাত্র ধ্বংস প্রাপ্ত হইবে স্তত্রং এই ম্যালেরিয়া প্রসিদ্ধিত দেশে নিয়মিত কুইনাইন সেবন আবশ্যিক। দুষ্ক, মাংস প্রভৃতি পুষ্টিকর খাদ্য ব্যতীত কুইনাইন ব্যবহারে বিষময় ফল হয়, আদৌ কিছু সত্য আছে বলিয়া বোধ হয় না। ম্যালেরিয়া বিষ রক্তস্থ লালকণিকা গুলিকে আশ্রয় করিয়া ক্রমে তাহাদের ধ্বংস সাধন করিয়া রক্তাক্রান্ততা Ant immunity প্রভৃতি উপসর্গ আনয়ন করে। কুইনাইন সেবন রক্তের এই অধিকাংশ বিনাশ নিবারণিত হইতে পারে ইহা আমাদের সামান্য লাভ নহে, স্তত্রং ইহা যাইতেছে যে কুইনাইন ব্যবহার দ্বারা এই ধ্বংস নিবারণ করতঃ আমাদের অবস্থানুযায়ী পথ্য লাভ ভিন্ন লোকমান নাই। তবে সর্বব্যাপী পুষ্টিকর খাদ্যের প্রয়োজন সে বিষয়ে কোনও সন্দেহ নাই। কারণ উক্ত প্রকার খাদ্য আমাদের

শক্তি বৃদ্ধি করে এবং রোগ প্রবণতা হ্রাস করে।

কুইনাইন চাপা জ্বর—অনেকের এই প্রকার ভ্রান্ত ধারণা আছে যে, কুইনাইন সেবনে জ্বর বন্ধ হওয়ার পর যদি পুনরাক্রমণ হয় তখন সেই জ্বরকে তাহাদের কুইনাইন চাপা জ্বর বলিয়া ধারণা জন্মে। তাহাদের ধারণা সে জ্বর কুইনাইন সেবনেই হইয়াছে এবং তাহা আর কদাপি ভাল হইবার নহে, কিন্তু অধিকাংশ স্থলেই ইহা কুইনাইন যথেষ্ট না সেবন করার দরুনই হইয়া থাকে। অনেকে যে পরিমাণ কুইনাইন সেবন করিয়াছেন, তাহার এক মন্ত তালিকা করিয়া বলেন যে সর্বসম্মত এত (৫০ কি ১০০ গ্রেন) কুইনাইন তিনি সেবন করিয়াছেন। এতেও জ্বর জর ছাড়িল না, তখন আর কুইনাইন বাইবেন কুইনাইন যে শরীরের স্তরে স্তরে জন্মিয়া থাকে না, ইহা তাহাদের ধারণায় আসে না। কুইনাইন অল্পমাত্রায় আপনার ক্ষমতানুযায়ী ক্রিয়া প্রকাশ করতঃ মল মুত্রাদি দ্বারা শরীর হইতে নিঃসৃত হইয়া যায়, আমাদের দেহে স্থায়ী ভাবে বাস করে না।

এক ডোজ কুইনাইন নুনাধিক ৪৮ ঘণ্টার মধ্যেই মূত্র দ্বারা শরীর হইতে নির্গত হয়, বাকি অংশ কিছু দিনের মধ্যেই শরীর হইতে নির্গত হইয়া যায়। শরীরস্থ রক্তকে ম্যালেরিয়া জীবাণুর বাসের সম্পূর্ণ অল্পবয়সী করিতে হইলে একটি পূর্ণ বয়স্ক লোকের ২৪ ঘণ্টার মধ্যে ২০ গ্রেন কুইনাইন সেবন দরকার। কিন্তু অনেকের উত্থাপে অল্প মাত্রায় সেবন করিয়াও কান সাঁ সাঁ প্রভৃতি উপসর্গ দেখা যায়, তাহাদের পক্ষে এই মাত্রাই যথেষ্ট, উত্থাপে অধিক পরিমাণ সেবনের দরকার হয় না। অনেকের ৩৪ গ্রেন মাত্রা কুইনাইন সেবনে কান সাঁ সাঁ করিতে দেখিয়াছি এবং ঐ অল্প পরিমাণ কুইনাইনেই জ্বর বন্ধ হইয়া থাকে।

Sir Ronald Ross এর মতে ম্যালেরিয়া জ্বরের যে কোনও অবস্থাতেই জ্বর, বিজরে কুইনাইন সেবন করা যাইতে পারে। Mansion বলেন সবিরাম জ্বরে ষষ্ঠাবস্থার প্রারম্ভে এবং Billous remittent ও অন্যান্য স্ফাটিক অবিরাম জ্বরে, মগ্নের অপেক্ষা না করিয়া কুইনাইন প্রয়োগ করা উচিত।

## শশী-পালো।

ডাক্তার শ্রীবসন্ত কুমার চৌধুরী লিখিত—

উত্তর বঙ্গের ফরিদপুর, রংপুর, দিনাজপুর প্রভৃতি বহুস্থানে ভগবান অঘাচিত ভাবে শশী বৃক্ষ প্রচুর পরিমাণে সৃষ্টি করিয়াছেন। এই সকল স্থানে বৎসরে প্রায় দুইকোটি মণ শশী উৎপন্ন হইয়া আপনি মাটিতে মজিয়া যায়। স্থানীয় লোকেরা ইহার মূল হইতে এক প্রকার চূর্ণ প্রস্তুত করিয়া পিষ্টকাদি প্রস্তুত করতঃ সেবন করে। পূর্বে আবিষ্কৃত প্রস্তুতের জন্য এই চূর্ণ ব্যবহৃত হইত। এতদ্ব্যতীত ইহা বিশেষ কোন কাজে আইসে না। ইহা হইতে একপ্রকার সুস্বাদু পুষ্টিকর পথ্য

প্রাপ্ত হওয়া যায়, আজ কাল তাহা "শশী ফুড" নামে বাজারে মনোহর শোভা সম্পন্ন টিনের কোটায় অতি উচ্চ মূল্যে বিক্রয় হইতেছে। সেজগৎ এই খাদ্যের গুণ সম্বন্ধে আমাদের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে।

শশীবৃক্ষ কতকটা হরিদ্রা বৃক্ষের অনুরূপ। ইহার মূলদেশে এক প্রকার কন্দ বহির্গত হয় তাহা হইতে প্রক্রিয়া বিশেষে এক প্রকার শ্বেতবর্ণ মসৃণ চূর্ণ বাহির হয় তাহাই খাদ্যরূপে ব্যবহৃত হইয়া থাকে।

পুরাকালে ইহার প্রচুর ব্যবহার ছিল বলিয়া

আয়ুর্বেদের উজ্জ্বলিত বৃদ্ধিতে পারা যায়। বোধ হয় লোক-বিপ্লবে অথবা বৈদেশিক পথ্যের বহুল প্রচারে আধুনিক সভ্য সমাজে ইহার ব্যবহার প্রায় বন্ধ হইয়াছিল। অধুনা সভ্য সমাজে ধীরে ধীরে ইহার প্রচলন আরম্ভ হইতেছে।

দেশভেদে শঠীর যে সকল নাম আয়ুর্বেদে প্রাপ্ত হওয়া যায় নিম্নে তাহা উদ্ধৃত করা হইল।

হিন্দুস্থান	...	কচুর ও কালী হরিদ্রা।
বোম্বাই	...	কচোরা।
মহারাষ্ট্র	...	কচোরা, নরোকচোরা কাচারী।
গুজরাট	...	কচুরী।
কর্ণাট	...	কচোরা।
তৈলান্দি	...	কাচারালু, কাতোকচেট্টা।
করাচী	...	জরংবাদ।
আরব	...	এরকুন কাকুর।
বাঙ্গালা	...	শঠী।
ডাক্তারী নাম	...	কারকুমা (Carcuma) জেডোয়ারিয়া (Gedoaria)

ইংরাজিতে ইহার কোন নাম নাই। যে দুইটি নাম ডাক্তারী নাম বলিয়া লিখিত হইল তাহা অতি প্রাচীন কালের ল্যাটিন নাম। দেশ ভেদে শঠীর নাম দেখিয়া সত্যই মনে হয় শঠী সর্বদেশে আদরের সহিত ব্যবহৃত হইত।

ইহা বনে জন্মে বিনা পরিশ্রমে এক এক স্থানে বহুল পরিমাণে জন্মে এবং যে স্থানে জন্মে সে স্থান হইতে সহজে দূর হয় না। সুন্দর ভাবে ইহার আবাদ করিলে বোধ হয় অধিক জন্মিতে পারে এবং তাহার গুণও ভাল হইতে পারে। শঠী ভারতের একটা লাভবান দ্রব্য হইতে পারে। ইহার মূলদেশ খনন করিলে হরিদ্রার ত্রায় এক প্রকার মূল পাওয়া যায়, তাহা কুটিত করতঃ জলে ভিজাইলে মূলের ছাল প্রভৃতি জলের উপর ভাগমান হয় এবং খেতবর্ণ পালো জলের নিম্নদেশে জমে। তখন আন্তে আন্তে জল

ঢালিয়া ফেলিয়া আরো ২৩ বার ঐরূপে জল করিয়া, রৌদ্রে শুক করিয়া লইলেই উত্তম পালো বিত্তক শঠী-পালো খেতবর্ণ। কেয়াফুলের অরুণের ত্রায় কোমল স্পর্শ, এবং গন্ধবিহীন। রৌদ্রে উজ্জ্বলিত ইহার গুণ ও কার্যকরী বৃদ্ধিতে পারা যায়।

“শঠী-তিক্তাচি কটুকাকোষা তীক্ষ্ণমিদি  
সুগন্ধী রুচিরালঘী মুখ স্বচ্ছ করীমতা  
শমনী রক্ত পিত্তশ্চ গল্ল গণ্ডাদি রোগহা।  
কুষ্ঠা শৌ ত্রণ কানথী শ্বাস গুল্ম কফাপহা  
ত্রি দোষ ক্রিমি বাতানাং জ্বরপীহাদি নাশক

বেঙ্গল গবর্ণমেণ্টের রাসায়নিক পরীক্ষক এ  
বিশ্লেষণ (Analysis) করিয়া ইহাতে নিম্নলিখিত  
উপাদান সমূহ প্রাপ্ত হইয়াছেন।

খেতসারময় পদার্থ	...	শতকরা
আমিষজাতীয় পদার্থ	...	..
স্নেহজাতীয় পদার্থ	...	..
লবনজাতীয় পদার্থ	...	..
জল	...	..

এই পরীক্ষার ফল হইতে বৃদ্ধিতে পারা যায় এই দ্রব্যটি পুষ্টিকর। এজন্য দুগ্ধপোষ্য বালককে সেবন করাইলে বিকৃত বৈদেশিক পথ্য অপেক্ষা উপকার দর্শায়। সকল প্রকার পীড়ায় বিশেষতঃ আমাশয়, গ্রহণী, অতিসার, অম্ল, অজীর্ণ, ক্রিমি রোগে উত্তম উপকারী পথ্য। সুহাবস্থায়ও গাথা।

এই চূর্ণ দীর্ঘ দিন থাকিলেও বিকৃত বা নষ্ট হয় না।

শঠী-পালো নির্মল জলে গুলিয়া কিছুক্ষণ অধিক ফুটাইলে নির্মল সুস্বাদু পথ্য হয়। ইহার সহিত লেবুর রস ও তুষ্ক মিশাইলে উত্তম মুখরোচক থাকে। শাণ্ড ও বালি অপেক্ষা ইহা সুস্বাদু ও প্রীতিকর। অনেক শাণ্ড বালি পথ্য করিতে নিতান্ত

করে এবং অনেক স্থলে সেবন মাত্রই বমন করে। তাহাদের পক্ষে এ পথ্য উত্তম উপকারী।

বালি-যবচূর্ণ। তাহার সহিত দুগ্ধের অসম্মিলন করিবে। হিন্দু শাস্ত্র মতে দুগ্ধ সহ যবচূর্ণ সেবন করা নিষিদ্ধ আছে। কিন্তু বর্তমান চিকিৎসকগণ ও বালি একত্রে পথ্য দিয়া শাস্ত্র বিরুদ্ধ কার্য করিয়াছেন। সঞ্চয় ও রোগীর অপকার জন্মাইয়া থাকেন।

পথ্য বিরুদ্ধ ভোজনে আমরা অনেক স্থলে অপকার

## বিচিত্র সন্দেহ।

ডাক্তার শ্রীমুরেশ্বর নাথ ভট্টাচার্য্য লিখিত—

আজ দুই বৎসর ধরিয়া আমি “স্বাস্থ্য-সমাচারে” কতিপয় সন্দেহ লিখিয়াছি। একে আমি নগণ্য মনে করি, তাহাতে আমার লিখিত বিষয়গুলিও নীরস; এবং পাঠকগণের অকৃতি জন্মিয়াছে বলিয়া মনে হইতেছি। এই ধারণার বশবর্তী হইয়াই “বিচিত্র সন্দেহ” বাহির করিলাম। পাঠকগণ একটু মুখ হাইয়া লইবেন কি?

(১)

কলির প্রহ্লাদ।

ডাক্তার টমাস এনেন্ডেল (Dr. Thomas nandle) কলির প্রহ্লাদের কথা বলিয়াছেন। তাহাদের বয়ঃক্রম দ্বাদশ বৎসর মাত্র। এই বালক কংসকের নিকট প্রকাশ করে যে সে কতকগুলি পিপ্পলি ভক্ষণ করিয়াছে। চিকিৎসক প্রথমে তাহার বিশ্বাস করেন নাই; কারণ বালকের শরীরে কোন প্রকার অস্থির চিহ্ন ছিল না। যাহা হইল, বালককে এক মাত্রা ক্যাষ্টার অয়েল সেবন হইল। প্রথম দিনই ঐ বালকের মলের সহিত

হইতে দেখিয়াছি। অনেক দুগ্ধ পোষ্য শিশুকে সেবন করানয় তাহার পরিপোষণ ও পরিবর্তনের ব্যাঘাত জন্মিয়াছে এবং অনেক স্থলে শিশু ও রোগীর অস্মিয়াক্ষা, অজীর্ণ ও অতিসার জন্মিয়াছে।

আমরা উৎকৃষ্ট শঠী পালো ব্যবহার করিয়া বৃদ্ধি দেখিয়াছি যে ইহা ঘনীভূতরূপে সেবন করিলে ধারকণ প্রকাশ করে সেজন্য আমাশয়, অতিসার, কলেরা প্রভৃতি রোগে বিশেষ উপকারী এবং তরলাবস্থায় সেবন করিলে কোষ্ঠ বন্ধ হয় না।

কতকগুলি বক্রাকার আল্পিন্ নির্গত হয়। পরে দুই সপ্তাহ পর্যন্ত তাহার মল পরীক্ষা করিয়া একুনে নিম্ন লিখিত দ্রব্যগুলি পাওয়া গিয়াছিল। যথা—

আল্পিন্	...	...	২২
ছুঁচ	...	...	১
বড় পেরেক	...	...	৫
ক্ষুদ্র পেরেক	...	...	৬
জামার বোতাম	...	...	১
ছুতার মিস্ত্রীর পেরেক	...	...	৪
ছুতার পেরেক	...	...	৬

আশ্চর্যের বিষয় এই যে বালকটি এতগুলি দ্রব্য গলাধঃকরণ করিয়াও বিন্দুমাত্র ক্লেম অস্থির করে নাই বা তাহার শরীরে কোন প্রকার পীড়ার লক্ষণ প্রকাশ পায় নাই।

(২)

বিনাতি গান্ধারী।

সে কালে গান্ধার রাজতনয়া গান্ধারীর গর্ভে দুর্ঘোষন প্রমুখ শত পুত্র জন্মগ্রহণ করিয়াছিলেন।

## স্বাস্থ্য-সমাচার।

আর অল্প দিন হইল এই বিলাতী গাঙ্গারী ২৪ বৎসর বয়স হইতে আরম্ভ করিয়া ৮ বৎসরের মধ্যে আঠারটা সন্তান প্রসব করিয়াছেন। শেষ প্রসবের সময় ইহার বয়স ৩২ বৎসর। ডাক্তার জে. এস. ডরসে (Dr. J. S. Dorsey of London, D. C.) মহোদয় ভাগ্যবতীর যে প্রসব তালিকা দিয়াছেন, তাহা এই—

প্রথম বর্ষে	...	একটি
দ্বিতীয়	...	ষমজ
তৃতীয়	...	তিনটি
চতুর্থ	...	ষমজ
পঞ্চম	...	তিনটি
ষষ্ঠ	...	ষমজ
সপ্তম	...	তিনটি
অষ্টম	...	ষমজ

একুনে ১৮টি।

( ৩ )

## পাদুরীর রোগ।

‘হল’ নামক জর্নৈক পাদুরী দস্তানা কিনিবার জন্ত সন্ধ্যাকালে বিলাতের কোন মেম সাহেবের দোকানে প্রবেশ করেন। মেম দস্তানার বাস্তব বাহির করিলে পাদুরী বলিলেন—“কৃষ্ণবর্ণের দস্তানা আনয়ন করুন।”

স্ত্রীলোকটি পুনরায় দস্তানা আনিবার জন্ত যেমন কক্ষান্তরে প্রবেশ হইলেন, ‘হল’ মহাশয়ও সেই স্থযোগে তিন জোড়া দস্তানা আনয়ন করিয়া নিজ পকেটে রাখা করিলেন।

পাদুরী ধৃত হইয়া মিডিলসেক্স সেশন আদালতে বিচারার্থ আনীত হন। তিনি সুশিক্ষিত ও ধনী। জঙ্গ ও জুরিগণ তাঁহার অবস্থা পর্যালোচনা করিয়া স্থির করিলেন যে তাঁহার পক্ষে এই সামান্য দ্রব্য অপহরণ

করা কখন সম্ভব হইতে পারে না। অতএব তাঁহার “ক্লেপটোমেনিয়া” (Kleptomania) চৌর্য্যোন্মাদ রোগ জন্মিয়াছে;—এই চুরি রোগেরই ধর্ম।

পাদুরী বেকসুর খালাস পাইলেন।

“ক্লেপটোমেনিয়া” অতি অল্পত পীড়ারোগাক্রান্ত ব্যক্তি অভাবগ্রস্ত না হইয়াও সর্বদা দ্রব্য অপহরণ করিতে ইচ্ছা করে।

( ৪ )

## মানবদেহের মূল্য।

শাস্ত্র কর্তারা বলেন যে আমাদের এই দেহখানি মাটির ঘর। বাত, পিত্ত, কফ, ইহা চক্ষু কণ্ঠাদি ইহার নবদ্বার; শ্রবণরন্ধ্র কেশ সকল ইহার তৃণ; অক্ষিকোটর ইহার বদন ইহার প্রধান দ্বার; ভুজ ও পার্শ্ব ইহার উন্মায়ু ইহার রজ্জু; অস্থিসকল ইহার কাঠ; মাংস ও বসা ইহার জল, মৃত্তিকা ও গোময়।

এত দিন পরে এই কথা সত্যতা উপলব্ধি হইল; যেহেতু সম্প্রতি একজন জাৰ্মান ডাক্তারের এই দেহ-গেহ খানির মূল্য স্থির করিয়া ২৩৮০ তেইশ টাকা সাত আনা মাত্র।

মানব-দেহে যে পরিমাণ চর্কি আছে তাহা ৭৮০ সাত টাকা তের আনা। এইরূপ উপাদানে আমাদের এই ঘরখানি নির্মিত, সকল গুলিরই দাম ধরা হইয়াছে। উক্ত সাহেবের মতে এক জন পোনে দুই মন মানুষের দেহের মূল্য ১ পাউণ্ড ১১ শিলিং বাংলা হিসাবে তাহা হইলে মনুষ্য দেহের মূল্য ২৩৮০ তেইশ টাকা সাত আনা মাত্র।

## পল্লী স্বাস্থ্যোন্নতির সূচনা।

বঙ্গীয় হিতসাধন মণ্ডলীর  
শাখাস্থাপন।

সকলেই এ কথা স্বীকার করিবেন যে পল্লীগ্রামে স্বাস্থ্যের অবস্থা ভাল না হইলে বঙ্গদেশের অর্থস্বাস্থ্যের কখনই উন্নতি হইবে না। বঙ্গদেশে রোগের আধিপত্য ও মৃত্যুর হার ভারতের অন্যান্য দেশের অপেক্ষা অধিক, পল্লীস্বাস্থ্যের বর্তমান শোচনীয় অবস্থা ইহার প্রধান কারণ। কয়েকটি সহরের বাহিরে বঙ্গদেশের স্বাস্থ্য অপেক্ষাকৃত ভাল থাকিতে পারে বটে কিন্তু বঙ্গের অধিকাংশ লোকই পল্লীগ্রামে বাস করে। বর্তমান সময় হইতেই পল্লীস্বাস্থ্যোন্নতির জন্ত চেষ্টা আরম্ভ না করিলে কয়েক দশক পরেই যে বঙ্গদেশের স্বাস্থ্যের অবস্থা আরও শোচনীয় হইবে তাহা সন্দেহ নাই। পল্লীস্বাস্থ্যোন্নতির বিষয়ে কোনই সন্দেহ নাই। পল্লীস্বাস্থ্যোন্নতির বিষয়ে কোনই সন্দেহ নাই। পল্লীস্বাস্থ্যোন্নতির বিষয়ে কোনই সন্দেহ নাই।

বঙ্গীয় হিতসাধন মণ্ডলী অল্প দিনেই দেশমধ্যে বিস্তারিত হইয়াছে। এই মণ্ডলীর সম্পাদক শ্রীযুক্ত শ্রীযুক্ত বিজ্ঞাননাথ মৈত্র মহাশয় এক বৎসর মধ্যম জ্যেষ্ঠ ২২শে মে রবিবার অপরাহ্ন ৫ ঘটিকার সময়, উল্লিখিত গ্রামজয়ের অধিবাসিগণ হরিনাতির খর্গীয় নবীনচাঁদ ঘোষ মহাশয়ের ঠাকুরবাড়ীতে এক প্রকাশ সভা আহ্বান করেন। সভায় কলিকাতা হইতে ডাক্তার চুন্নীলাল বসু রায় বাহাদুর, ডাক্তার নীলরতন সরকার, ডাক্তার প্রাণকৃষ্ণ আচার্য্য, ডাক্তার কালীকৃষ্ণ চন্দ্র বসু, ডাক্তার বিজ্ঞাননাথ মৈত্র, পণ্ডিত কালীকৃষ্ণ ভট্টাচার্য্য, শ্রীযুক্ত সত্যানন্দ বসু, শ্রীযুক্ত বিজ্ঞাননাথ পাল, অধ্যাপক কালিদাস নাগ, শ্রীযুক্ত নিশিকান্ত বসু প্রভৃতি বহু ব্যক্তি উপস্থিত ছিলেন ও স্থানীয় নানা শ্রেণীর ৪৫ শত লোক সমূহে মন্দির প্রাক্তন পূর্ণ হইয়াছিল।

বেলা ৪।০ ঘটিকার সময় সভার কার্য আরম্ভ হয়। স্থানীয় যুবকবৃন্দ কর্তৃক কবি বিজ্ঞান লাল রায়ের “ধনধাতু পুষ্পভরা আমার জন্মভূমি” গানটি গীত হইলে

উদ্দেশ্যে কার্য করিবার ইচ্ছা করেন এবং সেইরূপ কোনও উপযুক্ত স্থানে সাধারণ শিক্ষার সহিত কোন গৃহশিক্ষণ বা অল্পাধিক অমসাহ্য শিক্ষার ব্যবহার দরকার বিবেচনা করেন। হিতসাধন মণ্ডলীর কয়েকজন উৎসাহী সভ্য, কোদালিয়া, চাংড়িপোতা ও নিকটবর্তী গ্রাম সমূহ মধ্যে এই শুভ কার্যের প্রথম অনুষ্ঠান করিবার প্রস্তাব করেন।

পরে মণ্ডলী কর্তৃক এই সকল গ্রাম পরিদর্শন ও স্থানীয় বিশিষ্ট ভ্রাতৃলোকদিগের সহিত পরামর্শের পর, হরিনাতি, চাংড়িপোতা ও কোদালিয়া এই তিনটি গ্রাম একত্র করিয়া, বঙ্গীয় হিতসাধন মণ্ডলীর শাখা স্থাপনের প্রস্তাব স্থিরীকৃত হয় ও সকলে এই অনুষ্ঠানে বিশেষ উৎসাহ প্রকাশ করেন।

## হরিনাতিতে উদ্বোধন সভা।

উক্ত প্রস্তাব কার্যে পরিণত করিবার জন্ত বিগত ৮ই জ্যেষ্ঠ ২২শে মে রবিবার অপরাহ্ন ৫ ঘটিকার সময়, উল্লিখিত গ্রামজয়ের অধিবাসিগণ হরিনাতির খর্গীয় নবীনচাঁদ ঘোষ মহাশয়ের ঠাকুরবাড়ীতে এক প্রকাশ সভা আহ্বান করেন। সভায় কলিকাতা হইতে ডাক্তার চুন্নীলাল বসু রায় বাহাদুর, ডাক্তার নীলরতন সরকার, ডাক্তার প্রাণকৃষ্ণ আচার্য্য, ডাক্তার কালীকৃষ্ণ চন্দ্র বসু, ডাক্তার বিজ্ঞাননাথ মৈত্র, পণ্ডিত কালীকৃষ্ণ ভট্টাচার্য্য, শ্রীযুক্ত সত্যানন্দ বসু, শ্রীযুক্ত বিজ্ঞাননাথ পাল, অধ্যাপক কালিদাস নাগ, শ্রীযুক্ত নিশিকান্ত বসু প্রভৃতি বহু ব্যক্তি উপস্থিত ছিলেন ও স্থানীয় নানা শ্রেণীর ৪৫ শত লোক সমূহে মন্দির প্রাক্তন পূর্ণ হইয়াছিল।

বেলা ৪।০ ঘটিকার সময় সভার কার্য আরম্ভ হয়। স্থানীয় যুবকবৃন্দ কর্তৃক কবি বিজ্ঞান লাল রায়ের “ধনধাতু পুষ্পভরা আমার জন্মভূমি” গানটি গীত হইলে

হরিনাভি গ্রামবাসী অধ্যাপক শ্রীযুক্ত চারুচন্দ্র ভট্টাচার্য্য এম্ এ, নিম্নলিখিত কয়েকটা কথায় ডাক্তার শ্রীযুক্ত চুণীলাল বসু রায় বাহাদুরকে সভাপতির আসন গ্রহণ করিতে অনুরোধ করেন ।

“আমাদের বিজ্ঞানভূষণ লাইব্রেরি থেকে একবার একটা কথা হয় যে আমাদের এই স্থানের একটা ইতিহাস সংকলন করিতে হইবে । পুরাণ অট্টালিকা দেবমন্দিরের, অতীত কাহিনী খুঁজে বের করিতে হইবে । যে সকল মহাপুরুষ এদেশে জন্ম গ্রহণ করেছেন তাঁহাদের জীবনের ইতিহাস সংগ্রহ করিতে হইবে । লাইব্রেরি থেকে কিছু কিছু কাজ আরম্ভ করা হয়েছে এবং অনেক নূতন তথ্য আমরা সংগ্রহ করেছি । কিন্তু সম্প্রতি আমরা একটা বড় গোছের আবিষ্কার করে ফেলেছি । বাঙ্গালা ভাষার সর্ব প্রথম নাটক এদেশে রচিত হয় আমরা বরাবরই জানি, বাঙ্গালা দেশের এক সময়কার মুখপত্র “সোমপ্রকাশ” এখানে থেকেই সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত হইত, বেদের সর্ব প্রথম বাঙ্গালা অনুবাদও এদেশেই আরম্ভ হয় কিন্তু সম্প্রতি আমরা আবিষ্কার করিয়াছি যে বাঙ্গালা দেশের মধ্যে সর্ব প্রথম বাঙ্গালী রাসায়নিক পরীক্ষকের আদিত্য বাটল এই দেশেই আজ আমাদের দেশের গৌরব ডাক্তার শ্রীযুক্ত চুণীলাল বসু রায় বাহাদুরকে আমাদের মধ্যে পেয়েছি । তাঁহার দেশবাসীর পক্ষ হইতে আমি প্রস্তাব করি তিনি আজকের এই সভায় সভাপতির আসন গ্রহণ করুন ।

শ্রীযুক্ত স্বরেন্দ্রনাথ বসু মহাশয় কর্তৃক প্রস্তাব সমর্থিত হইলে শ্রীযুক্ত চুণীলাল বসু রায় বাহাদুর মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন ও বঙ্গীয় হিতসাধন মণ্ডলীর প্রতিষ্ঠাতা ও সম্পাদক ডাক্তার শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ মৈত্র মহাশয়কে এই অন্তর্ধান সম্বন্ধে কিছু বলিতে আহ্বান করেন ।

ডাক্তার দ্বিজেন্দ্রনাথ মৈত্রের বক্তৃতা ।

বর্তমান কালে অনেকেই ইহা লক্ষ্য করিতেছেন যে, কেবলমাত্র বঙ্গদেশে কেন, ভারতবর্ষের নানা স্থানে

এক নূতন বাতাস প্রবাহিত হইয়াছে । ইহা সেবার বাতাস, নানা প্রদেশে এই হাওয়া এতুলিয়াছে, বঙ্গীয় হিতসাধনমণ্ডলী এইরূপ তরঙ্গমাত্র । ইহা কোনও ব্যক্তি বিশেষের কাহিনী ইহা বিধাতার বিধান । এতদিন আমরা প্রতিই বেশী মন দিয়াছিলাম । প্রায়ই কেবল আলোচনাদিতেই আমাদের কর্তব্য পূর্ণ হইত ।

আমাদের অভাব কি, তন্নিবারণে কি করা তাহা অল্পবিস্তর পরিমাণে সকলেই বুঝিয়াছি । কার্যক্ষেত্রে নামিয়া, তাহা সাক্ষাৎভাবে নিরূপণ কার্যে প্রবৃত্ত হইবার দিন আসিয়াছে । বঙ্গীয় হিতসাধনমণ্ডলী এই আদর্শ জইয়া সকল শ্রেণীর সমবেত চেষ্টায়, দেশের সেবায় নিযুক্ত হইয়া হইয়াছেন । এখন আবশ্যক—সকলের একান্তিভূতি ও প্রকৃত ভাবে সহযোগিতা । জন্মসাময়িক সহযোগিতা ভিন্ন ইহার উদ্দেশ্য সাধন সম্ভবপর নহে । ম্যালেরিয়া যতই ভীষণ হইবে কেন ইহাকে দেশ হইতে বিতাড়িত করা নহে । স্থানীয় জনসাধারণের আর্থিক অবস্থা করিবার জন্ত দেশে শিল্পবিজ্ঞান উন্নতি সাধন যাইতে পারে । কারণ স্বাস্থ্য, শিক্ষা ও আর্থিক তিনটাই পরস্পর সাপেক্ষ ।”

পরে মৈত্র মহাশয় মণ্ডলীর সহিত এই শাখায় যোগের কথা বলেন ও যাহাতে গ্রাম ও পল্লী পরগণার সদাশয় ম্যাজিষ্ট্রেট, শ্রীযুক্ত ডক্টর “রাখীবন্দন” বিকল না হয় এবং শাখাসমিতির কার্যে “হরিনাভি হিতসাধন মণ্ডলীর” পৃষ্ঠপোষক, কালপ্রাপ্ত না হয়, তজ্জন্ত প্রার্থনা করিয়া বঙ্গীয় ডাক্তার শ্রীযুক্ত কার্তিক চন্দ্র বসু মহাশয় সভাপতি করেন ।

স্থানীয় অধিবাসিগণের পক্ষ হইতে শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ ভট্টাচার্য্য মহাশয় সম্পাদক উমাচরণ ঘোষ মহাশয় প্রস্তাব করেন “এখানে স্থানীয় ভ্রমরমোচনকার্য কার্যনির্বাহক সমিতির সভ্য হিতসাধন মণ্ডলী গঠিত হউক এবং বঙ্গীয় হিতসাধন মণ্ডলীর কর্তৃপক্ষগণের নিকট আমাদের এই প্রস্তাব তাহার ইহাকে কেন্দ্রসমিতির অঙ্গীভূত করিয়া পূর্ণ করিলে সর্ব সম্মতিক্রমে গৃহীত হইল ।

শাখাস্বরূপে গ্রহণ করুন । শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ বসু মহাশয় এই প্রস্তাব অনুসরণ সভাপতি মহাশয় ডাক্তার শ্রীযুক্ত নীলরতন

পরে তিনি নিম্নলিখিত হৃদয়গ্রাহী কবিতা দ্বারা সমাগত ব্যক্তিগণের নিকট দেশের ছরবহা আপন করেন ।

দেশের দুর্গতি ভাবিয়া দেখিলে, কার না বিদরে চিত,  
অনর্শনে মরে কত নরনারী, অর্দ্ধাশনে অর্দ্ধমৃত ।  
ম্যালেরিয়া জরে ভুগিয়া ভুগিয়া, অস্থিচর্মসার কত শত জন,  
শুষ্ক মাতৃবক্ষে স্তন্য নাহি মিলে, শিশু ক্ষুধাতুর করিছে ক্রন্দন ।  
তৃষ্ণা নিবারিতে পানীয়ের জল, কত স্থানে নাহি এক বিন্দু মিলে,  
অনন্ত-উপায় হইয়া সকলে, তৃষ্ণা নিবারয়ে পিয়ে হলাহলে ।  
কত স্থানে মোরা নিজ কর্ম দোষে, পানীয়ের জল করি বিষসম,  
ভাবিয়া দেখি না কি কল হ’তেছে, স্বথাত সলিলে হতেছি মগন ।  
অজ্ঞানান্ধকারে লোক সংখ্যাভীত, বুঝিতে না পারে নিজ নিজ হিত,  
মন্দ-দেশাচারে আবদ্ধ হইয়া, করিতেছে কত অকার্য গহিত ।  
অকালে মরিছে লোক অগণন, কত পল্লীগ্রাম শূন্যপ্রায় এবে,  
এভাবেতে যদি চলে কিছুকাল, বাঙ্গালীর জাতি নির্মূল হইবে ।  
স্বজলা স্ফূর্ণা সেই বঙ্গভূমি, তার হেন দশা কি হেতু হয়,  
সকলে মিলিয়া নির্ণয় করিয়া, প্রতিবিধানিতে উচিত কি নয় ?  
কার্য অতি বড় সামর্থ্য মোদের কম বটে সত্য, তার তুলনায়,  
প্রাণে বাঁধা হ’লে, সকলে মিলিলে, ক্ষমতা আসিয়া জুটিবে নিশ্চয় ।  
তৃণ অতি ক্ষীণ, কিন্তু গুচ্ছে তার, বন্ধ হ’য়ে থাকে মদমত্তকরী,  
প্রাণের বাঁধায়, সমুদ্রে বন্ধনে, সাহায্য করেছে কাঠের বিড়ালী ।  
নিজ নিজ স্বার্থ জড়িত একায়ে, সমষ্টি মঙ্গলে ব্যষ্টির মঙ্গল,  
বিশ্বজননীর পদে প্রণমিয়া, লাগিলে কামনা হইবে সফল ।

সরকার মহাশয়কে উপস্থিত কর্তব্য সম্বন্ধে কিছু বলিতে অনুরোধ করিয়া কহিলেন—

“চিকিৎসক সমাজের শীর্ষস্থানী যিনি অধিকার করিয়াছেন সৌভাগ্যক্রমে আমরা তাঁহাকে আজ সভায় পাইয়াছি । আমরা অনুরোধ করি তিনি হিতসাধন মণ্ডলীর কার্য সম্বন্ধে কিছু বলুন ।”

ডাক্তার শ্রীযুক্ত নীলরতন সরকার মহাশয় দেশের বর্তমান অবস্থা ও তাহার প্রতিকার সম্বন্ধে যে স্থূললিত বক্তৃতা করেন তাহার সার মর্ম এই,—

“এই মণ্ডলীর উদ্দেশ্য মহৎ । ইহার উদ্দেশ্য সিদ্ধির নিমিত্ত সকলের সমবেত চেষ্টা একান্ত আবশ্যিক ।



জনিয়া বলিলাম—আপনি কি জানেন না যে রোগীর ঘরের খাবার খাইলে অপরেরও সেই রোগ হইতে পারে। বৃদ্ধা উত্তর করিলেন তা ত বাবা জানি না। বৃদ্ধা কথাপ্রসঙ্গে বলিলেন যে, সন্ধ্যার সময় রোগীর মলদূষ কাপড় বিছানাদি গোপনে নিকটবর্তী পুকুরে কাচিয়া আনা হইয়াছে কেহ দেখে নাই! জনিয়া স্তম্ভিত হইলাম। ভাবিলাম তিনি যদি জানিতেন তাঁহার এই কার্য্য কত শত নিরপরাধ ব্যক্তির মৃত্যুর কারণ হইয়াছে, তাহা হইলে তিনি একাধিক কি কখনও করিতে পারিতেন? এইরূপ অজ্ঞানতা কতশত নরহত্যার কারণস্বরূপ হইতেছে তাহা কি আমরা এক বারও ভাবিয়া দেখি? খড়গাম্বাতে লোক হত্যা করাই কি হত্যা? তাহাতে কয়জন মরে? কিন্তু যাহা নিবার্য্য, তাহার নিবারণ করলে উদানীন থাকিয়া অজ্ঞান বশতঃ তাহার সংক্রমণের সহায়তা করিয়া আমরা কতশত নরহত্যার পাতকে পতিত হইতেছি। শিক্ষা প্রচারের আবশ্যিকতা খুব বেশী, দেশের লোকে এখন ইহা উপলব্ধি করিয়া প্রকৃতভাবে তাহার বিস্তারের জন্ম সচেতন হইতেছেন ইহা যার পর নাই সুখের কথা। এক্ষণে গ্রামবাসিগণ সকলে নিজ নিজ মতামত ও সামান্য স্বার্থ ত্যাগ করিয়া এই সর্বজন গৃহীত কার্য্য নির্বাহক কমিটির সহিত এক হইয়া কার্য্যে প্রবৃত্ত হইলেই এই যোগ সার্থক হইবে।

সভাপতি মহাশয় তাঁহার স্বাভাবিক প্রাঞ্জল ও জলন্ত ভাষায় দরিদ্রের সেবাই যে ভগবানের সেবা তাহা বিশদরূপে বুঝাইয়া দিলেন। পরে সারগর্ভ কথায়

গ্রামোন্নতির আদর্শ সম্বন্ধে দুচারিটা কথা বলিয়া বিশেষ ভাবে উদ্বোধিত করেন। প্রত্যেক গ্রাম যদি যত্নসহকারে নিজগৃহ পরিষ্কার ও পরিচ্ছন্ন ও এই শাখা সমিতি স্বাস্থ্যনীতির মোটা কথাগুলি গ্রামবাসীদের বুঝাইয়া দেন—তবে ফল পাওয়া যাইবে।

পরিশেষে পণ্ডিত শ্রীযুক্ত কালীকৃষ্ণ মহাশয় সভাপতি ও সমাগত ভদ্রমণ্ডলীকে সাধুবা কহিলেন সংস্কৃতে “সাধু” শব্দের অর্থ হয় এই যে সাধন করে। এই সাধু দিগের সম্বন্ধে একটা আছে —

রাজপুত্র বরং জীব মাজীব মুনিপুত্রক

জীব বা মর বা সাধো ব্যাধ

রাজার ছেলে তুমি বেঁচে থাক কারণ বা তোমার সুখ ও মরিলেই যজ্ঞনা। মুনির ছেলে তুমি না কারণ বেঁচে থাকিলেই তোমার কষ্ট মলেই সুখ। আর হে সাধু তুমি বাঁচিতেও পার আশ্রয় পাই পার। কারণ যতদিন বেঁচে আছ ততদিন সাধনে তোমার নির্মল আনন্দ আর মরে গেলে অক্ষয় স্বর্গ। হে ব্যাধ তোমার বেঁচেও কাজ মরেও কাজ নাই। কারণ তোমার ইহকাল পরকালও নাই।

আজ এই সাধু সম্মুখে আমাদের পল্লী পবিত্র সর্বশেষে কবীন্দ্র রবীন্দ্রনাথের “আগেচল আজ এই সঙ্গীতটি গীত হইলে সভা ভঙ্গ হইল।

—:—

## বেডেলা।

ডাক্তার শ্রীসত্যদাস হাজরা লিখিত—

বঙ্গদেশের প্রায় সকল স্থানেই ইহা প্রভূত পরিমাণে আছে। আয়ুর্বেদে ইহার নিম্নলিখিত গুণাদির বিষয় নিম্নলিখিত আছে।

“বলা চতুর্ভুজং শীতং মধুরং বলকান্তিকুৎ।  
স্নিগ্ধং গ্রাহি-সমীরাশ্র পিত্তাশ্র ক্তনাশনম্ ॥

বলা, মহাবলা, অতিবলা ও নাগবলা এই চতুর্বিধ বলাই শীতবীর্ষ্য, মধুর রস, বলবর্দ্ধক, কান্তিকারক, নিম্বকারক এবং রক্তপিত্ত, রক্তদোষ ও ক্তনাশক।

লব্যাভিধানে খেত বেডেলার বিশেষ গুণের বিষয় লিখিত আছে। খাকিলেও পরীক্ষায় খেত বেডেলারই রক্তদোষ ও ক্তনাশক শক্তির সমধিক পরিচয় পাওয়া যায়। উপদংশ রোগে ইহার আরোগ্যকারিতা শক্তি প্রকৃতিই বিশ্বয়জনক এবং ইহার ব্যবহার প্রণালীতেও কিছু বিশেষত্ব আছে।

খেত বেডেলার মূল অর্দ্ধ তোলা পরিমাণে নূতন কলিকায় সাজিয়া (তামাক খাওয়ার ঠায়) সপ্তাহ বা ততোধিক কাল দিবসে তিনবার করিয়া ধূমপান করিলে Primary Syphilis বা তরুণ উপদংশ সম্বন্ধে নির্দোষ আরাম হয়।

কেহ ইচ্ছা করিলে মূল খেঁতো করিয়া Cigarette এর ঠায়ও (Grimaults Asthma Cigarette যেরূপ ভাবে প্রস্তুত হইয়া ব্যবহৃত হইতেছে) ব্যবহার করিতে পারেন।

খেত বেডেলার মূলের ধূমপান করিলে আর বাহ্যিক গুণের জন্ম দ্বিতীয় কোন ঔষধের আবশ্যক করে না। Primary Syphilisএ খেতবেডেলা মূলের ধূমপান কালীন দুগ্ধ, স্তন্য, লঘু মৎস্য প্রভৃতি পুষ্টিকর ও বলকারক খাদ্য ভক্ষণ করা উচিত।

উপদংশে গীত বেডেলার আরোগ্যকারিতা শক্তি সম্বন্ধে উপলব্ধি হয় না; সুতরাং ব্যবহারার্থে খেতবেডেলাই প্রশস্ত। ইহার ধূমপান করিলে তরুণ উপদংশে উন্নত Bubo উদ্ভবও তিরোহিত হইতে দেখা যায়।

দূষিত সহবাসের পর পীড়াগ্রস্ত হইবার সম্ভাবনা বোধ হইলে একবার মাত্র খেত বেডেলা মূলের ধূমপান করিলে উক্ত পীড়াগ্রস্ত হইবার সম্ভাবনা অল্পই থাকে। Secondary or Tertiary সিফিলিসে সার্শা আইও-ডাইট প্রভৃতি অগ্রান্ত ঔষধের সহিত ইহার ডিককুসান বা কাথ সেবিত হইলে অতি সুন্দর ফল পাওয়া যায়।

যে কোন ক্ষতে ইহার পত্র সিদ্ধ জল খৌতরূপে ব্যবহৃত হইতে পারে।

আয়ুর্বেদে ইহার অগ্রান্ত গুণের বিষয় যাহা লিখিত আছে, নিম্নে তাহাও লিপিবদ্ধ করিলাম।

“বলা-মূল ত্বচ্ছূর্ণং পীতং সক্ষীর শর্করম্।  
মূত্রাতিসারং হরতি দৃষ্টমেতন্ন সংশয়ঃ ॥  
হরেন্নহাবলা কৃচ্ছ্রং ভবেদ্বাতানুলোমনী।  
হন্যাদতিবলা মেহং পয়সা সিতয়া সমম্ ॥

অর্থাৎ বলা মূলের ছাল চূর্ণ, দুগ্ধ ও চিনির সহিত পান করিলে মূত্রকৃচ্ছ্র প্রশমিত এবং বিপথগামী বায়ুও স্বপথগামী হয়। অতিবলা চূর্ণ, দুগ্ধ ও চিনির সহিত সেবন করিলে প্রমেহ নিবারিত হয়।

এই স্বল্প আয়াসলভ্য দ্রব্যের গুণাগুণ সকলেই পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

## প্রেরিত পত্র ।

( ১ )

প্রশ্ন—

কিছুদিন হইল কোন একটা পুস্তকে দেখিয়াছিলাম যে, হাতে তৈয়ারী ফিলটারের কয়লা ও বালুকাগুলি ২৩ দিন অন্তর ধোত করিয়া রৌদ্রে শুধাইতে দিতে হয়, ঐরূপ করিলে জলের যে বীজাণু উহাতে লাগিয়া থাকে, তাহা রৌদ্রে তাপে নষ্ট হইয়া যায়। কিন্তু "দাসী" নামক পুরাতন মাসিক পত্রিকায় দেখিলাম, ফিলটারের কয়লা ও বালুকার উপর অনবরত জল পরিষ্কার হওয়ার দরুন যে স্তর পড়ে কেবল মাত্র উহাই জলের বীজাণুরোধক। এই স্তর ভাঙিলে জল বীজাণু হইতে সম্পূর্ণ মুক্ত হয় না। এখন জিজ্ঞাস্য এই যে কোন উপায়টি অধিকতর বিশ্বস্ত ও বীজাণুরোধক ?

শ্রীফণীন্দ্র নাথ ঘোষ,  
হাওড়া ।

উত্তর—

বালুকা ও কয়লা দ্বারা যে ফিলটার গৃহস্থ তৈয়ারি করিয়া ব্যবহার করেন তাহার বালুকা বা কয়লা জীবাণু রোধক নহে। প্রকৃত পক্ষে যে স্তর এই ফিলটারের উপরে ক্রমশঃ পড়ে তাহাই জীবাণু রোধ করে। তবে কয়লা জলের গন্ধ নষ্ট করে এবং বালুকা জলকে স্বচ্ছ ও পরিষ্কার করে। কিছুকাল ব্যবহারে কয়লার ও বালুকার গুণ হ্রাস হইয়া যায়। এই জন্ত পুনরায় বালুকা ও কয়লাকে রৌদ্রে তাপে উত্তপ্ত করিয়া কার্যকারী করা হইয়া থাকে।

কয়লা ও বালুকার ফিলটার হইতে প্রথমে যে জল বহির্গত হয় তাহা জীবাণু শূন্য নহে। সেই জন্ত প্রথমকার জল ব্যবহার না করিয়া পরে স্তর পড়িলে তাহার মধ্য দিয়া যে জল পরিষ্কৃত হয় তাহাই ব্যবহার করা উচিত।

( ২ )

প্রশ্ন—

১। পাকস্থলীর স্বাভাবিক অবস্থায় ইংরাজী মাপে প্রায় ৫৬ আউন্স খাদ্য ধরে, তাহার উপর আমিষ বা নিরামিষ আহাৰ্য্য ব্যবস্থা Dilatation of the Stomach বা পাকস্থলীর পরিমিত হইবে। প্রসার জনিত অস্বীর্ণ রোগে প্রতিবারে cooked বা পাক করা খাদ্য কত পরিমাণে ব্যবহেয় ? বাস্তবিক হইতে হয়। সাধারণ খাদ্য Dilatation বর্ধনের অনুকূল নহে। ২। Dilatation of the stomach রোগে রোগীর অস্বাভাবিক কৃশতা দূর করিবার জন্ত আমিষ বা নিরামিষ কোন জাতীয় খাদ্য সাধারণতঃ দিলে, যথাসম্ভব ফল হইবার সম্ভাবনা। অধিকতর উপযোগী ?

৩। উক্ত রোগে পাকস্থলী বহানু

নিয়গামী হইলে Abdominal belt বা Supporter with pad ব্যবহারের ব্যবস্থা দৃষ্ট হয়। উহা কি প্রকারে প্রস্তুত করা যায় ? তৈয়ারী না পাওয়া গেলে উহার Principle এ তৈয়ারী করাইতে হয় ?

৪। Chronic gastric catarrh সংযুক্ত Gastric Dilatation রোগে রোগীর অস্বাভাবিক কৃশতা ও কৃশতা উপস্থিত হইলে কিরূপ পথ্য প্রণালীর সাহায্যে তাহা নিবারিত হইতে পারে ?

শ্রীনগেন্দ্র নাথ রায়।

সাতপাই, পোঃ নেত্রকোণা, জিঃ ময়মনসিংহ।

উত্তর—

১। পাকস্থলী একটা রবারের খলির গায় আবদ্ধ মত আকৃষ্টন ও প্রসারণ হইয়া স্বাভাবিক অবস্থায় যে কতটুকু পরিমাণ খাদ্য ধরিতে পারে তাহার কিছু নির্ণয় নাই। খাইলেই পেটে কষ্ট অনুভব হয়। সেইজন্য খাইলে কোনরূপ কষ্ট বা ভারবোধ হয় না। পাকস্থলীর আয়তন ঠিক করিতে হইবে। খাইলে বেশ সহজে পরিপাক পায় ও কোন

তাহাই Dilatation of stomach রোগের কারণের পরিমাণ জানিতে হইবে।

বালুকার সাধারণ খাদ্য আয়তনে কিছু অধিক পরিমাণে ধরে। এজন্য বোধ হয় পাকস্থলীর আয়তনের বৃদ্ধির সহায়তা করিতে পারে।

২। পাকস্থলী হইতে নিঃসৃত পাচক রসের গুণাগুণের উপর আমিষ বা নিরামিষ আহাৰ্য্য ব্যবস্থা

৩। Abdominal Belt মাপ মত তৈয়ারী

৪। রোগীর অস্বাভাবিক কৃশতা দূর করিবার জন্ত

৫। মধুতে কোন ফল রাখিলে এক বৎসর

৬। জ্বালাপোড়া হইলে

৭।

৮।

৯।

১০।

১১।

১২।

ভেদক। কফ, আম, কামলা, শোধ, তমক খাগ ও দেহস্থ কীট নাশকারী।

দ্রোণ পুষ্পের সর্পবিষ নষ্টকারী ক্ষমতার কথা আয়ুর্বেদে উল্লিখিত নাই।

( ৪ )

প্রশ্ন—

আহারান্তে সোডা সেবনে পরিপাক ক্রিয়া সহজে সাধিত হইয়া থাকে। এই সহায়তা কি প্রকারে সাধিত হইয়া থাকে ? সোডা দ্বারা দৈনিক কোন যন্ত্রের উত্তেজনা বশতঃ পাচক রস অপেক্ষাকৃত অধিক নির্গত হইয়া পরিপাকের সাহায্য হইয়া থাকে কিম্বা সোডা দ্বারা খাদ্য জারিত হইয়া অপেক্ষাকৃত লঘুপাক হইয়া থাকে বলিয়া পরিপাকের সুবিধা হয় ? সাধারণতঃ দেখা যায় চূণ ও ক্ষারে সকল বস্তুই জারিত হইয়া যায়। বোধ হয় এই জন্তই আহারান্তে সোডা সেবনে পরিপাক ক্রিয়া অনায়াসে সম্পন্ন হইয়া থাকে। যদি ইহা সত্য হয় তবে অধিক কাল সোডা ব্যবহারে পরিপাক যন্ত্র নিশ্চেষ্ট ও দুর্বল হইবার আশঙ্কা নাই। আমার এই ধারণা সত্য কি না ইহাই জিজ্ঞাস্য।

শ্রীউমাচরণ বহু শিক্ষক।  
খুলনা।

উত্তর—

পরিপাক ক্রিয়া মুখনিঃসৃত লালা দ্বারাই আরম্ভ হয়। এই লালা ক্ষারগুণ যুক্ত। খাদ্য দ্রব্যাদি লালার সহিত মিশ্রিত হইয়া ক্ষার গুণ যুক্ত হইয়া পাকস্থলীতে প্রায় অর্ধ ঘণ্টা যাবৎ পরিপাক প্রাপ্ত হয়। পরে পাকস্থলী নিঃসৃত অল্পগুণযুক্ত পাচক রস নিঃসৃত হইয়া ক্ষারকে নষ্ট করে ও খাদ্য দ্রব্যাদিকে পরিপাক করিতে আরম্ভ করে। ক্ষার ভাগ কম হইলে অল্পরসও কম নিঃসৃত হইয়া থাকে। এইজন্য আহারের অব্যবহিত পরে সোডা, ম্যাগনিসিয়া বা অল্প কোন ক্ষারগুণ বিশিষ্ট পদার্থ সেবন করিলে অধিক পরিমাণে অল্পরস নিঃসৃত



হয় এবং পরিপাক ক্রিয়ার সহায়তা করে। চূর্ণ ও ক্ষার দিয়া জারিত হওয়ার সহিত এই পরিপাক ক্রিয়ার কোন সাদৃশ্য নাই। মুখরস নিঃসৃত করার দ্বারা যে অল্পরস পাকস্থলী হইতে নির্গত হয় তাহাই স্বাভাবিক। তবে সোডা বা ক্ষার প্রয়োগে আহারের পর পরিপাকের যে সাহায্য হইতে পারে তাহা নিত্য অভ্যাস করা উচিত নহে। কারণ তাহা হইলে শরীরের যন্ত্রাদি ক্রিয়াহীনতা জন্ম ক্রমশঃ নিশ্চেষ্ট হইয়া যাইতে পারে।

(৫)

প্রশ্ন—

১। শুনিতে পাই পচা পুকুরের জলে বরফ তৈয়ারী করে; ইহা কতদূর সত্য? তৃষ্ণা নিবারণ জন্ম বরফ খাইতে অনেকে নিষেধ করেন। এই নিষেধ কতদূর যুক্তি সম্বলিত জানিতে ইচ্ছা করি।

২। গ্রীষ্মের সময় তৃষ্ণা নিবারণের সর্বোত্তম স্বাস্থ্যকর উপায় কি? কি কি উপায়ে বরফ গৃহে ২৪ ঘণ্টা অদ্রব অবস্থায় রাখা যাইতে পারে?

৩। কি উপায় অবলম্বন করিলে চক্ষু খারাপ হয় না? এবং চক্ষে চালিশা ধরিলে, কি উপায়ে তাহা ভাল করা যায়।

শ্রীজগদীশ চন্দ্র বসু  
শ্রীরামপুর।

উত্তর—

১। কলিকাতায় এবং অত্রান্ত সহরে যেখানে কলের জল আছে সেখানে তাহা হইতেই বরফ প্রস্তুত হয়। বরফ খাইয়া তৃষ্ণা কদাপি নিবারিত হয় না বরং জাহা বৃদ্ধি পাইয়া থাকে।

২। জীবদ্ উষ্ণ গরম জল পানই তৃষ্ণা নিবারণের উৎকৃষ্ট উপায়।

Ice chest—নামক বাস্কের মধ্যে রাখিলে বরফ অনেকক্ষণ ঠিক থাকে।

৩। চক্ষু খারাপ অর্থে আপনি কি মনে করিয়া লিখিবেন। “চক্ষু খারাপ” কাহার উপকারী কেন? বিস্তৃত। চক্ষে চালিশা ধরিলে চক্ষু ব্যাবহারে লেখা পড়া ইত্যাদি করা যায়।

(৬)

প্রশ্ন—

১। প্রায়ই দেখা যায় গর্ভবতী জীমোনে জাত শিশুকে শুন পান করাইয়া থাকেন; অনিষ্টের কোন আশঙ্কা আছে কি?

২। অনেকের পায়ের তলায় ছোট ছোট হইয়া যায় ইহার কারণ কি? উহা স্বাস্থ্যে অনিষ্ট করে কি না, ইহার সাধারণ ঔষধ বা উপায় কি?

উত্তর—

১। গর্ভ সঞ্চারণ হইলে কোলের শিশুর বন্ধ করা আবশ্যিক। প্রায় শিশুর শুন পান অতীত হইলে গর্ভ হইয়া থাকে। তবে যখন ভূমিষ্ঠ হইবার ২৪ মাসের মধ্যে পুনরায় তখন ইহাতে শিশুর ও প্রসূতি দুইয়েরই স্বাস্থ্যে হইয়া থাকে।

২। পায়ের তলায় চর্ম ক্ষয় পাইয়া সেখানে হইয়া থাকে। খালি পায়ের অধিক চলাফেরা সিন্ধু স্থানে থাকিলে এইরূপ হইয়া থাকে। ব্যবহারে ইহার প্রতিকার হইয়া থাকে। এ কুষ্ঠ রোগেও পায়ের তলায় গর্ভ হইয়া থাকে। রোগে স্পর্শশক্তির লোপ হয়। ইহার প্রতিকার আবশ্যিক।

(৭)

প্রশ্ন—

১। নিরামিষ ভোজনের উপকারিতা কারিতা কি? আমিষ ভোজনেরই বা উপকারিতা কি? ও অপকারিতা কি?

২। অতিরিক্ত ব্যায়াম (over exercise) ব্যায়াম করিয়া যে কোন বিশেষ দ্রব্য আহার করিতে হইবে তাহার আবশ্যিক দেখি না। তবে শরীরের পুষ্টি সাধন জন্ম নিয়ম মত ও পরিমিত সহজ পাচ্য আহারই আবশ্যিক।

৩। কি প্রকার ব্যায়াম করিলে কজির (wrist) কজির ব্যক্তি বক্রিত হয়।

৪। ব্যায়াম করিয়া কোন পুষ্টিকর খাদ্য খাওয়া উচিত কি না এবং কি কি খাওয়া উচিত।

শ্রীস্বধীর চন্দ্র গুহ,  
মৈমনসিংহ।

উত্তর—

১। আহাৰ্য্য দ্রব্য সকল আমিষ, শালি, স্নেহ ও জলে বিভক্ত। সর্বপ্রকার খাদ্য দ্রব্যের মধ্যে ইহাদের সমষ্টি দেখা যায়। তবে যে খাদ্য দ্রব্যের অধিক দেখা যায় তাহাকেই সেই নামে অভিহিত করা হয়। সকল দ্রব্য গুলিই শরীর রক্ষার জন্ম আবশ্যিক। সাধারণতঃ নিরামিষ আহাৰ্য্য বলিলে মাংস, মৎস্য বর্জিত আহাৰ্য্যই বুঝা যায়। কিন্তু ডাইল, আটা, চুগু ইত্যাদিতে আমিষ অংশ বর্তমান থাকে এবং যাহারা মৎস্য, মাংস না খান, তাহাদের এই আমিষ দ্বারা পুষ্টি সাধন হইয়া থাকে। মৎস্য মাংস না খাইলে শরীরের কোনই ক্ষতি হয় না। তবে যাহাদের অভ্যাস আছে তাহাদের কিছু দিন অসুবিধা হইয়া থাকে। অধিক পরিমাণে মৎস্য মাংস খাইলে শরীরে নানাপ্রকার রোগ প্রবণ হয় এবং মূত্রগ্রন্থির পীড়া, বাত ইত্যাদি রোগ হইতে দেখা যায়।

২। অতিরিক্ত ব্যায়াম দ্বারা হৃৎপিণ্ডের অতিরিক্ত পরিশ্রম হয় এবং পরে ইহাতে রোগ হইতে পারে। অতিরিক্ত সকলই খারাপ। “সর্বং অত্যন্ত গহিতম্”।

৩। লাঠি ঘুরাইলে, Boxing করিলে এবং মুদগর, Sandow's Grip Dumbell বা Terry's Grip ইত্যাদির সাহায্যে কজির বিশেষ ব্যায়ামে কজির শক্তি বৃদ্ধি পাইয়া থাকে।

৪। ব্যায়াম করিয়া যে কোন বিশেষ দ্রব্য আহাৰ্য্য করিতে হইবে তাহার আবশ্যিক দেখি না। তবে শরীরের পুষ্টি সাধন জন্ম নিয়ম মত ও পরিমিত সহজ পাচ্য আহাৰ্য্যই আবশ্যিক।

(৮)

প্রশ্ন—

১। গ্রীষ্মকালে আহাৰ্য্যে মুহূর্ষু জল পিপাসা হয়। ক্রমাগত জল পান করিয়াও পিপাসার শান্তি হয় না আবার কঠ ও জিব্ ভকাইয়া আসে। ইহার প্রতিবিধান কি? দিবা ভাগে প্রবল রৌদ্রের সময়ই এরূপ হয় রাজে নয়।

২। প্রবল গ্রীষ্মের সময় সায়াহে প্রত্যহ শীতল জলে মস্তক ধোত করিয়া, শীতল জলে গাম্ছা ভিজাইয়া গা মুছিয়া ফেলিতে পারা যায় কি না?

৩। আজকাল স্মিষ্ট পক্ক আত্র যথেষ্ট খাওয়া যায় কি না? অতিরিক্ত আত্রাহারে মলের তরলতা সম্পাদন করে তাহা দূষণীয় কি না? উক্তরূপ তরলতা সম্পাদন না হওয়ার প্রতিবিধান কি?

৪। আহাৰ্য্যে ডাবের জল বরফ সহ খাইলে পরিপাক কার্যের সহায়তা সম্পাদন করে কি না। উক্ত জল আহাৰ্য্যের ২ ঘণ্টা পরে পান করিলে কেমন হয়?

আর দান,  
শান্তি নিকেতন, ঢাকা।

উত্তর—

১। গ্রীষ্মকালে যে মুহূর্ষু জল পিপাসা পায় তাহার জন্ম জল পানই আবশ্যিক। কারণ তখন শরীরে জলের আবশ্যিক হইয়া থাকে। জীবদ্ উষ্ণ জল পানে পিপাসার নিবৃত্তি হইয়া থাকে।

২। এই প্রক্রিয়া দ্বারা শরীরের বেশ শান্তি বোধ হয় এবং ইহা বড় আরাম দায়ক। স্নেহ লোকের ইহার দ্বারা কোন ক্ষতি সম্ভবে না।

৩। সুপক ও সুমিষ্ট আত্র অধিক আহায়েই মলের তরলতা হইয়া থাকে। তবে সম্ভবত খাইলে মূল তরল হয় না। বাহাদের আত্রফল সহ হয় না এবং খাইলেই তরল দান্ত হয় তাহাদের আত্র না খাওয়াই ব্যবস্থা।

৪। আহায়ে বরফ জল খাইলেই পরিপাকের ব্যাঘাত করে। কারণ বরফ জল পাকস্থলী মধ্যে শৈত্য উৎপাদন করে এবং পাচক রস নিঃসরণ ও পাকস্থলীর ক্রিয়া ইত্যাদির ব্যাঘাত জন্মায়। ডাবের জল আহায়ে পর বা কিছু পরে খাইলে বেশ ফল পাওয়া যায়।

( ১ )

## প্রশ্ন—

১। ম্যালেরিয়া পুনঃ পুনঃ ভুগিয়া শরীরের রং বিবর্ণ হইয়া গেলে কি করা কর্তব্য? কাগ্টি লেবু ম্যালেরিয়ার পক্ষে কিরূপ উপকারী।

২। ঔষধ ব্যবহার করিলে সারিয়া গিয়া পুনরায় হয় কেন? এবং তাহার প্রতিকার কি?

৩। স্বপ্নদোষ হয় কেন এবং তাহার চিকিৎসা কি?

শ্রীউমাকান্ত মোদক,

দ্বিতীয় শিক্ষক, নারান্দিয়া স্কুল, টাঙ্গাইল।

## উত্তর—

১। ম্যালেরিয়া রোগবীজাণু রক্তের লাল কণিকা গুলিকে নষ্ট করে এই জন্য অধিক দিন যাবৎ পুনঃ পুনঃ ম্যালেরিয়া জরে ভুগিলে শরীর বিবর্ণ হয়। লৌহ, আয়সেনিক ও কুইনাইন ঘটিত ঔষধ ব্যবহারে এই বিবর্ণ অবস্থার প্রতিকার হইয়া থাকে।

কাগ্টি লেবু ব্যবহারে কেবল মাত্র পরিপাক ক্রিয়ার সহায়তা করিতে পারে। কিন্তু ইহার দ্বারা ম্যালেরিয়া বিষ নষ্ট হয় না।

২। কুইনাইনই ম্যালেরিয়ার এক মাত্র ইহা নিয়ম মত ও যথেষ্ট পরিমাণে ব্যবহার করিলে রোগ পুনরায় হয় না। অল্প পরিমাণে ব্যবহার পুনরাক্রমণের কারণ।

৩। ২য় বর্ষের স্বাস্থ্য সমাচারের ৫৬৫ পৃষ্ঠা

( ১০ )

গৃহস্থ ভ্রম্ম মহোদয়গণের নিমিত্ত নিম্নে আ একটা স্বীয় অভিজ্ঞতার কল প্রকাশ করিতে আশা করি ইহার অল্পসরণ করিয়া তাহার উপকার হইবেন।

আমি এতদিন এই ঢাকা অঞ্চলে বহুলোকা পুরাতন সহরে ছিলাম। ১৫ বৎসর কাল তথায়

করার পর পরিবারস্থ প্রতি ব্যক্তি বছবার না কতক উৎপীড়িত হওয়ার দরুণ বিগত পাঁচ বৎসর হারং ঢাকার নতুন সহরের সন্নিকটস্থ ও সংলগ্ন এক স্থানে প্রায় দুই বিঘা জমীর উপর নির্মাণ বাটী নির্মাণ করতঃ তথায় বাস করিতেছি।

জমীর মধ্যস্থলে আমার প্রাসাদ এবং চতুর্দিক খোলা ভূমি। উক্ত খোলা ভূমিতে ভিন্ন ভিন্ন নানা প্রকার সুন্দর ফুল ও শাক সব্জির বাগান বন্দোবস্ত করিয়াছি। আমরা সকলে সহস্বে প্রস্তুত করি, সার প্রদান করি, গাছ রোপন করি জল সেচন করি।

আমার তিন ছেলে আমি এবং আমার প্রত্যেকের জন্য স্থান নির্দিষ্ট আছে। বাহার উৎকৃষ্ট ফল বা শাক সব্জি জন্মিলে সে প্রত্যেকের যথাযোগ্য পুরস্কার পাইবে। প্রত্যেককে দেওয়ার ভার আমার উপর। বলাবাহুল্য প্রণালীতে কার্য করাতে প্রত্যেকেই স্বীয় স্বীয় উন্নতি বিধানে মনোযোগী হইয়াছে। এই আমার কতটা ভগ্নী প্রভৃতিও সবিশেষ মনো হইয়াছে এবং আমার পরিবারস্থ প্রত্যেকে

উৎসাহ সহকারে তাহাদের নির্দিষ্ট ক্ষুদ্র বাগানের বিশেষ উন্নতি সাধন করিতেছে। সকলেরই সর্বোচ্চ পুরস্কার লাভের প্রয়াস। ইহার ফলে তাহাদের নির্দিষ্ট আমোদ, উৎকৃষ্ট শারীরিক পরিশ্রম, বিত্তীয় সুসেবন ও উদ্ভিদ বিজ্ঞান লাভ প্রভৃতি উপকার হইতেছে। ইহাতে সর্বোচ্চ পুরস্কার শারীরিক সুস্থতাও লাভ করিতেছে। বিগত ১৯১২ সন হইতে আমরা এ কার্যে ত্রুতী। আগামী ১লা আগষ্ট আমাদের বাগানের পঞ্চম বার্ষিক উৎসব হইবে। উৎসবে নানা প্রকার বিত্তীয় আমোদ প্রমোদ পান ভোজন ইত্যাদি হয়। পুরস্কার লব্ধ অর্থ সঞ্চয় করিয়া যিনি সর্বোচ্চ সংখ্যা দেখাইতে পারিবেন তিনি আবার তত সংখ্যক মুদ্রা প্রাপ্ত হইবেন। ইহা দ্বারা সঞ্চয় শিক্ষা

করিতে পারা যাবে। জনকোলাহল পূর্ণ সহর বন্ধে বাস কালীন স্থানীয় ষ্ঠালায়ে আমার মাসিক ঔষধের বিল অনূন ২০ টাকা ছিল। বর্তমান স্থানে নিজকৃত বাস ভবনে আমার পর হইতে ভগবৎ কৃপায় বার্ষিক বিল ১০ টাকা হয় কিনা সন্দেহহীন।

সকলেই উৎসাহী, কার্যক্ষম, প্রফুল্লচিত্ত, সুস্থ ও বল হইয়াছে এবং এক আনন্দময় পরিবার লাভ হইয়াছে।

আমার একান্ত অনুরোধ যে আমাদের স্বাস্থ্য সমাচারের গ্রাহকগণ এ নিয়মটি কার্যতঃ পরীক্ষা করিয়া দেখুন।

আর এক কথা এখানে উল্লেখ যোগ্য যে প্রভাতে নিজকৃত মনোহর উদ্যানে ভ্রমণ করিতে করিতে পূর্ণাঙ্গিত বিহগ কঠোর সূক্ষ্ম সঙ্গীত শ্রবণ করিলে মীথে সেই পরম করুণাময় বিশ্বশ্রষ্টার মহানু করুণা উপধে জাগ্রত হয় কি না এবং সে আনন্দ হিল্লোলে

নিজকৃত পরিশ্রম বার্ষিক জ্ঞান হয় কি না? গৃহের গৃহলক্ষী ও বালক বালিকাগণ নিজ উদ্যানভাগে পুষ্প সমূহ চয়ন করিয়া গৃহ সুসজ্জিত করিলে মনের তৃপ্তি সাধন ও তদ্রুপ স্বাস্থ্যোন্নতি হয় কি না?

গৃহলক্ষীগণ নিজ সর্বজিবাগানলব্ধ শাকসব্জি ও তরকারী আহরণ করিয়া রন্ধন করিলে তাহার সুমিষ্ট স্বাদে রসনা পুলকিত হয় কি না এবং তদ্রুপ স্বাস্থ্যোন্নতি বিধান হয় কি না। অপর পক্ষে ইহাতে যথেষ্ট ব্যয় লাঘব হয় কি না?

যে কার্যে শরীর মন ও আত্মার কল্যাণ এবং অপর পক্ষে আর্থিক লাভ আপনারা এমন কার্য একবার পরীক্ষা করিয়া দেখিবেন কি না?


আমার সর্বশেষ অনুরোধ একবার পরীক্ষা করিয়া দেখুন। বলা বাহুল্য যে সমগ্র বৎসর ব্যাপিয়া আমাকে শাকসব্জি ও তরকারী কিনিতে হয় না।

আর, দাস।

শান্তিনিকেতন, ঢাকা।

ম্যালেরিয়া দমনের জন্য বসন্তগৃহের চতুর্দিকে ২০০ হাত স্থান আগাছা শূন্য রাখা আবশ্যিক। এই বঙ্গদেশে বন জঙ্গল পরিষ্কার করিতে না করিতেই পুনরায় আগাছা তেজের সহিত বৃদ্ধি পায়। ইহার একমাত্র প্রতিকার—এই সকল জমিতে ফসল তৈয়ারি করা। শ্রীমুক্ত আর দাস মহাশয়ের ত্রায় যদি প্রত্যেক বাটার কর্তা এইরূপে নিজ পরিবারবর্গের মধ্যে সব্জি ও পুষ্পের বাগান করিবার বন্দোবস্ত করেন তাহা হইলে আর জঙ্গল হইবে না। ইহাতে পরিবারবর্গের স্বাস্থ্য ভাল থাকিবে এবং দেশ হইতে ম্যালেরিয়াও বিদূরিত হইবে। প্রত্যেক গৃহস্থ যেন এই প্রণালী অবলম্বন করেন ইহাই আমার নিবেদন।

( সম্পাদক )



## বিবিধ সংগ্রহ।

কেশ বৃদ্ধির তারতম্য :—নিরামিষাণী অপেক্ষা আমিষাণীগণের মস্তকে কেশের বৃদ্ধি কম, অনেক এই মত পোষণ করেন।

মস্তপায়ীর সন্তান :—প্যারিসের একজন বিখ্যাত চিকিৎসক পরীক্ষার দ্বারা ইহা স্থির সিদ্ধান্ত করিয়াছেন যে, মস্তপায়ীগণের সন্তান কখনও সম্পূর্ণ স্বাস্থ্যসম্পন্ন হইতে পারেন না।


বেলগেছিয়া মেডিক্যাল ইনিস্টিটিউশন :—ভারত গভর্ণমেন্ট এই বিদ্যালয় হইতে প্রিমিয়ারী সায়েন্সিফিক এম. বি, পরীক্ষার অমুগতি দিয়াছেন। বর্তমান বর্ষে ৪৮ জন ছাত্রকে ভর্তি করা হইবে, বিদ্যালয়ের কর্তৃপক্ষ এইরূপ বিজ্ঞাপন দিয়াছেন।

ব্যাধির প্রতিকার :—ইটালী রাজ্যের অন্তর্গত টিউনিস নগরের পাস্তর ইনিস্টিটিউটের ডাক্তার নিকোল টাইফাস নামক জ্বর-বিকারের নূতন চিকিৎসা প্রণালী আবিষ্কার করিয়াছেন। একপ্রকার বীজের দ্বারা তিনি চিকিৎসা করিয়া ১২ জনকে আরোগ্য করাইয়াছেন।

পুরীর স্বাস্থ্যোন্নতি :—গভর্ণমেন্ট পুরীধামের স্বাস্থ্যের উন্নতি সাধনে ইচ্ছা প্রকাশ করিয়াছেন। একাধিক যথেষ্ট অর্থের আবশ্যক। অর্থ সংগ্রহের জন্ত পুরী যাত্রীদের উপর কর বসান উচিত কি না গভর্ণমেন্ট সে সম্বন্ধে বিবেচনা করিতেছেন। যে সকল যাত্রী রেলপথে পুরীতে পৌঁছিবেন তাঁহাদের রেলভাড়া দুই চারি পয়সা হিসাবে বৃদ্ধি করিয়া উক্ত কর আদায়ের কথা হইতেছে।

একচড়ে বধির :—‘সন্মিলনী’ লিখিত চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানার এলাকাহিত খালা গ্রামে সাধুচরণ পতিকারের বাস। তাহার পুত্রটি অতীব ছুট। পুত্রবর একদিন বাড়া অস্তহিত হয়। দুই দিন পরে পিতা তাহার করিয়া কান ধরিয়া বাটা অনিতেছিল, এমন জনাঙ্গিন দাস গুপ্তের সহিত তাহাদের সাক্ষাৎ সাধুপুত্রের ঐদৃশ আচরণে তিনি একেবারে হইয়া বালকের গণ্ডে এক বিরাসিনীকা বসাইলেন। ফলে বালকটি তৎক্ষণাৎ শব্দ তাহার কর্ণ হইতে রক্ত পড়িতে লাগিল। বেচারী মত বধির হইয়া গিয়াছে।

ক্ষতে চিনি প্রয়োগ :—জার্মানির যুদ্ধে আহত সৈনিকগণের ক্ষতে চিনি প্রয়োগ ক্ষত ভাল করিতেন। ইহাতে আশ্চর্য্য করা গিয়াছে। প্রয়োগ প্রণালী অত্যন্ত সোজা। চিনির দ্বারা ক্ষত ড্রেস করিয়া বাঁধিয়া চিনি সংক্রামক রোগের প্রতিষেধক হইবে না এবং যতক্ষণ না রক্ত পড়া বন্ধ হয় পর্যন্ত ক্ষতে চিনি প্রয়োগ করা উচিত না। পরিস্কৃত ক্ষতের উপর চিনি প্রয়োগ করিলে শীঘ্র সারিয়া যায়। পুনরায় ড্রেস করিবার প্রয়োজন হইতে হয় না। দুই দিন কিম্বা তিন দিন প্রয়োগ করিলে যথেষ্ট হয়। যে ক্ষতে চিনি সংযোগ করিতে হয় না সেখানেও চিনি উপকার হয়। (সন্মিলনী)



“সরীসৃপাদ্যং খলু স্বাস্থ্যসাধনম্”

আষাঢ় ১৩২৩ সাল

তৃতীয় সংখ্যা

## ব্যাক্টেরিয়া।

(BACTERIA)

শ্রীজ্ঞানেন্দ্রনারায়ণ বাগুচি, এল, এম, এস, লিখিত—

(‘ভারতবর্ষ’ হইতে উদ্ধৃত)।

ব্যাক্টেরিয়া শব্দটি শুনিলে সাধারণের মনে কেমন কটা ভয়ের উদয় হইতে দেখা যায়। ইহাদের বিশ্বাস, ব্যাক্টেরিয়ামাত্রই আমাদের শুধু অপকারই করিয়া থাকে; আমাদের ভাল করিতে পারে—এমন ব্যাক্টেরিয়া বৃষ্টি একটিও নাই। বাস্তবিক ব্যাপার তাহা অধিকাংশ ব্যাক্টেরিয়া আমাদের পরম মিত্র। ব্যাক্টেরিয়ার তুলনায় শত্রু ব্যাক্টেরিয়ার সংখ্যা অত্যন্ত নগণ্য বলিলেই হয়। ব্যাক্টেরিয়া না থাকিলে পৃথিবী এক মুহূর্ত্তও বাসের উপযোগী হইত কি না, বিষয়ে ঘোর সন্দেহ রহিয়াছে। প্রতি মুহূর্ত্তেই কোটি কোটি জীবের প্রাণ বিয়োগ হইতেছে, ব্যাক্টেরিয়া তাহাদের পচাইয়া, অণু-পরমাণুতে পরিণত করিয়া ধূলার শরীর ধূলায় মিশাইয়া দিতেছে। ব্যাক্টেরিয়া যদি এ কাজটা না করিত তাহা হইলে, মৃত দেহ হইত হইয়া সমস্ত জগৎটাকে জুড়িয়া বসিত—আমাদের পা কেলিবার মত স্থানটুকুও থাকিত না।

সহরের জঞ্জাল, ময়লা আবর্জনা প্রভৃতি ম্যুনিসিপাল স্কাভেঞ্জার (Municipal Scavenger) যদি তফাৎ না করিত, সহরে বাস করা তাহা হইলে অসম্ভব হইত,—ব্যাক্টেরিয়া না থাকিলে এই বিপুল বিশ্বেরও কতকটা সেই রকম দশারই সম্ভাবনা হইত। মাটিকে উর্ধ্বর করা—সেও ব্যাক্টেরিয়ার কাষ—ব্যাক্টেরিয়া না হইলে জমিতে শস্য হওয়া এক রকম অসম্ভব হইয়া উঠিত। দুধকে দই করা, চিনি হইতে মদ করা এ সকলও ব্যাক্টেরিয়ারই কাষ। ভুক্ত অন্নকে পরিপাক করিবার জন্তও ব্যাক্টেরিয়ার সাহায্য আবশ্যক হয়। অতএব ব্যাক্টেরিয়া যে কেবল আমাদের অনিষ্টই করে, ইষ্ট করে না, সেটা কোন কথাই নয়। যদিচ কতকগুলি ব্যাক্টেরিয়া আমাদের বিশেষ অনিষ্ট করে বটে,—তথাপি পৃথিবী হইতে যদি সমস্ত ব্যাক্টেরিয়া দূর করা হয় তাহা হইলে আমাদের লাভের অপেক্ষা ক্ষতির অধিক হইবে ইহাতে আর কোন সন্দেহ নাই।

বর্তমান প্রবন্ধে আমাদের হিতকারী ব্যাক্টেরিয়া সম্বন্ধে কোন কথা না বলিয়া, এ স্থলে আমাদের শত্রু ব্যাক্টেরিয়া—যাহাদের কাষ আমাদের দেহে রোগ উৎপাদন ভিন্ন আর কিছুই নহে—তাহাদেরই সম্বন্ধে দু চারিটা কথার উল্লেখ করিব।

অনেকে মনে করেন, পোকা মাকড় কি ছারপোকা যেমন জীব, ব্যাক্টেরিয়া বুঝি সেই রকমই জীব। আসলে কিন্তু তাহা নহে। ব্যাক্টেরিয়া সর্বনিম্নশ্রেণীস্থ উদ্ভিদ ভিন্ন আর কিছুই নয়। ইহারা কতকগুলি কোষ (cell) মাত্র—এত ছোট যে, অলুবীক্ষণ না হইলে, দেখিতেই পাওয়া যায় না। ২৫,০০০টি ব্যাক্টেরিয়াকে পাশাপাশি সাজাইলে এক ইঞ্চি মাত্র স্থান অবরোধ করিতে দেখা যায়। ইহাদের আকার অনেকটা কমা, ড্রাস, প্রভৃতিদের মত।

ব্যাক্টেরিয়া আপনার দেহকে বিভক্ত করিয়া সাধারণতঃ বংশবিস্তার করিয়া থাকে। বিভক্ত হইবার পূর্বে ইহারা দৈর্ঘ্যে বাড়িতে থাকে এবং ইহাদের দেহের ঠিক মাঝখানটিতে একটা খাঁজ (depression) পড়ে এই খাঁজটা ক্রমশঃ গভীরতর হইয়া ব্যাক্টেরিয়ার দেহটাকে দুইখণ্ডে বিভক্ত করে; এবং এই খণ্ড অংশ দুইটা শেষে একএকটা স্বাধীন ব্যাক্টেরিয়া হইয়া দাঁড়ায়। কতকগুলি ব্যাক্টেরিয়া আবার ঠিক মাঝস্থলে বিভক্ত না হইয়া, অনিয়মিতভাবে কতকগুলি অংশে বিভক্ত হয় এবং এই বিভক্ত অংশগুলি শেষে কতকগুলি কোষে (cell) পরিণত হয়। কতকগুলি ব্যাক্টেরিয়া আবার তাহাদের দেহের মধ্যে কতকগুলি spores বা বীজাণু উৎপন্ন করে—এই বীজাণুগুলি তাহাদের মাতৃদেহ বিদীর্ণ করিয়া বাহির হইয়া পড়ে আর এক-একটা পৃথক ব্যাক্টেরিয়াতে পরিণত হয়। spores বা বীজাণুগুলি নষ্ট করা খুবই কষ্টসাধ্য ব্যাপার। রৌদ্রেও ইহাদের কিছুই করিতে পারে না। খুব বেণী উত্তাপ ও শৈত্য প্রয়োগেও ইহাদের অনেক সময় জীবিত থাকিতে দেখা যায়। সে সব ব্যাক্টেরিয়া spores উৎপন্ন করিয়া বংশ বিস্তার করে, তাহাদের বিনাশ

করা যত কঠিন, এমন অত্যাগ্র ব্যাক্টেরিয়ার ক্ষেত্রে তাহা সম্বোধে প্রায় সকল ব্যাক্টেরিয়াকেই বিনষ্ট হইতে পারে। কতকগুলি ব্যাক্টেরিয়া আছে যাহারা তাহাদের দেহে ২০ মিনিটের মধ্যেই আপনাদের দেহকে বিধ্বংস করিয়া শক্তিশালী Germicide (জীবাণুনাশক) বলা দুইটা পৃথক ব্যাক্টেরিয়াতে পরিণত হইতে পারে। তাহা হইলে একটা ব্যাক্টেরিয়া যদি ২৪ ঘণ্টা জীবিত থাকিতে পারে, তাহা হইলে, তাহা হইতে ১৬, ২১৬টি ব্যাক্টেরিয়া না জন্মাইতে পারে এমন একরূপ অসম্ভব যাহাদের বংশ-বিস্তৃতি, তাহারা যদি উদ্ভিগরণ করে তাহাতে যে রোগ জন্মাইবে, ইহাতে আশ্চর্যের বিষয় কি আছে?

ব্যাক্টেরিয়া আণুবীক্ষণিক সূক্ষ্ম পদার্থ। অণুবীক্ষণ না হইলে, ইহাদের কোন পরীক্ষাই হইতে পারে না। অণুবীক্ষণের সাহায্যে ইহাদের অনেক সময় চিহ্নিত করা যায় না। বিবিধ বর্ণের anilinedye (এনিলিন ডাই) দ্বারা রঞ্জিত করার আবশ্যক হয়। এই ইহাদের একটা ভারি বিশেষত্ব আছে। এক প্রকার বিশেষ বিশেষ রঙ দ্বারা রঞ্জিত করা অসম্ভব হইয়া পারা যায় না। এই বিশেষত্বটি ইহাদের আকার গঠন প্রভৃতি বুঝা অনেকটা সহজ হইয়াছে। প্রত্যেক প্রকার ব্যাক্টেরিয়াকে তাহাদের স্বতন্ত্র ভাবে কর্ণ ও চাষ করিলে ইহাদের জীবনেতিহাস, বিকাশ, ব্যাপ্তি প্রভৃতি বুঝিতে পারা যায়। উনবিংশ শতাব্দীতে যে সকল প্রধান বৈজ্ঞানিক তত্ত্ব আবিষ্কৃত হইয়াছে, ইহাও তাহাদের মধ্যে একটি। ইহার জন্ম আমরা প্রধানতঃ জার্মান বৈজ্ঞানিক Robert Koch (রবার্ট কচ্) এর নিকট বিশেষ করে ব্যাক্টেরিয়ার উৎপত্তির জন্ম কতকটা জল, তাহাদের পরিপোষক পদার্থের আবশ্যক। এগুলির সংযোগ হইলে ব্যাক্টেরিয়া বৃদ্ধি পাইতে পারে না। সুতরাং ব্যাক্টেরিয়ার উৎপত্তির পক্ষে অসম্ভব অবস্থা নয়। প্রয়োগেও ইহাদের বংশ বিস্তার বন্ধ হইতে দেখা যায়। শৈত্য প্রয়োগে সচল ব্যাক্টেরিয়াই যে মরিয়া যায়, তাহা নয়, কতকগুলি ব্যাক্টেরিয়ার জীবন এত কঠিন যে শৈত্য তাহাদের কিছুই করিতে পারে না।

নয়। ইহারা জ্বর আশ্রয় প্রদাহ (inflammation) পর্যন্ত করিয়াই ক্ষান্ত হয়। আর এক প্রকার toxin ভারী বিষ। ইহাদের মত বিষ আর নাই বলিলেই হয়। আফিডের বীৰ্য যে মর্কিয়া, আর কুঁচিলার বীৰ্য যে টিকিনিয়া, বিষ হিসাবে ইহাদের কাছে এক পঙ্ক্তিতে বসিবারই যোগ্য নহে।

ব্যাক্টেরিয়া হইতে উৎপন্ন বিষ দ্বারা শরীরের যে সকল লক্ষণ প্রকাশ পায়, তাহারই নামান্তর সংক্রামক ব্যাধি বা infectious disease তাহা হইলে সংক্রামক রোগকে এক প্রকার বিষ-ক্রিয়া ভিন্ন আর কি বলা যাইতে পারে? মাংস জাতীয় (nitrogenous) পদার্থের উপর ব্যাক্টেরিয়ার ক্রিয়া দ্বারা ptomains (টোমেন্স) নামক পদার্থসমূহের উদ্ভব হইতে পারে। টোমেন্স (ptomain) আত্রেই বিষ। কতকগুলি টোমেন্স ততরকর বিষ। মাংস পচিলে অনেক সময় ptomain (টোমেন্স) উৎপন্ন হইতে পারে এবং সেই মাংস খাইয়া অনেক সময় প্রাণবিয়োগ সম্ভব হয়। এই কারণে, পচা মাংস কি পচা মৎস্ত খাইতে পারি না; কেন না, উহাদের মধ্যে যে টোমেন্স উৎপন্ন হয় নাই, সে কথা কে বলিতে পারে? দুধের উপর বিশেষ এক রকম ব্যাক্টেরিয়ার ক্রিয়া দ্বারাও টোমেন্স উৎপন্ন হইতে পারে—ইহাও ভয়ঙ্কর বিষ। গ্রীষ্মকালে আইসক্রীম (ice-cream) খাইয়া মধ্যে মধ্যে বিষাক্ত হওয়ার সংবাদ শুনিতে পাওয়া যায়—তাহা এই টোমেন্সেরই কাষ। দুখটা সম্বন্ধে যথেষ্ট সতর্কতা অবলম্বন না করাতেই এইরূপ ঘটতে দেখা যায়। টোমেন্স বিষের লক্ষণ অনেকটা কলেরা বা সঁকো বিষেরই মত।

ব্যাক্টেরিয়ার আকৃতি অনুসারে মোটামুটি তিন শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। ১ম—bacillus (ব্যাসিলাস) ইহাদের আকার অনেকটা দস্তুর মত। ২য়—spirillum (স্পাইরিলাম) ইহারা ব্যাসিলাস অপেক্ষা দীর্ঘাকার—বাবুরীওয়াল চুলের মত পাক-বিশিষ্ট। ৩য়—coccus (কক্কাস); ইহারা গোলাকার—দেখিতে একটু বিন্দুর মত।

এই জন্ম চিকিৎসা শাস্ত্রে তাপকে একটা বিশেষ জাতীয় ব্যাক্টেরিয়া যে কোন একটা বিশেষ রোগের মূল কারণ, সেটা অজ্ঞানরূপে প্রতিপন্ন করিতে হইলে চারিটা বিষয় দেখা আবশ্যক। ১ম। ব্যাধিগ্রস্ত ব্যক্তির দেহ মধ্যে কিহা তাহার মল মূত্রাদিতে উক্ত বিশেষ ব্যাক্টেরিয়া পাওয়া যায় কি না? ২য়। যদি পাওয়া যায়, তাহাকে পৃথক করিয়া লইয়া, মাংসের ত্রখ, এগার-এগার (agar-agar) প্রভৃতির মধ্যে উহার চাষ ও কর্ণ সম্ভব কি না? ৩য়। এইরূপে উৎপন্ন ব্যাক্টেরিয়া কোন স্থানে ব্যক্তির দেহে প্রবেশ করাইলে, তাহার সেই রোগটি হইবে কি না? ৪র্থ।—যদি রোগ জন্মায়, তাহা হইলে উক্ত রোগ ব্যক্তির দেহে উক্ত ব্যাক্টেরিয়া দেখিতে পাওয়া যায় কি না? বীজাণুমূলক (bacterial) রোগ মাত্রই উক্ত চারিটি বিষয় ঘটিতে দেখা গিয়াছে। কোন বিশেষ রোগের সঙ্গে কোন বিশেষ ব্যাক্টেরিয়ার সম্বন্ধ প্রতিপন্ন হইলে, পরে দেখিতে হইবে ব্যাক্টেরিয়া কি উপায়ে রোগ উৎপন্ন করিয়া থাকে। ব্যাক্টেরিয়া ঠিক সাক্ষাৎভাবে যতটা না হউক পরোক্ষভাবে রোগ উৎপন্ন করিয়া থাকে। ইহারা এমন সব বিষ উৎপন্ন করে, যাহার দ্বারা রোগের লক্ষণ প্রকাশ হইয়া থাকে। রোগোৎপাদক ব্যাক্টেরিয়া যে বিষ উদ্ভিগরণ করে, তাহাকে টক্সিন (toxin) বলে। টক্সিন কে মোটামুটি দুই শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। এক শ্রেণীর toxin (বিষ) শুভ মারাত্মক

৬৮

সাধারণ যক্ষ্মার আক্রমণও, রোগীর ফুসফুস বা শ্বাসযন্ত্রে ক্রমবীজাণু সংক্রমণের ফলে। এই রোগে ক্রম ব্যক্তি দীর্ঘকাল ধরিয়া রোগ-যন্ত্রণা ভোগ করিয়া থাকে। কতিপয় দিনে এই রোগের ভোগ শেষ হইবার সম্ভাবনা, তাহার নির্দেশ অসম্ভব। এই রোগ বহুবৎসর স্থায়ী হইতে পারে, রোগ সংক্রমণের পর দীর্ঘকাল এই ব্যাধি রোগীর দেহে গুপ্তভাবে থাকিতে পারে, রোগ ধরা না পড়িলে বিনা চিকিৎসায়ও উহার উপশান্তি ঘটিতে পারে, দীর্ঘকাল উপশমের পর এই জ্বর ব্যাধি আবার নূতন করিয়া প্রবল হইতে এবং বৃদ্ধি পাইতে পারে। ফলতঃ যক্ষ্মারোগের স্থিতি ও গতি নির্ণয় করা অত্যন্ত কঠিন কার্য। রোগ অতি ধীরে ধীরে, অল্পে অল্পে বৃদ্ধি পাইতে থাকে, ধীরে ধীরে রোগীর জীবনী-শক্তি ক্ষয় পাইতে থাকে। রোগী যক্ষ্মার মুহূর্ত্ত আক্রমণে কোন ক্রেশ বোধ করে না,—জীবনের শেষ মুহূর্ত্ত পর্যন্ত রোগীর কাজ করিবার, আমোদ আহ্লাদ করিবার শক্তি থাকে। আবার কোন কোন ব্যক্তি এই কাল-ব্যাধি দ্বারা আক্রান্ত হইবার পর, রোগের অবস্থা ক্রমে ক্রমে এমন জটিল হইয়া দাঁড়ায়, যে কোন সময় উহা সাংঘাতিক ভাব ধারণ করিতে পারে। এই শ্রেণীর আক্রমণে শীঘ্র শীঘ্র রোগীর অবস্থা অত্যন্ত শোচনীয় হইয়া দাঁড়ায় এবং মহলা রোগীর মৃত্যুও ঘটে। এমনভাবে এই যক্ষ্মারোগের সূচনা হয় যে, প্রবীণ ও বিচক্রণ চিকিৎসকেও অনেক সময় প্রতারণিত এবং ভ্রান্ত হইয়া থাকেন। কোন কোন ব্যক্তির যক্ষ্মার সূচনায় কাসি থাকে না। কেবল সন্ধ্যার দিকে অল্প অল্প শীত বোধ হয়, তাহার পর জ্বরের মাত্রা ঈষৎ বৃদ্ধি পায়। এই শ্রেণীর যক্ষ্মাকে চিকিৎসকেরা প্রায়ই ম্যালেরিয়া জ্বর বলিয়া ভ্রম করেন, জ্বরের উপশান্তির জন্ত যথারীতি কুইনাইনের ব্যবস্থা করেন, কিন্তু ফল কিছুই হয় না। কখন কখন যক্ষ্মা রক্তাক্ততা বা উদরাময়ের আকারেও দেখা দেয়। প্রথমাবস্থায় এই ছদ্মবেশী রোগকে চিনা বড়ই কঠিন, সুতরাং কোন ব্যক্তি অজীর্ণ রোগের চিকিৎসা

করাইবার ক্ষমতা প্রবীণ ও চিকিৎসকের নিকট আসিলে তিনি যেন রোগীর খাসময় পরীক্ষা করিতে চিন্তিত না হন ।

**কাসি :**—যক্ষ্মারোগের একটি অতি বিশিষ্ট লক্ষণ, যক্ষ্মারোগে কাসি প্রবল হইবার প্রকৃষ্ট উপায় । ব্যক্তি ভেদে যক্ষ্মারোগে কাসির প্রকৃতিভেদ ঘটিয়া থাকে । রাজ্যিকালে বৃহৎ খাসনালী সমূহে কফ সঞ্চিত হওয়াতে সাধারণতঃ প্রাতঃকালে কাসি হইয়া যক্ষ্মা নির্গত হয় । কাসি মুহু মুহু হইতে পারে এবং প্রয়সবেগে বিষম কাসি হইয়া রোগীর বমন পর্য্যন্তও হইতে পারে । কাসির প্রবলতার সহিত রোগের ভয়ানকত্বের কোন সংশয় নাই । অনেক রোগীর ফুসফুস ক্ষয়বাপ্ত হইলেও তাহারা কাসি সাহায্যে কাসি, আবার অনেক রোগীর খাসময় ভয়ঃ ক্ষয়গ্রস্ত হইলেই তাহার প্রবল কাসিতে বিশেষ ক্রেশভোগ করে । রোগীর স্বরযন্ত্র (Larynx) বা কর্ভনালীর উর্দ্ধভাগ আক্রান্ত হইলে কাসির শব্দ অশ্রুত ও চাপা বোধ হয় । কোন কোন রোগী কিছু আহার করিলেই প্রবল কাসি হইতে থাকে, সময়ে সময়ে এই কাসির আধিকা হেতু বমন পর্য্যন্ত হয় । যক্ষ্মা বা ক্ষয়রোগের ক্রিয়া বশতঃ রোগীর ফুসফুসে গহ্বরের স্থায় কত (cavity) হইলে রোগী শ্বাস বা দক্ষিণ পার্শ্বে শয়ন করিতে গেলে অত্যন্ত কাসি হয় । পার্শ্বপরিবর্তনে ফুসফুসের গহ্বরের মধ্যে সঞ্চিত শ্বাস খাসনালী মধ্যে প্রবাহিত হওয়াতেই খাসনালীর উত্তেজনা বশতঃ ঐরূপ কাসি হইয়া থাকে ।

**কফ নির্গম** বা কাসির সহিত শ্বাস নিঃসরণ যক্ষ্মারোগের একটি বিশিষ্ট লক্ষণ হইলেও রোগের প্রথম অবস্থায় কফ নির্গত হয় না, কাসি আরম্ভ হইবার কিছু পরে রোগ একটু প্রবল হইলে কফ নির্গত হইতে থাকে । তখন খুব ঘন ঘন কফ নির্গত হয় না এবং শ্বাসের উপর কৃষ্ণাভ বিন্দুসমূহ দেখিতে পাওয়া যায় । ক্রমবৃদ্ধির সহিত কফও অধিক পরিমাণে নির্গত হয়, তখন উহা পাত, ঘোলা, পীতভ বিন্দু বা ছিটায়ুক্ত এবং একে পূর্ব লিপ্ত থাকে । ফুসফুস গহ্বর হইতে যে কফ

নির্গত হয় তাহার অধিকাংশই বিস্তৃত পূর্ণ । কাসির লক্ষণ নহে, রোগের আদি, অন্ত, মধ্য য়ে ধূসরপীতভ এবং উহার ধূসরবর্ণই অধিক পাত, কাসি অবস্থায় রক্ত উঠিতে পারে । এই রক্ত উঠার কফ কৃষ্ণ কৃষ্ণ খণ্ডাকারে বাহির হয় এবং উহার মধ্যে কাসি আবার নানা প্রকার, অতি ক্ষুদ্র ক্ষুদ্রকার রেখা অতি অল্প থাকে বা লম্বা অলে ফেলিবা মাঝে মাঝে কাসি আরম্ভ করিয়া কলকে কলকে রক্ত উঠিতে দেখা যক্ষ্মার প্রকোপে ফুসফুসের নিম্নাংশে গহ্বর হইতে রোগীর জীবন শেষ হইতেও পারে । হইলে, মাঝে মাঝে কাসির সহিত অনেক কাসি নির্গম অভ্যন্তরীণ শোণিতপাত এবং ফুসফুসে বাহির হয় । কফের সহিত অনেক সময় রক্ত কাসিরোপতির নিদর্শন । অতিশ্রান্তি, মানসিক হইয়া থাকে, রক্তাক্ত কফের বর্ণ উজ্জল লোহিতবর্ণ, কাসি, হাঁচি প্রভৃতি জনিত উত্তেজনামায়েই থাকে, তবে ঘনীভূত বা জমাট বাধা রক্ত কাসি উঠিয়া থাকে, আবার বিনা কারণেও রক্ত উঠিতে ফুসফুস গহ্বরে বা বায়ুনালী মধ্যে থাকিলে কফ কাসি হয় । যে সব রোগীর পূর্বে রক্তনির্গম হইয়া ঘোর রক্তবর্ণ বা কৃষ্ণাভ দেখায় । কফের বর্ণ প্রকৃষ্টে একরূপ রোগীর, নতন করিয়া রক্ত উঠিবার হইয়া থাকে । ক্ষয়ের ক্রিয়া হেতু ফুসফুসে ক্রমশঃ রক্তের স্বাদ অহুভূত হইয়া থাকে । আবার আরম্ভ হইলে, কফের সহিত উহার গলিতাংশের প্রভাব, বায়ুগুলের চাপের তারতম্য, বায়ুতে নির্গত হইতে থাকে । ঐ সময়ে অহুভূত বাষ্পের আতিশয্য, তাপাধিকা, ঝড় বৃষ্টি, গুমট সাহায্যে কফ পরীক্ষা করিলে তন্মধ্যে কাসি প্রাকৃতিক পরিবর্তন সমূহও রক্ত উঠার উপাদান (elastic tissue) স্থিতিস্থাপক থাকে । রক্তনির্গম সম্বন্ধে এ পর্য্যন্ত প্রকৃত তথ্য দেখিতে পাওয়া যায় । রোগীর কফ ক্ষয় বাহিত হয় নাই ।

**রক্ত নির্গম :**—যক্ষ্মারোগের একটি প্রধান লক্ষণ বটে, কিন্তু রোগের পরিগণিত হয় বটে, কিন্তু কফের সহিত ইহা মায়েই এই লক্ষণ প্রকাশ পায়, স্তত্রাং ইহা থাকিলে রোগী যে ক্ষয়রোগ বা যক্ষ্মা দ্বারা আক্রান্ত হইয়া লক্ষণ নহে । রোগের পরিণত অবস্থায় নাই, ইহা প্রতিপন্ন হয় না । আণুবীক্ষণিক পরীক্ষা কোনরূপ বেদনা অহুভব করিতেছে না, এরূপ রোগীর কফে অশ্রুত বীজাণুও দেখিতে পাওয়া যায় । নাসিকা, কাসি ক্রিয়া আরম্ভ হইলেই রোগী ঐ প্রকার বেদনা উপরিভাগ এবং দস্তমাড়ী হইতে রক্ত নির্গত করিতে থাকে, ঐ সময়ে রোগীর বক্ষে হাত দেখা যায়, তাহাতে শঙ্কার কোন কারণ থাকে না, একটু চাপিলেই সে বেদনা অহুভব করে । অনেক “নিউমোনিয়া” রোগেও অনেক সময়েই রক্ত কাসি রোগীর সর্ব শরীরে বেদনা অহুভূত হয় । নির্গত হইয়া থাকে । কিন্তু ঐ শ্রেণীর রক্তনির্গম লক্ষণের মধ্যে নিশ্বাস প্রশ্বাসে কষ্ট, স্বরভঙ্গ, গুরুতর ব্যাপার নহে । কিন্তু রক্তনির্গম বা রক্তবর্ণ কফ বিশেষ উল্লেখযোগ্য । কি কারণে রোগী

অরাকান্ত হয় তাহা অত্যাধি নির্ণীত হয় নাই । তবে অর সাধারণতঃ রোগের প্রারম্ভ হইতে শেষ পর্য্যন্ত থাকে । অর কখন প্রবল বা কখন অল্প হয় ।

ক্ষয়, যক্ষ্মার একটি প্রধান লক্ষণ । এই রোগে ক্রমশঃ শীর্ণ হইয়া ক্ষয় পায় বলিয়া ইহার একটি নাম ক্ষয় কাস । এই রোগে প্রথমে শরীরের মেদ, তাহার পর মাংস ক্ষয় পাইতে থাকে । শরীর অত্যন্ত শীর্ণ হয় ও উহার ওজন কমিয়া যায় । চক্ষু নিশ্চল, পেশী সমূহ দুর্বল হয় । শরীরের স্থানে স্থানে কৃষ্ণবর্ণ চিহ্ন সকল দেখা দেয় । মোটের উপর এই রোগে ক্ষয়প্রাপ্ত রোগী চর্ম্মাবৃত কঙ্কালের ছায়া বিকটদর্শন হয় ।

পূর্বে যক্ষ্মাপ্রভৃতি ক্ষয়রোগে হুরারোগী বলিয়াই নির্ধারিত হইয়াছিল । যে এই রোগে ক্রান্ত হইতে সেই বৃদ্ধিত, যমুন্দির গমনের জন্ত তাহার ডাক পড়িয়াছে, তাহাকে মরণাধিক ক্রেশ সহ্য করিয়া, দিনে দিনে, সপ্তাহে, সপ্তাহে, তিল তিল করিয়া মরিতে হইবে । কিন্তু অধ্যাপক কফের আবিষ্কারের পর হইতে এই রোগ সম্বন্ধে বৈজ্ঞানিকদিগের চক্ষে নতন আলোক প্রতিকলিত হইয়াছে । ৩০ বৎসর অহুসন্ধান এবং কঠোর সাধনার ফলে ইউরোপের চিকিৎসা-বিজ্ঞানবিদ মনীষিমণ্ডলী এই রোগের চিকিৎসাপ্রণালী উদ্ভাবন করিয়াছেন এবং এই সাংঘাতিক ব্যাধিকে সাধ্য রোগ বলিয়া নির্দেশ করিয়াছেন । তাঁহাদিগের সিদ্ধান্ত সর্বত্র সমাদৃত হইয়াছে এবং উদ্ভাবিত চিকিৎসা-প্রণালীর সাহায্যে শতকরা ২০ ও ৭০ জন রোগী রোগমুক্ত হইতেছে । তাঁহারা একদিকে যেমন রোগ প্রতীকারের উপায় উদ্ভাবন করিয়াছেন, অন্যদিকে সেইরূপ উহার প্রতিষেধের ব্যবস্থাও নির্দেশ করিয়াছেন । স্তত্রাং রোগের প্রতীকার এবং সংক্রমণ নিবারণের জন্ত, সাধারণের অবশ্য জ্ঞাতব্য তথ্যগুলির প্রচার আবশ্যক । যক্ষ্মা ও অশ্রুত ক্ষয়রোগ নিবার্য্য ব্যাধি বলিয়া জনসাধারণে বৃদ্ধিতে পারিলে যক্ষ্মা ও অশ্রুত ক্ষয়রোগে যত্নসংখ্যাও ক্রমশঃ হ্রাস পাইবে ।

তাই আমরা উক্ত ভাষাগুলি মোটামুটি পাঠকদিগের গোচরার্থ নিম্নে প্রকাশ করিলাম।

যক্ষ্মারোগাক্রান্ত ব্যক্তি লোকের মুখের নিকট কাসিলে এবং যেখানে সেখানে কফ নিক্ষেপ করিলে এই রোগের বীজাণু বিস্তারের সুবিধা হয়, এই কথা আমরা পূর্বেই বলিয়াছি। বাতাসে শুষ্ক কফের বীজাণু উড়িয়া লোকের মুখ ও নাসিকার ভিতর দিয়া ফুসফুস মধ্যে প্রবেশ করে। এই প্রকারে সুস্থ ও সবল ব্যক্তির ক্ষয়বীজাণু দ্বারা আক্রান্ত হয়। ক্ষয় বীজাণুর, জীবনীশক্তি কিরূপ প্রবল তাহাও আমরা পূর্বে বলিয়াছি।

এখন এই দারুণ বাধির কবল হইতে মুক্তিলাভ করিতে হইলে কি ভাবে চর্চাতে হইবে তাহাই বলিব। যক্ষ্মারোগমুক্ত থাকিতে হইলে, সাধারণের ভোজনাগার ও চায়ের আড্ডা প্রভৃতিতে সর্বজননের ব্যবহার্য পাত্র ব্যবহার নিষিদ্ধ, ঐরূপ স্থানে নিজের পাত্র ব্যবহার করিতে হইবে। মগপান এবং বাজে পেটেন্ট উবধের ব্যবহার বন্ধ করিতে হইবে। প্রত্যহ পর্যাপ্ত পরিমাণে পুষ্টিকর খাদ্য আহাৰ করিতে হইবে। যাহাতে শরীরের শ্রান্তি দূর এবং মনে উৎসাহের সঞ্চার হয় একরূপভাবে প্রত্যহ বিজ্ঞাম করিতে হইবে। দিবাভাগে ও রাত্রিকালে যাহাতে প্রচুর পরিমাণে বিশুদ্ধ বায়ু সেবনের সুবিধা হয়, তৎপ্রতি লক্ষ্য রাখিতে হইবে।

প্রতিষেধের ব্যবস্থা দ্বারা যক্ষ্মার প্রতীকার হইয়া থাকে। সুতরাং রোগ ধরা পড়িবা মাত্র উহার প্রতিকারে যত্ববান হওয়া আবশ্যিক, কারণ বিলম্বে রোগ বৃদ্ধি হইয়া থাকে। যদি কাহারও মনে একরূপ ধারণা হইয়া থাকে যে তিনি এই ব্যাধি দ্বারা আক্রান্ত হইয়াছেন, তাহা হইলে অবিলম্বে তাহার চিকিৎসকের শরণাপন্ন হওয়া এবং রোগের প্রতিকার বিষয়ে তাঁহার পরামর্শ গ্রহণ করা, সময় থাকিতে আত্মরক্ষার চেষ্টা করা সকলেরই কর্তব্য।

যক্ষ্মারোগীরা যদি আপনাদিগের গয়ের বা কফ পুড়াইয়া ফেলেন, তাহা হইলে তাঁহাদিগের দ্বারা

কাহারও অনিষ্টোৎপত্ত হইতে পারে না। উক্ত যক্ষ্মারোগীর পরিমাণ নিরূপণ করা উচিত। মল-পাত্র ব্যবহার করা উচিত। কাহারও মুখের কাপাও তাঁহাদিগের পক্ষে সঙ্গত নহে। রোগী কার্যে নিম্নলিখিত উপায়গুলির অবলম্বন আবশ্যিক।

১-চিকিৎসক।

প্রথমেই রোগ নির্ণয় এবং রোগের অবস্থা আশু রোগ-প্রতিকারের প্রধান এবং প্রকৃত কেবল তাহাই নহে, তদ্বারা রোগের নিবারণের সুবিধা ঘটে। রোগী ও তাঁহার বন্ধুগণ সংক্রমণ নিবারণের যথোচিত উপায় করিতে পারেন। আশু কাল লোকে আক্রান্ত হইলে, একাকী মরে না, কারণ সংক্রমণ নিবারণ বিষয়ে অবহেলা করিয়া রোগী বপন ও অস্ত্রের মরণের পথ উন্মুক্ত করিয়া থাকে। যক্ষ্মারোগাক্রান্ত রোগীর পক্ষে প্রবীণ চিকিৎসকই প্রকৃত প্রস্তাবে পরম বন্ধু। রোগীর দেহ পরীক্ষা, লক্ষণ নিরীক্ষণ পূর্বক নির্ণয় করিতে পারেন। চিকিৎসক রোগী করিয়া যদি স্থির করেন যে রোগী যথার্থ আক্রান্ত হইয়াছে, তাহা হইলে সর্বো

মুখনি আহার্য জব্যের পরিমাণ এবং পরিভুক্ত পদার্থের পরিমাণ নির্ধারণ করা উচিত। মল-পত্র পরীক্ষা এবং রোগীর আহার্য জব্যের পরিমাণ নির্ধারণের দ্বারা এই কার্য অস্বাভাবিক হইতে পারে। রোগীর শরীরে কি কি দোষ আছে এবং তৎপ্রতিকারের জন্ত কি কি উপায় অবলম্বনের প্রয়োজন, সেগুলি বেশ স্পষ্ট করিয়া রোগীর আত্মীয়বর্গকে এবং আবশ্যিক বোধ হইলে রোগীকে পর্যাপ্ত বুঝাইয়া দেওয়া এবং রোগ প্রতিকারার্থ সমাবলীর নির্দেশ করা চিকিৎসকের সর্ব প্রধান কার্য।

আজকাল জনাকীর্ণ নগরগুলির প্রায় সর্বত্রই বীজাণু ব্যাপ্ত রহিয়াছে, তথাপি অনেকে এই রোগের ক্রম হইতে নিষ্কৃতি পাইতেছে, ইহা আমরা প্রত্যহই পাইতেছি। তাহার কারণ এই যে, যাহাদিগের শরীরে অভ্যন্তরীণ যক্ষ্ম-সমূহ দুর্বল এবং যাহাদিগের শরীরে ক্ষয়প্রাপ্ত উপাদান প্রচুর পরিমাণে সঞ্চিত আছে, তাহারাই নীচ ক্ষয়বীজাণু দ্বারা আক্রান্ত হয়। যাহাদিগের শরীর সুস্থ, সবল, তাহারাই এই ব্যাধির কবল হইতে মুক্তি লাভ করে।

আহার শরীর সুস্থ, পাকায় ও মলাধার প্রভৃতি উপায়-বিহীন এবং পরিষ্কার তাহার দেহের ভিতর


ক্ষয়বীজাণু প্রবেশ করিলেও বিষক্রিয়া করিতে ও বৃদ্ধি হইতে পারে না, অধিকতর সে শরীরের যেখানে আশ্রয় পায় সেই খানেই মরিয়া যায়। সুতরাং যে রোগী যক্ষ্মারোগাক্রান্ত বলিয়া নির্ধারিত হইয়াছে, তাহার শরীরের অভ্যন্তরীণ যক্ষ্মসমূহের কোন্টির কিরূপ দোষ ঘটিয়াছে তাহার নির্ণয় আবশ্যিক। ডাক্তার ভিন্ন কেহই রোগীকে এ বিষয়ে সহায়তা করিতে পারে না।

২. নির্মল বায়ু ও রৌদ্র।

যক্ষ্মা ও অগ্রান্ত ক্ষয়রোগের প্রতীকার বিষয়ে বিশুদ্ধ বায়ু এবং রৌদ্রের উপযোগিতা যে অভ্যন্তর অধিক ইহা ক্রমশঃ সকলেই বেশ বুঝিতে পারিতেছেন। নির্মল বায়ু সেবনে শরীর সবল হয় এবং শরীরের রোগ প্রতিষেধক যক্ষ্ম-সমূহের শক্তি বৃদ্ধি পায়। সুতরাং যক্ষ্মাদির চিকিৎসায় বিশুদ্ধ বায়ু পরম সহায় স্বরূপ। যক্ষ্মারোগীদিগের বিশেষভাবে স্মরণ রাখা আবশ্যিক যে, তাঁহারা যে বায়ু একবার শ্বাসপ্রশ্বাসরূপে গ্রহণ ও পরিভ্যাগ করিয়াছেন, তদ্বারা পুনর্বার শ্বাসপ্রশ্বাস ক্রিয়া সম্পন্ন করিলে, রোগের বৃদ্ধিই ঘটয়া থাকে। কিন্তু প্রকৃত প্রস্তাবে সর্বক্ষণ যক্ষ্মারোগীদিগের বিমল বায়ু সেবনের আশাহরূপ সুবিধা ঘটয়া উঠে না। এদেশের অধিকাংশ ঘরবাড়ী এমন ভাবে নির্মিত যে গৃহমধ্যে




চিকিৎসক



শুদ্ধ বায়ু চিকিৎসার জন্ত, পাকা বাটির ছাদের উপর বাঁশ ও হোগলা দিয়া, তৈয়ারী রোগীর থাকিবার ঘর।

বৃষ্টির ছাট এবং বাতাসের ঝাপটার আগমন বন্ধ করিবার জন্ত ঘরের জানালা, দরজা বন্ধ করিলে শয়ন ঘরে পর্যাপ্ত পরিমাণে বিশুদ্ধ বায়ু পাওয়া যায় না। এদেশের লোকের অনেকেই 'ঠাণ্ডা' লাগিবার ভয়ে সর্বদাই ভীত, তাহারাই গ্রীষ্মকালেও রাত্রিতে ঘরের জানালা দরজা বন্ধ করিয়া রাখে। সহরের দরিদ্র ও মধ্যবিত্ত লোকের বাসিতে এক একটি ঘরে বহু লোকের বাস একরূপ অশুভনীয় ব্যাপার; বিশুদ্ধ বায়ু তাহাদিগের পক্ষে তুলত বস্তু।

যে স্থানের জলবায়ু স্বভাবতঃ স্বাস্থ্যকর সেইরূপ কোন স্থানে যক্ষ্মারোগীর মুক্তবায়ু সেবনের ও চিকিৎসাব্যবস্থা করিলে সুফল লাভ করা যায়। কিন্তু নগর সমূহের বায়ু অপেক্ষাকৃত অরিসুদ্ধ হইলেও, রোগী যদি ঘরের বাহিরে মুক্ত স্থানে অবস্থিতি করে, তাহা হইলেই তাহার অনেক কষ্টের লাঘব হইতে পারে। বিশুদ্ধ বায়ু সেবনে রোগীর অবিজ্ঞান জ্বর এবং রাত্রিকালের ঘর্মের শীতল উপশান্তি ঘটে, কাসি কমিয়া যায় এবং মোটের উপর রোগীর স্বাস্থ্যের সাধারণভাবে উন্নতি হইয়া থাকে। সুতরাং সহরে ছাদের উপর পর্গ-কুটার নির্মাণ করিয়া তন্মধ্যে যক্ষ্মারোগীর বাসের ব্যবস্থা করিলে তাহার রোগ-শান্তির পথ মুক্ত হয়।



প্রাতে মুক্ত বায়ুতে রোগী পাদচারণা করিতেছে।

### বাস্তু ও রোজ সেবন।

মুক্তস্থানে অবস্থান ও অবাধ বিস্তৃত বায়ু সেবনার একটা প্রকৃষ্ট চিকিৎসা, কিন্তু পুষ্টি-উন্নতির দিকেই দৃষ্টি রাখা বিশেষ আবশ্যিক। সুতরাং প্রভাতে যখন প্রথম রবিরশ্মিপাতে উদ্ভাসিত হয় তখন যক্ষ্মারোগী কিছুক্ষণ মুক্ত বা পল্লীপথে ভ্রমণ করিলে তাহার বায়ু ও রোজ উভয় কার্য সম্পন্ন হইতে পারে।

### ৩-সুপথ্য।

সুপথ্য যক্ষ্মারোগীর সাধারণ চিকিৎসার অঙ্গ। রোগীকে পুষ্টিকর ও লঘুপাক পথ্য তাহার জীবনীশক্তির উদ্দীপন এবং কর্মপীড়িত রোগপ্রতিরোধক শক্তি সংবর্দ্ধন সর্বদা যক্ষ্মারোগীর অবস্থা বুঝিয়া তাহার আহারে করিতে হয়, এবিষয়ে নিয়মের কোন বাধা নহে। অধিক পরিমাণে এলবুমেনযুক্ত (albumin) খাদ্য এবং অল্পাংশ খাদ্য ভোজনে যক্ষ্মারোগীর হওয়া দূরে থাকুক বরং অপকার অবশ্যজ্ঞাবী। অপরিমিত খাদ্য পরিপাক করিতে গিয়া শক্তিশানি ঘটে এবং অঙ্গদলের মধ্যে ক্রিয়ার ফলে একপ্রকার বিষময় পদার্থ (by-products) উৎপন্ন হইয়া থাকে।

যক্ষ্মারোগীকে প্রচুর খাদ্য না দিয়া পরিমিত খাদ্যেই প্রদান করাই উচিত। রোগীর দেহ জল ও শক্তি হ্রাস হয়, সুতরাং শরীরের পুষ্টির জন্ত মাখন ব্যবহার বোঝাই করা কোন মতেই সম্ভব নহে। তাহাই সুব্যবস্থা। দুগ্ধ, ছানা, সর প্রভৃতি সহ হইলে মাংসপেশীসমূহ পুষ্ট এবং সবল হয়, দেহে রক্তের পরিমাণ বৃদ্ধি পায় সেই দিকে দৃষ্টি রাখিয়া রোগীর পক্ষে। যেখানে দুগ্ধজাত খাদ্য অল্প পরিমাণে প্রদান ব্যবস্থা করা আবশ্যিক, কারণ দেহের পেশীসমূহে রক্তের পরিমাণ হ্রাস হইলে রোগীকে সর খাইতে ও সবল এবং শরীরে নূতন রক্ত সঞ্চিত হইতে সহায় হইতে পারে। রোগীকে নানাপ্রকারে যথার্থ বলাধান হয়। শরীরের উপাদানভূত কোষালিজাতীয় খাদ্য ব্যবহার করাইলে তাহার খাদ্যের সংখ্যা বৃদ্ধি অপেক্ষা তাহাদিগের কাৰ্য্যকারিতা দূর হয়। মাংসে অকুচি হইলে বসা বা স্পৃহনীয়। খাদ্যের বৈচিত্র্য সাধন এবং প্রত্যহ খাদ্যের সহিত শালিজাতীয় খাদ্য খাইতে দিলে বিশেষ স্বাস্থ্যের কালে প্রচুর নিরামিষ ও আদি পুষ্টিকর হয়।




পুষ্টিকর খাদ্য।

যক্ষ্মারোগীর খাদ্য-তালিকায় মাংস একটি প্রধান অঙ্গ। কারণ অল্পাংশ খাদ্য অপেক্ষা মাংস অধিক পুষ্টিকর। মাংস ভোজনে আহারে রুচি জন্মে, হৃদপিণ্ড ও শ্বাস-প্রশ্বাসের শক্তি বৃদ্ধি পায়। তিস্র ও পুষ্টিকর খাদ্য, উহা পুষ্টি আকারে বা অল্পভাবে আহার করা যাইতে পারে। যে ক্ষেত্রে রোগীর শরীর শীর্ণ হইয়া পড়ে গিয়াছে, তখন প্রভূতি বসা পদার্থ ভোজনের উপ-পুষ্টিকর অত্যন্ত অধিক। সাধারণতঃ লোকে কতলিভার

যক্ষ্মারোগীর পক্ষে নিরামিষ খাদ্য বিশেষ উপযোগী, সুতরাং প্রত্যহ তাহাকে নানাপ্রকার তরকারি দিব্য ব্যবস্থা করিতে হয়। রোগীর পাকস্থলী ও অন্ত্রের ক্রিয়া উত্তমরূপে চালাইবার জন্ত তাহাকে সুপাক ফল এবং তরকারির সহিত রাঁধা ফল খাইতে দেওয়া আবশ্যিক। কৃত্রিম খাদ্য কখনও উপকারিতায় প্রকৃত খাদ্যের সমকক্ষ হইতে পারে না, তথাপি ঐরূপ খাদ্য জব্য ভোজনের প্রয়োজন আছে। যে সময় রোগীকে পরিমাণে অল্প অধিক পুষ্টিকর খাদ্য দিব্য প্রয়োজন হয়, সে সময় রোগীকে কৃত্রিম খাদ্য প্রদান করাই সম্ভব।

### ৪-বিশ্রাম।


বিশ্রাম, মুক্ত বায়ু সেবন চিকিৎসার একটি অঙ্গ। রোগীর মেজাজ, পরিপাক শক্তি, শ্বাসযন্ত্র এবং হৃদপিণ্ডের অবস্থার প্রতি লক্ষ্য করিয়া প্রত্যেক যক্ষ্মারোগীরই বিশ্রামের সময় এবং পরিমাণ নির্দেশ করিয়া দেওয়া উচিত। জ্বর সংযুক্ত যক্ষ্মায় ছয় হইতে আট ঘণ্টা কাল বিশ্রাম আবশ্যিক, সুতরাং ১১০ ও ২ ঘণ্টা হিসাবে সকালে, বৈকালে এবং সন্ধ্যায় বিশ্রামের সময় নির্দিষ্ট করিয়া দিতে হয়।



ইজি-চেয়ারে রোগী বিশ্রাম করিতেছে।

যক্ষ্মার সহিত যাহাদিগের জ্বর আছে, ও রক্তাক্ততা ঘটিয়াছে এবং যে সকল রোগীর কাসি প্রবল হইয়াছে, তাহাদিগের সমস্ত দিন বিশ্রাম আবশ্যক। সম্পূর্ণ বিশ্রামহেতু এই শ্রেণীর রোগীর শরীরে রক্ত সঞ্চালন ক্রিয়া অতি মন্থর হইয়া থাকে সুতরাং রক্ত সঞ্চালন ক্রিয়া বৃদ্ধি করিবার জন্ত ইহাদের অঙ্গ মর্দনের ব্যবস্থা করা উচিত।

রোগীর ফুসফুসের এবং শরীরের সাধারণ উত্তাপ সহিত উহার অবস্থার উপযোগী ব্যায়ামের ব্যবস্থা আবশ্যক। রোগীকে দিনে ছুইবার করিয়া সমতল



শুক্কাবায়ুতে রোগী নিজা বাইতেছে।

ক্ষেত্রে, ১৫ মিনিট হইতে আধ ঘণ্টাকাল ভ্রমণ বলা আবশ্যক, রোগীর শরীরের তাপ, নাস্তি হৃদযন্ত্র এবং সাধারণ অবস্থা পর্যবেক্ষণ পূর্বক ভ্রমণকালের পরিমাণ নির্দিষ্ট করিয়া দিতে। যদি রোগীর দেহের তাপ সমভাবেই থাকে এবং হেতু কোন প্রতিক্রিয়ার লক্ষণ দেখা না যায় হইলে ভ্রমণ কালের পরিমাণ একঘণ্টা হইতে পর্যন্ত বৃদ্ধি করিতে পারা যায়। তন্নিম্ন চড়াইয়ের উপর উঠিতেও দেওয়া যাইতে পারে।

### যক্ষ্মার সহচর।

যে সকল অবস্থা এবং কার্য যক্ষ্মারোগের মিত্র সেগুলি বর্জন করিলেই যক্ষ্মারোগের আক্রমণ যথেষ্ট সতর্কতা অবলম্বন করা হইল। যে অবস্থা সাধারণ যক্ষ্মা রোগের অসুস্থ আমরা একে একে যথেষ্ট সতর্কতা অবলম্বন করিলাম।


১।-অপরিমিত সুরাপান ও অন্যান্য বিষয়ে সযত্নসংযত্ন। অত্যন্ত সুরা ও মাদক দ্রব্য ব্যবহার, গুরুপাক ভোজন এবং রাত্রি জাগরণ স্বাস্থ্যভঙ্গকর ও রোগীর যক্ষ্মা বা ক্ষয়বীজাণুর শক্তি প্রতিরোধ করিবার সামর্থ্য ক্ষীণ হইয়া পড়ে।



মদপানী।

### ২।-বন্ধ রাতায়ন।

ঠাণ্ডা লাগিবার ভয়ে অনেকে ঘরের জানালা বন্ধ করিয়া রাখে, ফলে বিষুদ্ধ বায়ু সেবনের ব্যাঘাত ঘটাতে যাহাদিগের শরীরে যক্ষ্মা বীজাণু সংক্রমণের সুবিধা হয়।



ঠাণ্ডার ভয়ে খড়খড়ি পর্যন্ত বন্ধ করা রহিয়াছে

### ৩।-অতিরিক্ত শ্রম।

পল্লীগামেই হউক, কি নগরেই হউক, যাহারা যথেষ্ট ভিতর বসিয়া বসিয়া অত্যধিক পরিশ্রম করে তাহাদিগের শরীর যক্ষ্মারোগপ্রবণ হইয়া উঠে।



সমস্ত দিন কঠিন পরিশ্রমের পর, রাত্রেও যথা সময়ে নিজা না গিয়া মহিলা সন্তানের জাম শিলাই করিতেছেন।

### ৪।-জনাকীর্ণতা।


কর্মস্থানের জনাকীর্ণতাহেতু এবং বায়ু সঞ্চারণ ও পর্যাপ্ত আলোকবিহীন ঘরে রাত্রি কালে বহুজনের শয়নে এবং দিবাভাগে সেই গৃহে সমস্ত দিন কাজের জন্ত হাপর জালিয়া রাখাতে নগরের অনেক করিকরের দেহ যক্ষ্মারোগপ্রবণ হইয়া থাকে।



দিবসে যে ঘরে কাজ, রাত্রে সেই ঘরেই অনেকে একত্রে শয়ন করিয়া আছে।

৫।—ধূম ও ধূলি।

এমন কতকগুলি ব্যবসা আছে যে ধূম ধূলি তাহা-  
দিগের সিত্য সঙ্গী। এই সকল ব্যবসায় সংক্রান্ত  
কারখানায় যাহারা মজুরী করিয়া দিনপাত করে  
তাহারা ধূলি এবং কারখানার কলের চিম্নী বা ধূমনল  
হইতে নির্গত ধূম নিশ্বাসের সহিত গ্রহণ করে। কাজেই  
এই শ্রেণীর শ্রমজীবীদের মধ্যে যক্ষ্মাদি ক্ষয়রোগের  
প্রকোপ খুব বেশী।



কারখানার ধূম ও ধূলি।

৬।—মুখ দ্বারা শ্বাস-প্রশ্বাস।

কণ্ঠনালীর অভ্যন্তরস্থ গ্রন্থি এবং নাসিকার উপরি-  
ভাগের গ্রন্থির ক্ষীতি হেতু অনেকে কষ্ট পাইয়া থাকে।  
এই প্রকার গ্রন্থিক্ষীতি হেতু নাসিকার দ্বারা স্বাভাবিক-  
ভাবে শ্বাস প্রশ্বাস ক্রিয়ার ব্যাঘাত ঘটে তাই এই



মুখ দিয়া শ্বাস গ্রহণকারী।

শ্রেণীর রোগীদেরকে আমরা সাধারণতঃ মুখ দ্বারা  
প্রশ্বাস ক্রিয়া নির্বাহ করিতে দেখিয়া থাকি।  
একরকম রোগগ্রস্ত ব্যক্তিদিগের যক্ষ্মারোগাক্রান্ত  
সম্ভাবনা অত্যন্ত অধিক, সুতরাং উপযুক্ত চিকিৎসা  
দ্বারা তাহাদিগের নাসিকা-ও কণ্ঠনালীর গ্রন্থি  
প্রতিকার করা সর্বাগ্রে আবশ্যিক।

সাবধানী যক্ষ্মারোগী।

কেহ যক্ষ্মারোগাক্রান্ত হইয়াছে শুনিলে  
রোগসংক্রমণের ভয়ে সযত্নে তাহার সঙ্গ বর্জন  
কিন্তু সাবধানী যক্ষ্মারোগী দ্বারা রোগ সংক্রমণ  
আশঙ্কাই নাই। আজকাল যক্ষ্মা একরূপ পারিবারিক  
রোগের মধ্যে দাঁড়াইয়াছে। সুতরাং যক্ষ্মারোগী  
সাবধানে থাকিতে শিক্ষা দিয়া রোগ সংক্রমণ  
প্রতীকার করাই আমাদের কর্তব্য। হাঁচি বা  
পাইলে যক্ষ্মারোগীর বস্ত্র বা কাগজে হাঁচি



সাবধানী যক্ষ্মারোগী মুখে রুমাল দিয়া কাসিতেছে।

এবং কফ ফেলা উচিত। কারণ তাহাতে  
বীজাণু বিস্তারের পথ বন্ধ হয়। যে কাগজে  
হাঁচি ও কাসে তাহা শুকাইবার পূর্বে  
ফেলিতে হয় এবং রুমাল প্রভৃতি ব্যবহৃত  
গরম জলে ফুটাইয়া ও বিষদোষনাশক আরক

করিয় লইয়া পুনর্বার ব্যবহার করিতে হয়।  
আহারের পূর্বে ও পরে রোগীর হস্ত ভালরূপে প্রক্ষালন  
কর। যক্ষ্মারোগীর ব্যবহারের জন্ত বাসনপত্র নির্দিষ্ট থাকা উচিত, ঐ সকল বাসন মাজিবার পূর্বে গরম  
ফুটাইয়া লওয়া কর্তব্য।




কেটলিতে করিয়া রুমাল  
ফোটান হইতেছে।

বিষদোষ নাশক আরকে  
ডুবাইয়া বস্ত্রাদি শোধন  
করা হইতেছে।

রোগীর ব্যবহারের পৃথক  
বাসনাদি।

সাবধানী যক্ষ্মারোগীর একাকী এক ঘরে শয়ন করা উচিত। যদি গৃহে কোন পরিচারক থাকিবার  
সম্মত হয়, তাহার স্বতন্ত্র শয্যা থাকা আবশ্যিক।



সাবধানী রোগী একাকী নিদ্রা যাইতেছে।



## রোগবীজাণু বিস্তার।

১। পরিবার মধ্যে কিরূপ যক্ষ্মাবীজাণু বিস্তৃত হয় তাহা প্রদর্শন করিবার জন্ত আমরা একখানি প্রদান করিলাম। চিত্রে যক্ষ্মারোগী কাসিয়া রোগবীজাণু ফেলিয়া দিতেছে। গৃহিণী সম্মাননী চান্দনা বীজাণু সমস্ত বাড়ীময় করিতেছেন। ফলে শিশুর খাচ্ছে, এবং নিকটে বসিয়া যাহারা আহার করি তাহাদিগের অন্নব্যঞ্জে বীজাণু বিক্ষিপ্ত হইতেছে।



২। সামাজিক ক্রীড়াকৌতুক উপলক্ষেও যক্ষ্মাবীজাণুর সংক্রমণ ঘটিয়া থাকে। যক্ষ্মারোগী মুখে খাণ্ড প্রভৃতি দিয়া মুখের লাল দ্বারা উহা বীজাণুহস্ত করিবার পর কেহ ঐ পেন্সিল বা খাণ্ডপ্রভৃতি মুখে দিলে সে বীজাণু দ্বারা আক্রান্ত হইবে।



চিত্রে যক্ষ্মাগ্রস্ত বালক একখানি 'কেক' খাইতেছে এবং তাহার ক্রীড়াসঙ্গীরা তাহার উচ্ছিন্ন কেঁচু অতিপ্রায়ে তাহাদিগকে এক 'কামড়' কেঁচু দিবার জন্ত অনুরোধ করিতেছে।

## প্রেরিত পত্র।

( ১ )

- ১। মাথায় বড় বড় চুল রাখা ভাল কি না? যদি মার কিছা অপকার থাকে তাহা কি কি?
- ২। ক্ষৌরকর্মের উপকারিতা কি?
- ৩। ব্রাহ্মণ এবং পণ্ডিতেরা যে গোঁফ দাড়ি যদি কামান তাহার কোন বৈজ্ঞানিক মত আছে কি? যদি থাকে তবে কি?
- ৪। মস্তক মুণ্ডনের কোন উপকার কিছা অপকার কি না?

শ্রীমাণিক লাল মল্লিক।

প্রশ্নকৃত্যর ঠাকুরের ষ্ট্রীট, কলিকাতা।

উত্তর—

- ১। মাথায় বড় বড় চুল রাখিবার কোন আবশ্যিকতা নাই। বরং চুল বড় হইলে মাথাও গরম হইয়া নানারূপ অসুবিধা ভোগ করিতে হয়।
- ২। ক্ষৌরকর্ম দ্বারা কেশ ও চর্মমল সকল শরীর দূরীভূত হয়। নখ কাটার সহিত নখমল এই পরিষ্কার হইয়া যায়।
- ৩। প্রথার জন্ত ব্রাহ্মণেরা দাড়ি গোঁফ কামাইয়া নাই। ইহাতে পরিষ্কার ও পরিচ্ছন্নতারই প্রদান থাকে তবে এদিক্তে কোন বৈজ্ঞানিক মত প্রদান করা নাই।
- ৪। মস্তক মুণ্ডন দ্বারা কেশ সকল ও মস্তক চর্মমল ও চর্মমল সকল দূরীভূত হয়।

( ২ )

২। সর্দি করিলে চা খাওয়া উচিত কি না?

৩। গব্য ঘৃত কানীর চিনি একত্রে খাইলে কানী ভাল হয় কি না?

৪। প্রসব অন্তে প্রসূতিকে সেক তাপ দিলে এবং শুঠ, পিপুল, কালজিরা একত্রে গুঁড়াইয়া ঘৃতে সহিত খাওয়াইলে কোন উপকার হয় কি না?

শ্রীনারায়ন চন্দ্র খাঁ, সাং বুরজাপুর,  
পোষ্ট তারকেশ্বর, জেলা হুগলী।

উত্তর—

১। চা চিনি আনা মাত্রায় চিনির সহিত খাইলে উপকার হইতে পারে। তবে এই সন্ধে পথ্যাদিরও নিয়ম পালন করা উচিত।

২। সর্দির সময় চা খাইলে কিছু উপকার হইতে পারে।

৩। যদি জ্বর ও হজম শক্তির অভাব না থাকে তাহা হইলে ফুটাইয়া অন্ন গরম অবস্থায় খাইলে উপকার পাইবার সম্ভাবনা।

৪। প্রসবের পর সেক ও তাপ দিলে এবং শুঠ, পিপুল কালজিরা ইত্যাদি ঘৃতে সহিত খাইতে দিলে তাহাকে "তাপ বাল" ব্যবস্থা বলিয়া থাকে। পূর্বে এই ব্যবস্থা এদেশে বহু প্রচলিত ছিল কিন্তু ইহাতে ক্রেশের জন্ত ক্রমশঃ পরিত্যক্ত হইতেছে। এই ব্যবস্থার দ্বারা স্নেহের আক্রমণ হইতে রক্ষা ও অধিক রক্তস্রাব বন্ধ হইবার সাহায্য পাওয়া যায়। কিন্তু মাত্রা প্রসূতির পাকাশয়ের বল ও জরাদির উপর নির্ভর করে।

( ৩ )

প্রশ্ন—

১। পাঠার মাংসের ও কুকুটমাংসের উপকারিতা সম্বন্ধে কোন প্রভেদ আছে কি না? কোম্টি অধিকতর উপকারী? শুনিতে পাই কুকুট মাংসে

যন্ত্রার জীবাণু অধিক পরিমাণে আছে—একথা কতদূর সত্য? এই জন্তই কি হিন্দু শাস্ত্রে ইহা নিষিদ্ধ খাদ্য?

২। শুনিতে পাই তুলসী গাছ ও সূর্যামুখী ফুলের গাছ ম্যালেরিয়ার মশক প্রতিষেধক। একথা কতদূর সত্য এবং এ সম্বন্ধে আপনার মত কি?

৩। লোকে বলে গায়ে সরিষার তৈল মাখিলে রক্ত কাল হয়—প্রমাণ যথা D. L. Roy এর “দিল মোরে কাল করে—মাখিয়ে মাখিয়ে তৈল।” এ কথা যদি সত্য হয় তবে আজকাল এই বর্ণ সমস্তার দিনে কেহই বোধ হয় সরিষার তৈল মাখিবেন না—তৈল না মাখিয়া তৎপরিবর্তে কি মাখা যাইতে পারে? “Vinolia Soap এর daily use” করা ও ত সকলের পক্ষে সম্ভব নহে—এখন এ বিষয়ে কি কর্তব্য?

৪। গত ‘জ্যৈষ্ঠের’ স্বাস্থ্য-সমাচারে প্রকাশিত “কুইনাইন সন্ধ্যাে ভ্রাস্ত ধারণা” শীর্ষক প্রবন্ধটি পড়িলাম। প্রবন্ধটি সম্পূর্ণরূপে বর্তমান সময়ের উপযোগী—ম্যালেরিয়ায় শত শত লোক অকালে মৃত্যুমুখে পতিত হইতেছে—এসময়ে ইহার প্রয়োজন খুবই বেশী। কুইনাইন সন্ধ্যাে ভ্রাস্ত ধারণা (ভ্রাস্ত কি ভ্রাস্ত তাহা তাঁহারা জানেন) অনেক শিক্ষিত ব্যক্তিরও আছে। সাধারণ লোকের ত কথাই নাই—আমি জানি অনেক ডাক্তারও কুইনাইনের একেবারেই পক্ষপাতী নহেন—বলা বাহুল্য তাহারা তথা-কথিত “হাতুড়ে” নহেন—এম, এম, এম, উপাধিধারী। তাঁহারা কুইনাইনের যথাসম্ভব অল্প ব্যবহার করেন। এরূপ অবস্থায় দেড় পৃষ্ঠা ব্যাপী ক্ষুদ্র প্রবন্ধে সেরূপ ফল হইবে না—বিস্তৃত আলোচনা দরকার (অবশ্য আপনারা কিছু কিছু করিয়াছেন)—কুইনাইনের বিরুদ্ধবাদীদেরও এ আলোচনাতে যোগদান করা উচিত। এ নেহাৎ হাসি ঠাট্টার বিষয় নহে—এ লোকের “জীবন-মরণ” লইয়া খেলা। আমি কুইনাইনের বিরুদ্ধে একখানি বিজ্ঞাপন হইতে উদ্ধৃত করিয়া কতকগুলি মত পাঠাইলাম। ঐ চিকিৎসকগণ হোমিওপ্যাথিক কিনা জানিনা—তবে তাহাদের উপাধি দেখিয়া বোধ হয় যে তাহারা বড়দের ডাক্তারই

হইবেন। যদি তাহাদের বাস্তবিক পক্ষে ও মত না থাকে তবে বুঝিবেন পেটেন্ট ঔষধ কিস্তি নিরীহ পল্লীবাসীদিগকে প্রতারিত আশা করি এই পত্র খানা ও প্রেরিত মত সমাচারে প্রকাশ করিয়া ও তাহাদের মত করিয়া বাধিত করিবেন।

শ্রীবিমলচন্দ্র বাল্লুঘাট, দিনাজপুর

1. The most important feature of ‘Quinine’ is the intense character of the attack which is and the general resemblance of the those which result from Malaria.

The blood becomes hyperfebrile the number of red corpuscles are diminished thus causing leucocythœmia and resulting in general debility and prostration.

A. C. COWPERTHWATE M. D. P. H. D. L. S.

4th, edition Page 217-18

2. The alkaloids if too long disorder the stomach producing weight at the epigastrium, loss of nausea, sickness and diarrhoea.

SYDNEY RINGER M. D. 11th, Edition P. 27.

3. Decided repression of the sphere, disappearance of sexual Sexual function completely lost and during the night without awaking.

T. F. Allen M. D. Vol III. P. 27

4. Induration and the swelling of the spleen, spleen stitches and hardens.

HENRY BUCK M. R. S. P 101-2.

5. There is disturbed visual function even to blindness and in the brain itself we have headache with dulness, weight and some epistaxis.

RICHARD HUGHES L. R. C. P. Edin. P. 422-441.

উত্তর—

১। কুকুট মাংস এবং পক্ষী মাংস লীডাই পরিপাক পায়। পাঠার মাংস পরিপাক হইতে অধিক সময় লাগে। এইজন্ত চিকিৎসকেরা রোগীদের জন্ত কুকুট মাংসের ব্যবস্থা দিয়া থাকেন।

পক্ষী মাংস Tubercle Bacillus দ্বারা আক্রান্ত হইলেও সিদ্ধ করিলে, সকল Tubercle Bacillus হইয়া যায় এবং কোনমতে কোন ক্ষতি করিতে পারে না।

হিন্দুদের চিকিৎসা গ্রন্থে রোগ বিশেষে মাংস পথ্যের ব্যবস্থা আছে। তবে ধর্মগ্রন্থের মধ্যে কি কি বিধি আছে তাহা আমার জানা নাই।

২। তুলসী গাছ ও সূর্যামুখী ফুলের গাছ কতদূর পর্যন্ত ম্যালেরিয়ার মশকের প্রতিষেধক তাহার সম্বন্ধে আমাদের কোনরূপ জানা নাই। স্বাস্থ্য-সমাচারের পাঠকবর্গ যদি কেহ এ সম্বন্ধে পর্যবেক্ষণ করিয়া এই পত্রিকাতে লিখিয়া পাঠান তাহা হইলে সকলের মঙ্গল হইবে।

৩। তেলে জলে বাঙ্গালীর স্বাস্থ্য চিরকাল হইতেই চলিয়া আসিতেছে। তবে অধুনা সভ্যতার দিনে পাশ্চাত্য সভ্যতার প্রভাবে তৈলের বদনাম হইয়াছে। সাবান তাহার স্থান অধিকার করিয়াছে। সাবানের পরিবর্তে তৈল মাখাই উচিত।

৪। যে সকল মতগুলি উদ্ধৃত করিয়া বিজ্ঞাপন দাতারা কুইনাইনকে গালি দিয়াছেন তাহা কুইনাইনের বিবক্রিয়ার বর্ণন মাত্র। সকল ঔষধেরই নিয়মিত মাত্রাতে রোগের উপর ক্রিয়া ও অধিক মাত্রাতে বিবক্রিয়া হইয়া থাকে এবং এই সকল ক্রিয়াও ব্যক্তিগত স্বাস্থ্যের উপর অনেকটা নির্ভর করে।

বিজ্ঞাপন দাতারা বাছিয়া বাছিয়া বিবক্রিয়ার লক্ষণ ও শরীরের উপর নানাপ্রকার অনিষ্টের বর্ণনা করিয়া সাধারণের মনে কুইনাইনকে বিষবৎ করিয়া দিতে চেষ্টা করিতেছেন।

( ৪ )

প্রশ্ন—

১। আমরা যাহাকে শ্বেত কুষ্ঠ অথবা ধবল রোগ বলিয়া থাকি বাস্তবিক পক্ষে তাহা কুষ্ঠ ব্যাধি মধ্যো পরিগণিত কি না?

২। শ্বেত রোগ সংক্রামক কি না? এবং এলোপ্যাথিক মতে উহার কোন উৎকৃষ্ট ঔষধ আছে কি না?

উক্ত ব্যাধিতে বাজারের পেটেন্ট ঔষধ ব্যবহারে কোন প্রকার হানি আছে কি না?

উক্ত ব্যাধিতে আক্রমণ করিবার কারণ কি? শ্বেত রোগ হস্ত পদ এবং মুখ ভিন্ন শরীরের অগ্রাংশ স্থানেও হইতে পারে কি না?

একখানা প্রসিদ্ধ ডাক্তারি পুস্তকে উক্ত ব্যাধি সম্বন্ধে খুজিয়াছি কিন্তু কোন তত্ত্ব অবগত হইতে পারিলাম না। উক্ত ব্যাধিটার ইংরাজি নাম কি?

শ্রীপ্রাণবন্ধু মজুমদার।  
সিরাজগঞ্জ, পাবনা।

উত্তর—

১। ধবল রোগ (Leucoderma, Vitiligo, Achromia Cutis) বা যাহাকে সাধারণে শ্বেত কুষ্ঠ বলে তাহা কুষ্ঠ ব্যাধি নহে। কুষ্ঠ ব্যাধি হইলে আক্রান্ত স্থানটা অসাড় হইয়া থাকে। এই শ্বেতবর্ণ

চর্মের অভ্যন্তরস্থ রক্তের অভাবে হইয়া থাকে (Absence or want of pigment in the deep layer of the skin); এই রোগ শরীরের সকল স্থানেই হইতে পারে।

২। এই রোগ সংক্রামক নহে। সর্ব শরীরে যেত এইরূপ অনেক মত দেখা যায়। ইহাদিগকে Albino কহে। তাহারা স্বচ্ছন্দে সকলের সহিত মেশামিশি করিয়া থাকেন এবং সংসার ধর্ম পালন করিতেছেন কিন্তু তাহাদের সংস্পর্শে কাহারও রোগ হইতে দেখা যায় নাই।

এই রোগ আরোগ্য হয় না। তবে কাহার ও কাহার ও আপনা আপনি আরোগ্য হইয়াছে।

পেটেন্ট ঔষধে নানারূপ বিষাক্ত দ্রব্য থাকিতে পারে এবং তাহা ব্যবহার না করাই উচিত।

এই রোগের কারণ অজ্ঞাপি ঠিক জানা নাই। তবে শরীরের অন্তরস্থ নিঃসৃত রস সমূহের ব্যতিক্রম এই রোগের কারণ বলিয়া অধুনা পণ্ডিতগণ অনুমান করিতেছেন। Thyroid gland Extract খাইয়া অনেকের উপকার হইয়াছে। Arsenic বহুদিন ব্যবহার করিবার ব্যবস্থা আছে। তবে কোন নিশ্চিত ঔষধ বা চিকিৎসা অজ্ঞাপিও ঠিক হয় নাই।

(৫)

প্রশ্ন—

১। ভগন্দর ব্যাধি হয় কেন? অর্থাৎ ঐ পীড়া উৎপত্তির কারণ কি? সাধারণতঃ কিরূপ ব্যক্তির ঐ পীড়া হইয়া থাকে? উহাতে জীবন নাশের কোন সম্ভাবনা আছে কি না? ঐ পীড়াগ্রস্ত ব্যক্তির পক্ষে কি কি নিষিদ্ধ? শুনিয়াছি বিনা স্নানে ঐ ব্যাধি আরোগ্য হয় না, ইহা প্রকৃত কি না, প্রকৃত না হইলে কি ঔষধে উহা সম্পূর্ণ আরোগ্য হইতে পারে?

২। কোনও জীলোকের প্রসবের পর কত দিন পর্যন্ত ঋতু বন্ধ থাকা স্বাভাবিক? অধিক কাল পর্যন্ত ঋতু বন্ধ থাকে। এই সময় সন্তান স্তনদুগ্ধ পান করিয়া জরায়ুর ক্রিয়া বন্ধ থাকা আবশ্যিক। তবে প্রসবের পর প্রায় দুই বৎসর পর্যন্ত ঋতু বন্ধ থাকিলে কত সময় দুই বৎসর বা অধিককাল পর্যন্ত ঋতু বন্ধ থাকিতে দেখা যায়। ইহার দ্বারা স্বাস্থ্যের কোন বিশেষ ক্ষতি হয় না। “রজঃনিয়ামক বাটিকা” সেবন করিলে পুনরায় অনেকের ঋতু হইতে দেখা যায়।

শ্রীযুগাংশু শেখর ঘোষা

নড়াইল, যশোর

(৬)

উত্তর—

১। ভগন্দর ব্যাধি নানাকারণে হইয়া থাকে। সাধারণতঃ মল দ্বারের নিকট ফোঁটক হইয়া পরে শোষে পরিণত হয় এবং তাহাকেই চলিত ভাষায় ভগন্দর বলা হয়। অর্শরোগীর প্রায় ভগন্দর পাইয়া যায়। ক্ষয়রোগীর মলদ্বারে এইরূপ হইলে সহজে আরোগ্য হয় না। এইজন্য যদি মলদ্বারে শোষ বহুদিনব্যাপী হয় তাহা হইলে তাহা সজ্জ্বত দিচ্ছাস্ত করা হয়। এইরূপ শোষে অস্ত্রচিকিৎসা করা উচিত নহে। তাহা হইলে শরীরে ক্ষয় ব্যাপ্ত হইয়া যায়।

সাধারণতঃ ভগন্দর রোগ জীবন হানিকরক। তবে যে রোগ হইতে ইহা উৎপন্ন হয় সেই রোগে প্রস্তুত হয়। সেইজন্য ইহাদিগকে কদাপি ঔষধে উচিত নহে। ইহাদের মধ্যে তামাকের সকল বর্ধমান থাকে এবং এইজন্য বিষবৎ পরিত্যাজ্য।

এই পীড়াগ্রস্ত ব্যক্তির লক্ষা, অধিক মশলা মাংস ভক্ষণ ইত্যাদি ও স্বাস্থ্যরক্ষার নিয়ম লক্ষ্য রাখি। খুব সাবধানে থাকিলে এই রোগ বিশেষ কোন ক্ষতি হইতে পারে না।

এই রোগ অস্ত্রচিকিৎসার দ্বারা আরোগ্য কিন্তু যদি শরীরে constitutional disease (Dysentery) থাকে তাহা হইলে অস্ত্রচিকিৎসা করা উচিত নহে।

Bismuth Paste কাঁচের পিচকারী দ্বারা এই রোগের বিশেষ উপকার হইয়া থাকে।

২। জীলোকের প্রসবের পরে বৎসর কাল পর্যন্ত ঋতু বন্ধ থাকে। এই সময় সন্তান স্তনদুগ্ধ পান করিয়া জরায়ুর ক্রিয়া বন্ধ থাকা আবশ্যিক। তবে প্রসবের পর প্রায় দুই বৎসর বা অধিককাল পর্যন্ত ঋতু বন্ধ থাকিতে দেখা যায়। ইহার দ্বারা স্বাস্থ্যের কোন বিশেষ ক্ষতি হয় না। “রজঃনিয়ামক বাটিকা” সেবন করিলে পুনরায় অনেকের ঋতু হইতে দেখা যায়।

প্রশ্ন—

১। সূতি ও জর্দা পানের সহিত খাওয়ায় কোন উপকার হয় কি না?  
২। দাঁতে রোগ থাকিলে মস্তিষ্কের কোনরূপ ক্ষতি হয় কি না?  
৩। গরমের সময় শরীরে ঘামাটী উঠে। এইরূপ উপকার কি আর তাহার প্রতিকারই বা কি?  
৪। মুক্তবায়ুতে ভ্রমণ করা বা বসিয়া থাকা কালে দাঁতের রোগ জন্ম মাথাতে বেদনা হইতে পারে কি না?

শ্রীউপেন্দ্র চন্দ্র দত্ত।  
জনসন মেডিকেল মেহ, ঢাকা।

উত্তর—

১। সূতি ও জর্দা কাঁচা দোস্তা ও অগ্নি মসলা মিশ্রিত করিয়া পান করিলে উপকার হয়।  
২। দাঁতের রোগ জন্ম মাথাতে বেদনা হইতে পারে।  
৩। গত মাসের ‘স্বাস্থ্য-সমাচারে’ ১৫৬ পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছে।

৪। গত মাসের ‘স্বাস্থ্য-সমাচারে’ ১৫৬ পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছে।

ভ্রম সংশোধন।

গত মাসের স্বাস্থ্য-সমাচারে প্রকাশিত “পল্লীকথা” নামক প্রবন্ধ আমাদের নিয়মিত লেখক শ্রীযুক্ত বিমলেন্দু বিশ্বাস মহাশয় লিখিয়াছিলেন। ভ্রম বশতঃ প্রবন্ধের সঙ্গে তাহার নাম দেওয়া হয় নাই। সম্পাদক।  
গত শ্রাবণ সংখ্যার প্রেরিত পত্রে “পাঁটুকটা প্রবন্ধের দ্বিতীয় প্রণালীতে” বাইকার্বনেট অফ সোডা প্রয়োগ হলে ৩০ গ্রেণ হইবে। আর, দাস, লেখক।

৪। মুক্তবায়ু সেবন কালে গা খোলা থাকিলে ভালই হয়। তবে অভ্যাস জন্ম অনেকেই পরিচ্ছন্ন দ্বারা ঢাকিয়া রাখেন। আজকাল সভ্য সমাজে গা খোলা রাখা অসভ্যের লক্ষণ বলিয়া পরিপণিত হয়।

(৭)

প্রশ্ন—

১। নারিকেল তৈল ব্যবহার করিলে কোন অপকার হয় কি না?  
২। প্রাতঃকালে স্নান করিলে কোন উপকার আছে কি না?  
৩। লিখিতে হাত কাঁপে কেন এবং কি ঔষধ ব্যবহার করিলে কমে?  
৪। ব্রণ কি কারণ হয় এবং তাহার দাগ কি ঔষধে পরিষ্কার হয়?

শ্রীমতি সুহাসিনী মোদক রায়।  
বিজ্ঞানময়ী এইচ, ই, ইন্সুল।

উত্তর—

১। নারিকেল তৈল ব্যবহারে কোন অপকার নাই। তবে অনেকে এই গন্ধ পছন্দ করেন না। সেইজন্য গন্ধ মিশাইয়া ব্যবহার করেন।  
২। প্রাতঃস্নান স্বাস্থ্যপ্রদ তবে দুর্বল লোকের সহ্য হয় না।  
৩। লিখিতে হাতকাঁপা একটা ব্যাধি, ইহাকে ইংরাজিতে Writer's cramps বলে। নিশ্চিত ফলপ্রদ ঔষধ এই রোগের জানা নাই। তবে লিখার কার্য পরিত্যাগ করিলে অনেক কমিয়া থাকে।  
৪। ব্রণ সম্বন্ধে ‘স্বাস্থ্য-সমাচারে’ গত চৈত্র মাসে আলোচনা হইয়াছে।

চর্মের অভ্যন্তরস্থ রক্তের অভাবে হইয়া থাকে (Absence or want of pigment in the deep layer of the skin); এই রোগ শরীরের সকল স্থানেই হইতে পারে।

২। এই রোগ সংক্রামক নহে। সর্ব শরীরেই এইরূপ অনেক মত্ব দেখা যায়। ইহাদিগকে Albino কহে। তাহারা স্বচ্ছন্দে সকলের সহিত মেশামিশি করিয়া থাকেন এবং সংসার ধর্ম পালন করিতেছেন কিন্তু তাহাদের সংস্পর্শে কাহারও রোগ হইতে দেখা যায় নাই।

এই রোগ আরোগ্য হয় না। তবে কাহার ও কাহার ও আপনা আপনি আরোগ্য হইয়াছে।

পেটেন্ট ঔষধে নানারূপ বিমুক্ত জব্য থাকিতে পারে এবং তাহা ব্যবহার না করাই উচিত।

এই রোগের কারণ অত্যাধিক ঠিক জানা নাই। তবে শরীরের অন্তরস্থ নিঃসৃত রস সমূহের ব্যতিক্রম এই রোগের কারণ বলিয়া অধুনা পণ্ডিতগণ অনুমান করিতেছেন। Thyroid gland Extract খাইয়া অনেকের উপকার হইয়াছে। Arsenic বহুদিন ব্যবহার করিবার ব্যবস্থা আছে। তবে কোন নিশ্চিত ঔষধ বা চিকিৎসা অত্যাধিক ঠিক হয় নাই।

(৫)

প্রশ্ন—

১। ভগন্দর ব্যাধি হয় কেন? অর্থাৎ ঐ পীড়া উৎপত্তির কারণ কি? সাধারণতঃ কিরূপ ব্যক্তির ঐ পীড়া হইয়া থাকে? উহাতে জীবন নাশের কোন সম্ভাবনা আছে কি না? ঐ পীড়াগ্রস্ত ব্যক্তির পক্ষে কি কি নিষিদ্ধ? অনিয়াছি বিনা স্নানে ঐ ব্যাধি আরোগ্য হয় না, ইহা প্রকৃত কি না, প্রকৃত না হইলে কি ঔষধে উহা সম্পূর্ণ আরোগ্য হইতে পারে?

২। কোনও জীলোকের প্রসবের পর কতকাল পর্যন্ত ঋতু বদ্ধ থাকা স্বাভাবিক? অধিক কাল পর্যন্ত প্রসবের পর প্রায় দুই বৎসর পর্যন্ত ঋতু বদ্ধ থাকা তাহা স্বাস্থ্যের পক্ষে ক্ষতি কি না? ক্ষতিকর হইলে কি ব্যবস্থা করা উচিত এবং কি ঔষধ ব্যবহার সম্ভব?

শ্রীস্বধাংশু শেখর ঘোষ।

নড়াইল, যশোর।

উত্তর—

১। ভগন্দর ব্যাধি নানাকারণে হইয়া থাকে। সাধারণতঃ মল দ্বারের নিকট স্ফোটক হইয়া পরে শোষে পরিণত হয় এবং তাহাকেই চর্মিত ভগন্দর ভগন্দর বলা হয়। অর্শরোগীর প্রায় ভগন্দর পাপড়া পায়। ক্ষয়রোগীর মলদ্বারে এইরূপ হইলে সহজে আরোগ্য হয় না। এইজন্য যদি মলদ্বারে শোষ বহুদিনব্যাপী হয় তাহা হইলে তাহা ক্ষয়রোগে সম্ভূত সিদ্ধান্ত করা হয়। এইরূপ শোষে অস্ত্রচিকিৎসা করা উচিত নহে। তাহা হইলে শরীরে ক্ষয় ব্যাপ্ত হইয়া যায়।

সাধারণতঃ ভগন্দর রোগ জীবন হানিকর নহে। তবে যে রোগ হইতে ইহা উৎপন্ন হয় সেই রোগেই জন্ম জীবন হানি হইয়া থাকে।

এই পীড়াগ্রস্ত ব্যক্তির লক্ষ্য, অধিক মশলা মাংস ভক্ষণ ইত্যাদি ও স্বাস্থ্যরক্ষার নিয়ম নিষিদ্ধ। খুব সাবধানে থাকিলে এই রোগ বিশেষ কোন ক্ষতি হইতে পারে না।

এই রোগ অস্ত্রচিকিৎসার দ্বারা আরোগ্য কিন্তু যদি শরীরে constitutional disease (Tuberculosis) থাকে তাহা হইলে অস্ত্রচিকিৎসা করা উচিত নহে।

Bismuth Paste কাঁচের পিচকারী দ্বারা এই রোগের বিশেষ উপকার হইয়া থাকে।

২। জীলোকের প্রসবের পরে বৎসর কাল পর্যন্ত ঋতু বদ্ধ থাকে। এই সময় সম্ভব স্তনদুগ্ধ পান করিয়া জরায়ুর ক্রিয়া বদ্ধ থাকা আবশ্যিক। তবে ঋতু বদ্ধ সময় দুই বৎসর বা অধিককাল পর্যন্ত ঋতু বদ্ধ থাকিতে দেখা যায়। ইহার দ্বারা স্বাস্থ্যের কোন ক্ষতি হয় না। "রজঃনিয়ামক বটিকা" সেবন করিলে পুনরায় অনেকের ঋতু হইতে দেখা যায়।

শ্রীস্বধাংশু শেখর ঘোষ।

নড়াইল, যশোর।

(৬)

প্রশ্ন—

১। সৃষ্টি ও জর্দা পানের সহিত খাওয়ায় কোন উপকার হয় কি না?  
২। দাঁতে রোগ থাকিলে মস্তিষ্কের কোনরূপ ক্ষতি হয় কি না?  
৩। গরমের সময় শরীরে ঘামাচী উঠে। এইরূপ পান করিবার কারণ কি আর তাহার প্রতিকারই বা কি?  
৪। মুক্তবায়ুতে ভ্রমণ করা বা বসিয়া থাকা কালে মস্তিষ্ক কিরূপে ক্রিয়া রাখা উচিত কি না?

শ্রীউপেন্দ্র চন্দ্র দত্ত।

জনসন মেডিকেল মেহ, ঢাকা।

উত্তর—

১। সৃষ্টি ও জর্দা কাঁচা দোস্তা ও অজ্ঞান মসলা মিশ্রিত হইলে প্রস্তুত হয়। সেইজন্য ইহাদিগকে কদাপি খাওয়া উচিত নহে। ইহাদের মধ্যে তামাকের সকল উপকার বর্জমান থাকে এবং এইজন্য বিষবৎ পরিত্যাজ্য।

২। দাঁতের রোগ জন্ম মাথাতে বেদনা হইতে পারে।

৩। গত মাসের 'স্বাস্থ্য-সমাচারে' ১৫৬ পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছে।

ভ্রম সংশোধন।

গত মাসের স্বাস্থ্য-সমাচারে প্রকাশিত "পল্লীকথা" নামক প্রবন্ধ আমাদের নিয়মিত লেখক শ্রীযুক্ত বিমলেন্দু বিশ্বাস মহাশয় লিখিয়াছিলেন। ভ্রম বশতঃ প্রবন্ধের সঙ্গে তাঁহার নাম দেওয়া হয় নাই। সম্পাদক। গত শ্রাবণ সংখ্যার প্রেরিত পত্রে "পাঁউরুটা প্রস্তুতের দ্বিতীয় প্রণালীতে" বাইকার্বনেট অফ সোডা প্রয়োগ হলে ৩০ গ্রেণ হইবে। আর, দাস, লেখক।

৪। মুক্তবায়ু সেবন কালে গা খোলা থাকিলে ভালই হয়। তবে অভ্যাস জন্ম অনেকেই পরিচ্ছন্ন দ্বারা ঢাকিয়া রাখেন। আজকাল সভ্য সমাজে গা খোলা রাখা অসভ্যের লক্ষণ বলিয়া পরিগণিত হয়।

(৭)

প্রশ্ন—

১। নারিকেল তৈল ব্যবহার করিলে কোন উপকার হয় কি না?

২। প্রাতঃকালে স্নান করিলে কোন উপকার আছে কি না?

৩। লিখিতে হাত কাঁপে কেন এবং কি ঔষধ ব্যবহার করিলে কমে?

৪। ব্রণ কি কারণ হয় এবং তাহার দাগ কি ঔষধে পরিষ্কার হয়?

শ্রীমতি সুহাসিনী মোদক রায়।

বিষ্ণাময়ী এইচ, ই, ইন্সুল।

উত্তর—

১। নারিকেল তৈল ব্যবহারে কোন উপকার নাই। তবে অনেকে এই গন্ধ পছন্দ করেন না। সেইজন্য গন্ধ মিশাইয়া ব্যবহার করেন।

২। প্রাতঃস্নান স্বাস্থ্যপ্রদ তবে দুর্বল লোকের সহ হয় না।

৩। লিখিতে হাতকাঁপা একটা ব্যাধি, ইহাকে ইংরাজিতে Writer's cramps বলে। নিশ্চিত ফলপ্রদ ঔষধ এই রোগের জানা নাই। তবে লিখার কার্য পরিত্যাগ করিলে অনেক কমিয়া থাকে।

৪। ব্রণ সম্বন্ধে 'স্বাস্থ্য-সমাচারে' গত চৈত্র মাসে আলোচনা হইয়াছে।

## বিবিধ সংগ্রহ।

সিংহলের জনসংখ্যা :- ১৮৭১ সালে সিংহলের জনসংখ্যা ২৪ লক্ষ ছিল, ১৯১৫ সালে ৪০ লক্ষ হইয়াছে। এখানকার অধিবাসীদের মধ্যে স্ত্রীলোক অপেক্ষা পুরুষের সংখ্যা বেশী। অর্থাৎ ১০০ স্ত্রীলোকে ১১৩ জন পুরুষ। ইউরোপে পুরুষ অপেক্ষা স্ত্রীলোক বেশী।

স্বাস্থ্য ও টিকা—গত ১৯১৫ খৃষ্টাব্দে বঙ্গদেশের স্বাস্থ্য ও টিকা দেওয়ার বিবরণিতে দৃষ্ট হয় যে ঐ বৎসর স্বাস্থ্যের জন্ম অপেক্ষা মৃত্যুর সংখ্যা অধিক হইয়াছে। ১৮৯২ খৃষ্টাব্দের পর নাকি এইরূপ আর কখনও হয় নাই। কর্তৃপক্ষ বলিয়াছেন যে কলেরা, বসন্ত প্রভৃতি রোগের প্রাদুর্ভাব এ মৃত্যুসংখ্যা বৃদ্ধির কারণ। শিশু মৃত্যুর সংখ্যা কিঞ্চিৎ হ্রাস পাইলেও আলোচ্য বৎসরে মোট মৃত্যুসংখ্যা অধিক হওয়া দুঃশ্চিন্তার বিষয় সন্দেহ নাই। সরকারী হিসাবে দেখা যায় যে বঙ্গদেশে বসন্ত রোগে মৃত্যুর সংখ্যা ক্রমে বাড়িতেছে।—(যশোহর)

পা ও হাতের মূল্য—বর্তমান যুদ্ধে যাহারা হাত পা হারাইতেছে, তাহাদিগকে নিম্ন হারে প্রতি সপ্তাহে পেনশন দেওয়া হয়।

পা—পাছা পর্য্যন্ত যাইলে ১২%, উরু পর্য্যন্ত যাইলে ১০%, হাঁটুর উপর পর্য্যন্ত যাইলে ৯%, হাঁটুর নিম্ন পর্য্যন্ত যাইলে ৭%।

হাত—ডান হাত, ও কাঁধ পর্য্যন্ত যাইলে ১২%, বাম হাত ঐ ১১%, ডান হাত, কনুই বা তাহার উপর পর্য্যন্ত যাইলে ৯%, বাম হাত, ঐ ৮%, ডান হাত, কনুইএর নিম্নে যাইলে ৮%, বাম হাত, ঐ ৭%।

এই তালিকায় দেখিতেছি, ডান হাতের দাম বাম হাত অপেক্ষা ৫% বেশী, আর দুই পদের দামের মধ্যে কোন প্রভেদ নাই!—(নববঙ্গ)

শিশুর মৃত্যু :- 'সঙ্গীবনীতে প্রকাশ'—১৯১১ সালে ইংলণ্ডে ১ বৎসর তাহার নূন বয়সের হাজার ১১৪ জন শিশুর মৃত্যু হইয়াছে। ভারতবর্ষে ১ বৎসরে ঐ মৃত্যু সংখ্যা তিন শতেরও বেশি। হৃদয় দেখা যাইতেছে যে ভারতবর্ষে যত শিশু জন্মে তাহাতে তৃতীয়াংশ ১ বৎসর উত্তীর্ণ হইতে না হইতে কালপ্রাপ্ত পতিত হইয়া থাকে। ভারতবর্ষের সহিত তুলনা ইংলণ্ডে শিশুমৃত্যু একান্ত নগণ্য, কিন্তু ইংলণ্ডে মৃত্যুসংখ্যা অতি ভীষণ বলিয়া বিবেচিত হইয়া থাকে এবং এই মৃত্যু-বাহুল্য চিকিৎসা শাস্ত্রের ও স্বাস্থ্যবিভাগের কলঙ্কের কারণ বলিয়া মনে করা হয়। ইংলণ্ডে কোন কোন স্থানে স্বাস্থ্য রক্ষার প্রেষণতর ব্যবস্থা করিয়া শিশুর মৃত্যু হাজার করা ১১৪ এর স্থলে ৫৫ করা হইয়াছে।

ভারতবর্ষের দুর্ভাগ্য শিশুদিগকে অতি-মৃত্যু হইতে রক্ষা করিবার কি কোন চেষ্টাই হইতে পারে না। আমরা তো নানারূপেই মরি, নানারূপেই মৃত্যুগত হইয়াছি। এখন ভারতবাসী বাঁচিবার জন্ত উগ্র-চেষ্টা না করিলে সোনার ভারত ধীরে ধীরে মহানন্দ পরিণত হইবে।

বিহার ও উড়িষ্যার স্বাস্থ্য :- ১৯১৫ সালে স্বাস্থ্যবিবরণ পাঠে অবগত হওয়া যায় যে বিহার ও উড়িষ্যার মৃত্যুসংখ্যা হাজার করা প্রায় ৪ জন হইয়াছে। কলেরা, বসন্ত, প্লেগ ও ম্যালেরিয়া চারিটি সংক্রামক ব্যাধি এ প্রদেশে প্রবল হইয়া থাকে। বসন্ত ছাড়া অপর তিনেরই প্রকোপ ভীষণ হইয়াছে। ১৯১৪ সালে ম্যালেরিয়ায় ৫১৬৬৭ জন মৃত্যু হয়। ১৯১৫ সালে উক্ত সংখ্যা বৃদ্ধি পাইয়া ৬০০০ হইয়াছে। এই হিসাবে দেখা যায় যে ১৯১৪ হইতে ১৯১৫ সালে নূতন প্রদেশে এক ম্যালেরিয়া ব্যাধিগত মৃত্যু হইয়াছে।

এতদিন লোকের মনে ধারণা ছিল বিহার ও উড়িষ্যার স্বাস্থ্যকর কিন্তু এখন দেখিতেছি সেই ধারণাও ভুল হইবে। নূতন প্রদেশের গভর্ণমেন্ট ও শিক্ষিত ব্যক্তিগণ মৃত্যুর কবল হইতে জনসাধারণকে রক্ষা করিবার চেষ্টা করুন।—(সঙ্গীবনী)

## স্বাস্থ্য-সমাচার



“শরীরমাতং খলু স্বাস্থ্যসাম্রাজ্যম্”

পঞ্চম বর্ষ।

কার্তিক ১৩২৩ সাল

সপ্তম সংখ্যা।

## বঙ্গের হাঁসপাতাল ও দাতব্য ঔষধালয়।

(সরকারী রিপোর্ট)।

সামরিক কার্যের জন্ত অনেক চিকিৎসক স্থানান্তরে গমন বা ওয়াতে, গতবর্ষে (১৯১৫) গভর্ণমেন্টের এই বিভাগের কার্য আশাহুরূপ হয় নাই। সর্ব সময়ে গতবর্ষে ৩৫ জন আই, এম্, এন্স অফিসার, ২৬ জন মিলিটারী এসিস্ট্যান্ট সার্জেন এবং ৫২ জন সব্ এসিস্ট্যান্ট সার্জেন সামরিক কার্যে নিযুক্ত ছিলেন। আই, এম্, এন্স মিলিটারী সার্জেনের পদে কয়েক জন অবসরপ্রাপ্ত সার্জেনকে পুনরায় গ্রহণ করা হইলেও অধিকাংশ-সার্জেনই মিলিটারী এসিস্ট্যান্ট সার্জেনরই মিলিটারী-সার্জেনের কার্যে নিযুক্ত ছিলেন। মিলিটারী-এসিস্ট্যান্ট সার্জেনের সংখ্যা ১৯১৪ সালে ৩১০ জন হইয়াছিল এবং ১৯১৫ সালে ৩১০ জন হইয়াছিল এবং তাহারা সূচকরূপে সামরিক কার্যে নিযুক্ত ছিলেন। এই বিভাগের কার্য চালাইবার জন্ত অল্প সংখ্যক নূতন মিলিটারী-এসিস্ট্যান্ট-সার্জেন ও সব্-এসিস্ট্যান্ট সার্জেন নিযুক্ত করা হইয়াছিল এবং তাহারা সূচকরূপে সামরিক কার্যে নিযুক্ত ছিলেন।

সামরিক কার্যে অনিচ্ছা। সব্-এসিস্ট্যান্ট-সার্জেনরা সামরিক কার্যে যোগদান করিতে বিশেষ অনিচ্ছা প্রকাশ করিয়াছিলেন। গভর্ণমেন্ট অনেক কষ্টে বঙ্গের ৩০১ জন সব্-এসিস্ট্যান্ট-সার্জেনের মধ্যে মাত্র ৬৫ জনকে সামরিক কার্যের জন্ত পাইয়াছেন। অতি অল্প লোকই নিজে ইচ্ছা করিয়া কার্য করিবার উদ্দেশে আসিয়াছিলেন এবং পাছে সামরিক কার্যে যাইতে হয় এই ভয়েই ২১ জন সব্-এসিস্ট্যান্ট-সার্জেন চাকরী ছাড়িয়া দেওয়াই সুবিধাজনক মনে করিয়াছিলেন। সামরিক কার্যে ভীতির জন্তই গভর্ণমেন্টের কার্যে সব্-এসিস্ট্যান্ট-সার্জেন পাওয়া একরূপ বন্ধ হইয়াছে, আপাততঃ কেবল সাময়িকভাবে লোক নিযুক্ত করা হইতেছে।

হাঁসপাতাল ও ঔষধালয় সমূহ। বঙ্গের মোট ৬২৫টা হাঁসপাতাল ও দাতব্য ঔষধা-

নগরের মধ্যে ১০টি কলিকাতা সহরে এবং ৬৭৬টি মফস্বলে অবস্থিত। গত পূর্ববর্ষে (১৯১৩) মোট ৬৬৯টার, ২০টা কলিকাতায় ৬৪৯টা মফস্বলে ছিল। অর্থাভাবে কলিকাতার একটা দাতব্য ঔষধালয় বন্ধ হইয়া যায়। গতবর্ষে মফস্বলে হাঁসপাতাল ও ঔষধালয়ের সংখ্যাটি ৩৭ বৃদ্ধি পাইয়াছে এবং ১০টা বন্ধ হইয়াছে। বৃদ্ধি প্রাপ্ত সংখ্যার মধ্যে ৩১টা ঔষধালয় নূতন স্থাপিত হইয়াছে। তন্মধ্যে ২১টা জেলা বোর্ডের, ৩টা খাস সরকারী, ১টা সরকারী সাহায্যপ্রাপ্ত-বেসরকারী ও ৫টা রেলওয়ে ঔষধালয়। তিন মাসের জন্ত বর্ধমান জেলার খারী নদতে একটা নৌ-ঔষধালয় খোলা হইয়াছিল। মুর্শিদাবাদ জেলাবোর্ড পরীক্ষার জন্ত একটা সঞ্চরণশীল বা যাবাবর ঔষধালয় (Travelling Dispensary) খুলিয়াছিলেন। বরিশাল জেলা বোর্ডও পরীক্ষার জন্ত একটা নৌ-ঔষধালয় খোলার চেষ্টায় আছেন।

**নূতন বাতি।** গতবর্ষে যে সকল নূতন বাতি প্রভৃতি নির্মিত হইয়াছে তন্মধ্যে নিম্নলিখিতগুলি বিশেষ উল্লেখযোগ্য:—হাওড়া জেনারেল হাঁসপাতালের সঙ্গে স্থাপিত কারমাইকেল নাসেস্ হোম। রাজা শ্রীযুক্ত জগৎকুমার মুখোপাধ্যায় প্রদত্ত ৩০ হাজার টাকা ব্যয়ে ইহা নির্মিত হইয়াছে।

বর্ধমান ফ্রেজার হাঁসপাতালের সংস্কারে স্থাপিত লেডি কারমাইকেল জেনানা হাঁসপাতাল বর্ধমানের মহারাজাধিরাজ বাহাদুর ও গভর্নমেন্ট ইহার জন্ত অর্থ ব্যয় করিয়াছেন।

সিউডি হাঁসপাতালের সংস্কারে ১৪ হাজার টাকা ব্যয়ে নির্মিত দাতব্য ঔষধালয়ের বাতি। রায় শ্রীযুক্ত রজনভূষণ মুখোপাধ্যায় বাহাদুর এই সদগুষ্ঠানের জন্ত অর্থ দান করিয়াছেন।

মেদিনীপুরে নির্মিত নূতন হাঁসপাতাল বাতি।

১ টাকা মিডফোর্ড হাঁসপাতালে সেবাকারিগণের থাকিবার বাতি ও সংক্রামক রোগগণের জন্ত নির্মিত পৃথক বাতি।

বহরমপুর হাঁসপাতালে নূতন নির্মিত দাতব্য ঔষধালয়। ইহাতে ১৮ হাজার টাকা ব্যয় হইয়াছে। এই সংখ্যা ৮,১৫৫ ছিল। মফস্বলে, বিশেষতঃ লালগোলায় বদান্ত রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ ঠাকুর ও রাজসাহী বিভাগে কলোরা রোগ বিশেষ বৃদ্ধি রায় বাহাদুর এই সদগুষ্ঠানের ব্যয় ভার হইয়াছিল।

**বসন্ত—**গত বর্ষে কলিকাতায় বসন্তরোগের প্রভাব প্রাত্যহিক হইয়াছিল। ১৯১৪ নবেম্বর মাস কলিকাতার হাঁসপাতাল সমূহের মধ্যে ২১৪৩ জন রোগী আক্রান্ত করিয়া ১৯১৫ জানুয়ারী পর্যন্ত ৫২৪ থাকিবার ব্যবস্থা ছিল, গত পূর্ব বর্ষে ইহা আশ্রয় বসন্তে মৃত্যু হইয়াছিল। মার্চ মাসের মধ্যে ৯ জন কম থাকিতে পারিত। মফস্বলের হাঁসপাতাল সমূহে ৩২২৭ জনের ব্যবস্থা ছিল কিন্তু গত পূর্ব বর্ষে হইতে এই রোগের প্রভাব ক্ষুণ্ণ কমিতে আশ্রয় ৩৮০২ জন থাকিতে পারিত। অনেক স্থলে আগষ্ট মাসের শেষে একেবারে নিবারণিত রোগিণীর বিভাগ খোলাই মফস্বলের এই বৃদ্ধির কারণ ছিল। কলিকাতার বাহিরেও এই রোগের বৃদ্ধি

**চিকিৎসিতের সংখ্যা—**গত বর্ষে প্রেসিডেন্সি ও বর্ধমান বিভাগে বসন্তে বঙ্গদেশে ৬,৫৮১,০৭২ জন চিকিৎসা-সাহায্যের সংখ্যা ১৩,৮২২ ও ২৪০০ হইয়াছিল। গত বর্ষে হইয়াছে। গত পূর্ব বর্ষে এই সংখ্যা ৬,০০২,০৬১ বর্ষে এই সংখ্যা মাত্র ২৬৬০ ও ১৬৬২ ছিল। মোটের উপর চিকিৎসিতের সংখ্যা ৪২,১১১ হাঁসপাতাল সমূহেও বসন্ত রোগীর সংখ্যা বৃদ্ধি বৃদ্ধি পাইয়াছে। কলিকাতার ১২টা স্থানে ৩,১১১ জন হাঁসপাতালের এবং ৩৬২,৩২৬ জন বাহিরে—সহরের অধিবাসিগণের মধ্যে মৃত্যুর রোগীর চিকিৎসা হইয়াছে। গত পূর্ব বর্ষে অনেক কম হইয়াছিল। গত পূর্ব বর্ষের স্থানে ৩৩,০১০ জন ও ৫৫৫,৬৬৭ জন রোগীর চিকিৎসা সংখ্যার স্থলে গত বর্ষে ১৫০৮ হইয়াছিল।

কলিকাতার হাঁসপাতাল সমূহে ৬৭৩ জন যক্ষ্মা রোগীর চিকিৎসা হইয়াছিল। তন্মধ্যে ক্যাশেল হাঁসপাতালেই ৬২,৭২৭ জন আশ্রিত রোগীর ও ৫,২৮০,৮৪১ অপেক্ষা অধিক, তথায় ৫৪৪ জন রোগী ভর্তি বাহিরের রোগীর চিকিৎসা হইয়াছিল। গত পূর্ব বর্ষে হইয়াছিল। মফস্বলের হাঁসপাতাল সমূহে ৫৫৭ জন যক্ষ্মা এই সংখ্যা যথাক্রমে ৬০,৬০৫ ও ৫,৫১০,৭১২ ভর্তি হইয়াছিল। গত পূর্ব বর্ষে এই সংখ্যা ৫১২ হাঁসপাতাল ইত্যাদির সংখ্যা বৃদ্ধি, লোকের এই

স্থানের চিকিৎসার উপর বিশ্বাস বৃদ্ধি এবং ম্যালেরিয়া—কলিকাতার বা মফস্বলের জেলায় রোগ বৃদ্ধিই মফস্বলে চিকিৎসিত রোগীর সংখ্যা হইয়াছিল। এই সকলের বৃদ্ধির কারণ।

**কলেব্রা—**কলিকাতা সহরে কলেব্রার প্রাদুর্ভাব হইয়াছিল। গত বর্ষে ৩০৫২ জন আশ্রিত ও ৩৩,৩০২ জন আশ্রিত ছিল। মোট কলেব্রায় মৃতের সংখ্যা ১১১০ হইতে আর কোন বর্ষে কলেব্রায় মৃতের সংখ্যা হইয়াছিল। এই সকলের মাত্র, ১৯১০ হইতে আর কোন বর্ষে কলেব্রায় মৃতের সংখ্যা হইয়াছিল। মফস্বলের লোকসংখ্যা এত কম হয় নাই। মফস্বলে হাঁসপাতাল ও ঔষধালয় সমূহে মোট ১৬,৮০,২৮০ জন আশ্রিত ও বহিঃস্থ কলেব্রা রোগীর সংখ্যা হইয়াছিল। গত পূর্ব

বর্ষে ম্যালেরিয়া রোগীর সংখ্যা কলিকাতায় ২৭৮০ ও ২২,৮১৭ এবং মফস্বলে ১৩,৭৫,২৮৩ ছিল।

**অস্ত্র-চিকিৎসা—**কলিকাতা হাঁসপাতাল সমূহে গতবর্ষে ৩৪,০৫৪ জন রোগীর অস্ত্র চিকিৎসা করা হইয়াছিল। গত পূর্ব বর্ষে এইরূপ রোগীর সংখ্যা ৩৫,৬৫৮ ছিল। মফস্বলে অস্ত্র চিকিৎসার সংখ্যা বৃদ্ধি পাইয়াছিল। ১৯১৪তে এই সংখ্যা ১১৬,৩০৪ ছিল এবং গত বর্ষে ১২০,০১৩ হইয়াছিল।

**আস্ত্র-ব্যয়—**বঙ্গের হাঁসপাতাল ও দাতব্য ঔষধালয় সমূহের ফণ্ডে গত পূর্ব বর্ষের ৪৮৪,২৮০ টাকা উদ্ভূত হইয়াছিল এবং গত বর্ষে মোট ২,৯২,৭,৮১ টাকা আদায় হইয়াছিল। গত বর্ষের এই সকল কার্যের-জন্ত মোট ব্যয়ের পরিমাণ ২৭,২৫,৯২৭ টাকা। গভর্নমেন্ট হাঁসপাতাল ইত্যাদি পরিচালনের জন্ত ১২,২৫,২৫৮ টাকা দিয়াছিলেন। লোকাল ফণ্ড ও মিউনিসিপালিটিগুলি হইতে যথাক্রমে ৬,৩৬,০৬১ টাকা ও ৩,০৩,৩৭২ টাকা পাওয়া গিয়াছিল। সাধারণের প্রদত্ত টাকার পরিমাণ ৩,৭৩,৫৫১ ছিল।

কলিকাতার হাঁসপাতাল ইত্যাদির জন্ত ১৬,১৫,৫৭৮ টাকা আদায় ও ১৬,০৮,৭৫৩ টাকা ব্যয় হইয়াছিল। এক নূতন চক্ষু হাঁসপাতালের জন্ত জমি কিনিতেই প্রায় ২,২২,০০০ টাকা ব্যয় করা হইয়াছিল।

মফস্বলের হাঁসপাতাল ও ঔষধালয়ের জন্ত ১১৩,১১,৪৮৩ টাকা আদায় ও ১১,৮৭,২৪৪ টাকা ব্যয় হইয়াছিল। লোকাল ফণ্ড ও সাধারণের দান হইতে এই টাকা অধিকাংশ পাওয়া গিয়াছে। মিউনিসিপালিটি ও গভর্নমেন্ট প্রদত্ত অর্থের পরিমাণ অপেক্ষাকৃত অল্প।

দাতৃগণের মধ্যে নিম্নলিখিত নামগুলি উল্লেখ-যোগ্য, শ্রীযুক্ত কেদারনাথ বন্দ্যোপাধ্যায়, ইনি হাওড়া জেলার বালটিকরি ঔষধালয়ের জন্ত ৪২,০০০ টাকা দিয়াছেন। রাজা শ্রীযুক্ত জ্যোৎস্নাকুমার মুখোপাধ্যায়, ইনি হাওড়া জেনারেল হাঁসপাতালে নাস-গণের থাকিবার বাতি নির্মাণ জন্ত ৬০,০০০ টাকা দান করিয়াছেন। শ্রীযুক্ত অন্নদাকুমার ঘোষ ও শ্রীযুক্ত রাজেন্দ্রকুমার ঘোষ, ইহার

অর্থ দান করিয়াছেন।

খুলনা জেলার নওয়াপাড়ায় একটি হাসপাতাল নির্মাণ  
অর্থ সাধনক্রমে ১৭,১২৯ ও ৫,৮০০ টাকা দিয়াছেন।  
শ্রীযুক্ত মঙ্গেশনাথ ঘোষ, ইনি ২৪ পরগণার নওয়াপাড়ায়  
একটি দাতব্য ঔষধালয় স্থাপনের ব্যয় স্বরূপ ১৫,০০০  
টাকা দান করিয়াছেন। শ্রীমতী রাধারাণী দেবী, ইনি  
মহীয়ার শান্তিপুর ঔষধালয়ে একটা জীবিতাগ খোলা  
ও এক জন স্ত্রী চিকিৎসক রাখার অর্থ ১০,০০০ টাকা  
দিয়াছেন। মালগোলায় রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ

রায় বাহাদুর, ইনি বহরমপুর হাসপাতালের  
ঔষধালয় নির্মাণের ১৮,০০০ হাজার টাকা ব্যয়  
বহনে প্রতিশ্রুত হইয়া গত বর্ষে তন্মধ্যে ৮০০০  
দিয়াছেন। শ্রীযুক্ত বি, কে, রায় মহাশয় দশঘরায়  
ঔষধালয়ের বাটা নির্মাণ করিয়া, তাহা পরিচালনা  
অর্থ ৫০০০ টাকা দিয়াছেন। রায় শ্রীযুক্ত সীতল  
রায় বাহাদুর ঢাকা জেলার শেখের মগরে  
ঔষধালয় স্থাপনের অর্থ ৭০০০ টাকা দান করিয়াছেন।

এই উহাজে অধিক পরিমাণ পালো প্রাপ্ত হওয়া  
এতদ্বারা বহু শতীর পালোতে যে একটু তিক্ত  
এক প্রকার গন্ধ থাকে তাহা শতীর  
আরাকুট এবং শটী এক  
দেখিতে প্রায় একই প্রকার। নাইনিভাল  
নিয়মিত হইয়া থাকে এবং উহা হলদোয়ানি  
( Huldwani arrowroot ) নামাক্রিত টিনে  
বিক্রয় হয়। প্রায় ৩৫ বৎসর পূর্বে রাজ-

মধ্যে আমি এ পথ্য বহুলরূপে ব্যবহার করিয়াছি।  
পশ্চিমোত্তর প্রদেশের লোকেরা সাধারণতঃ সিন্ধুর  
ময়দার রুটী, পিষ্টক ও হালুয়া প্রস্তুত করিয়া আহাশ  
করিয়া থাকে। আয়ুর্বেদ মতে পানিফল “নীতবীর্ধ্য—  
বীর্ধ্যকারক, শুক্রজনক, পিত্ত নাশক, দাহন, মলরোধক  
এবং রক্তদোষ নিহারক।”

নাখানা বা তালনাখানা।—এই  
দ্রব্যটি বঙ্গদেশে পাওয়া যায় কি না আমি অবগত নহি।  
বিহারে এবং যুক্তপ্রদেশে ইহা মচরাচর বাজারে বিক্রীত  
হয়। ইহা এক প্রকার জলজ বৃক্ষের কন্দ, তাল তলাও  
বা পুষ্করিণীতে জন্মায় বলিয়া ইহাকে “তালনাখানা”  
বলে। ঐ সকল দেশে শুষ্ক মাখানার চূর্ণ বা আটা  
রোগীর পথ্যরূপে ব্যবহৃত হইয়া থাকে। ইহা ছুঙ্কের  
সহিত পাক করিয়া ব্যবহার করাই নিয়ম। বঙ্গভুক্ত  
স্ত্রীলোকেরা স্তন্য বৃদ্ধি করিবার জন্তও তাল-মাখানা  
আহার করিয়া থাকে। প্রাচীন আয়ুর্বেদীয় গ্রন্থে  
“মাখান” নামে ইহার উল্লেখ আছে। ইহা “বীর্ধ্যবর্দ্ধক,  
বলকারক, মলরোধক, পিত্ত নিহারক, স্তন্যবর্দ্ধক, রক্ত-  
দোষ নাশক এবং দাহন বলিয়া বর্ণিত হইয়াছে।  
আমাদের দেশে “শালুক” নামক একটি জলজ কন্দ  
প্রাপ্ত হওয়া যায়। ইহার সহিত মাখানার খুব  
সাদৃশ্য আছে। সম্ভবতঃ বাংলাদেশের শালুক এবং  
পশ্চিমোত্তর প্রদেশের তালমাখানা একই দ্রব্য কিংবা  
একজাতীয় দ্রব্য। ইংরেজি ভৈষজ্যগ্রন্থে হাইগ্রো-  
ফিলা ( Hygrophila ) নামক একটি দ্রব্যের উল্লেখ  
আছে। ইহার বর্ণনাতে মাখানা এবং শালুকের  
অনেকটা সাদৃশ্য পাওয়া যায়। ইহা ভারতবর্ষে উৎপন্ন  
হয় এবং ভারতবর্ষের লোকেরা ইহার পত্র, শাখা, এবং  
কাণ্ড স্নিগ্ধকর ( demulcent ) এবং মূত্র নিঃসারকরূপে  
শোথ, মূত্রাশয় এবং মূত্রনালী প্রদাহে ব্যবহার করিয়া  
থাকে বলিয়া লিখিত হইয়াছে। মূলের বা কন্দের  
ব্যবহারের কোন উল্লেখ নাই।

বেশুর।—ইহাও আর একটি জলজ কন্দ।  
ইহা নীতল, রক্ত, পিত্ত, দাহ ও চক্ষুরোগনাশক এবং

## আমাদের দেশের কয়েকটা ফল মূল ।

( পূর্বে প্রকাশিতের পর )

রায়বাহাদুর শ্রীনবীনচন্দ্র দত্ত লিখিত—

শক্তি।—শটী একটি হরিদ্রাজাতীয় গুল্ম।  
আমাদের দেশে,—বিশেষতঃ উত্তর এবং পূর্ব বঙ্গে  
বনে জন্মে, এবং “আগাছা” রূপে গৃহস্থের বাগানে,  
উহা প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। শটী গাছ বাগানে  
জন্মিলে উৎপাটন করিয়া স্থান পরিষ্কার করা ভিন্ন অল্প  
কোন কারণে উহার প্রতি কেহ বড় মনোযোগ করে  
না। সময়ে সময়ে পল্লীগ্রামের দরিদ্র লোকেরা উহার মূল  
কুড়াইয়া শুষ্ক ও চূর্ণ করত তাহা কয়েক বার জলে  
খোঁত করিয়া এক প্রকার পালো প্রস্তুত করে এবং  
তাহা দ্বারা পিষ্টকাদি নির্মাণ করিয়া আহাশ করিয়া  
থাকে। এই একান্ত উপেক্ষিত ক্ষুদ্র বহু গুল্মের মধ্যে  
যে একটি অতিশয় পুষ্টিকর ঋতু এবং রোগীর পক্ষে  
অতি উৎকৃষ্ট পথ্য বর্তমান আছে তাহা মচরাচর সকলে  
অবগত নহেন। গত জ্যৈষ্ঠ মাসের স্বাস্থ্যসমাচার  
পত্রে শ্রীযুক্ত ডাঃ-বসন্ত কুমার চৌধুরী লিখিত শটীর  
পালো-শীর্ষক প্রবন্ধে এই দ্রব্যের বিশেষ পরিচয় দেওয়া

হইয়াছে। স্মরণ্যং তৎসম্বন্ধে এ স্থলে আর অধিক  
নিপ্রয়োজন। কয়েক বৎসর পূর্বে নোয়াখালির  
খানায় শটীর চাষ করিয়া এবং তৎসম্বন্ধে শটী  
স্বার্থীতি পালো প্রস্তুত করিয়া উহার উপকারিতা  
বিশেষরূপে পরীক্ষা করিবার আমার সুবিধা হইয়াছিল  
নানাপ্রকার উদরাময় এবং আমাশয় রোগে  
পালো যে একটি অতি উপাদেয় এবং উপযুক্ত  
ইহাতে কিছু মাত্র সন্দেহ নাই। অস্ত্রাঘ্ন রোগে  
ব্যবহৃত হইতে পারে। রোগ মুক্তির পর  
স্বাস্থ্য লাভের অবস্থায় শটীর পরমাণ বা বর্ধি,  
আমলকী বা হরীতকীর মোরবার সহিত,  
উপাদেয় এবং ফলদায়ক প্রান্তরাশ হইতে পারে।  
শটীর কন্দ আকারে বড় এবং ওজনে ভারি

Indian Medical Gazette of May 1903, U  
tomed plants and prevalence of bowel com  
২। তিক্ত দ্রব্য, ভক্ষণ করিবার পূর্বে কি পরে খাওয়া উচিত?

৩। জ্বালা পোকা প্রদীপে পড়িলে কি কোন পানীয় উঠে এবং তৎক্ষণ স্বাস্থ্যের হানি হয়? যদি হয় তাহা হইলে প্রতিকারের উপায় কি?

৪। কই প্রভৃতি কোন কোন মৎস্তের মস্তিষ্কে কই প্রভৃতি কোন কোন মৎস্তের মস্তিষ্কে কই প্রভৃতি কোন কোন মৎস্তের মস্তিষ্কে কই প্রভৃতি কোন কোন মৎস্তের মস্তিষ্কে

৫। বলিয়া এক প্রকার শক্ত ছোট পদার্থ ১টি খাইলে কি আমাদের বিশেষতঃ পুরুষদের

৬। উহা নিবারণের উপায় কি? উহা নিবারণের উপায় কি?

৭। উক্ত দ্রব্য খাওয়া নিষেধ?

৮। শ্রীচণ্ডীচরণ ঘোষাল, শিক্ষক, হাইস্কুল, চন্দ্রকোনা।

৯। শীতকালে এইরূপ বস্ত্র পরিধান করিয়া শয়ন করিলে স্বাস্থ্যের কোন হানি হয়?

১০। গ্রীষ্মকালে ইহাতে কষ্ট হইতে পারে কি? তিক্ত দ্রব্য অপর দ্রব্য ভোজনের পূর্বেই খাওয়া উচিত।

১১। গ্রীষ্মকালে ইহাতে কষ্ট হইতে পারে কি? তিক্ত দ্রব্য অপর দ্রব্য ভোজনের পূর্বেই খাওয়া উচিত।

১। মাছের মস্তকে যে শক্ত পদার্থ থাকে তাহা কাটা জাতীয়। ইহার কোন ঋণ নাই। ইহা খাইলে পাথরী হয় একথা ঠিক নহে।

(৫)

প্রশ্ন—

১। কুলের আঁটির শাঁস মধুর সহিত মাড়িয়া জিহ্বায় লাগাইলে হিকা রোগ ভাল হয় কি না?

২। উক্ত কচি পাতা রগড়াইয়া জলে গুলিয়া হাতের ও পায়ের পাতায় মাখাইয়া দিলে হাত বা পায়ের জ্বালা নিবারণ হয় কি না?

৩। স্ত্রীলোকদিগের মাসিক ঋতুকালীন জ্বর হয় কেন? এবং ইহার প্রতিকারের উপায় কি? আর জ্বর হইলে বা বেশী শ্রাব হইলে দেহের কোন ক্ষতি হয় কি? যদি তাহাই হয়, এমন কি ঔষধ খাইলে স্বাস্থ্য ভাল থাকে ও মোটা হইতে পারে?

এন, সি, সাহা;

৪ নং, মুল্লিবাজার রোড, কলিকাতা।

উত্তর—

১। হিকা অতি কষ্টকর উপসর্গ, আরম্ভ হইলে সহজে বন্ধ হয় না। নানা রকমের ঔষধ এই উপসর্গ আরোগ্যের জন্য ব্যবহৃত হয়, কিন্তু কেহই স্থায়ী ফল দেখাইতে পারে না। ১০।১২ দিন ভোগের পর এই উপসর্গ আপনি দূরীভূত হয়।

২। কচি পাতার রস ব্যবহার সম্বন্ধে আমাদের কিছু জানা নাই, কিন্তু ইহা লাগাইলে কোন ক্ষতি হইবে না।

৩। স্নেহ অবস্থার মাসিক ঋতুকালীন জ্বর হওয়া উচিত নয়। ঋতুর সময় জ্বর হইলে বা পেটে কোন বেদনা হইলে স্-চিকিৎসকের দ্বারা চিকিৎসা করা কর্তব্য। জ্বর হইলে ও শ্রাব বেশী হইলে শরীরের ক্ষতি হইবে।





ভোজননীতির জন্ত পরিণামে তাঁহাদিগের আহারশক্তিটা বন্ধ হইয়া যায়। সুতরাং পাকস্থলের ভয়ে তাঁহারা অস্থির হইতে থাকেন।

যৌবনেই বাহারা অজীর্ণতার ভয়ে, পাকস্থলের নিত্য দাস হইয়া পড়েন, সমস্ত জীবনটাই তাঁহাদিগকে ভয়ে ভয়ে কাটাইতে হয়। যুবাব পক্ষে পাকস্থলীর দুর্বলতা একটা মনগড়া ব্যাপার। কিন্তু বয়স্ক ব্যক্তির পক্ষে পাকস্থলীর দুর্বলতা স্বাভাবিক এবং পূর্বকৃত বধেচ্ছাচারের অলঙ্কারী প্রায়শ্চিত্ত স্বরূপ। বাহাদিগের পাকস্থলীর পরিপাকশক্তি দুর্বল, তাঁহারা সাধারণতঃ বংশাত্ত্বক্রমে দোহাই দিয়া পূর্বপুরুষদিগের ভুলেই সকল দোষ চাপাইয়া সাধনা লাভের চেষ্টা করিয়া থাকেন। তাঁহারা প্রায়ই কথোপকথন প্রসঙ্গে বলিয়া থাকেন; তাঁহার পিতার পিতা তন্তু পিতার পাকস্থলীর পরিপাকশক্তি দুর্বল ছিল সুতরাং তাঁহাকেও অগ্নিমান্দ্য হেতু ক্লেশ পাইতে হইতেছে, “বাপকা বেটা শিপাহীকা বোড়া” প্রবাদের মহিমা বিনষ্ট হইবার নহে, “পুত্রঃ পিতৃশুণং যতে”—নান্দ্রবচন কি কখন মিথ্যা হয়? কিন্তু পুত্রের অগ্নিমান্দ্যের সহিত পিতা ও পিতামহের পরিপাকশক্তির দুর্বলতার নব্বদ আবিষ্কার করিতে হইলে স্বয়ং বৈবচন মস্ত ও বাহান না। আসল কথা, কাহারও পাকস্থলী স্বভাবতঃ দুর্বল নহে, নিরপেক্ষভাবে স্বাস্থ্যনীতির দিক দিয়া এ বিষয়ে বিচার করিলে পাকস্থলীর অধিকারীকেই দোষ দিতে হয় এবং তাঁহার পিতৃকুল ও পাকস্থলীর বেচারী সম্পূর্ণ নির্দোষ প্রতিপন্ন হয়।

পিতার পাকস্থলীর দোষ পুত্রের অজীর্ণতার কারণ নহে। প্রকৃত কথা এই যে আহার বিষয়ে পিতার অহুঙ্করণ করিতে গিয়াই পুত্রকে ক্লেশ ভোগ করিতে ও বিপদে পড়িতে হয়। পিতা নিজ আহারের ব্যবস্থা নিজে করিতে পারেন, এবং কিরূপ খাদ্য তাঁহার পক্ষে হিতকর তাহাও তিনি জানেন, নিজ পরিপাকশক্তি সম্বন্ধে তাঁহার বেশ অভিজ্ঞতা আছে; সুতরাং তিনি যে প্রণালীতে যে সকল খাদ্য আহার করিয়া থাকেন,

অর্কাচীন পুত্র না বুঝিয়া সেই সকল খাদ্য পিতার হইতে পারিত, উপেক্ষা বশতঃ শেবে তাহার ভোজন করিলে বিপন্ন না হইবে কেন? পিতার হুঃসাধ্য হইয়া উঠে। পাকস্থলী ও কুজারের বিষয়ে নিজ পরিপাকসামর্থ্য বুঝিয়া ভোজন করাই কারণেই হইয়া থাকে। আমরা পরে এ বিষয়ে সুবুদ্ধির কাজ এবং সুযুক্তিসঙ্গত। সুতরাং এ পোনা এবং উহার প্রতীকারপ্রণালী বিবৃত করিব। পিতৃপদাঙ্কের অনুসরণ কোনমতেই বিবেচনাসিদ্ধ অজীর্ণতা সম্বন্ধে আমাদের যতদূর অভিজ্ঞতা কিন্তু অধিকাংশ স্থলে নব্য যুবকেরা মাতাপিতাকে তাহাতে বলিতে পারি, খুব অনিষ্টকর আহার বিষয়ে অস্বাস্ত বিবেচনা করিয়া তাঁহাদিগকে ভোজনেই যে লোকের অজীর্ণতা জন্মিতেছে অহুঙ্কামী হইয়া সঙ্কটে পড়ে এবং নিরপরাধ পাকস্থলী নহে, অধিকাংশস্থলে আহারের দোষে ঐরূপ উপর দোষারোপ করে, কিন্তু আহার বিষয়ে আলাপ থাকে। শরীরের পক্ষে অত্যন্ত পুষ্টিকর খাদ্য দিগের কুরীতির সংশোধনে কখনই আগ্রহ প্রকাশিত অধিক মাত্রায় খাইলে যখন ঘোর অপরিপাক না। সুতরাং বংশাত্ত্বক্রমে পুরুষপরম্পরায় পিতৃদেহ প্রত্যহই অপরিমিত পুষ্টিকর খাদ্য ভোজনে গুলি স্বভাবতঃ স্থস্থ থাকিলেও কেবল ভোজন-প্রণালী অজীর্ণতা অবশ্যস্বাভাবী,—কেবল কয়টা দিনের দোষে পাকস্থলীরই নিন্দা রটে এবং বংশাত্ত্বক্রমে মাত্র। অনেক সময়ে দেখা যায়, একবার প্রভাবের কথা তুলিয়া তাহারা শাস্তি ও সাধনা খুব পুষ্টিকর খাদ্য ভোজনের পরেই অকস্মাৎ করিবার চেষ্টা করে। সুতরাং বাহারা বংশাত্ত্বক্রমে অজীর্ণতা দেখা দিল। এইরূপ ঘটনায় লোকে প্রভাবে স্ব স্ব পাকস্থলীর অগ্নিমান্দ্য ঘটনা হইতে পারে এবং হইয়াও থাকে। কিন্তু একটু হতাশ হইয়াছেন, তাঁহারা হতাশের আক্ষেপ পরিমাণে দেখিলে উহাতে বিশ্বাসের কারণ কিছুই নাই। করিয়া ভোজন বিষয়ে আপনাদিগের কু-অভ্যাস ঐরূপ স্থলে অজীর্ণতাপীড়িত ব্যক্তি ভোজ্য বধেচ্ছাচারের সংশোধন এবং আরোগ্যলাভ করণপুঙ্করূপে চর্চনা না করিয়াই উদর মধ্যে প্রেরণ সুকৃতভোগী ব্যক্তিমাত্রেরই জানেন, অজীর্ণতাই ঐরূপ বিভ্রাট ঘটে। অর্ধচর্কিত মাংস, প্রথম আক্রমণে খুব কারসাজি থাকে। এমন অত্যাচার, ফল মূল, পিষ্টক প্রভৃতি পেটের ভিতর ভাবে এমন স্বকোশলে এই রোগ আপনার পাকস্থলীর উত্তেজনা করে, পাকশয় রসের ক্রিয়া-বিস্তার করে যে গোড়ায় রোগটা সহজে ধরিতে পারে, ফলে পেট কামড়ানি, পেট কনকনানি যায় না। তবে ব্যক্তিশেষকে অকস্মাৎ প্রবলতঃ যন্ত্রণাদায়ক উপসর্গ দেখা দেয় এবং পরিপাক-উদরায় রোগে আক্রান্ত হইতেও দেখা যায়, বিলম্ব ঘটে।

সেরূপ ঘটনা খুব বিরল। আক্রমণের ধারাটা যেমন ভিন্ন ব্যক্তির ভিন্ন ভিন্ন পাকস্থলীর পরিপাক-হটুক না কেন, গোড়ায় এ বিষয়ে খুব সাবধান শারীরিক অবস্থা এবং প্রাত্যহিক আহারের এবং আহারাদির প্রতি বিশেষ নজর রাখা খুব দরকারী ও অভ্যাস প্রভৃতির দিকে লক্ষ্য রাখিয়া কারণ অজীর্ণ রোগ একবার পাইয়া বসিলে, কতদূর ক্রিয়া সম্বন্ধে বিচার ও আলোচনা করাই কিরূপে উহার শেষ হইবে, একথা বলা কঠিন। পাকস্থলী এবং তাহার আনুষঙ্গিক যন্ত্র-অজীর্ণতার কতকগুলি এমন লক্ষণ আছে যে, ঐ প্রত্যহ সাধাসিধা গোছের অন্নব্যঞ্জন বা কুটি মাংস লক্ষণ প্রকাশ মাত্র সেগুলির প্রতিকার না করিলে করিবার জন্ত পরিমিত পাচক রস নিঃসরণ পাকস্থলীতে (ulceration) ক্ষত হইয়া থাকে। পুষ্টি পরিমিতভাবে (muscular force) পেশী-গোড়ায় সামান্য চেষ্টা করিলেই বাহার প্রতীকার শক্তি পরিচালন করে। এইরূপ নিয়মিত

অভ্যাসের ফলে বন্ধ, শোষক-কোষ ও দ্বার প্রভৃতির কাজও নির্দিষ্ট ও পরিমিতভাবে হইয়া থাকে এবং ভুক্ত খাদ্য অন্ননালী, পাকস্থলী এবং অন্নের ত্রিশ ফিট পথ অতিক্রম করিয়া যাত্রা শেষ করে। এই অবস্থায় এক দিন যদি নানা দ্বার ব্যঞ্জন ও মিষ্টান্নবহুল ভুরিভোজন ঘটে এবং অকস্মাৎ চতুর্গুণ উৎসাহে কাজ করিবার জন্ত পাক-স্তরের পরিচালকদিগের উপর ডাক পড়ে, তাহা হইলে অন্নই হটুক আর অধিকই হটুক পরিপাকবিভ্রাট অনিবার্য। কারণ সামর্থ্যের অতীত কাজ করিবার শক্তি কাহারও নাই,—“উপরোধে ঢেঁকি গেলার” কথা শুনা যায় বটে কিন্তু আজও পর্যন্ত ঐ কাজটা কেহ করিতে পারিয়াছে বলিয়া বিশ্বাস করিতে পারি না। পাকস্থলী সম্বন্ধে ঐ কথা, পাকস্থলীও অসাধ্য সাধনে অসমর্থ। বাহার সাদা সিধা খাওয়াই অভ্যাস, তিনি একদিন অকস্মাৎ পোলাও, কালিয়া, চপ কাটলেট, মিঠাই-মোঙা, দধি ও ক্ষীর খাইলে, উদরের নিয়ামক দেবতা সেই আকস্মিক পূজার বেগ সামলাইতে এবং তক্তের প্রতি সুখদ ও বরদ হইতে পারেন না। সুতরাং উপাদেয় এবং নানারস ও মসলারঞ্জিত খাদ্য খাদ্য পরিপাকবিষয়ে পাকস্থলীর একটা অভ্যাস ও শিক্ষা আবশ্যিক। অনেকের পক্ষে এই শ্রেণীর ভোজন স্বাভাবিক হইতে পারে, এবং তাঁহাদিগের পাকস্থলীতে ভুক্ত খাদ্য সহজে পরিপাক পায়। কিন্তু সকলের পক্ষে তাহা নহে। যেমন মলমূত্র, উল্লক্ষন, প্রলক্ষন, ধাবন ও সস্তরণ শিক্ষা-সাপেক্ষ, সেইরূপ ঘৃত ও মশলাবহুল মৎস্ত, মাংস ও মিষ্টান্নাদি পরিপাকও পাকস্থলীর শিক্ষা-সাপেক্ষ। ভুক্তখাদ্যের পরিমাণ অধিক হইলে যেমন অজীর্ণতা ঘটয়া থাকে, সেইরূপ খাদ্য খাদ্যের বৈচিত্র্য বশতঃ অপরিপাক ঘটে। তন্নিম্ন সময়ের উপরেও পরিপাক-ক্রিয়া অনেক পরিমাণে নির্ভর করে। অধিক রাস্তিতে রাস্ত ও অবনমন-দেহে ভোজন করিলে, ভুক্ত খাদ্য অনেক সময় অজীর্ণ অবস্থায় পাকস্থলী মধ্যে থাকে,—অর্ধ জীর্ণ ও পচনশীল খাদ্য এইভাবে দীর্ঘকাল

পাকস্থলীতে থাকতে পাকস্থলীর অন্তঃস্থ বা আবরণী, তৎসন্নিবিষ্ট গ্রন্থিসমূহ এবং গ্রন্থিনিঃসৃত পাচক রসের অপকার ও বিকার ঘটে। শরীরের অগ্রাঙ্ক শক্তির হ্রাস পরিপাক শক্তিও রাজি দ্বিতীয় গ্রহরের পর হ্রাস পাইয়া থাকে এবং নিজের সময় পরিপাক ও পরিশোধন ক্রিয়া অত্যন্ত মন্দ হয়। নিজিতাবস্থায় মানব-দেহে নূতন তন্তু-গঠন, সর্ক প্রকারের শারীর কোষ ও স্নায়ু-কোষ সমূহের সংস্কার কার্য খুব দ্রুত-বেগে চলিতে থাকে, কিন্তু কোষসমূহের সংস্কার ও গঠনোপযোগী উপাদান মাহুষের চেতনাবস্থায় রক্তের সহিত মিশিয়া থাকে।

সুতরাং এই সকল বিষয়ে বিবেচনা করিয়া দেখিলে স্পষ্টই বুঝা যায় পরিপাকযন্ত্রের অনেকটা অভ্যাসের দান করিয়া থাকে। যে সময়ে আমরা পাকযন্ত্রকে যে কার্য করিতে শিখাইয়াছি, সেই সময়েই ইহা সেই কার্য নিরুদ্ধে নিয়মে এবং নিরুদ্ধে সময়ে সুচারুরূপে নির্বাহ করিয়া থাকে। সভ্যসমাজে মাহুষের শারীরিক ক্রিয়াগুলি ধরাবঁধা নিয়মামুসারে চলিতেছে; মাহুষের কথা দূরে থাকুক, গৃহপালিত পশুরা পর্যন্ত ঐরূপ নিয়ম ও নিরুদ্ধে সময়ের শাসন মানিয়া শারীরিক ক্রিয়া পরিচালন করিতে শিখিয়াছে। আহার, বিহার, ক্রীড়া, কোঁতুক, পরিশ্রম, বিশ্রাম, শয়ন, নিদ্রা প্রভৃতি সকল কার্যেই মাহুষ নিয়মের শাসন মানিয়া চলিতেছে, শৃঙ্খলার অনুসরণ করিতেছে। মাহুষের শারীরিক ও মানসিক শক্তি এইরূপ নিয়মের দ্বারা নিয়ন্ত্রিত হওয়াতে তাহার দেহ ও মনের শক্তি পরিস্ফুট হইয়া তাহার জীবনকে অপূর্ব বৈচিত্র্যে ও সাধনাকে অসাধারণ সাফল্যে মগ্নিত করিয়া তুলিতেছে। যাহারা অশিক্ষিত, যাহারা নিয়মের শৃঙ্খলা কি জানে না, তাহাদিগের মস্তিষ্কে অনেক চিন্তার উদয় হয় বটে কিন্তু কোন বিষয়ে তাহারা নিপুণভাবে চিন্তা করিয়া একটা স্থিরসিদ্ধান্তে উপনীত হইতে পারে না। বহু অসভ্য জাতি আনন্দে উন্নত হইয়া-নাচে বটে, কিন্তু তাহাদিগের মৃত্যু গতির ছন্দ ও লীলা ফুটিয়া উঠে

না। আসল কথা, নিয়মের শাসন ও শৃঙ্খলার অভাব এক বা তদধিক বার অস্থির হয়, তাহা ভিন্ন শক্তির যথোচিত সুরণ ও সৌন্দর্যের উৎসাহ দেয় ও কঠিক হউক না কেন, তাহার উপকারী প্রভাব উপস্থাপন করা উচিত নহে। প্রকৃত প্রস্তাবে বটে কিন্তু অশিক্ষিত ব্যক্তি শিক্ষকের উপদেশ গ্রহণ করিয়া চলিবার সুযোগ না পাইলেও একটা আদর্শ চলিয়া থাকে।

যাহাদিগের নিরুদ্ধে সময়ে, নিরুদ্ধে পরিমাণে পরিপাক করিবার অভ্যাস আছে, তাহারা যত নীচ ও যত উচ্চ ভুক্ত জব্য জীর্ণ করিতে পারে, অল্পে যত ভুক্ত জব্য তখন যদৃচ্ছা ভোজন করিলে ভুক্ত জব্য সহজে ও স্বল্প সময়ে পরিপাক করিতে পারেন। যাহারা প্রত্যহ অনিরুদ্ধে সময়ে বা অসময়ে ভোজন করে, তাহারা এই কারণেই অজীর্ণতা হেতু ভোগ করিয়া থাকে। এই সব আচার ও অভ্যাস মাহুষের রক্তমাংসে সঞ্চারিত হয় না। আহারের নিয়ম না থাকিলে পরিপাকেরও ধরাবঁধা থাকে না।

অত্যন্ত গুরুপাক বা দুশ্চাচ্য জব্য সাধারণতঃ লোকের অজীর্ণতা ঘটায় থাকে। আমরা পূর্বেই বলিয়াছি, একের পক্ষে যাহা অল্পের পক্ষে তাহা নহে। সুতরাং যিনি বিশেষভাবে জ্ঞানিয়া শুনিয়া অপরকে ভোজন সম্বন্ধে বিধিনিষেধ জানাইয়া দেন, আমরা তাঁহাকে খুব সাহসী পুরুষ বলিয়া থাকেন, পাখীর মাংস একটু 'নরম' বিবেচনা করি। কারণ উপদিষ্ট ব্যক্তির পক্ষে সহিবে না সহিবে, সে সম্বন্ধে তিনি কিছুই জানেন। সুতরাং পরোপদেশে পাণ্ডিত্য ফলাইবার লোভটুকু নিজেই পেটে কি সহিবে না সহিবে, তাহা নিজে নিজে ঠিক করিয়া রাখা উচিত, প্রত্যেকেরই দেহভাণ্ডার Laboratoryতে বা গারে রাসায়নিক পরীক্ষার জন্ত test tube বা নালিকারূপী পরিপাকনালী আছে তদ্বারা চূড়ান্ত পরীক্ষা হইয়া থাকে, সুতরাং এই টেষ্ট সাহায্যে মাহুষ খাওয়ার মধ্যে কি গ্রাহ্য পরিপাক্য তাহা ঠিক করিয়া লইতে পারে।

এক বা তদধিক বার অস্থির হয়, তাহা তাহার ও কঠিক হউক না কেন, তাহার উপকারী প্রভাব উপস্থাপন করা উচিত নহে। প্রকৃত প্রস্তাবে নিজ অভিজ্ঞতার ফলেই খাড়াখাড়া নির্ণীত একটু মাছের কালিয়া, অল্প মাংসের কিছু ঘনহুঁড়, খাইয়া পরদিন পেটের গীড়ায় হইয়া পরিজাহি ডাক ছাড়িতে থাকে, আবার ও মশালাচর্চিত, মৎস্যমাংসময় বিবিধ ব্যঞ্জনাদি পরিতোষ সহকারে ভোজন ও পরিপাক প্রকল্প মনে দিন যাপন করে। মাহুষের পরিপাক শক্তি এমন বিচিত্র, সুতরাং আহার "দেখাদেখি শাঁখা নাচে",—কথাটি আদৌ সত্য। কারণ উহাতে উল্টা উৎপত্তি হইয়া ও পচা খাদ্য ভোজন করা কোনমতেই সম্ভব কারণ ঐরূপ খাদ্য খাওয়াও বা আর সাধ পেটের অস্থিকে ডাকিয়া আনাও তা। পচা মাছের ঝালচর্চিত, পচা মৃগমাংস, বাসি ভুক্ত, তাঁহারা বাসি পক্ষিমাংস পরম উপাদেয় হইতে ভালবাসেন। যাহারা বিলাতি ভুক্ত, তাঁহারা বাসি পক্ষিমাংস পরম উপাদেয় হইয়া থাকেন; game birds বা শিকার জ্ঞানিয়া শুনিয়া অপরকে ভোজন সম্বন্ধে বিধিনিষেধ জানাইয়া দেন, আমরা তাঁহাকে খুব সাহসী পুরুষ বলিয়া থাকেন, পাখীর মাংস একটু 'নরম' হওয়ার অর্থ হইয়া থাকে না। মাংস 'নরম' হওয়ার অর্থ চিনক্রিয়া আরম্ভ হইবার পূর্বাভাস। সুতরাং রক্তনগণে মুখরোচক হইলেও উহা যে পক্ষে অপকারী তৎপক্ষে সন্দেহ নাই। এমন খাওয়াই ভাল, আর খাইলেও খুব অল্প খাওয়াই স্ববুদ্ধির কাজ। পচা মাছ ও পচা মাংস শরীরের পক্ষে বিষ, একথা বোধ করি, ঠিক। ঐরূপে অধিক বলিতে হইবে না। মাছ ও মাংস তাহাতে বিষবীজাণু জন্মিয়া থাকে, রক্তনগণে উত্তাপে বীজাণুগুলি মরিয়া যায় বটে কিন্তু বহুদিন দোষের কোন প্রতিকার হয় না।

হইবার করিয়া রাখা মাংস এবং গরম করা চপ, কাইলেট প্রভৃতি সাধারণতঃ মাহুষের পক্ষে অপকারী। ক্রমাগত ভাঙ্গা জিনিষ খাওয়া সম্ভব নহে, কারণ তাহারা পরিপাক নালীর শক্তিহ্রাস পাওয়াতে অজীর্ণতার উৎপত্তি হইতে পারে। বিলাত হইতে টিন ও শিশি-বন্দী অনেক রকমের মাছ ও মাংস এবং নানা প্রকারের আচার এ দেশে আমদানী হইয়া থাকে। সাহেবেরা স্বদেশের আমদানী ঐ সকল মাছ মাংস খাইতে ভালবাসেন। সাহেবদের দেখাদেখি, আমরাও ঐসকল বিলাতী ভোগ্য খাইতে আরম্ভ করিয়াছি। কিন্তু সকলের স্বরণ রাখা উচিত, ঐ প্রকার খাদ্য অধিক পরিমাণে খাইলে অজীর্ণতা অনিবার্য। কারণ এই শ্রেণীর খাদ্য শোণিতের পক্ষে হিতকর নহে, বিশেষতঃ খাদ্যগুলি প্রস্তুত হইবার পর যখন টিন ও শিশিবন্দী করা হয় তখন সেগুলি প্রায় পচিবার উপক্রম হইয়া থাকে। লবণ, মসলা ও জ্বারক জব্যাদিরগুণে খাদ্য টিন ও শিশির ভিতর অনেক দিন থাকে বটে, কিন্তু উহার উপাদান পরিপাক-শক্তির সম্পূর্ণ প্রতিকূল। পূর্বে লবণ, চিনি, তৈল ও ভিনিগার বা অল্পরসাদির দ্বারা আচার ও খাড়া প্রস্তুত করিয়া পাঠান হইত, কিন্তু বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে পুরাতন প্রথা উঠিয়া গিয়াছে এবং নূতন প্রথায় "Preserved Food" তৈয়ার করিয়া এ দেশে পাঠান হইতেছে, বোরাসিক এসিড, সেলিসেলেট অব সোডা, মিষ্টিন, সালফেট অব সোডা, ফরম্যালিন, সালফেট অব কপার, নানা প্রকারের বর্ণোপাদান এবং অগ্রাঙ্ক রাসায়নিক বস্তুর সাহায্যে টিনবন্দী করা Preserved Food তৈয়ার করা হয়। ঐ বস্তুগুলি পাকস্থলীর পক্ষে হিতকর নহে। সুতরাং ঐ শ্রেণীর বিলাতী খাদ্য বর্জন করাই স্ববুদ্ধির কাজ।

অনেকে আহারে কচি বাড়াইবার জন্ত অতিমাত্রায় লবণ ও সরিষা বাটা ব্যঞ্জনের সহিত খাইয়া থাকেন। এই ব্যবস্থায় ব্যঞ্জনাদি তাঁহাদিগের পক্ষে কঠিক হয় বটে, কিন্তু পাকস্থলী বেশী দিন, ঐরূপ 'জ্বরদস্তি' সহ্য করিতে পারে না। সুতরাং অতিমাত্রায় লবণভুক্ত ও



সরিষার বাইনার পক্ষপাতী ব্যক্তিদিগকে আহারের দোষে অজীর্ণতা রোগে আক্রান্ত হইতে হয়। কিন্তু সন্ধ্যা থাকিতেই কেহ এই কু-অভ্যাস পরিত্যাগ করিতে চাহেন না এবং দেখিয়া শেখা অপেক্ষা ঠেকিয়া শেখাকেই বোধ করি, তাহারা বিবেচনাসম্মত বলিয়া মনে করিয়া থাকেন। কিন্তু ঐরূপ বুদ্ধিকে আমরা কোম মতেই স্ববুদ্ধি বলিতে পারি না।

চা-কাফি প্রভৃতি কয়েক প্রকার বিলাতী পানীয় এখন আমাদের অনেকেরই পরম প্রিয় বস্তু হইয়াছে। কলিকাতা ও অন্যান্য বড় বড় সহরে গৃহাগত সজ্জন ও বান্ধবদিগকে সকালে ও সন্ধ্যায় এক এক পেয়ালা গরম চা বা কাফি দেওয়া আধুনিক শিষ্টাচার ও আতিথেয়তার একটা অঙ্গ। এই শ্রেণীর বিলাতী পানীয়ের আদর কলিকাতা প্রভৃতি বড় বড় সহরে এত বাড়িয়াছে যে, রাজপথের মোড়ে মোড়ে গরম চা-বিক্রয়ের জন্ত দোকান আছে। ইহার উপর মজুর ও অন্যান্য শ্রেণীর সাধারণ লোকদিগের 'চা' পান প্রবৃত্তি পরিতৃপ্ত করিবার জন্ত ফেরিওয়ালারা প্রজ্বলিত চুল্লীর উপর সংগৃহ্য গরম চায়ের ঘড়া হাতে লইয়া পথে, ঘাটে, হাটে ও বাজারে সকাল সন্ধ্যায় ঘুরিয়া বেড়াইতেছে। যাহারা চায়ের ভক্ত তাহারা দিনে দুই তিন বার চা-না খাইলে কোন মতেই কাজ করিতে পারেন না। কিন্তু চা ও কাফি যে অজীর্ণতার মূল, তাহা কেহ একবার ভাবিয়া দেখেন না। অতি অল্প মাত্রায় মূছ চা পান করিলে হয়ত নীত্র লোকে অজীর্ণতা রোগে আক্রান্ত না হইতে পারে। কিন্তু যাহারা ঘন ঘন চা-পান করেন এবং 'কড়া' চা না খাইলে যাহাদিগের তৃপ্তি হয় না, তাহাদিগের অজীর্ণতার হাত হইতে কোনমতেই নিষ্কৃতি নাই। এই যে সহরে অজীর্ণতার এত বাড়াবাড়ি, ইহার সহিত চা ও কাফির খুব সংশ্রব আছে বলিয়া আমাদের বিশ্বাস। চা ও কাফির সহিত "ট্যানিন" নামক যে পদার্থ আছে, তাহা পাকস্থলীর পক্ষে উত্তেজনাকর। বিশেষতঃ খালি পেটে চা বা কাফি খাইলে উহা পরিপাক-

ক্রিয়ার প্রতিবন্ধক হইয়া থাকে। হুতরাং ক্রমাগত অজীর্ণতা ঘটয়া থাকে। পীড়ায়ুক্ত স্থান অত্যধিক চা ও কাফি পানে পরিণামে লোকে নিঃসৃত রস ও কফ প্রভৃতি পাকনালী মধ্যে অজীর্ণতা রোগে আক্রান্ত হইয়া অশেষ কষ্টের পূর্বক বিবক্রিয়া করে। ঐ বিবক্রিয়ার করে। এ অবস্থায় সভ্যতা বা ক্যান্সনের খাতিরিদিক এবং অবশ্যস্বাভাবী কল অজীর্ণতা। নিতান্ত অপ্রয়োজনে চা-র সেবক হওয়া সম্ভব কিন্তু মাহুয়ের পক্ষে নির্দোষ পানীয়। মানব-আমরা সকলকে তাহা বিবেচনা করিয়া দেখি পক্ষে জল এত প্রয়োজনীয় বস্তু যে উহার অমুরোধ করি। সর্বপ্রকারের আলকোহলযুক্ত পানীয় নাম জীবন। কেননা আমরা অধিককণ অধিক মাত্রায় সেবন করিলে অজীর্ণতা রোগে ভোগাইলে জীবন ধারণ করিতে পারি না। কিন্তু পাইতে হয়। আলকোহলময় সুরা তীত্র চা ও কাফি সত্য ও বিলাসী সমাজে,—বিশেষতঃ সাহেব-শ্রায় পাকস্থলীর উত্তেজক, পরিপাকক্রিয়ার প্রতিরোধকের কাছ, পানীয় হিসাবে বিস্তৃত জলের এবং ঘোর অপকারী। খালি পেটে এই শ্রেণী নাই। সত্য এবং বিলাসীরা এখন চা, কাফি, সুরাপান করিলে শীত্র শীত্র উহার কুফল কলিয়া থাকে, লেননেজ, সরবৎ ও সুরা দ্বারাই পিপাসার 'অনাড়ি' ঔষধব্যবসায়ী ও ঔষধবিক্রেতাদিগের বাণিজ্য করিয়া থাকেন। কিন্তু যে জল নহিলে প্যাটেস্ট ঔষধ সেবন যাহাদিগের অভ্যাসনত হইলে জীবনযাত্রা অচল হয়, আহারের সময় সে যায়, বিশেষতঃ যাহারা অজীর্ণতা রোগ হইতে অধিক পরিমাণে পান করিলে পরিপাক ক্রিয়ার হইবার জন্ত ঐ শ্রেণীর ঔষধ সেবন করিয়া থাকে ঘটে এবং অজীর্ণতা দেখা দেয়। ভোজন কালে তাহাদিগের রোগের প্রতীকার হওয়া দূরে থাকুক জল খাইলে, পাকস্থলের পাচকরস জলের ক্রমে রোগের বৃদ্ধি হইয়া থাকে। কারণ (colony) বিশিষ্টা অত্যন্ত তরল হইয়া যায়, উহার তাপস্থান (copaipa, creasote) ক্যালমেল, কোপাইপা এবং জঠর পরিপূর্ণ ও বিস্তৃত হয়। যে কোন ক্রিয়েসোট প্রভৃতি যে সকল উপাদানে অজীর্ণতার সূক্ষ্মতল পানীয় পান করিবামাত্র পরিপাকক্রিয়া নিবারক প্যাটেস্ট ঔষধগুলি প্রস্তুত হইয়া থাকে তাহা হয় এবং অনেক সময়েই পাকস্থলীতে সঞ্চিত সমুদায়ের দ্বারা পাকস্থলীর পীড়া উপস্থিত হয়।

স্বাভাবিক রাসায়নিক ক্রিয়ারপ্রভাবে খাওয়া যোগে হিমশীতল ক্লারেট, বারগাণ্ডি প্রভৃতি সুরা (toxin) টক্সিন ও অন্যান্য প্রকারের বিষ উপাদানের সরবৎ অধিক মাত্রায় সেবন করিয়া-হওয়াতেও অনেক সময়ে লোকের উদরাময় ও অজীর্ণতা হইয়া এই উক্তির ষথার্থতা বৃদ্ধিতে পারিবেন। হইতে দেখা যায়। যখন এই শ্রেণীর বিষগুণ খাওয়া কেহ তামাকের একরূপ ভক্ত যে চূকট ভোজনের পর অজীর্ণতা ও উদরাময় উপস্থিত হয়, তখন কুকিয়া তাহারা নাসিকার ত্রাণশক্তি এবং লোকে, উদরে ঠাণ্ডা লাগিয়া পেটের অস্থখ হইয়াছে বলিয়া আশ্বাদন শক্তিকে একরূপ বিলুপ্তপ্রায় করিয়া মনে করে। কোন কোন ক্ষেত্রে পাকস্থলীতে পাচক-এইরূপ অতিরিক্ত ধূমপানের ফলে ইহাদিগের কোঁড়ের শ্রায় আকার বিশিষ্ট অতি ক্ষুদ্র ক্ষুদ্র কোষের লালগ্রন্থির ক্রিয়া অত্যন্ত বৃদ্ধি পাইয়া থাকে। সমূহের (Fungi) উৎপত্তি হওয়াতেও পরিপাক-লালাগ্রন্থিগুলি হইতে এত অধিক পরিমাণে বিভ্রাট ঘটয়া থাকে। দস্তমূল, নাসিকা ও কণ্ঠদেশে শ্বাস হইয়া থাকে যে, ধূমপায়ীকে ঘন ঘন থুথু পীড়া হেতু পীড়িত স্থান হইতে যে রস ও কফ প্রভৃতি নিঃসৃত হয়। এই প্রকার অতিরিক্ত লালগ্রন্থি হেতু নিঃসৃত হয় লোকে অজ্ঞাতসারে তাহা পানীয়-পানীয় ঘটবার সম্ভাবনা।

যাহারা মত্তপায়ী, ঘন ঘন মত্তপানের ফলে তাহা-দিগের পাকস্থলীর একপ্রকার উত্তেজনা হইয়া থাকে। এই উত্তেজনাকে মত্তপেরা অনেক সময়ে ক্ষুধার উদ্দীপনা মনে করিয়া ভ্রমে পতিত হয়। এই শ্রেণীর ক্ষুধা (false appetite) ছুই-ক্ষুধা-নামে পরিচিত,—ইহা অজীর্ণ ও অগ্নিমান্দ্যেরই একটা লক্ষণ। ছুই-ক্ষুধা হইলে প্রথম প্রথম পরিপাক ভাল হয় না, কিন্তু শেষে এই অগ্নিমান্দ্য একেবারে বিষম অজীর্ণতার পরিণত হয়।

দস্তরোগ হেতু অনেক সময়ে লোকের অজীর্ণতা ঘটিতে দেখা যায়। বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে লোকের যখন দস্তের পীড়া উপস্থিত হয়, তখন দস্তমূলনিঃসৃত বিষময় পদার্থের দ্বারা মুখ-গহ্বরটি পরিব্যাপ্ত বা পরিপ্লিত হইয়া থাকে এই বিষময় পদার্থ অনায়াসে পরিপাকনালী মধ্যে প্রবিষ্ট হইয়া বিবক্রিয়া করিতে থাকে। অল্পমধ্যে বিবক্রিয়া ঘটিলে পরিপাক কার্যটি স্বচাক্ষুরূপে সম্পন্ন হইতে পারে না, হুতরাং অজীর্ণতা ঘটে। একেই পরিপাকনালীর মধ্যে বিবোৎপাদক বীজাণুর সংখ্যা এত অধিক যে তাহাদিগকে সামলাইতে পাকস্থলীতে নিয়ামক শক্তিকে সর্বদা ব্যস্ত থাকিতে হয়, হুতরাং পরিপাকসংক্রান্ত রাসায়নিক ক্রিয়ার দিকে লক্ষ্য রাখিবার অবসর তাহার মোটেই হইয়া উঠে না। তাহার উপর সম্ভবতঃ দস্তরোগবিশেষে পাকনালীর আবরণ বা অন্তঃস্থ প্রদাহযুক্ত হয় এবং সঙ্গে সঙ্গে পরিপাক-গ্রন্থিসকলের ক্রিয়াও অনেকটা বন্ধ হইয়া যায়। দস্তমূল শিথিল হইলে, মাড়ী কোমল হইয়া থাকে। রোগ ও বার্দ্ধক্য ছুই কারণেই ঐরূপ ঘটিতে পারে। যাহাদিগের মাড়ী কোমল তাহারা খাওয়া দ্রব্য চর্বণ কালে দস্তমূলে বেদনা বোধ করিয়া থাকে, হুতরাং তাহারা আহারীয় দ্রব্য ভাল করিয়া চিবাইতে পারে না। ফলতঃ অর্ধচর্কিত ও অল্পমাত্রাচর্কিত খাদ্য পাকস্থলী মধ্যে প্রবেশ করিয়া পরিপাক-বিভ্রাট উপস্থিত করে। উপর ও নীচের পাটীর ছেদন ও চর্বণদ্রব্য পড়িয়া, গেলেও চর্বণকার্যে বিঘ্ন ঘটে, তাহাতেও পরিপাকবিভ্রাট অনিবার্য, কেননা তখন

পাকস্থলীর উপরেই দাঁতের কাজ করিবার ভার পড়ে । আহারের পর মাঝে মাঝে জলযোগ, অস্বাভিক পরিমাণে উপাদানের দ্রব্য ভোজন যে উদরাময়ের একটি প্রকৃষ্ট কারণ তাহা আমরা ইতঃপূর্বে বলিয়াছি । এইরূপ পুনঃপুনঃ রসনার বিলাস ইউরোপে এবং ইউরোপীয় সমাজেই দেখিতে পাওয়া যায়, এদেশে উহার দৃষ্টান্ত খুব বিরল ।

অধিক পরিমাণে ঘৃত ও তৈলবহুল বা মেদময় খাদ্য ভোজনে এবং শর্করাবহুল মিষ্টান্নাদির উপযোগেও উদরের পীড়া জন্মিয়া থাকে । ঘৃত, তৈল ও মেদবহুল খাদ্য ভোজনে পাকায় রসের ক্রিয়া প্রথমতঃ স্থগিত হয় ও শর্করাবহুল খাদ্য-ভোজনে পিপাসা বৃদ্ধি পায়, এবং পাকস্থলীর গ্রন্থিসমূহ হইতে প্রবলবেগে স্লেমাশ্রাব হইয়া থাকে । এই স্লেমাশ্রাব নতুন হইলে ইচ্ছা হইতে ভুক্তদ্রব্যের উপর অল্পের পাচক রস সমূহের ক্রিয়া উত্তমরূপে হইতে পারে না । ফলে ভুক্তদ্রব্যের পচন ক্রিয়া (Fermentation) আরাঙ্ক হয়, সঙ্গে সঙ্গে পেটের বেদনা, উদরাগ্নান প্রভৃতি অজীর্ণতার লক্ষণসমূহ প্রকাশ পায় ।

আমরা অজীর্ণতার প্রধান কারণগুলি বর্ণন করিলাম । এই কারণসমূহ পরিপাকনালীর কোন না কোন অংশে প্রভাববিস্তারপূর্বক অজীর্ণতা ঘটাইয়া থাকে । অজীর্ণতার আরও কতকগুলি কারণ আছে । সেই কারণগুলি তত পরিষ্কৃত না হইলেও অজীর্ণতা উৎপাদনে তাহাদিগের প্রভাব কোনমতেই উপেক্ষণীয় নহে । ভুক্ত দ্রব্যের সহিত এই কারণগুলির কোন প্রত্যক্ষ সম্বন্ধ নাই, এই কারণগুলি যন্ত্র-ঘটিত । পরিপাক যন্ত্রতন্ত্র পরিপাক-কার্য সম্পাদনে নিযুক্ত থাকিলেও উহা সম্পূর্ণ স্বয়ংসিদ্ধ ও স্বতন্ত্র নহে, কারণ শরীরের অগ্ন্যাগ্ন অংশের সহিত উহার সম্বন্ধ আছে । শরীরের সর্বপ্রকার যন্ত্র ও তন্ত্র পরস্পরসুধাপেক্ষী—পরস্পর অচ্ছেদ্যসম্বন্ধসূত্রে আবদ্ধ । যন্ত্রকণ দেহ আছে ততক্ষণ এই সম্বন্ধ অস্বীকার করিবার উপায় কোন বস্তুরই নাই । দেহের স্বর্গ মস্তকে অধিষ্ঠিত,

বড় গৌরবাসিত মস্তক হইতে নিত্য নগণ্য শোণিত বিন্দু পর্যন্ত কুত্রাপি স্বতন্ত্র জীববস্তু, সর্ববস্তুসমূহকে বৈরাগী স্নায়ু খুঁজিয়া বাহির করিতে পারিবে না, দেহের স্বর্গ ও মর্ত্যে যাহারা বিরাজ করিতেছেন, তাঁহাদের সকলেই “সূত্রে মণিগণ ইব” একই সূত্রে মণিগণ আছেন ।—এ সূত্র অচ্ছেদ্য,—সূতরাং মস্তকের কোষ (Kidney) মূত্র-কোষের ‘তোয়াক’ রাধিতে শোণিত কোষকে বায়ু কোষের উপর নির্ভর করিতে হয়, স্নায়ু তন্ত্রকে (Nervous System) শোণিতসংক্রমণের মুখ চাহিয়া চলিতে হয় । আসল দেহযন্ত্রতন্ত্রে সকলের সাহায্যে সকলের কাজ চলে ।

ইহাতে স্পষ্টই বুঝা যাইতেছে যে পরিপাক যন্ত্রতন্ত্র যথোচিত ক্রিয়াও প্রধানতঃ শরীরের অগ্ন্যাগ্ন যন্ত্রতন্ত্র সুপরিচালিত ক্রিয়ার উপর নির্ভর করে । শরীর শোণিতসংক্রমণ ক্রিয়াটি উত্তমরূপে না চলিলে, যন্ত্রতন্ত্রের পরিপাক ক্রিয়াও উত্তমরূপে চলিতে পারে না । কারণ পাকস্থলীর পেশী সমূহ এবং পরিপাকনালীর অগ্ন্যাগ্ন অংশকে কার্যপটু রাখিবার জন্ত, গ্রন্থিসমূহ পাচক-রসোৎপাদনোপযোগী উপাদানসম্ভার যোগান জন্ত, পরিপাকক্রিয়ানিয়ামক স্নায়ুসমূহের শক্তি রাখিবার এবং মোটের উপর পাকযন্ত্রতন্ত্র চালান জন্ত সকলের শরীরে উত্তমরূপে শোণিত-সংক্রমণ অত্যাবশ্যক । মানুষের হৃৎপিণ্ড বা হৃৎযন্ত্রটি হৃৎপিণ্ড থাকিলেই যথোচিত শোণিত-সংক্রমণ ক্রিয়া সম্ভবপর কিন্তু সেজন্ত ব্যায়াম বা শারীরিক পরিশ্রম আবশ্যিক ।

শারীরিক পরিশ্রমের অভাব, নিশ্চলভাবে চালাইয়া, শরীরের গঠন-গত দুর্বলতা এবং অজীর্ণতার কারণ । শারীরিক পরিশ্রমের অভাব সতেজ ও গাঢ় শোণিতের গতি যে কেবল যুহু হইয়া তাহা নহে, তজ্জন্ত শোণিতের সহিত উপযুক্ত পরিপাক বিলম্ব বায়ুর সংস্পর্শ ঘটিতে পারে না । ফলে পরিপাক যন্ত্রতন্ত্রে শারীরিক ক্রিয়া পরিচালনান্তে শরীরে নূতন অক্লিষ্ট পাইবার জন্ত যখন ব্যাকুল হয়, তাহারা তাহাদিগের প্রাণ ও শক্তি অক্লিষ্ট রাখিয়া

অথবা না পাইলেও পাকস্থলীর কিছুকণ আসিয়া কিছু বায়ু সংস্রবে সতেজ রক্তের সংস্থান ভিন্ন শরীর মরণ নিশ্চিত । কুসুম বা শ্বাসযন্ত্রের সম্পূর্ণ ব্যতীত মানবদেহের শোণিত বায়ু-সংস্পর্শ হইবার সুযোগ পায় না । আবার শারীরিক পরিশ্রম শ্বাসযন্ত্রের ও হৃৎপিণ্ডের পূর্ণ ক্রিয়াশীলতা হইতে শারীরিক পরিশ্রমের উপর পাক-ক্রিয়া এবং দেহের মজল কি পরিমাণে নির্ভর করে, তাহা বোধ করি পাঠক বেশ বুঝিতে পারিবেন ।

আহারের অব্যবহিত পরে ব্যায়াম বা শারীরিক পরিশ্রম করিলে অজীর্ণতা ঘটবার সম্ভাবনা খুব বেশী । শারীরিক পরিশ্রমের সময় শোণিতরাশি পরিমাণে পেশী-সমূহ ও স্নায়ু-সংক্রমণ যন্ত্রগুলির প্রবাহিত হওয়াতে পাকস্থলীর মধ্যে সংস্থিত রসের পরিমাণ হ্রাস পায় এবং পরিপাকক্রিয়া উত্তমরূপে চলিতে পারে না । তবে যাহারা দীর্ঘকাল আহারের পর ব্যায়াম করিয়া আসিতেছে তাহাদের কথা স্বতন্ত্র, কেননা, অভ্যাস মানুষকে শরীরে দৃঢ় করিয়া তুলে । আহারের পর শরীরে মানসিক পরিশ্রম, অজীর্ণতার আর একটি কারণ । কেননা এই সময়ে গুরুতর বিষয়ের চিন্তাহেতু শারীরিক শক্তি মস্তকে ন্যস্ত ও একাগ্র হয় । সঙ্গে সঙ্গে শরীরের নিয়ন্ত্রণস্ব স্নায়ুকেজগুলিতে শক্তির অভাব ঘটে, পরিপাক-ক্রিয়া স্বচাৰুরূপে পরিচালিত হইতে পারে না, কারণ এই সকল স্নায়ু-কেজ-নিহিত শক্তিতে খাদ্যদ্রব্য পরিপাক এবং খাদ্যের সারাংশ পরিপাক-ক্রিয়া সম্পন্ন হইয়া থাকে । তন্ত্রিত মানুষের শরীরে সকল বিষয়ে অত্যন্ত সচেতন থাকে হইলে দেহের স্নায়ু ও তন্ত্র প্রভৃতি অনেকটা কার্যবিমুখ হইয়া উঠে ।

দুঃখ, শোক, প্রবল উৎকণ্ঠা প্রভৃতি প্রবল আবেগসমূহের দ্বারা অজীর্ণতা ঘটিতে দেখা যায় । কারণ এই প্রকার মানসিক আবেগ হেতু

পাকনালীতে পাচক রসের প্রবাহ রোধ হওয়ায় খাদ্য বিলম্ব হয়, কখন কখন বা এই কারণে অঙ্গসমূহ হইতে অস্বাভাবিকভাবে রসপ্রবাহ নির্গত হওয়াতে পরিপাক কার্যে বিলম্ব ঘটে; সঙ্গে সঙ্গে পাকস্থলীতে অজীর্ণ ভুক্ত দ্রব্যসমূহ সঞ্চিত থাকতে পাকস্থলীর পীড়া উপস্থিত হয় এবং দুই বা ততোধিক পরিপাকযন্ত্রের যন্ত্রণা বৃদ্ধি করে ।

শারীরিক পরিশ্রম এবং ব্যায়ামের অভাবে পাকস্থলী ও অঙ্গসমূহের পেশীসমূহ আবরণের এবং পেশীসমূহের সজীবতা বিনষ্ট হয় । সূতরাং পাকস্থলী যথাযথভাবে ও স্বচাৰুরূপে ভুক্তদ্রব্য মিশ্রণ ও মন্বনক্রিয়া সম্পাদন করিতে পারে না । আবার যাহাদিগের পাকস্থলীর অবস্থা অত্যন্ত মন্দ হইয়া দাঁড়াইয়াছে, তাহাদিগের পাকায় ও অঙ্গসমূহের দুর্বলতা হেতু অঙ্গসমূহের মধ্যে সঞ্চিত হইয়া পচিতে থাকে সূতরাং পরিপাক যন্ত্রের অধিকারীকে অশেষ ক্লেশ ভোগ করিতে হয় । শীতপ্রধানদেশের যে সব লোককে উষ্ণপ্রধান দেশে বাস করিতে হয় তাহাদিগকে এই জ্বের ক্লেশ অনেক সময়েই ভোগ করিতে হয় ।

খাদ্য দ্রব্য রক্তনের দোষেও অনেক সময়ে লোকের অজীর্ণতা ঘটিতে দেখা যায় । খাদ্য দ্রব্যের স্বাদ ও গন্ধ বৃদ্ধি করিয়া খাদ্যগুলিকে খুব মুখরোচক করাই রক্তনের উদ্দেশ্য । কারণ খাদ্য যত স্বাদু ও স্বগন্ধযুক্ত হয় উহা তত সহজে পরিপাক করা যায়,—ভোজনের তৃপ্তির সহিত পরিপাক ক্রিয়ার সম্বন্ধ খুব ঘনিষ্ঠ, সূতরাং আহারে অন্তরাগ্না পরিতৃপ্ত না হইলে, পরিপাকে বিলম্ব ঘটিয়া থাকে । এই জন্ত স্বাদহীন, স্বগন্ধহীন অন্নব্যঞ্জন ভোজনে অতৃপ্তি এবং অরুচি জন্মিয়া থাকে । উৎকণ্ঠ মৎস্য, মাংস, টাটকা তরকারী প্রভৃতি রক্তনের দোষে এমন বিশ্বাদ ও গন্ধহীন হয় যে, উহা মুখে দেওয়া দূরে থাকুক স্পর্শ করিতেও কাহারও প্রবৃত্তি হয় না । এই জন্ত রক্তন কার্যটি বিশেষ যত্ন-সহকারে সম্পন্ন করা উচিত । আমরা অজীর্ণতার প্রধান কারণগুলি পাঠকদিগের গোচর করিলাম । এই কারণ সমূহ

সবচেয়ে চিন্তা করিয়া দেখিলেই স্পষ্টই বুঝা যায় যে,— পাকস্থলীর ও অন্ত্রসমূহের ক্রিয়াবিভ্রাট হেতু অস্বাভাবিকতা ঘটিয়া থাকে। কিন্তু ঐরূপ বিভ্রাটের মূলে আমাদের আহার বিষয়ে যথেষ্টাচারিতা এবং শারীরিক পরিষ্কার

বা ব্যায়াম সবচেয়ে উদাসীনতা হ্রাসই দেখিতে পাওয়া যায় না। নদীগুলিরও কোনওরূপ সংস্কারের ব্যবস্থা হয় না। জলকটনিবারণ করিতে হইলে নূতন প্রকৃত প্রস্তাবে আমরাই দায়ী। আমাদের দেশে যে বিষবৃক্ষের উৎপত্তি হয় আমাদের দেশে তাহার ফল ভোগ করিতে হয়।

হইবে। ক্ষীণপ্রবাহ নদীগুলিরও সংস্কারের প্রয়োজন হইবে। দেশে বিস্তৃত জলের সংস্থান হইলে কিছুতেই স্বাস্থ্যোন্নতি ও ম্যালেরিয়া দূর হইবে না। শুধু কুইনাইন সেবনে বা মশকবধে ম্যালেরিয়া দূর হইবে না। জলাভাবে নানারূপে স্বাস্থ্যোন্নতি হইতে পারে, তৃষ্ণার সময় প্রয়োজন মত জল পান করিতে না পারিলে স্বাস্থ্যোন্নতির আশা নাই। পল্লীগ্রামে বিস্তৃত জলের অভাব বা জলাভাব: অনেক স্থলে কদর্য জলে রক্তনাদি কার্য

সুতরাং স্বাস্থ্যকারিতার কারণও দূর হয় না। অধিকতর কোনও কোনও স্থানে কদর্য ও রোগবীজাণুপূর্ণ জলে জামা কাপড় কাচার দ্রব্য উহা অধিকতর স্বাস্থ্যকর হইয়া পড়ে। জলাভাবে চাষবাসের বিশেষ অসুবিধা হয়, তাহাতে চাষার আর্থিক কষ্ট উপস্থিত হয়। তাহার ফলেও স্বাস্থ্যোন্নতি ঘটে। এইরূপে এক একটা বিষয় অসুস্থকর করিলে আমরা দেখিতে পাই যে আমাদের দৈনিক গার্হস্থ্যজীবনে বিস্তৃত জলের প্রয়োজন কত অধিক সুতরাং দেশে প্রচুর পরিমাণে বিস্তৃত জলের সংস্থান না করিতে পারিলে কিছুতেই লোকের স্বাস্থ্যোন্নতি হইবে না।

## পল্লী কথা।

### ২য় প্রস্তাব—পানীয়সংস্থান।

#### শ্রীবিমলেন্দু মিত্র লিখিত—

পূর্বে প্রবন্ধে পল্লীগ্রামে চিকিৎসার ব্যবস্থা ও স্বাস্থ্যবিধিমালায় প্রতিষ্ঠার প্রয়োজন সবচেয়ে আলোচনা করা হইয়াছে, কিন্তু পল্লীগ্রামে জলকষ্ট এত অধিক ও প্রবল যে সর্বপ্রথমেই ঐ বিষয়ে আলোচনা করা উচিত ছিল। পল্লীগ্রামের সংস্কার করিতে হইলে প্রথমেই বিস্তৃত পানীয় জলের বন্দোবস্ত করাই প্রয়োজন। জলকষ্টের জন্ত প্রতি বৎসরেই গ্রীষ্মকালে পল্লীগ্রামসমূহে যে হাহাকার উঠে তাহা প্রায় কাহারই অবদিত নাই। অন্তপ্রকার অভাব ও অসুবিধা কতকটা সহ করা যায় কিন্তু যদি তৃষ্ণার সময় একটু জল না পাওয়া যায় তবে সে কষ্ট বড় অসহ্য। প্রকৃতির লীলাস্থলী স্বজলা স্বকলা বঙ্গভূমির সন্তান যে আজ একটু তৃষ্ণার জলের কান্দাল ইহা বড়ই পরিতাপ ও কলঙ্কের কথা। “এস, বস, পিয়াও পানি, এ তিন কি কড়ি দিয়ে আনি?” ইহা একটা প্রাচীন পল্লীপ্রবাদ, ইহার অর্থ এই যে কোনও আশ্রয় বা অতিথি গৃহে আসিলে অত্র কোনও দ্রব্যাদি দ্বারা তাঁহাকে পরিতুষ্ট না করিতে পারিলেও অন্ততঃ “আম্ন, বস্ন ও জল পান করুন” এই প্রকার সম্ভাষণ ও সমাদরে তাঁহাকে পরিতুষ্ট করিতে পার, ইহাতে কোনও ধরচ নাই। ইহা অতি প্রাচীন প্রবাদ, পূর্বে পল্লীগ্রামে পানীয় জল যে স্রুচুর ও সহজপ্রাপ্য ছিল তাহা এই প্রবাদবাক্যদ্বারা ইঙ্গিত হইতেছে। কিন্তু

পল্লীর বর্তমান অবস্থা কি শোচনীয়। অতিথিকে পান করিতে হয় এবং অপেক্ষাকৃত বিস্তৃত জল পানের দেওয়া দূরে থাক, লোকে নিজের তৃষ্ণার ব্যবস্থার কথা, কদর্য জলে স্নান করাও উচিত নহে, নিবারণ করিতে অক্ষম।

জলাভাবে শুধু যে তৃষ্ণার কষ্ট সহ্য করিতে হয় তাহাও স্বাস্থ্যোন্নতি ঘটে। বিস্তৃত জলের অভাবে দেশের স্বাস্থ্যোন্নতি বা নদীপ্রভৃতি জলাশয়ে অবগাহন অত্যন্ত বৃদ্ধি পায়, লোকে নানারূপ পীড়াগ্রস্ত হয়। স্বাস্থ্যোন্নতি ও স্বাস্থ্যবর্ধক। বাসনমাজা, ঘরখোয়া প্রভৃতি পক্ষে বিস্তৃত জলবায়ুই প্রধান উপাদান। বাজারের সাধারণ পরিমার্জন কার্যগুলিও জলের সর্বত্র ম্যালেরিয়ার যে মহাপ্রাদুর্ভাব, বিস্তৃত পানি বা অল্পতা থাকিলে ভাল হয় না, অথচ জলাভাব জলের অভাবই তাহার একটা প্রধান কারণ। যেখানে জল ধরচ করিতে সর্বদাই মনে একটা অপেক্ষাকৃত ভালজলের ব্যবস্থা আছে সেখানে ম্যালেরিয়া হয়। তাহার ফলে গৃহাদি ও বসন, বাসন কম। যেমন পল্লীগ্রাম অপেক্ষা সহরে ম্যালেরিয়া কম সাফ হয় না। ইহাতে রোগ হইবার বিশেষ পল্লীগ্রামে অনেক সময় যেরূপ কদর্য ও নানারূপে। কাপড়কাচা গৃহস্থের একটা প্রধান কার্য। বীজাণুপূর্ণ জল ব্যবহার করিতে হয় তাহাতে মশক ব্যবহার্য কাপড় কাচার প্রয়োজন এবং মাঝে হওয়া অনিবার্য। আমাদের দেশের স্বাস্থ্যোন্নতি কল্পে ধোবার দ্বারা কাপড় পরিষ্কার করিয়া লওয়া হইলে বিস্তৃত জলের ব্যবস্থা সর্বপ্রথমে করিতে হইবে। ৭৮ দিন ব্যবহারের পরে কাপড় জামা জলাভাবের প্রধান কারণ এই কয়টি:—অনেক স্থানে অত্যন্ত মলিন ও স্বাস্থ্যকর হইয়া পড়ে। তখন পুরাতন পুষ্করিণীসকল বৃজিয়া শুকাইয়া গিয়া থাকে। কাপড় কাচার জন্ত ধোবার বাড়ী পাঠাইতে হয়। কোথাও কোথাও পুষ্করিণী একেবারে শুক না হইলেও অসুস্থ থাকিলে কাপড় ভাল সাফ সংস্কারভাবে পক ও শৈবালপূর্ণ হইয়া প্রায় অব্যবহার্য। শরীরের বাম ও অন্যান্য স্বাস্থ্যকর পদার্থ যাহা হইয়া পড়িয়াছে। অনেক নদীও সংকীর্ণ এবং শুষ্ক হইয়া যায়। তাহা ডালরূপে নিষ্কাশিত হয় হইয়া পিয়াছে। জলাভাব মোচন করিবার জন্ত পুরাতন পুষ্করিণীসকল যে উদ্দেশ্যে ধোবার বাড়ী পাঠান হয় পুষ্করিণীর সংস্কার এবং নূতন পুষ্করিণী খনন করা হইয়াছে না। কাপড় জামার ময়লা যায় না,

এখন কি উপায়ে এই জলকষ্ট নিবারণ করা যায় সে বিষয়ে বিবেচনা করিতে হইবে। নূতন পুষ্করিণী খনন, পুরাতন পুষ্করিণীর সংস্কার ও স্ববিধামত কোনও কোনও সংকীর্ণ ও স্রোতোহীন নদীর সংস্কারসাধন, এই কয়টাই প্রধানতঃ দেশে বিস্তৃত জল সরবরাহের উপায়। এই উপায় অবলম্বন করিতে হইলে প্রচুর অর্থের প্রয়োজন। আমি পূর্বে প্রবন্ধেই বলিয়াছি যে পল্লীগ্রামের যে কোনও সংস্কার করিতে হইলে আমাদেরকে প্রণালীবদ্ধ (organised) হইয়া কার্য করিতে হইবে। এক্ষেত্রেও তাহাই করিতে হইবে; একখানি গ্রামে হয়ত কেহ দয়া করিয়া একটা পুষ্করিণী কাটাইলেন, আর দশখানি গ্রামে হয়ত কিছুই হইল না। এরূপ হইলে চলিবে না। জল সরবরাহের জন্ত গ্রামে গ্রামে বা ২৩টা গ্রাম লইয়া এক একটা সমিতি স্থাপন করিতে হইবে। সেই সমিতির পক্ষ হইতে গ্রামবাসীদের নিকট অর্থসংগ্রহ করিতে হইবে। ইহার যেরূপ অবস্থা তিনি সেইরূপ সাহায্য করিবেন। নিয়ন্ত্রণের লোকেরা কোনওরূপ অর্থসাহায্য না করিতে পারিলেও শারীরিক পরিষ্কার দ্বারা এই কার্যে সাহায্য করিবে। এইরূপ সমিতিবদ্ধ হইয়া কার্য করিলে প্রধান অসুবিধা এই যে, একজনের পক্ষে যাহা অত্যন্ত কষ্টকর দশজনের সাহায্যে তাহা অতিশয় সহজ হয়। একজনকে হয়ত এইরূপ কোনও সংকল্প করিতে হইলে ডিটা মাটা বিক্রয় করার

প্রয়োজন হয় কিন্তু দশজনে মিলিয়া সেই কার্য করিলে কাহারও গায় লাগে না এবং কার্যটিও সহজে সুসম্পন্ন হয়। আমাদের দেশে এই প্রণালীবদ্ধ হইয়া কার্য করিবার প্রথা নাই বলিয়াই কোনও ব্যয়সাধ্য ও সাধারণের হিতকর কার্যাদি সহজে হয় না।

এখন আমাদের দেশে এই প্রথা প্রচলিত করিতে হইবে, আমরা যদি গ্রামে গ্রামে জলসরবরাহসমিতি স্থাপন করি, স্থানীয় লোকদিগের নিকট হইতে অর্থ সংগ্রহ করিতে থাকি, তবে সরকার হইতেও কিছু সাহায্য পাওয়ার বিশেষ সম্ভাবনা। নিজেদের সংগৃহীত ও সরকারদত্ত অর্থে আমাদের আপাততঃ মোটামুটিভাবে পুষ্করিণী খননাদি কার্য নির্বাহ হইতে পারে বলিয়া আশা করা যায়। জল সরবরাহের জন্ত একটি স্থায়ী ভাণ্ডারের প্রয়োজন। প্রথম একবার পুষ্করিণী খনন বা সংস্কার করিলেই হইবে না। মাসে মাসে সেগুলি পুনরায় সংস্কৃত করিতে হইবে। তাহা না হইলে আবার সকল পুষ্করিণীই ক্রমশঃ পঙ্কময় ও আবর্জনা-পূর্ণ হইয়া নষ্ট হইয়া যাইবে। জলের জন্ত অর্থ চাহিলে প্রায় সকলেই আগ্রহের সহিত নিজ সামর্থ্য অল্পসারে সাহায্য করিবেন। একটি সমিতি ও ভাণ্ডার থাকিলে নানা উপায়ে অর্থসংগ্রহ করা যায়। গ্রামের কোনও অবস্থাপন্ন গৃহস্থের বাটীতে বিবাহাদি উপলক্ষে জলভাণ্ডারের অর্থসাহায্য পাওয়া যাইতে পারে। গ্রামে কোনও মেলা বা উৎসবাদি হইলে তাহা হইতেও ভাণ্ডারে অর্থ পাওয়া যাইতে পারে। গ্রামে যদি রাজা, জমিদার প্রভৃতি কোনও ধনী ব্যক্তি আসেন তাঁহার নিকট হইতেও কিছু অর্থ সাহায্য পাওয়া যাইতে পারে। ঐ চেষ্টি, ঐ আলোচনা লইয়া যদি আমরা ব্যস্ত থাকি তবে আরও নানা উপায়ে অর্থ সংগৃহীত হইতে পারে। আমরা কিছু করি না বলিয়াই আমাদের অর্থও জোটে না কাজ হয় না। শুধু খবরের কাগজে লিখিলেই কার্য হইবে না, কোমর বাঁধিয়া কাজে নামিতে হইবে তবেই কার্য হইবে।

বর্তমান অবস্থায় প্রত্যেক গ্রামেই যে এক এক ভাল পুষ্করিণী খনন করান হইবে, এরূপ করা যায় না। প্রত্যেক বড় গ্রামে একটি দুইটি ছোট ছোট দুই তিন খানি গ্রাম লইয়া এক এক পুষ্করিণী খনন করিলে আপাততঃ অনেকটা সুবিধা হইতে পারে। আমাদের অনেক পল্লীগ্রাম এত বড় ও পরস্পরসংলগ্ন যে ২।৩ খানি গ্রামের মধ্যস্থলে এক বড় পুষ্করিণী থাকিলে গ্রামবাসীরা অল্প আয়াসেই তা হইতে পানীয় জল সংগ্রহ করিতে পারে। পরে আর্থিক অবস্থার উন্নতি হইলে প্রত্যেক গ্রামেই ভাল পুষ্করিণী হইতে পারে। সর্বপ্রথম বিশেষ বিশেষ প্রয়োজনীয় কতকগুলি পুষ্করিণী খনন করাইলে আপাততঃ জল জন্ত যে একটি হাহাকার উঠিয়াছে তাহা কতক পরিমাণে নিবারিত হইবে। পরে আমাদের আর্থিক অবস্থার অল্পসারে ক্রমশঃ এইকার্যে অধিক অগ্রসর হইয়া যাইবে। শুধু ভাল ভাল পুষ্করিণী খনন করিলে আমাদের উদ্দেশ্য সিদ্ধ হইবে না। ঐ সকল পুষ্করিণী জল বিশুদ্ধ রাখিতে হইবে। আমরা অনেক পল্লী পানীয় জলের পুষ্করিণীর বিশুদ্ধি রক্ষায় মনোযোগ করি না। ঐ সকল পুষ্করিণীতে আমরা স্নান হইয়া কাপড় কাচি, বাসন মাজি; এইরূপ নানাবিধ কার্য দ্বারা পুষ্করিণীর জল অত্যন্ত অপরিশুদ্ধ ও অস্বাস্থ্যকর হইয়া পড়ে। অনেক সময় পুষ্করিণীতে সোজা সাজিমাটি সিদ্ধ কাপড় কাচা হয়, মলমূত্র ত্যাগ প্রভৃতি জলশোচ প্রভৃতিও অনেক পুষ্করিণীতে হইয়া থাকে। সময় সময় গবাদি পশুদিগকেও ঐ সকল পুষ্করিণীতে স্নান করান হয়। এইরূপ করিলে জল যে অত্যন্ত কলুষিত ও অস্বাস্থ্যকর হইবে তাহাতে আর বিচিন্তা করিবার প্রয়োজন। প্রত্যেক পল্লীতেই অন্ততঃ দুইটি পুষ্করিণী থাকিবার প্রয়োজন। একটি পানীয় জলের জন্ত ব্যবহৃত হইবে, অপরটি কাপড়কাচা, বাসনমাজা ও গবাদি গৃহপালিত পশুদিগের স্নানের জন্ত ব্যবহৃত হইবে। এইরূপ ব্যবস্থা না করিলে আমাদের উদ্দেশ্য কিছুতেই সিদ্ধ হইবে না। আপাততঃ যে যে গ্রামে পানীয় জলের

পুষ্করিণী কাটান হইবে কোনও প্রকারে তাহার তাহাতে নষ্ট না হয় সে বিষয়ে আমাদের বিশেষ লক্ষ্য রাখিতে হইবে। এত উত্তোষ আয়োজন করিয়া পুষ্করিণী খনন করা হইলে যদি আমরা আবার তাহাকে দূষিত ও অস্বাস্থ্যকর করিয়া ফেলি তবে তাহা অর্থাৎ কার্য হইবে। আমরা সাধারণতঃ প্রায় একটু অসাবধান। প্রায়ই আমরা একই পুষ্করিণীতে বাসনমাজা, কাপড়কাচা ও স্নানাদি কার্য এবং সেই পুষ্করিণীর জলই আবার পানের জন্ত ব্যবহার করি। ভবিষ্যতে যাহাতে এরূপ আর না হয় বিষয়ে আমাদের বিশেষ মনোযোগী হইতে হইবে। নতুন পুষ্করিণী খনন করা হইবে গ্রামবাসীরা তাহা তাহাদের পানীয় জলের জন্ত ব্যবহার করিবেন, যে সকল পুরাতন পুষ্করিণী ও ডোবা নামা প্রভৃতি তাহাতে তাঁহারা বাসনমাজা, কাপড়কাচা প্রভৃতি পারিবারিক সাধারণ কার্যগুলি করিতে পারিবেন। প্রয়োজন হইলে ভাল পুষ্করিণী হইতে জল তুলিয়া লইয়া ঐ সকল বাসনাদি পুনরায় ধৌত করিয়া লইবেন। ভাল পুষ্করিণীর জল তুলিয়া তাহা দ্বারা কার্য হইয়া যাইতে পারে। তাহাতে কোনও অস্বাস্থ্য নাই। পানীয় জলের পুষ্করিণীর ভিতরে কোনও আবর্জনা না পড়ে ইহাই আমাদের বিশেষ লক্ষ্য হইবে। যদি কাহারও বাটীর অতি সন্নিকটে ঐ পানীয় জলের পুষ্করিণী থাকে তবে তিনি ঐ পুষ্করিণীতে জল তুলিয়া আনিয়া সকল কার্য হইতে পারিবেন, তবে বিশেষ লক্ষ্য রাখিতে হইবে যে কোনও কার্যে কোনও কারণে পুষ্করিণীর মধ্যে কোনওরূপ পরিষ্কার কার্য না হয়। একজনের একটি কার্যে পুষ্করিণীর সমস্ত জল দুষ্ট হইয়া যায় তবে তাহা গ্রামবাসীরা পক্ষে একটি গুরুতর ক্ষতি। রক্ষণকার্যেও বিশুদ্ধ জল ব্যবহৃত হওয়া একান্ত প্রয়োজন, বর্তমান সময়ে জলের অল্পতাবশতঃ অনেক পল্লীতে অপরিষ্কার জলে রন্ধন করা হয়।

ইহা আদৌ বাঞ্ছনীয় নহে। ইহাতে স্বাস্থ্যহানি হইবার বিশেষ সম্ভাবনা। পানীয় জলের পুষ্করিণী হইতে জল তুলিয়া আনিয়া রন্ধন কার্য চলিতে পারিবে। নতুন স্বতন্ত্র পুষ্করিণী প্রদানতঃ রন্ধন ও পানীয় জলের জন্তই ব্যবহৃত হইবে। তাহা হইতে জল তুলিয়া আনিয়া ঘরে অথবা বাটীতে বসিয়া অল্পাল্প সকল কার্যই করা চলিতে পারে। পানীয় জলের বিশুদ্ধি রক্ষার জন্ত আমাদের বিশেষ মনোযোগী হইতে হইবে, তাহা না হইলে ভাল ভাল পুষ্করিণী কাটাইয়াও আমাদের উদ্দেশ্য সিদ্ধ হইবে না। জলে যে সকল রোগের বীজাণু থাকে অল্পের উত্তোষে তাহা বিনষ্ট হইয়া যায়। সুতরাং ফুটন্ত জল ব্যবহার করা অনেকটা নিরাপদ। যেখানে বিশুদ্ধ পানীয় জলের একান্ত অভাব গ্রামবাসীরা সেখানে জল তুলিয়া সিদ্ধ করিয়া পান করিবেন। সামান্য গরম হইলেই চলিবে না। ভাল করিয়া আগুনে ফোটান চাই, তাহা না হইলে বীজাণুসকল ধ্বংস হইবে না, সুতরাং গরম করার উদ্দেশ্য সিদ্ধ হইবে না।

বঙ্গদেশে প্রতিবৎসর ম্যালেরিয়ায় প্রায় ১০ লক্ষ লোক মারা যাইতেছে, তন্মিহ আরও ৮।১০ গুণ লোক চিরক্ষয় ও অক্ষয় হইয়া জীবন যাপন করিতেছে, ইহা চিন্তা করিলে প্রাণ শিহরিয়া উঠে, শরীর রোমাঞ্চিত হয়। বাঙ্গালী যদি এইরূপ প্রবল বেগে ধ্বংসের পথে অগ্রসর হয় তবে সে জাতি আর কতদিন টিকিবে? আজ আমরা ইউরোপের মহাসমর লইয়া ব্যস্ত, কিন্তু আমাদের দেশে এই ম্যালেরিয়া প্রভৃতির মহাসমর অনেক দিন হইতে চলিতেছে, মনুষ্যের সহিত সংগ্রামে বেরূপ লোকক্ষয় হয় রোগের সংগ্রামেও সেইরূপ লোকক্ষয় হয়, সময় সময় অধিকও হয়, উভয় সংগ্রামের ফল একই। পল্লীগ্রামে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের বন্দোবস্ত করিতে পারিলে ম্যালেরিয়া ও অন্যান্য রোগ নিশ্চয়ই অনেক পরিমাণে কমিবে এরূপ আশা করা যায়, উপরে যেভাবে আলোচনা করা হইল তাহা কার্যে পরিণত করা বিশেষ কঠিন নহে, গ্রামে

শিক্ষিত গণ্যমান্য ব্যক্তিগণ একটু মনোযোগী হইলেই সহজে এই কার্য অনেকটা অগ্রসর হইতে পারিবে। গ্রামের শিক্ষিত ও অবস্থাপন্ন ভদ্র লোকগণ অনেকে সহজে বাস করেন, তাঁহারা তত জলকষ্ট অনুভব করিতে পারেন না। যাহাতে তাঁহাদের গ্রামবাসী ভ্রাতাদের জলকষ্ট নিবারণ হয় সে বিষয়ে তাঁহাদিগকে বিশেষ মনোযোগী হইতে হইবে। বঙ্গদেশে একরূপ জলকষ্ট বড়ই লক্ষ্য ও দুঃখের কথা। যাহাদের পূর্ক পুকুরেরা জলদান, জলসত্র প্রভৃতি মহাপুণ্য কার্য বলিয়া মনে করিতেন, প্রতিদিন নূতন পুকুরিগীতে স্নানকরা যাহাদের একটা বিলাসিতা ছিল\* তাঁহাদের

\* রাজা সীতারাম রায় সম্বন্ধে এইরূপ একটা কিংবদন্তী প্রচলিত আছে।

বংশধরেরা তৃষ্ণার জ্বলন্ত কান্দন, ইহা বড়ই পরিষ্কার ও লক্ষ্যের কথা। ধনীরা অর্থ কতপ্রকারে কত অর্থাৎ ব্যয়িত হইতেছে। তাঁহারা স্বদেশবাসী ভ্রাতাদিগকে তৃষ্ণার জ্বলন্ত কান্দন করিয়া অর্থের সন্ধ্যাবহার করিয়া তাঁহাদের নিকট এই বিনীত প্রার্থনা, তাঁহাদের নিজেদের অর্থে অথবা জনসাধারণের নিকট হইতে সংগৃহীত অর্থে যাহাতে গ্রামে গ্রামে পুকুরিগী করা হইয়া যাহাতে পল্লীতে বিস্তৃত জলের সংস্থান তাঁহারা সেই ব্যবস্থা করুন। ধনী ব্যক্তিদিগের ঐশ্বর্য ও সুবিধা অনেক বেশী, তাঁহারা প্রথমে এই দেশহিতকর অর্থে অগ্রসর হইবেন এই আশা করিয়া একান্ত প্রার্থনা।

## পাঁউরুটি প্রস্তুত প্রণালী।

মিসেস্ এল্, জি, মুখার্জি লিখিত—

দুই পেয়লা ছাপাছাপি ময়দা একটা গামলা বা তদনুরূপ পাত্রে ঢালিয়া দেও, তার পর এক পেয়লা গরম জলে আধপেয়লা আন্দাজ গোলআলুর ইষ্ট (potato yeast) অথবা আধখানি শুষ্ক ইষ্ট কেক দিয়া মিশাইয়া লও। তাহার পর ঐ ইষ্ট ময়দায় ঢালিয়া উত্তমরূপে নাড়িতে থাক, ময়দা ও ইষ্ট মিলিয়া বেন চাপ রাখিয়া না থাকে। ময়দায় ইষ্ট মিশাইয়া নাড়িবার সময়ে মাঝে মাঝে উহাতে গরম জল ঢালিয়া দিবে, এবং যতক্ষণ ইষ্ট ও ময়দা মিলিয়া গিয়া ঘন মণ্ড (batter) না হইবে ততক্ষণ ময়দা নাড়িতে থাকিবে। মণ্ডপ্রস্তুত হইলে উহা ঢাকিয়া একটা গরম জায়গায় রাখিয়া দিবে। যখন দেখিবে পাত্রে স্থিত মণ্ড কেনাইয়া উঠিয়াছে এবং হালকা দেখাইতেছে, তখন খুব সবে এবং ধীরে ধীরে উহাতে ময়দা মিশাইতে ও

নাড়িতে থাকিবে। যখন দেখিবে ময়দা বেশ ঢাল পাকাইয়া আঁটাল হইয়া উঠিয়াছে তখন বুঝিবে ময়দা তাল (dough) তৈয়ার হইয়াছে। তার পর ময়দা রীতিমত ঠাণ্ডিয়া গামলায় রাখিয়া একখানি কাপড়ের চাপা দিবে এবং পূর্কের জায় গামলাটিকে একটা জায়গায় রাখিয়া দিবে। গরমস্থানে কিছুক্ষণ থাকিবার পর ময়দা যখন ফাঁপিয়া ফাটিয়া উঠিবে, তখন ময়দা দুইটা জুড়াইতে দিবে, পরে সিদ্ধ হপ ঈষদুষ্ণ করিয়া লইবে এবং ময়দা বেশী না ফাঁটিয়া কোমল (lowarm) থাকিতে থাকিতে টেবিলে ব্যবহার্য্য রুটির মত করিয়া নেচি প্রস্তুত করিবে। নেচি প্রস্তুত হইলে এক চামচ লবণ এবং এক চামচ চিনি উহাতে তৈলমিশ্র টিনের উপর রাখিয়া একখণ্ড কাপড় দিয়া ঢাকিয়া আবার গরম জায়গায় রাখিয়া দিবে, যখন ফাঁপিয়া ফাটিয়া উঠিয়াছে, তখন বুঝিবে ময়দা বেশী ফাঁপিয়া ফাটিয়া উঠিয়াছে, তখন বুঝিবে ময়দা বেশী ফাঁপিয়া ফাটিয়া উঠিয়াছে, তখন বুঝিবে ময়দা বেশী ফাঁপিয়া ফাটিয়া উঠিয়াছে।

রুটির নেচি তন্দুরে দিবার পূর্বেই তন্দুরটি গরম করিয়া রাখিবে এবং একটি গরম জায়গায় তিন দিন পর্যন্ত

গরম গরম হইয়া উঠে সে বিষয়ে পূর্ক হইতেই অবগত করিতে হইবে, কারণ তন্দুর উত্তমরূপ গরম হইলে রুটি তৈয়ার করিবার সব চেষ্টাই ব্যর্থ হইবে। নেচিগুলি টিন সমেত তন্দুরের ভিতর দিবার পর, তেই আধ ঘণ্টার পূর্কে তন্দুরের দরজা খুলিবে না, ঐ একঘণ্টার মধ্যে মাঝারি আকারের রুটি তৈয়ার থাকিবে। রুটিগুলি তন্দুরের ভিতর হইতে বাহির করিবার ঠিক পূর্কে এক টুকরা পরিষ্কার নেকড়া দুখে হইয়া রুটিগুলির উপরিভাগে একটা ছুধের পৌছাইয়া দিবে। ইহাতে রুটির উপরটা চক্চকে দেখায়। সিদ্ধি গোছের রুটি তৈয়ার করিবার সময় রুটির দুখ-নেকড়ার পৌছ দিবার দরকার হয় না। রুটি তন্দুরের ভিতর হইতে বাহির করিয়াই টিন হইতে লইয়া তারের জালতি দ্বারা প্রস্তুত বড় রেকাবে (baker) উপর রাখিয়া দিতে হয়, রুটি যতক্ষণ ঠাণ্ডা না হইবে ততক্ষণ ঐ ভাবে রাখা আবশ্যিক। যেখানে জালতির ব্যবস্থা পাওয়া যায় না; সেসকালে রুটিগুলি এমনিভাবে রাখিয়া রাখিতে হয় যে রুটির চারিদিকে বেশ বাতাস আসিবে। এইরূপ না করিলে, রুটির গা ভিজা ভিজা

### ইষ্ট প্রস্তুত প্রণালী।

খামিতে ইষ্ট প্রস্তুত করিতে হইলে, দুই পাইট মিশাইয়া লও। হপ ও আলুর মণ্ডে কতখানি ইষ্ট মিশাইতে হইবে আবহাওয়ার উপর তাহা নির্ভর করে। গ্রীষ্মকালে টেবিলচামচের এক চামচ ইষ্ট খামি মিশাইলেই যথেষ্ট, হয়। ইষ্ট মিশাইবার পর কয়েক ঘণ্টা মণ্ডটা একটা গরম জায়গায় রাখিয়া দিলে উহা ফাঁপিয়া হালকা ও ব্যবহারোপযোগী হইবে। কাচের বোতলে ইষ্ট তৈয়ার করাই ভাল, বোতল ব্যবহার করিবার পূর্কে গরম জলে ধুইয়া লইতে হয়। গরমের দিনে ইষ্ট শীঘ্র টকিয়া যায় সুতরাং ঐ সময় রুটির জন্ম সপ্তাহে দুইবার ইষ্ট তৈয়ার করিতে হয়, শীতকালে ইষ্ট অনেক দিন ভাল থাকে।

রাখিয়া দিবে, তবে মাঝে মাঝে মণ্ডটা একএকবার নাড়িয়া দিবে। উপযুক্ত গরম (৭৫°—৮০° ডিগ্রী গরম) স্থানে থাকিলে মণ্ডটা তিন দিনেই কেনাইয়া উঠিবে, তখন মাঝারি আকারের দুইটি আলু সিদ্ধ করিয়া লইয়া, সেই দুইটিকে বেশ করিয়া ভাজিয়া কাদার মত করিবে, তারপর আলু ঈষদুষ্ণ থাকিতে থাকিতে উহা পূর্কোক্ত মণ্ডের ভিতর ঢালিয়া দিবে। তাহার পর মণ্ডটা একটা গরম স্থানে কয়েক ঘণ্টা রাখিবে, যখন দেখিবে মণ্ড কেনাইয়া ফুলিয়া উঠিয়াছে এবং হালকা ও স্পঞ্জের মত দেখাইতেছে, তখনই উহা ব্যবহারের উপযোগী হইয়াছে জানিবে। তখন ইষ্ট একটি ঠাণ্ডা জায়গায় রাখিবে, কারণ ইষ্ট প্রস্তুত হইবার পর ব্যবহারের পূর্ক পর্যন্ত উহার বীজাণুর জিয়া বন্ধ রাখা আবশ্যিক।

দেড় পেয়লা জলে ছোট একমুঠা হপ আটদশ মিনিট ধরিয়া সিদ্ধ করিয়া লও। তাহার পর তিনটি মাঝারি আকারের আলু সিদ্ধ করিয়া জল ঝাড়িয়া রাখ। প্রথমে আলুসিদ্ধ করিয়া সেই গরম জলে হপ সিদ্ধ করা উচিত। আলু সিদ্ধ হইবার পর সেগুলি ভাজিয়া বেশ করিয়া চটকাইয়া লইয়া তাহাতে টেবিলচামচের এক চামচ লবণ ও এক চামচ চিনি মিশাও, তাহারপর উহাতে অল্পে অল্পে হপজল মিশাইয়া নাড়িয়া ঘন মণ্ড প্রস্তুত কর। মণ্ড ঈষদুষ্ণ থাকিতে থাকিতেই তাহাতে পূর্কপ্রস্তুত ইষ্ট হইতে আধ পেয়লা আন্দাজ ইষ্ট লইয়া মিশাও। হপ ও আলুর মণ্ডে কতখানি ইষ্ট মিশাইতে হইবে আবহাওয়ার উপর তাহা নির্ভর করে। গ্রীষ্মকালে টেবিলচামচের এক চামচ ইষ্ট খামি মিশাইলেই যথেষ্ট, হয়। ইষ্ট মিশাইবার পর কয়েক ঘণ্টা মণ্ডটা একটা গরম জায়গায় রাখিয়া দিলে উহা ফাঁপিয়া হালকা ও ব্যবহারোপযোগী হইবে। কাচের বোতলে ইষ্ট তৈয়ার করাই ভাল, বোতল ব্যবহার করিবার পূর্কে গরম জলে ধুইয়া লইতে হয়। গরমের দিনে ইষ্ট শীঘ্র টকিয়া যায় সুতরাং ঐ সময় রুটির জন্ম সপ্তাহে দুইবার ইষ্ট তৈয়ার করিতে হয়, শীতকালে ইষ্ট অনেক দিন ভাল থাকে।

# টায়ফয়েড জ্বর।

গ্রহণ মাছবের ও এই জীবধাজী পৃথিবীর ভাগ্যানিরাশক। তাঁহাদিগের মধ্যে রাজা, মন্ত্রী, শাস্ত্রাধিপ, জলাধিপ প্রভৃতি আছেন। সুতরাং গ্রহ-সাম্রাজ্যটা একটা রীতিমত Organized body অর্থাৎ সম্বন্ধ পরিবার। বিশেষ বিন্ময়ের বিষয়, এই সৌর-পরিবারটি খুব পুরাতন হইলেও, এই পরিবারে অতি পুরাতন কাল হইতে অত্যন্ত লোক-তন্ত্রাসারিণী নীতি (Democratic principles) সমাদর পাইয়া আসিতেছে। পীড়ী খুলিলেই দেখা যায় বৎসর বৎসর গ্রহ-সাম্রাজ্যে রাজ-পরিবর্তন ঘটিতেছে। কোন বার রবি রাজা তন্ত্র মন্ত্রী, বৃহ, কোনবার কুজ রাজা তন্ত্র মন্ত্রী বৃহস্পতি, এইরূপে পালাক্রমে এক এক গ্রহ এক এক বার গ্রহ-সাম্রাজ্যের অধিপতি হইয়া শাসন-নীতির পরিচালনা করিতেছেন। এই সাম্রাজ্যে,—Permanent Settlement,—Settled fact—চিরস্থায়ী বন্দোবস্ত, অশুণীয় ব্যবস্থা বলিয়া কোন কিছু নাই। সুতরাং গ্রহসাম্রাজ্যে লোকতন্ত্র যে বোলকলায় বিকসিত হইয়াছে সে বিষয় সন্দেহ নাই।

অর্গের এই নিয়মটা যদি মর্ত্যে,—বিশেষতঃ মর্ত্যের রোগ সাম্রাজ্যে থাকিত তাহা হইলে মাছবগুলা একটু আশ্চর্য নিখাস ফেলিবার সুযোগ পাইত। এই বাঙ্গালাদেশে রোগ-সাম্রাজ্যে যোরতর Imperialism বা বাহশাহীর “একঘেয়ে” প্রভাব বশতঃ আমরা একেবারে হায়রান ও হতবুদ্ধি হইয়াছি। কারণ ঐ রাজ্যে ম্যালেরিয়াই ছত্রপতি সত্রাট।—বালকে যেমন তীক্ষ্ণ ও সুকটিন হস্তে ‘আক’ চিবাইয়া তাহার রস খায়, এই রোগ-রাজেশ্বরও তেমনই বাঙ্গালীর অস্থিমাংস চর্কণ করিয়া তাহার রস ও রক্ত শুষিয়া খাইতেছেন, সুতরাং ম্যালেরিয়ার শাসন যেমন ইন্দ্রিয়ালিষ্টিক তেমনই সাংঘাতিক হইয়া উঠিয়াছে। মাঝে যখন প্রেগ বাঙ্গালায় কুচ করিয়াছিলেন, তখন লোকের ভঁরসা হইয়াছিল,

আর কিছু না হউক মরণে একটু বৈচিত্র্য পাইত। কিন্তু জলের আলিপনার মত দেখিতে দেখিতে আশা মিলাইয়া গেল। কারণ প্রেগ বাঙ্গালায় দস্তফুট করিতে পারিলেন না। তিনি বাঙ্গালার ম্যালেরিয়ার মহত্ব ও প্রভাপ দেখিয়া ও কিঞ্চিৎ আশঙ্কায় সৎকারে তৃপ্ত হইয়া পশ্চিমে চলিয়া গেলেন। বাঙ্গালায় ম্যালেরিয়াসাহী অবোধে, অক্ষুণ্ণ প্রেগ চলিতেছে।

তবে একটু রকম-ফের করিবার জগুই হউক, বাঙ্গালার জাতভাব-প্রণোদিত স্ববুদ্ধি বশতই হউক, ম্যালেরিয়া আক্রমণ টায়ফয়েড-জ্বরকে (Typhoid Fever) কিছু আমল দিতেছেন। টায়ফয়েড-জ্বর বা জ্বরাজ্বর রোগের মধ্যে খুব প্রধান, প্রভাবশালী, সংহারী এবং আভিজাত্য-সম্পন্ন বা কুলীন; সুতরাং এ গুণধর জাতিকে প্রতিযোগী না করিয়া সহযোগী বলিয়া লওয়াই বুদ্ধির কাজ ভাবিয়া বড় বড় সহর ও ম্যালেরিয়ার মস্কুইটো কাউন্সিল তাঁহাকে আপাত ভোগ দখলের সনন্দ দিয়াছেন। ইহা রাজনীতিজ্ঞের পরিচায়ক। বিশেষতঃ বিস্তৃত পানীয় জলের সংস্থান ঘনশ্রাম জঙ্গলপূর্ণ, মশকগুণনমুখর পল্লীগ্রামের ম্যালেরিয়া মহারাজের পক্ষে যেন শ্রামের বন্দাবন, তিনি ঐ সকল স্থান ছাড়িয়া “পাদমেকং” বাইরে ঘোর নারাজ। তাই সহরে টায়ফয়েডের সংহার-নীতি বাড়াইতেছে। যে সকল গুণ থাকিলে “শিশুবিভাগরায়” হয়, টায়ফয়েডের সে সব গুণের অভাব নাই, সুতরাং আমরা ইহাকে ম্যালেরিয়াসাহীর “Crown Prince” বা সুবরাজ বলিয়া অভিমান বা বরণ করিতে পারি। এজন্য একটা সভা ডাকিলে হয় না?

যাক, এখন টায়ফয়েডের কথাই বলি। টায়ফয়েড জ্বর যৌবনের রোগ। সুস্থ, ও সুন্দর নরনারীগণের কমনীয় দেহের স্বাস্থ্য ও সৌন্দর্য হরণ করিয়া টায়ফয়েড

দেহসপুর্বে পাঠাইয়া দেওয়াই ইহার কাজ। ইনি বেশ লোলচর্খ বুড়াদের খার দিয়া বড় একটা চাচেন না। সুতরাং ইনি যে তেজস্বী, বশস্বী চিসম্পন্ন, ইহা অস্বীকার করিবার উপায় নাই। উপর ইহার উদার্য ও সমদৃষ্টি খুব প্রখর; ধনী, জানী মূর্খ—সকলের প্রতিই ইহার সমান ভাব, লোকের বিশাল রম্য ভবনে এবং কাদালের সমানভাবেই বিরাজ করিয়া থাকেন। টায়ফয়েড শব্দের ধাতুগত অর্থ ধরিয়া বিচার করিলে নামের সার্থকতা খুব পরিষ্কৃত হইয়া উঠে। টাইফ (Typhoid) শব্দের ধাতুর অর্থ অভিভবকারী, ইনি বাহার প্রতি রূপা করেন, ইহার প্রসাদে চেষ্টা বিলুপ্ত হয়, মানসিক শক্তির বিকার ঘটে, আকর্ষণ প্রলাপ বাক্য বলে এবং কোন কোন ব্যক্তিতে অহুরাগী বা বিরাগী (mania) প্রকাশ পাইতে পারে। সুতরাং টায়ফয়েডের নামের মহিমা যেমন, পরিমাণও তেমনই। পূর্বে প্রতীচ্য দেশনমূহে টায়ফয়েডের উৎপত্তি হইত বলিয়া লোকে ভারতীয় ব্যাধি বলিয়া একটা আখ্যা দিয়াছিল। টায়ফয়েড চিরকাল কোন গভীর মধ্যে বাধা পাত্র নহেন। তিনি এখন সর্বকালেই তাঁহার হাতের” কৌশল মাছবকে দেখাইতেছেন, মাছবের দেওয়া উপাধিটা এখন ফাঁকা পরিণত হইয়াছে।

জাদিগের জায় রোগগুলিরও বাহন আছে, ম্যালেরিয়ার বাহন মশক, প্রেগের বাহন ইন্দুর, প্রেগের বাহন ধূলি। সুতরাং টায়ফয়েডের জায় বড় দরের Aristocrat বা অভিজাতের একটা গুণ থাকিলে মানাইবে কেন? টায়ফয়েডের জায়। মাছিরা টায়ফয়েডের বীজাণু বা খোকা-কোলে কাঁখে করিয়া মাছবের খাঙে ও পানীয়ে মাছব তাহাতেই মাছব টায়ফয়েড জ্বরে আক্রান্ত হইতে পারে। এইরূপে মাছবের সর্বনাশ করিতে হইলে তাহার আখ্যাবিজ্ঞানবিদ মহোদয়েরা মাছি-

দিগের উপর Death sentence বা মৃত্যুদণ্ড বিধান করিয়াছেন, তাই ইউরোপে গৃহমক্ষিকা বা মছবের মাছি মারার উত্তম অবিভ্রান্ত চলিতেছে। আমাদের দেশের এক দুর্ভাগ্য কেরাণীই মাছিমারার দৃষ্টান্ত হইয়া আছেন। অস্ত্র কেহ মাছি মারে না, সুতরাং মক্ষিকা-দিগের যত্ববশতঃ কেরাণী বাঙ্গালী চলিতেছে। মশা মারিবার জন্ত কলিকাতার মিউনিসিপালিটি মস্কুইটোইটোপেস্ত করিয়াছেন, মাছি মারিবার জন্ত ক্লাইভোগেড, তাঁহার কবে করিবেন, কে বলিবে? বাহন থাকিলে যে বানে আরোহণ করিতে নাই, এমন কোন নিয়ম নাই। বাহারা প্রত্যাঘে ঘোড়ায় চড়িয়া ভ্রমণ করেন, সন্ধ্যাকালে তাঁহাদিগকে ক্রহাম ও মোটার গাড়ীতে দেখিতে পাই। সুতরাং অস্ত্র যানযোগেও টায়ফয়েড মানব-শরীরে অভিধান করিয়া থাকেন।

সাধারণতঃ ঠাণ্ডা লাগিবার পরই লোকের টায়ফয়েড জ্বর হইতে দেখা যায়। আবার অনেকের ঠাণ্ডা না লাগিলেও টায়ফয়েড জ্বর হইয়া থাকে। এই সব ক্ষেত্রেই টায়ফয়েড জ্বরকে ঠিক চিনিয়া উঠা শক্ত হইয়া পড়ে, কারণ রোগের লক্ষণগুলি ঐরূপ অবস্থায় এত বিপুলভাবে প্রকাশ পাইতে থাকে যে রোগ সহজে ধরা পড়ে না। টায়ফয়েড জ্বরের সাধারণ লক্ষণ, প্রবল জ্বর এবং রোগীর ঘোর অবসন্নতা। এই অবস্থায় রোগীর অভ্যন্ত নাখা ধরে, বমি হয়, নাক দিয়া রক্ত পড়ে এবং উদরভঙ্গ হয়। কোন কোন টায়ফয়েড রোগীর গায়ে গোলাপী দাগও দেখিতে পাওয়া যায়। এইরূপ স্পষ্ট লক্ষণ প্রকাশ পাইলে, রোগ ধরিবার জন্ত কষ্ট পাইতে হয় না, সুতরাং রোগনির্ণয় করিবার জন্ত রক্ত ও প্রস্রাব প্রভৃতির রাসায়নিক পরীক্ষা করিবার প্রয়োজন থাকে না এবং ঐরূপ পরীক্ষা-কলের উপরেও খুব নির্ভর করিতে পারা যায় না।

কাহারও কাহারও টায়ফয়েড জ্বর তত প্রবল হয় না। এই প্রেগের রোগীরা দুই তিন সপ্তাহের মধ্যেই সারিয়া উঠে। কিন্তু সাধারণ টায়ফয়েড জ্বরাক্রান্ত রোগিগণ তিন সপ্তাহ হইতে ছয় সপ্তাহ পর্যন্ত

দারুণ ক্লেশ ভোগ করে। রোগী হুচিকিৎসা ও শুষ্কতার গুণে রোগমুক্ত হইলেও এক ক্ষীণ ও দুর্বল হইয়া পড়ে যে পূর্বের জায় স্থান সবল হইতে তাহার চারি মাস হইতে এক বৎসর পর্যন্ত সময় লাগে। সুতরাং এই রোগের ভয়ানকত্ব বুঝাইবার প্রয়োজন দেখি না।

সব মানুষ মানুষ হইলেও যেমন তাহাদিগের মধ্যে কচি, ভাব ও মেজাজ প্রভৃতির পার্থক্য দেখা যায়, তেমনই একই কারণ বশতঃ লোকে টাইফয়েড জ্বর আক্রান্ত হইলেও পাত্রভেদে উহার ক্রিয়ার পার্থক্য দেখিতে পাওয়া যায়। সাধারণতঃ আহারের দোষে রক্তদুষ্টি ঘটিলে লোকে এই রোগে আক্রান্ত হইয়া থাকে, সুতরাং রক্তদুষ্টির পরিমাণ বা তারতম্য অনুসারে রোগের ক্রিয়া বা ভয়ানকত্বেরও যে তারতম্য ঘটিবে তাহাতে আর বিস্ময় কি ?

নব অধ্যায়ের ও সমাচার করে, পাকস্থলীকেই সকলের আগে তাহার ফলভোগী হইতে হয়। পাকস্থলী সম্বন্ধে জ্ঞাতব্য তথ্যগুলি আমরা পাঠকবর্গের গোচর করিয়াছি। পাকস্থলীর ক্রিয়া বিভ্রাটবশতঃ কিরূপে অজীর্ণতা ঘটে এবং তাহার লক্ষণগুলি কি ভাবে প্রকাশ পায় এইবার আমরা তৎসম্বন্ধে আলোচনা করিব। এই আলোচনা আরম্ভ করিবার পূর্বে, একটা কথা পাঠকদিগকে বলা আবশ্যক বলিয়া মনে করি। পরিপাক-ক্রিয়ার সহিত শরীরের সমুদয় যন্ত্রেরই অস্বাভাবিক সম্বন্ধ রহিয়াছে, সুতরাং পরিপাকনালীর স্বাভাবিক ক্রিয়ার বিভ্রাট অথবা কোন পাকযন্ত্রের বিকার বা বিকলতা হইলে অজীর্ণতা ঘটিবে, এই পরিবর্তনের জন্ত যেহেতু অভ্যন্তরীণ যন্ত্রগুলিকে অস্বাভাবিক পরিমাণে ক্রেশভোগ করিতে হয়। এই কারণে অজীর্ণতার লক্ষণগুলি বহু এবং বিচিত্র।

পাকস্থলীতে ব্যাধাধরা অজীর্ণতার একটা প্রধান লক্ষণ। সর্বদা এই লক্ষণটি প্রকাশ পায় না বটে, কিন্তু যখন পাকস্থলীতে বেদনা উপস্থিত হয়, তখনই পরিপাক কার্যে একটা বিভ্রাট ঘটে। এই বেদনার অহুত্বও বড় বিচিত্র। বেদনা কখন পাকস্থলীর মধ্যে, কখনও হৃৎপিণ্ডের সন্নিহিত স্থানে, আবার কখনও বা পিঠের দাবনার নিকট অহুত্ব হয়। যখন অজীর্ণতা কেবল পাকস্থলীতে নিবদ্ধ থাকে তখন পৃষ্ঠের বাম দিকে দাবনার নিকট বেদনা অহুত্ব হয়। এই বেদনার স্থায়িত্বকাল ও প্রবলতা সম্বন্ধেও কোন বাধাধরা নিয়ম দেখা যায় না। বেদনা কখন মৃদু, কখন তীব্র, কখন সাময়িক, কখন দীর্ঘকাল স্থায়ী।

উদরগত খাদ্য পচিয়া এবং গাঁজিয়া যে বাষ্প উৎপন্ন হয় তাহা অনেক সময়ে পাকস্থলীর বেদনার মূলীভূত কারণ। বাষ্পের চাপে পাকস্থলী অত্যন্ত প্রসারিত হওয়াতেই ঐরূপ বেদনা অহুত্ব হয়। এই বেদনা সময়ে সময়ে অত্যন্ত তীব্র হইয়া থাকে। ভোজনকালে অজ্ঞাতসারে খাওয়ার সহিত বায়ু গলাধঃকৃত হওয়াতেও পাকস্থলী ক্ষীণ হইতে পারে। যাহা-

পার স্নায়ুসমূহ অতিশয় স্নায়ুশীর্ণ, তাহারাই সাধারণতঃ পারকালে অজ্ঞাতসারে এই প্রকার হু-অভ্যাসের দাগ পড়ে।

পাকস্থলীর বেদনার আরও অনেক কারণ আছে। যে সময়ে পাকস্থলী অত্যন্ত হুশ্চাচ্য খাদ্য পরিপাক-কার্যে সহায়তা অথবা ঐ শ্রেণীর খাদ্য বাহিরে নিক্ষেপ করিবার জন্ত যে প্রবল উত্তম প্রকাশ করে তাহাতে পাকস্থলীর (cramp) পীড়াজনক আকুঞ্চন বা বিলম্বিত বেদনা উপস্থিত হইতে পারে, তন্নিম্ন খাওয়ার অথবা খালি পেটে কোন প্রকার উত্তেজক পারনিক দ্রব্য ভোজনেও ঐরূপ ঘটিতে পারে। কারণতঃ অতি-ভোজনের ফলেই পাকস্থলীতে ব্যাধাধরা থাকে। পাকস্থলীর আশ্রয় বা ফুলার জন্ত কারণতঃ পৃষ্ঠদেশে বাম দাবনার সন্নিহিত বেদনা অহুত্ব হইয়া থাকে। আহারের অব্যবহিত পরে দাপনে তীব্র ব্যাধা ধরে, এবং বেদনার স্থান পরিপূর্বক অঙ্গুলী দ্বারা ঐ স্থানটি চাপিয়া ধরিলে বেদনার উপশম না হইয়া উহা আরও বাড়িয়া তাহা হইলে পাকস্থলীর ছদ বা আস্তরণের নরম অবস্থান্তর ঘটিয়াছে বলিয়াই বৃষ্টিতে হইবে। এ অবস্থায় বিচক্ষণ চিকিৎসকের পরামর্শ গ্রহণ-করে উহার প্রতীকারের ব্যবস্থা করিতে হয়। দাপন-রসের আতিশয্য ঘটিলে বা অল্প হইলে, দাপন মধ্যে দাহ অহুত্ব হয়। কেহ কেহ দাপনের স্নায়ুবিকার (Gastric neuralgia) পাকস্থলীতে অত্যন্ত তীব্র বেদনা অহুত্ব করিয়া দেন।

যদিও পীড়া বশতঃ পাকস্থলী ও তন্মধ্যস্থ আচ্ছাদক শিক্তি বিস্তারিত প্রদাহ উপস্থিত হইয়া থাকে, ঐ সময় পাকস্থলী কোমল হয় এবং উহার উপর চাপ দিলে কোমলতা স্পষ্ট বৃষ্টিতে পারা যায়। যখন পূর্ণতা, সংপ্রসারণ ও ভারবোধ দ্বারা আমরা পূর্ণতা অহুত্ব করিয়া থাকি। এই উদরপূর্ণতার অনেক। অতিভোজন, অপরিমিত পাচক-রস-

নিঃসরণ ও পাকস্থলী মধ্যে 'গ্যাস' অর্থাৎ বায়ুসমূহ হেতু উদরে পূর্ণতা অহুত্ব হইয়া থাকে। তন্নিম্ন বাহ্যিকের পাকস্থলীর পরিপাকশক্তি হ্রাস পাইয়াছে, তাহাদিগের পাকস্থলীতে অর্জীর্ণ ও অজীর্ণ খাদ্য সঞ্চিত হওয়াতেও উদর বা পাকস্থলীতে পূর্ণতা বোধ হইয়া থাকে। দুর্বলতা বশতঃ পাকস্থলী অর্জীর্ণ ও অর্জীর্ণ খাদ্য দুর্বল পেশীর সাহায্যে যথারীতি পরিচালন ও হুশ্চাচ্য বা গ্রহণমধ্যে নিক্ষেপ করিতে পারে না। পাকস্থলের পরিপাকক্রিয়ার পর জীর্ণ ও অর্জীর্ণ খাদ্য পাকস্থলী হইতে নির্গত হইয়া হুশ্চাচ্য মুখে নিহিত হইলে যদি কোন হুশ্চাচ্য দ্রব্য পাকস্থলীতে থাকিয়া যায় তাহা হইলে উদরে পূর্ণতা-বোধ হইয়া থাকে।

ছুট উদগার এবং তুচ্ছ দ্রব্যের অর্জীর্ণ বা অর্জীর্ণ কণিকা সহ অস্বাভাবিক, পরিপাকশক্তি হ্রাসের প্রকৃষ্ট লক্ষণ। পরিপাকশক্তির কীর্ণতা বশতঃ তুচ্ছদ্রব্য জীর্ণ না হইলে, পাকস্থলী সেই ছুট দ্রব্যগুলিকে কোনমতে বাহির করিয়া দিবার খুব চেষ্টা করে। কেননা ঐ প্রকার অর্জীর্ণ ও ছুট দ্রব্য অঙ্গমধ্যে প্রবেশ করিলে খুব যন্ত্রণা-বৃদ্ধি এবং শারীরিক অপকার ঘটিবার অত্যন্ত সম্ভাবনা। তন্নিম্ন যাহাতে ছুট-ও অর্জীর্ণ দ্রব্য শীঘ্র এবং সহজে বাহির হয়, পাকস্থলী সেই বিষয়ে খুব চেষ্টা করিয়া থাকে। পাকস্থলের এই উত্তম, তাহার পরিপাকশক্তির একটি নিদর্শন। পাকস্থলীর প্রসারিত প্রান্তভাগটি হৃদয়মধ্যে নিহিত, তন্নিম্ন পাকস্থলী যখন তুচ্ছ অর্জীর্ণদ্রব্য উৎক্ষেপ করে, সেই সময় বকের অভ্যন্তরভাগে দাহ বা জ্বালা অহুত্ব হইয়া থাকে।

বমন, পাকস্থলীর পরিপাকবিভ্রাটের আরও একটি নিদর্শন। এই লক্ষণ দেখিয়া বৃষ্টিতে হইবে যে পাকস্থলী তুচ্ছদ্রব্য পরিপাক করিতে পারে নাই, আর যাহাতে ঐ অর্জীর্ণ দ্রব্য পাকস্থলে থাকিয়া এবং অঙ্গমধ্যে প্রবেশ করিয়া শরীরের অপকার সাধন করিতে না পারে তন্নিম্ন সে বমন দ্বারা আপনাকে

বাচাইবার চেষ্টা করিতেছে। হৃৎস্রাব অজীর্ণ ভুক্ত-  
জব্য, অপরিপাকজনিত ছুট পদার্থ এবং পাকস্থলীর  
শৈল্পিক শিল্পীর প্রদাহ বমনের কারণ।

কোন পুরুষ প্রাতঃকালে বমন করিলে বুঝিতে  
হইবে তিনি পূর্বদিন রজনীতে প্রচুর সুরাপান  
করিয়া পরিপাকশক্তির বিয় ও বিজ্রাট ঘটাইয়াছিলেন,  
তৎকর্ত্ত তাঁহাকে ঐরূপ রেশভোগ করিতে হইতেছে।  
অধিক সুরাপানে পরিপাক শক্তির বিয় ঘটে এবং  
সঙ্গে সঙ্গে পরিপাকনালীর পাকতত্ত্বসমূহও বিপর্যস্ত  
হইয়া পড়ে। ভোজনের ঠিক পরে বমন হইলে এবং  
বমনকালে উদর মধ্যে কোনরূপ বেদনা অনুভূত না  
হইলে বুঝিতে হইবে যে পাকস্থলীর উত্তেজনা অত্যন্ত  
বৃদ্ধি পাইয়াছে, কিংবা যে খাওয়া গুলি জঠরে স্থান  
পাইয়াছে, তাহা পরিপাক করিবার শক্তি পাকস্থলী  
ও আত্মবদিক বহুতন্ত্রের নাই। এই লক্ষণ দেখিয়া  
পরিপাকবহুতন্ত্রের অবস্থা বিচার করিতে হয় বটে,  
কিন্তু ইহাও জানিয়া রাখা উচিত যে স্নায়ুতন্ত্রের  
কেন্দ্র কোন বিষম ব্যাধি দ্বারা আক্রান্ত হইলেও বমন  
হইয়া থাকে। তখন আহার বা পরিপাকবহুতন্ত্রের  
সহিত ঐ লক্ষণটির কোনরূপ সম্বন্ধ থাকে না, লক্ষণটি  
সম্পূর্ণ স্বতন্ত্রভাবেই প্রকাশ পায়।

আংশিক বা সম্পূর্ণ ক্ষুধাহানিকে অগ্নিমান্দ্য বলে।  
অগ্নিমান্দ্য পরিপাকবিজ্রাট ও পাক বহুতন্ত্রের বিশৃঙ্খলার  
একটি প্রকৃষ্ট নিদর্শন। এই লক্ষণ দেখিলেই বুঝিতে  
হইবে যে পরিপাকবহুতন্ত্র বিকল হইয়াছে, উহাদের  
ক্রিয়া ঠিকমত চলিতেছে না। তন্নিম্ন এই লক্ষণ  
দেখিয়া ইহাও বুঝা যায় যে, শরীরের পুষ্টির জন্য  
আবশ্যক উপাদানগুলি দেহমধ্যে সঞ্চিত আছে,  
কিংবা ভোক্তার খেয়াল অনুসারে খাওয়াসমূহ জীর্ণ  
করিবার শক্তি পরিপাকবহুতন্ত্রের আপাততঃ নাই।  
ঐ অবস্থায় পাকস্থলীর বিক্রাম বা লজ্বন আবশ্যক।  
অত্যন্ত অজীর্ণতা ঘটিলে ভোজনে স্পৃহা থাকে ত  
মূরের কথা, খাওয়াবোয় নাম 'ওলিলেও স্থগা  
হয়। এ অবস্থায় রোগীকে আহার করান বড়ই

কঠিন কাজ। বাহারা বহুমূল বা পুরাতন অজীর্ণতা  
রোগে ভুগিতেছেন, তাঁহাদিগের খাওয়ার প্রতি তাদৃশ  
বিহুয়া দেখা যায় না। বরং সময়ে সময়ে এই শ্রেণীর  
রোগীর ক্ষুধা বৃদ্ধি পায় এবং সে তৃপ্তিপূর্বক ভোজন  
করে। যে সময়ে আহারের দোষে পাকস্থলী-তন্ত্রের  
পাচক-রসোৎপাদক গ্রন্থিগুলির ক্রিয়া-বিজ্রাট  
বিফলতা ঘটে সেই সময়েই অগ্নিমান্দ্য ঘটবার  
সম্ভাবনা। আর লক্ষণ প্রকাশ পাইতে দেখা যায়।  
কিন্তু অনেক সময়ে একরূপ ঘটতে দেখা যায়  
যে, মাথাঘোরাওমনের উদ্ভ্রান্তভাবে পুরাতন  
অগ্নিমান্দ্যের প্রকৃত কারণ না থাকিলেও লোকের  
অগ্নিমান্দ্য ঘটিয়াছে ভাবিয়া অসন্তোষ প্রকাশ  
করে। যে সময় পেট খালি থাকে সেই সময়ে  
এই প্রকার অসন্তোষের কারণ আর কিছুই  
নহে, রোগীর অসুস্থ হইতে হয়, তবে সময়ে সময়ে  
আহারের রোগী যে পরিমাণ খাওয়া করিলে তাহার  
বিবেচনায় পর্যাপ্ত ভোজন করা হইল বলিয়া  
যে, সে সেই পরিমাণে আহার করিতে পারিতেছে  
না। তাহাদিগের পদক্ষেপ ঠিকমত হয় না। এবং  
চতুর্দিকের কিন্তু তাহার পরিমিত ভুক্ত জব্যের  
পরিপাকে এবং কুস্তকারের চক্রের স্থায়  
ঘুরিতেছে বলিয়া বোধ তদ্বারা শরীরের  
যথার্থ পুষ্টি-সাধনে কোন বিয় হইতেছে না।  
এইরূপ শিরোরূর্ণনের সময় রোগীর কর্ণে  
ভোঁ-না। ঐরূপ স্থলে প্রচুর ভোজনে অভিলাষ  
ভিন্ন আর কিছু নহে। ভোজ্যজব্য পুষ্টির  
পরিমিত আহারেও শরীর স্থস্থ ও সবল থাকে।  
এইরূপ লক্ষণ। সুরাগ্রস্ত এবং ভয়ঙ্কর  
ব্যক্তির তদ্বৃষ্টির প্রতি লক্ষ্য না থাকিতে  
লোকের পরিমিত খাওয়াই উদরাগ্নানে কষ্ট  
পাইয়া থাকে। পাকস্থলীর পেশী  
ভোজনকে অগ্নিমান্দ্যের লক্ষণ বলিয়া মনে  
করিয়া নিস্তেজ হইলে এবং কুস্ত্রব্য দীর্ঘকাল  
পাকাশয় থাকে। অত্যন্ত ক্ষুধাবৃদ্ধি, সময়  
বিশেষে অজীর্ণ রোগের মধ্যে সঞ্চিত থাকিয়া  
পচিয়া ও গাঁজিয়া উঠিতে আরম্ভ  
লক্ষণ বলিয়া পরিগণিত হইয়া থাকে। পুরাতন  
উদরাগ্নানে (Flatulence) হইয়া থাকে।  
অজীর্ণ রোগে (Chronic indigestion) এই  
লক্ষণটিরূপ আশ্রয় ফলে পেটে বেদনা হয়  
এবং দেখিতে পাওয়া যায়। এইরূপ ক্ষুধাকে  
(False appetite) "ছুট ক্ষুধা" বলে।  
পাকস্থলীতে তৃপ্তিব্যবস্থার সম্ভাবনা।  
পাকস্থলী মধ্যে বায়ু সঞ্চিত ও কিছুদিন  
সঞ্চিত হইয়া থাকিবার পর উহা যখন  
পচিতে থাকে হইলে সম্প্রসারণ ঘটয়া  
থাকে। তৎকর্ত্ত ও গাঁজিয়া উঠিতে থাকে  
তখন ঐ প্রকার ছুট ক্ষুধারসমূহ বা  
ফুসফুস এবং হৃৎপিণ্ডের উপর চাপ পড়ে।  
তাড়না অনুভূত হয়। যত পানে পাকস্থলীর  
শৈল্পিক প্রকার চাপ পড়াতে হৃৎপিণ্ডের  
ক্রিয়াবিজ্রাট ঘটে এবং বিজ্রাট  
উত্তেজনা হেতু একরূপ কৃত্রিম  
ক্ষুধাবোধ হইয়া থাকে (Palpitation of heart)  
উপস্থিত হয়। থাকে, তাই বিলাতের  
ভোজন-বিলাসী ব্যক্তিদিগের কখন  
ঐরূপ চাপের জন্য রোগী মুহমান  
হইয়া ক্ষুধাবৃদ্ধি করিবার জন্য  
সুরাসংযোগে নানা প্রকার অগ্নি-  
পাড়ে এবং তাহার ঘন ঘন  
শ্বাসপ্রশ্বাস বহিতে থাকে। ঐ  
প্রকার পানীয় মুখমণ্ডলের  
আরক্তভাব এবং নাসাগ্রের  
রক্তরাগ পানে কৃত্রিম  
ক্ষুধার উদ্রেক হয় বটে, কিন্তু  
একপক্ষ সময়েই অজীর্ণ-  
রোগের লক্ষণ বলিয়া পরিগণিত

হয় কিন্তু পাকস্থলীর শৈল্পিক  
ক্রিয়ার অত্যন্ত উত্তেজনা  
হইলেও ঐরূপ লক্ষণ প্রকাশ  
পাইতে পারে।

শিরঃপীড়া বা মাথাঘরা  
অপরিপাকের একটা লক্ষণ  
বটে, কিন্তু বহুতন্ত্রের বিকার  
ঘটিলে অথবা পরিপাক-  
বিজ্রাট বশতঃ পাকস্থলীতে  
অপকারী পদার্থ উৎপন্ন  
হইলে সাধারণতঃ অজীর্ণ  
রোগীর শিরঃপীড়া উপস্থিত  
হইয়া থাকে। অতিভোজন,  
কোষ্ঠবদ্ধতা এবং অপরিমিত  
সুরাপানেও শিরঃপীড়া  
উপস্থিত হয়।

জিহ্বা পরীক্ষা দ্বারা পাকস্থলীর  
অবস্থান নির্ণয়ের সম্পূর্ণ  
সম্ভবপর না হইলেও, সময়ে  
সময়ে জিহ্বা দেখিয়াও পাকস্থ-  
লীর অবস্থা কতকটা বুঝিতে  
পাওয়া যায়। অল্পকালস্থায়ী  
অজীর্ণরোগে জিহ্বা একপ্রকার  
শ্বেত বা পীতভ শ্বেত  
কিংবা ধূসর লোমবৎ তন্তুসকলের  
দ্বারা আবৃত হয়। পাকস্থলীর  
বিশৃঙ্খলা বা পরিপাকবিজ্রাটের  
উপশমের সঙ্গে সঙ্গে জিহ্বা  
পরিষ্কার এবং ঐ প্রকার  
লোমাবলী আদৃশ হইয়া থাকে।  
অস্থায়ী পরিপাক বিজ্রাটে  
(Gastritis) জিহ্বাগ্র এবং  
জিহ্বার প্রান্তভাগগুলি গাঢ়  
রক্তবর্ণ ধারণ করে, ঐ সময়ে  
জিহ্বাও অত্যন্ত লাল ও  
নীরস থাকে। অজীর্ণতা  
বিশেষ পীড়াকর হইলে  
জিহ্বার লোমাবলী অত্যন্ত  
পাতলা বা বিরল-সন্নিবিষ্ট  
হয় এবং জিহ্বাটি সঙ্কুচিত,  
কঠিন ও আকারে ক্ষুদ্র  
হইয়া থাকে। অজীর্ণতা  
রোগে পাকস্থলী নিস্তেজ  
হইয়া পড়িলে জিহ্বা আকারে  
বড়, তন্তুগে বা কোমল  
হয়, উহার প্রান্তদেশে  
দাঁতের দাগ পড়ে এবং  
উপরিভাগে লোমাবলী  
দেখিতে পাওয়া যায়।

জিহ্বার উপরিভাগে যে  
লোমাকার গুঁরাগুলি দেখিতে  
পাওয়া যায় সে গুলি জিহ্বা ও  
মুখের আবরণ-ঝিল্লীর  
অতি নূন নূন কোষ  
ব্যতীত আর কিছুই নহে।  
রোগের প্রভাবে এই  
শ্রেণীর কোষসমূহের  
সংখ্যাবৃদ্ধি হইয়াই হউক  
অথবা জিহ্বা ও মুখের  
আবরণঝিল্লীর কোষগুলি  
জিহ্বার উপর সঞ্চিত  
হইয়াই হউক, ঐরূপ  
লোমাবলীর সৃষ্টি হইয়া  
থাকে। জীবাণুপুঞ্জ এবং  
অগ্ন্যন্ত নুন্ন নুন্ন জৈবপদার্থ  
সকল খাচ্চকপিকার সহিত  
মিশিয়া থাকে, আহারের  
সময় সেগুলি সমস্তই লাল

ও স্নেহের সহিত মিশ্রিত হয়। রক্তসঞ্চালনক্রিয়ায় আধিক্যহেতু জিহ্বার উপরিভাগের ঝিল্লীর ক্রিয়াতিশয্য ঘটিলে উহার উপর লোম বা স্ফটিক বা স্ফটিক অধিক পরিমাণে জন্মিয়া থাকে। পাকস্থলীর অবস্থান্তর বশতঃ রক্তসঞ্চালনক্রিয়া অধিক পরিমাণে হওয়াতেই ঐরূপ ঘটে।

এইবার আমরা নানা প্রকার অজীর্ণতা ও উদরাময় সম্বন্ধে বিশদভাবে আলোচনা করিব। বিষয়গুলি বেশ পরিষ্কৃতভাবে বুঝাইবার জন্ত আমরা ঐ সকল রোগের প্রকৃতি ও ক্রিয়া প্রভৃতি সুস্পষ্টভাবে বর্ণনা করিব।

**অস্থায়ী অজীর্ণতা (Acute Indigestion)।** অগ্নিমান্দ্য, উদরাময় বা অপরিপাক বলিলে একই রোগ বুঝায়। অধিকাংশ লোকই অস্থায়ী অজীর্ণতা রোগে কষ্ট পায়। যতদিন মাতৃশ্বের অতিভোজনে কষ্ট থাকিলে এবং প্রচুর ও উপাদেয় খাদ্য আহারের স্বযোগ ঘটিবে, ততদিন এই রোগের প্রভাব কিছুতেই কমিবে না। কারণ, লোকে শারীরিক প্রয়োজনের দিকে লক্ষ্য না করিয়া কেবল রসনার তৃষ্ণার জন্তই প্রচুর ভোজন করে, তাই তাহার সাময়িক অজীর্ণতা রোগে কষ্ট পায়। তন্নিম্ন অস্বাস্থ্যকর, পাকস্থলের পীড়াদায়ক ও দুপাচ্য খাদ্য ভোজনেও সাময়িক অজীর্ণতা ঘটিয়া থাকে। দুপাচ্য খাদ্য অনেকক্ষণ পাকস্থলীর মধ্যে থাকিয়া পচিয়া গাঁজিয়া উঠে, সুতরাং পাকস্থলীর পীড়া উপস্থিত হয়। গ্রীষ্মকালে লোক বাসি ও পচা খাদ্য আহার করিয়া অজীর্ণতায় কষ্ট ভোগ করে। আমাদের দেশে বিবাহ, শ্রাদ্ধ প্রভৃতি ক্রিয়া উপলক্ষে ক্রিয়া বাড়ীতে প্রচুর লুচি, কচুরি ও মিঠাই প্রভৃতি প্রস্তুত হয়। অনেক সময়ে সংগৃহীত খাদ্য উষ্ণ হয় এবং সেই খাদ্য গৃহাগত কুটুম্বদিগকে কয়েক দিন ধরিয়া খাইতে দেওয়াও হয়। তাহদের মিষ্টান্নপ্রিয় কুটুম্ব ও কুটুম্বিনীরা ক্রিয়াবাড়ীতে মিষ্টান্ন সঞ্চয় করিয়া গৃহে লইয়া গিয়াও স্বজনদিগকে খাওয়াইয়া থাকেন। সময়ে সময়ে তন্নিম্ন অতি ভয়ানক ফল ফলিয়া থাকে। শীতকালে কোন কোন মিষ্টান্ন খুব শীঘ্র পচে না, কিন্তু গ্রীষ্মকালে খাদ্য

অব্য ৫১৬ ঘণ্টা পরেই পচিতে আরম্ভ করে। সুতরাং গ্রীষ্মকালে বাসি মিষ্টান্ন স্পর্শ করাই উচিত নহে। ঐরূপ ভুক্ত জব্য এবং গাঢ় ও চটচটে স্নেহা থাকে। ক্রিয়া বাড়ীতে পোলাও, মাংস, প্রভৃতি উষ্ণ হইলে, রক্ত পর রোগী বেশ শান্তি বোধ করে। অনেক সময় সে গুলি গরম করিয়া তুলিয়া রাখা হয় এবং পরে উহা পরিজনবর্গকে খাইতে দেওয়া হয়। কিন্তু বলা বাহুল্য, খাদ্যদ্রব্য, বিশেষতঃ আমিষ জব্যের মুখে অত্যন্ত লালান্সাব হয় এবং জিহ্বাতে খুব শীঘ্রই পচিতে আরম্ভ করে, খুব যত্ন করিয়া রাখিয়া দিলে ঐ সকল জিনিষের স্বাদ তত বিকৃত হয় না। বটে, কিন্তু ঐরূপ খাদ্য, পাকস্থলী মধ্যে প্রবেশ করিয়া শরীরের অপকার তিন্ন কখনই উপকার করে না।

যাহারা সুরার পরম ভক্ত; ত্রাণ্ডি, বীয়ার, হাইব্রিড পর্যন্ত বাড়িতে পারে। এইরূপ আক্রমণে প্রভৃতি যাহারা মনের সাথে পান করিয়া থাকেন, তাহারা মাঝে মাঝে প্রবল অজীর্ণ রোগে আক্রান্ত হইয়া থাকেন। এই সকল সুরাসক্ত রোগীর অবস্থা যে কিরূপ ভয়ানক হয়, তাহা যাহারা ইহাদিগের অবস্থা স্বচক্ষে না দেখিয়াছেন তাহারা বুঝিতে পারিবেন না। অতিরিক্ত সুরাপানে বিশেষতঃ অশোধিত ও অপরিপক্ক সুরা সেবনে পাকস্থলীর খুব উত্তেজনা হয়, সজ্ঞে সজ্ঞে পাকস্থলীতে অতিরিক্ত পরিমাণে স্নেহা নির্গত হয়। ইহাতে পাকস্থলীর স্বাভাবিক-ক্রিয়া কিয়ৎপরিমাণে স্থগিত হওয়াতে পরিপাক-কার্যে অত্যন্ত বিলম্ব ঘটে। সুতরাং মতপেরা ক্রমে ক্রমে নিদারুণ অজীর্ণ রোগগ্রস্ত ও জীর্ণশীর্ণ হইয়া পড়িয়া থাকে। বৃদ্ধ ও মধ্যবয়স্ক ব্যক্তির অনেক সময়ে অস্থায়ী অজীর্ণতা রোগে কষ্ট পাইয়া থাকেন। বাত-রোগ এবং বায়ুর প্রকোপ ইহার প্রধান কারণ। রক্ত-সঞ্চালন-ক্রিয়ার বিশেষ বিশেষ অবস্থার সহিত এই প্রকার অজীর্ণতার ঘনিষ্ঠ সংশ্লিষ্ট থাকে। ইহার উপর সাধারণ কারণেও বৃদ্ধ ও মধ্যবয়স্ক ব্যক্তির অজীর্ণতা রোগে কষ্ট পাইয়া থাকেন, এ কথা বলাই বাহুল্য।

**অস্থায়ী অজীর্ণতার লক্ষণ।**—শিরঃপীড়া বা মাথাধরা, আলোক এবং শব্দের প্রতি বিরাগ। পাকস্থলীতে পূর্ণতা—এবং অস্বস্তিবোধ। অজীর্ণ রোগে সাধারণতঃ পেটে ব্যথা ধরে না।

কাফি, মত্ত প্রভৃতি রাসায়নিক ও উগ্র পানীয় পানেও সাধারণতঃ লোকের এই রোগ হইতে দেখা যায়। কেহ কেহ অধিক মসলা ভোজন এবং উগ্র ঔষধাদি সেবন করাতেও এই রোগ জন্মিয়া থাকে। অতিরিক্ত ধূমপানও সাময়িক অজীর্ণতার কারণ বলিয়া লিখিত হইয়াছে। শোণিত এবং স্নায়ুতন্ত্রের উপর তামাকের খুব ক্রিয়া হয় অনেকের এইরূপ অস্থায়ী।

ভুক্তজব্য অজীর্ণ অবস্থায় খুব অধিকক্ষণ পাকস্থলী মধ্যে থাকিলে উহার ক্রিয়া হেতু পাকস্থলীর পীড়া বা উত্তেজনা (Irritation) হয়, তাহাতেই ‘ডিস-পেপসিয়া’ অর্থাৎ অগ্নিমান্দ্য বা অপরিপাক ঘটয়া থাকে। সুতরাং অধিক রাত্রিতে ভূরি ভোজন করিলে, কিংবা পাকস্থলীর উপস্থিত আন্তরণের ততটা সজীবতা না থাকিলে, খুব সহজেই অজীর্ণতা ঘটতে পারে। খাদ্যদ্রব্য ভাল করিয়া না চিবাইয়া আহার করিলে, কিংবা কদম ভোজন করিলে, পাকস্থলীর ঝিল্লীর উপর ভুক্তজব্যের যে রাসায়নিকক্রিয়া হয়, তাহার স্বায়ী অজীর্ণ রোগ জন্মিতে পারে। দস্তশূল প্রভৃতি রোগ থাকিলে অনেক সময়ে লোকে লাঙ্গর সহিত দস্তশূলজনিত বিষদ্রষ্ট রস গলাধঃকরণ করে, এইরূপ দ্রষ্ট পদার্থ পাকাশয় মধ্যে প্রবিষ্ট হইয়া স্বভাবতঃ উহার ক্রিয়াবিভ্রাট ঘটাইয়া থাকে। চর্ম, অঙ্গ এবং (Kidney) মূত্রগ্রহি প্রভৃতি দ্রষ্ট-পদার্থ-নিঃসারক যন্ত্রাদির ক্রিয়া উপযুক্তভাবে সম্পন্ন না হইলে পরিপাককার্যে বিভ্রাট ঘটয়া থাকে। যাহারা বাত, রক্তাশ্রুতা এবং ক্ষয়রোগে আক্রান্ত হইয়াছে; তাহারা স্বায়ী অজীর্ণ রোগে ক্লেশ ভোগ করে। লোকে অস্থায়ী অজীর্ণ রোগের প্রতিকারে উদাসীন হইলে কিংবা সামান্য চিকিৎসার পর চিকিৎসা বন্ধ করিলে, উহা স্থায়ী রোগে পরিণত হইতে পারে।

**পুরাতন অজীর্ণতার লক্ষণ।**—লোকে সাময়িকভাবে মাঝে মাঝে অজীর্ণ রোগে কষ্ট পাইবার পর, পুরাতন অজীর্ণ রোগে আক্রান্ত হইয়া থাকে, আবার অতি ধীরে ধীরে এই রোগ মল্লম্ব দেহ

অধিকার করে। এই রোগের সূচনা-কালে আহারের পরে পাকস্থলী মধ্যে অত্যন্ত পূর্ণতা বা ভার বোধ হয়। সাধারণতঃ রোগের প্রারম্ভে পাকাশয়ে কোন প্রকার বেদনা অনুভূত হয় না, কিন্তু একবার বাধা ধরিলে উহা অতি সামান্য বা তীব্র হই প্রকারেরই হইতে পারে। সময়ে-সময়ে রোগীর উভয় স্কন্ধের মধ্যে বেদনা হয়। যে সব ক্ষেত্রে অজীর্ণতার সঙ্গে সঙ্গে বক্র কঠিন হয় সেসকল স্থলে পাকস্থলীর উপর চাপ দিলে কিঞ্চিৎ কোমলতা অনুভূত হয়। কোন কোন ক্ষেত্রে অন্নোদগার বশতঃ অন্ননালীতে এবং বক্রস্থলে জ্বালা বা দাহ অনুভূত হয়। জিহ্বা লোমাবলী বা রুদে ধারা আকীর্ণ হয় এবং মুখে অন্নবাদ পাওয়া যায়। রোগের প্রথম অবস্থায় প্রাতঃকালে বিবমিবা উপস্থিত হইয়া থাকে; যাহারা সুরাপান বশতঃ অজীর্ণ রোগে আক্রান্ত হয় সেই সব রোগীর এই লক্ষণটি খুব প্রকাশ পায়। এই রোগে আহারের পর তীব্র জ্বালাময় প্রবাহ কঠ বাহিয়া উঠে এবং হৃৎকমর উদগার উঠিতে থাকে। এইরূপ লক্ষণ কয়েক ঘণ্টা ধরিয়া ক্রমাগত প্রকাশ পায়, ইহা আশ্বাসসংবলিত অজীর্ণ রোগের লক্ষণ। আহারের অব্যবহিত পরে কিংবা আহারের ২।১ ঘণ্টা পরে খাওয়ার সহিত শ্লেষ্মা বমন হইয়া থাকে। পাকস্থলী শূন্য থাকিলে বড় একটা বমন হইতে দেখা যায় না। সূখা বোধ এই পুরাতন অজীর্ণ রোগের একটি প্রকৃষ্ট লক্ষণ।

মাথাধরা ও মাথাঘোরা এই রোগের সাধারণ লক্ষণ। আলস্ত ও উত্তমহীনতাও এই শ্রেণীর লক্ষণগুলির পর্যায়ভুক্ত। যখন রোগীর মাথা ধরে, তখন উহার প্রকোপ লম্বাট ও চক্ষুঃপর্ধ্যস্ত বিস্তৃত হয়। অজীর্ণ রোগীদের মধ্যে কাহারও কাহারও পেটের ভিতর ভয়ানক শব্দ হইয়া থাকে। এই শব্দ ধারা রোগীর ভেমন অপকার না হইলেও প্রোভার মনে বড় ভয় হয়। সাধারণতঃ পুরাতন অজীর্ণ রোগে আক্রান্ত ব্যক্তিদের কোষ্ঠ পরিষ্কার হয় না। কিন্তু যে সময় পাকস্থলী আচ্ছাদক বিস্তারিত বিকার অন্ন অবধি ব্যাপ্ত হয়, সে সময় রোগীর উদরায়

(Diarrhoea) হইয়া থাকে। পুরাতন অজীর্ণ রোগের প্রভাবে, স্বাস্থ্যতদ হওয়াতে অনিদ্রা এবং বিকার ধিরভাব উপস্থিত হইতে পারে।

**পিত্তপ্রকোপ এবং পিত্তজ্বর**  
**অজীর্ণতা।**—(Biliousness and bilious attacks)। যে সময় কাহারও পাকস্থলীর উত্তেজনা অতিরিক্ত পরিমাণে বাড়িয়া উঠে এবং সঙ্গে সঙ্গে বক্র ও ভেদ হইতে থাকে, রোগীর অত্যন্ত তরল মল সহিত অল্পাধিকপরিমাণে পিত্তমিশ্রিত শ্লেষ্মা বা তখন লোকে সাধারণতঃ এই পীড়াকে পিত্তপ্রকোপ এবং পিত্তাধিক্যমূলক অজীর্ণতা বলিয়া থাকে। কোথাও পুনঃপুনঃ বমন করিলে, অন্ন জর ও মাথাধরার আক্রান্ত হইলে এবং পেটে বেদনা অনুভব করিলে, সাধারণতঃ লোকে উহাকেও পিত্ত-প্রকোপ নাম দিয়া থাকে। এইরূপ বমন এবং যুহুজর ও শিরঃপীড়াসংবলিত অস্থিতাকে আধ কপালে মাথা ধরা (Megrim) পিত্তকোপজনিত শিরঃপীড়া (Bilious headache) ও সজ্বর শিরঃপীড়া (Sick headache) বলাও হয়। কশাহ্রুক্রমের প্রভাবে লোকে এইরূপ পীড়ার আক্রান্ত হইয়া থাকে, অর্থাৎ যাহাদিগের পূর্বপুরুষ ঐ প্রকারে ব্যাধিতে আক্রান্ত হইয়াছিলেন, তাহারাই অনেক সময়ে ঐরূপ পিত্তবিকারজনিত বমন, শিরঃপীড়া প্রভৃতি হেতু ক্লেশ ভোগ করিয়া থাকে।

**লক্ষণ।**—পিত্ত-প্রকোপ ও পিত্তমূলক অজীর্ণতার সহিত সাময়িক অজীর্ণতার লক্ষণ সমূহের মিল আছে। তবে এই রোগে বেশীর ভাগ বমনের সহিত পিত্ত নির্গত হয় এবং অত্যন্ত তরল জোলে হইয়া থাকে। কি বমন, কি তরল মল উভয়েই পিত্ত মিশ্রিত থাকে। এই রোগে রোগীর গাত্রবর্ণ পীতবর্ণ হয়। তন্নিহ্ন পীড়াগ্রস্ত ব্যক্তির সূখা থাকে না, যুধেন ছই তিন দিন ধরিয়া এই শিরঃপীড়া চলিতে তিক্তাস্বাদ অনুভূত হয়, জিহ্বা রুদপূর্ণ হয়, মাথা ধরতে, রোগীর মেজাজ খিটখিটে হয়, এবং মাথার গা-বমি-বমি করে, এবং কখন কখন রোগীর কোষ্ঠবর্জিত থাকে রোগী সাধারণতঃ অবসন্নতা এবং বিকলভাৱে মধ্য মধ্য কষ্ট পায় তাহাদিগের শারীরিক অস্থিত হইয়া বড় কাতর হইয়া পড়ে।

শিরঃপীড়ার আক্রমণ মাঝে মাঝে আকস্মিক হইয়া থাকে। রোগী শিরঃপীড়ার প্রবল প্রকোপে যন্ত্রণা ভোগ করে। মাথার এক দিকেই তীব্র অনুভূত হয়। দৃষ্টি-বিভ্রম এই রোগের একটি লক্ষণ। রোগীর চক্ষুর সম্মুখে অগ্নিস্থিত, অগ্নিময় বক্ররেখাসমূহ এবং কখনও বা শিথিল অতি উজ্জ্বল অগ্নিবর্ণ চূর্ণাদি পরিদৃষ্ট হয়। কাহারও রোগের অবস্থায় দৃষ্টিশক্তি অত্যন্ত হওয়াতে সকল পদার্থ অস্পষ্ট দেখায়। আবার কাহারও বা প্রত্যেক চক্ষুর দৃষ্টিক্ষেত্রের (visual field) অর্ধভাগ শক্তিহীন হইয়া পড়ে। ধরিবার কিছুকণ পূর্বে এই সকল লক্ষণ প্রকাশ পায়। কাহারও কাহারও আবার মাথা ধরিবার পূর্বে শিরঃপীড়ায় আক্রান্ত হইবার পূর্বে ভয়ানক বিপৎভর স্বপ্ন দেখিয়া থাকে। 'আধকপালে,' মাথা ধরা, মাথার আক্রান্ত অংশের শিরঃপীড়া ফুলিয়া পপু করিতে থাকে। মাথাধরার সূচনায় সমস্ত শিরঃপীড়ার আক্রান্ত হইয়া উঠে এবং রোগের ভোগ যত দূর হইতে থাকে, এবং শরীর যত অবসন্ন ও ধীর হইতে থাকে মুখমণ্ডলও ততই বিবর্ণ হয়। পরিশেষে মাথার এক পার্শ্বের শিরঃপীড়া ছড়াইয়া পড়িয়া সমস্ত মাথা ধরে। এই শিরঃপীড়ায় আক্রান্ত ব্যক্তি লোকের দিকে চাহিতে পারে না, ঘর অন্ধকারময় হইলেই সে শান্তি বোধ করে। বমন হইলে এই শিরঃপীড়ার শান্তি হইতে দেখা যায়। কখন কখন ছই তিন দিন ধরিয়া এই শিরঃপীড়া চলিতে থাকে, রোগীর মেজাজ খিটখিটে হয়, এবং মাথার পরিধায়ে কোমলতা অনুভূত হয়। যাহারা এই রোগে মধ্য মধ্য কষ্ট পায় তাহাদিগের শারীরিক মানসিক উত্তেজনার কোনও কারণ ঘটিলে অবিলম্বে

শিরঃপীড়া উপস্থিত হয়। প্রকৃত আধকপালে মাথাধরার সহিত আহার দোষের সম্পর্ক বেশী নাই, (epilepsy) অপস্মার রোগের সহিতও ইহার কোনও সংস্রব আছে বলিয়া বোধ হয় না। কোন কারণে কাহারও শারীরিক ও মানসিক অবসাদ ঘটিলে এবং সে অত্যধিক পরিশ্রান্ত হইয়া পড়িলে তাহার ঐ প্রকার শিরঃপীড়া উপস্থিত হইবার সর্বেশেষ সম্ভাবনা। আধকপালে মাথাধরা প্রকৃত প্রস্তাবে স্নায়বিক রোগ, কিন্তু লোকে সাধারণ, অজীর্ণতাজনিত বমন ও জ্বরের সহিত ইহার সংস্রব আছে বলিয়া মনে করে, তৎপ্রতি আমরা এখানে তৎসংস্রবে আলোচনা করিলাম।

**স্নায়বিক অজীর্ণতা।**—স্নায়বিক অজীর্ণতা (Nervous Dyspepsia)-পাকস্থলী সংক্রান্ত রোগ—তিনটি সম্পূর্ণ বিভিন্ন কারণে এই রোগের উৎপত্তি হইয়া থাকে। (১) পাকাশয় রসের (Gastric Juice) উপাদান হাইড্রো-ক্লোরিক এসিডের (Hydrochloric Acid) পরিমাণ হ্রাস পাওয়াতে এই রোগ হইয়া থাকে। যাহারা বক্রস্থল বা পুরাতন অজীর্ণ রোগে, স্নায়ুশূল (neurasthenia) ও হিষ্টিরিয়া রোগে কষ্ট পাইতেছে, তাহাদিগের পাকস্থলীতে হাইড্রো-ক্লোরিক এসিডের সরবরাহ কম হইয়া থাকে। তৎপ্রতি ঐ শ্রেণীর রোগীরা স্নায়বিক অজীর্ণ রোগে আক্রান্ত হয়। তন্নিহ্ন স্বাভাবিক পাকাশয় রসের পরিমাণ হ্রাস পাওয়াতেও এই রোগ হইতে দেখা যায়। যেকোনো হউক, পাকাশয় রসে হাইড্রোক্লোরিক এসিডের পরিমাণ কম হইলে সঙ্গে সঙ্গে পাচক রসের পরিমাণ কমিয়া যায়। পুরাতন অজীর্ণতা হেতু পাকস্থলীর আবরণীর ক্ষয়, বার্কক্য, স্নায়ুকেন্দ্রের জীর্ণতা, অক্ষুধায় ভোজন, অতৃপ্তিকর জব্য ভোজন এবং পাকস্থলীর শূল প্রভৃতির জন্ত পাকাশয়ে পাকাশয়-রসের পর্যাপ্ত নিঃসরণে বাধা ঘটে। পাকস্থলীর পরিপাক কার্য উপযুক্তভাবে সম্পন্ন না হইলেই পাকাশয় রসের অন্নতা ঘটয়াছে বলিয়া বুঝিতে পারা যায়। ঐ অবস্থায় পাকস্থলী হইতে গ্রহণী বা সূত্রাঙ্কমুখে যে পাকমণ্ড নীত হয়, তাহাতে

অপরিপাকের লক্ষণ স্পষ্টই দেখিতে পাওয়া যায়। কারণ তাহাতে নাইট্রোজেন বহুল খাদ্যব্যবহার ও সকল, মাংসের টুকরা প্রভৃতি অজীর্ণ অবস্থায় থাকে এবং ঐ পাকশয় পচিয়া ও গাঁজিয়া উদরাময় রোগ উৎপাদন করে, সঙ্গে সঙ্গে পেটে অত্যন্ত তীব্র ব্যথা ধরে। এই অবস্থায় সাধারণতঃ ক্ষুধা থাকে না, পাকশয়ীতে অতৃপ্তি বোধ হয়, অনিদ্রা হয়, মাথা ধরে এবং মাথা ঘোরে।

(২) স্নায়বিক অজীর্ণতা রোগ কিরূপে উৎপন্ন হয় তাহা আমরা বিবৃত করিয়াছি। স্বাভাবিকভাবে পরিমিত পাকাশয় রস নির্গম সত্ত্বেও কি প্রকারে স্নায়বিক ডিসপেপসিয়ার উৎপত্তি হয় এবারে তাহার পরিচয় দিব। এই দ্বিতীয় প্রকারের স্নায়বিক রোগ বড়ই অদ্ভুত। এই রোগে নিয়মিতভাবে পাচক রস নিঃসৃত হয়, পাকশয়ীর আবরণী, পরিপাক—পেশীসমূহ, গ্রন্থিগুলি এবং পাকগ্রন্থিনিঃসৃত পাচক রসোদির কোনরূপ বিকার বা বিপর্যয় ঘটে না, তুচ্ছ দ্রব্যও নির্দিষ্ট কালের মধ্যে জীর্ণ হয়, তথাপি রোগী পরিপাকক্রিয়ার প্রভাব বেশ অল্পভব করে এবং ঐ সময়ে পেটে ভার ও অস্বস্তি বোধ হয়, উদগার উদ্ভিঙে থাকে এবং পেট ফুলিয়া উঠে।

(৩) তাহার পর তৃতীয় প্রকারের স্নায়বিক অজীর্ণতার কথা। খুব বেশী পাকাশয় রসনিঃসরণ, এই রোগের একটি বিশিষ্ট লক্ষণ। স্নায়বিক রোগ গুলির মধ্যে এই রোগের প্রভাব খুব বেশী এবং সাধারণতঃ লোককে এই রোগে আক্রান্ত হইতে দেখা যায়। এই রোগে আক্রান্ত ব্যক্তি আহারে প্রবৃত্ত হইয়া মাত্র তাহার পাকশয়ীতে অত্যন্ত অধিক পরিমাণে হাইড্রোক্লোরিক এসিড সঞ্চিত হইতে থাকে। এইরূপ ঘটবার কারণ দুইটি। প্রথম, কখন রোগীর পাকাশয় রসে খুব বেশী পরিমাণে উক্ত এসিড থাকে, দ্বিতীয় কখনও বা নিঃসৃত পাকাশয়রসের পরিমাণ অত্যন্ত অধিক হওয়াতে পাকশয়ীতে এসিডের পরিমাণ অধিক হয়। রোগের সময় এইরূপ পাচকরস নিঃসরণ

কেবল আহারকালে হইতে পারে অথবা অবিচ্ছিন্নভাবে ঐ রস নিঃসৃত হইতেও পারে, আবার পরিপাকের সহিত কোন সংশ্লিষ্ট না রাখিয়াও সময়ে সময়ে সঞ্চিত হইয়া থাকে, এবং কিছু আহার করিবার উহার শাস্তি হয়। পাকশয়ীর যন্ত্র-তন্ত্র বিকল হইয়া আহারের পর ক্রমাগত প্রবল পাকাশয়-হইতে থাকে। ঐরূপ ক্ষেত্রে ষথারীতি রোগ-ই আবশ্যিক। পাকাশয়শুলের সঙ্গে সঙ্গে প্রচুর পরিপূর্ণ পাকাশয়-রস নির্গত হইতে দেখা যায়। সকল নারী কোষ্ঠবদ্ধতা, রক্তাশ্রিতা এবং পারিবারিক চিন্তা হেতু কষ্ট ভোগ করেন, তাহাদিগের এই রোগে আক্রান্ত হইবার সম্ভাবনা খুব বেশী। কিন্তু ষথেরাও এই রোগে আক্রান্ত হইয়া থাকে।

লক্ষণ—পাকশয়ীর ভিতর অকস্মাৎ খুব ব্যথা ধরে। তারপর বেদনা নিম্নপঞ্জর সমূহের চারিদিকে বেড়িয়া পৃষ্ঠদেশ পর্যন্ত ব্যাপ্ত হয়; এই বেদনা ঐ মাঝে কিছুদিন অন্তর হইয়া থাকে, উহার পর আহারের কোন সম্বন্ধ নাই। সাধারণতঃ ত্রিকালেই এইরূপ ব্যথা ধরিতা থাকে। এই রোগে একটি বমি হইতে দেখা যায় না। কিছু আহার হইলে বরং বেদনার উপশম হইয়া থাকে।

স্নায়ুশূলজনিত অজীর্ণতা (Neurasthenic Indigestion) আর এক প্রকারের স্নায়বিক অজীর্ণতা বলিয়া পরিগণিত হইতে পারে। পৃষ্টির অভাবে হৃদয়দিগের স্নায়ুতন্ত্র (Nervous system) দুর্বল বা জীর্ণ হইয়া পড়িয়াছে, তাহারা স্নায়বিক দুর্বলতাহেতু অজীর্ণ রোগে ভুগিয়া থাকে, স্নায়ুশূল রোগের ইহা একটি সাধারণ লক্ষণ। মানসিক অবসাদ, মানসিক শ্রান্তি, অত্যন্ত শারীরিক পরিশ্রম, স্নায়বিকশক্তির অতিক্রমণ ও অত্যাচ্ছ যে সকল কারণবশতঃ লোককে স্নায়ুশূল রোগে আক্রান্ত হইয়া থাকে, তাহারা স্নায়ুশূলমূলক অজীর্ণরোগের উৎপত্তি ঘটায় থাকে।

পাকাশয়শূল—(Gastralgia)। পাকশয়ীর নানাপ্রকার পীড়া হেতু লোকে, পাকাশয়শূল (Gastralgia, Gastric neuralgia বা Gastrodynia) রোগে আক্রান্ত হইয়া থাকে। এই রোগে পাকশয়ীতে ব্যথা ধরে। যাহারা মাঝে মাঝে অজীর্ণ রোগে কষ্ট পায়, তাহারা শরীর সবল করিবার জন্ত পুষ্টিকর খাদ্য ভোজন করিলে তাহাদিগের পাকাশয় শূল হইতে পারে, পাকশয়ীতে এবং সময়ে সময়ে অন্ননালীতে দাহবৎ জ্বালা ধারা এই বেদনা বৃদ্ধিতে পারা যায়।

কখন আহারের পর দুই তিন ঘণ্টা ধরিয়া বেদনা হইয়া থাকে, এবং কিছু আহার করিবার উহার শাস্তি হয়। পাকশয়ীর যন্ত্র-তন্ত্র বিকল হইয়া আহারের পর ক্রমাগত প্রবল পাকাশয়-হইতে থাকে। ঐরূপ ক্ষেত্রে ষথারীতি রোগ-ই আবশ্যিক। পাকাশয়শুলের সঙ্গে সঙ্গে প্রচুর পরিপূর্ণ পাকাশয়-রস নির্গত হইতে দেখা যায়। সকল নারী কোষ্ঠবদ্ধতা, রক্তাশ্রিতা এবং পারিবারিক চিন্তা হেতু কষ্ট ভোগ করেন, তাহাদিগের এই রোগে আক্রান্ত হইবার সম্ভাবনা খুব বেশী। কিন্তু ষথেরাও এই রোগে আক্রান্ত হইয়া থাকে।

লক্ষণ—পাকশয়ীর ভিতর অকস্মাৎ খুব ব্যথা ধরে। তারপর বেদনা নিম্নপঞ্জর সমূহের চারিদিকে বেড়িয়া পৃষ্ঠদেশ পর্যন্ত ব্যাপ্ত হয়; এই বেদনা ঐ মাঝে কিছুদিন অন্তর হইয়া থাকে, উহার পর আহারের কোন সম্বন্ধ নাই। সাধারণতঃ ত্রিকালেই এইরূপ ব্যথা ধরিতা থাকে। এই রোগে একটি বমি হইতে দেখা যায় না। কিছু আহার হইলে বরং বেদনার উপশম হইয়া থাকে।

স্নায়ুশূলজনিত অজীর্ণতা (Neurasthenic Indigestion) আর এক প্রকারের স্নায়বিক অজীর্ণতা বলিয়া পরিগণিত হইতে পারে। পৃষ্টির অভাবে হৃদয়দিগের স্নায়ুতন্ত্র (Nervous system) দুর্বল বা জীর্ণ হইয়া পড়িয়াছে, তাহারা স্নায়বিক দুর্বলতাহেতু অজীর্ণ রোগে ভুগিয়া থাকে, স্নায়ুশূল রোগের ইহা একটি সাধারণ লক্ষণ। মানসিক অবসাদ, মানসিক শ্রান্তি, অত্যন্ত শারীরিক পরিশ্রম, স্নায়বিকশক্তির অতিক্রমণ ও অত্যাচ্ছ যে সকল কারণবশতঃ লোককে স্নায়ুশূল রোগে আক্রান্ত হইয়া থাকে, তাহারা স্নায়ুশূলমূলক অজীর্ণরোগের উৎপত্তি ঘটায় থাকে।

লক্ষণ—পাকশয়ী ও তৎসম্বন্ধিত স্থানে সাধারণতঃ অস্বস্তি বোধ হয়। প্রভাতে এই অস্বস্তি-বোধ অত্যন্ত অধিক হইয়া থাকে, কিন্তু যত বেলা গড়িতে থাকে ততই এই উপসর্গের হ্রাস হইতে থাকে।

কিন্তু আহার করিবারমাত্র এই অস্বস্তি অত্যন্ত প্রবল হইয়া উঠে। মানসিক অবসন্নতা অথবা প্রকল্পতা খুব বৃদ্ধি পাইলে এই অস্বস্তি-বোধ খুব বৃদ্ধি পায়, আহারের পরিমাণ বা খাদ্যব্যবহার উৎকৃষ্ট ও নিকৃষ্টতার সহিত ইহার কোন সম্বন্ধ নাই। উদরায়ান এই রোগের একটি বিশিষ্ট লক্ষণ। বিবিম্বা বা গা-বমি-বমি করা ইহার আর একটি লক্ষণ, সময়ে সময়ে বিবিম্বা রোগীর পক্ষে অত্যন্ত পীড়াদায়ক হইয়া থাকে, কিন্তু এই রোগে বড় একটা বমন হইতে দেখা যায় না। বায়ুতৃষ্ণ হেতু রোগীর উদরায়ান হইয়া থাকে। মোটের উপর রোগীর ক্ষুধা হ্রাস পাইলেও তাহার ক্ষুধার উদ্রেক হয়, তবে ক্ষুধার হ্রাসবৃদ্ধি হইতে দেখা যায়। এই কারণে রোগী শরীর পোষণোপযোগী খাদ্য অপেক্ষা কিছু অল্প আহার করিয়া থাকে, তাহাতে নিস্তেজ স্নায়ুকেন্দ্রগুলির পুষ্টি হয় না বরং ক্রমেই সেগুলির অবস্থা আরও মন্দ হইয়া দাঁড়ায়। সময়ে সময়ে পাকশয়ীর সতেজতাব লোপ পায়, পেশীসমূহ তলতলে ও টিলা হইয়া পড়ে স্বতরাং পূর্বে পেশীগুলি সঙ্কুচিত হইয়া পাকশয়ীতে সঞ্চিত দ্রব্য ঘেরূপ বাহির করিয়া দিত আর সেরূপ করিতে পারে না। সঙ্গে সঙ্গে স্নায়ুশুলের অগ্রাণ্ড লক্ষণও প্রকাশ পায়।

### সাধ্বান অজীর্ণতা।

(Flatulent Dyspepsia)

সাধ্বান-সংবলিত অজীর্ণ রোগের লক্ষণগুলি অস্থায়ী এবং বহুমূল অজীর্ণরোগের লক্ষণগুলিরই অল্পরূপ। কিন্তু উদগার উঠা ও উদরের অভ্যন্তরে বায়ুর ইতস্ততঃ সঞ্চরণ এই রোগের দুইটি বিশিষ্ট লক্ষণ। তিনটি কারণে পাকশয়ী মধ্যে অতিরিক্ত পরিমাণে দুর্গন্ধ বাষ্প বা “বায়ু”র উৎপত্তি হইয়া থাকে। (১) বায়ু উৎপত্তি রোগী মনে করে পেটের ভিতর বায়ু সঞ্চিত হওয়াতেই পেটে অস্বস্তি বোধ হইতেছে, স্বতরাং কৃত্রিম উপায়ে উদগার করিয়া ভিতরের বায়ু বাহির করিয়া ফেলিতে পারিলেই পীড়া প্রশমিত হইবে। তাই সে কৃত্রিম

উদগার করিয়া পাকস্থলীর বায়ু নিঃসারণ করিতে যায়, কিন্তু বায়ু বাহির করা দূরে থাকুক সে বাহিরের বায়ু ভিতরে টানিয়া লয়। (২) পাকাশয়রসে হাই-ড্রোক্লোরিক এসিডের অল্পতাবশতঃ পাকাশয়স্থিত দ্রব্যের বহির্গমনে অসুবিধা বিলম্ব হয় এবং তৎক্ষণাৎ সঞ্চিত দ্রব্য পচিয়া ও গাঁজিয়া গিয়া বায়ু (Gas) উৎপাদন করে। (৩) বায়ু নিঃসরণে বিঘ্ন। পাকস্থলীর বিকলতা এবং হৃদপিণ্ড ও যকৃতের পীড়া বশতঃ রক্তসঞ্চালনক্রিয়ার বাধা ঘটিলে, পাকাশয়ের ছুট বায়ু সম্পূর্ণরূপে নির্গত না হইলে তন্মধ্যে বায়ু সঞ্চিত হইয়া থাকে, তন্নিম্ন পাকস্থলীর সন্ধীর্ণ প্রান্তটি যে স্থলে অস্ত্রের সহিত মিলিত হইয়াছে, তুচ্ছ দ্রব্যাদি পাকযন্ত্রের ক্রিয়াদোষহেতু সেই স্থানে সঞ্চিত হইয়া থাকিতেও পাকস্থলী মধ্যে অতিরিক্ত পরিমাণে বায়ু সঞ্চিত হইয়া থাকে।

লক্ষণ।—আগ্নান সংবলিত অজীর্ণ রোগের লক্ষণগুলি বেশ সুস্পষ্ট। এই রোগে পেট ফাঁপিয়া থাকে, সঙ্গে সঙ্গে কখন কখন খাদ্যপ্রস্থানে কষ্ট বোধ হয়। হৃদপিণ্ডের কার্য অতি কষ্টে এবং অস্বাভাবিকভাবে চলে, রোগী পাকস্থলীতে বেদনা বোধ করে এবং অজ্ঞান বা মুহমান হইয়া পড়ে।

পাকস্থলীর বিকলতা ও মৃদু আগ্নান।—(Atony and dilatation) অনেক সময় অজীর্ণ রোগাক্রান্ত ব্যক্তি এক সময়েই পাকস্থলীর এই উভয়বিধ ব্যাধির দ্বারা আক্রান্ত হইয়া থাকে। বিশেষতঃ এই দুইটি ব্যাধি পরস্পর মুখাপেক্ষী বলিয়া এই দুইটি পীড়াকে প্রকৃত প্রস্তাবে এক ব্যাধি বলিয়া গণ্য করা উচিত। পাকস্থলীর পেশীময় আবরণের বিকলতা ঘটিলে বা পেশীগুলির সমান ক্রিয়াপটুতা না থাকিলে সমগ্র পাকস্থলীর গঠন শিথিল হইবার সূচনা হয়, ফলে পাকস্থলীতে তুচ্ছ বস্তুগুলির সংমিশ্রণ ও সঞ্চালন ক্রিয়া অতি মৃদুভাবে সম্পন্ন হওয়াতে পরিপাকক্রিয়া সূচ্যরূপে সম্পন্ন হয় না। ফলে পাকমণ্ড পাকস্থলী হইতে সম্পূর্ণরূপে নির্গত হইয়া অল্পমধ্যে প্রবেশ করে না, উহার কিয়দংশ অল্পমুখের

কিঞ্চিৎ উর্ধ্বে, পাকস্থলীর নিম্নতম প্রান্তে সঞ্চিত হইয়া থাকিতে আরম্ভ করে। অবশ্য, পাকস্থলীর আবরণীর অবস্থা অত্যন্ত শোচনীয় হইয়া দাঁড়াইলেই পাকমণ্ড সঞ্চয় আরম্ভ হয়, কিন্তু এই ব্যাপারটির প্রতি লক্ষ্য করিলে, পাকস্থলীর আবরণের বিকলতা হেতু পীড়িত ব্যক্তিদিগের উদরাগ্নান বা পাকস্থলীর সম্প্রদারণের কারণ বুঝিতে পারা যায়। কারণ, পাকমণ্ড, পাকস্থলীর নিম্ন প্রান্তে অল্প পরিমাণেও জমিয়া পচিতে আরম্ভ করিলে ছুট বায়ু উৎপন্ন হইয়া থাকে। পাকাশয়ের পেশীময় আবরণীর শক্তিবৈষম্য বা বিভ্রাট ঘটিলেই যে উদরাগ্নান আরম্ভ হইবে, এমন কোন ধরাবাধা নিয়ম নাই, কিন্তু লোকে দীর্ঘকাল পাকস্থলীর আবরণীর বিকলতা হেতু কষ্ট পাইলে পরিণামে তাহার অস্বাভাবিক উদরাগ্নান অবশ্যস্বাবী।

নানা কারণে লোকের পাকস্থলীর আবরণীর পরিপাকপেশীসমূহের শক্তি ও শক্তিসামঞ্জস্যের বিলোপ ঘটিয়া থাকে। স্নায়ুতন্ত্রের বিপর্যয়, রক্তাশ্রিততা, অনিদ্রা, রক্তসঞ্চালন ক্রিয়ার বিভ্রাট ও স্নায়ুশূল প্রভৃতি রোগ হেতু দেহের সর্বোচ্চ পেশীসমূহের তেজোহানি ঘটিলে উহার আনুশঙ্গিক নিদর্শন স্বরূপ পাকস্থলীর আবরণীর পরিপাকপেশী সমূহের শক্তি-সামঞ্জস্যের বিলোপ এবং তেজোহানি ঘটিতে পারে। পাকাশয় মধ্যে বায়ু জমিয়া পাকস্থলী অত্যন্ত ফুলিয়া উঠায় অনেক স্থলে এই রোগ জন্মিতে দেখা যায়। তন্নিম্ন পুরাতন অজীর্ণতা, অপরিমিত উগ্রবীর্ঘ্য চা পান, কফি সেবন এবং মত্ত প্রভৃতি অগ্রাণ্ড উত্তেজক পানীয় গ্রহণে এই রোগ জন্মিতে পারে। অতি ভোজনে এবং অপরিমিত সুরাপানে উদরপূর্তি করিলে এই রোগ জন্মে ও সঙ্গে সঙ্গে দুর্বল এবং হীনভেজ পাকস্থলী ছুট বায়ুর প্রকোপ বশতঃ ফাঁপিয়া উঠে। পাকমণ্ড নির্গমনের পথটি পেশীপুঞ্জ দ্বারা রচিত, এই পেশীগুলির আক্কেপজনিত আকুঞ্চন (spasmodic contraction) হেতু পাকস্থলীর আগ্নান হইয়া থাকে, তন্নিম্ন পাকমণ্ডনির্গমনের দ্বারটি কোন ব্যাধি বশতঃ

বল হইলেও পাকাশয় মধ্যে বায়ু সঞ্চিত হইয়া থাকে।

লক্ষণ ৪—পাকস্থলীর বিকলতা ও আগ্নান রোগে আক্রান্ত রোগীর মুখ পাণ্ডুর ও বিষন্ন দেখায়, তাহার পাকস্থলীতে বড় অস্বস্তি বোধ হয়। পরিপাকক্রিয়া অতি মৃদুভাবে চলে, তুচ্ছদ্রব্য সূচ্যরূপে জীর্ণ হয় না। অতি কষ্টে পাকশয়ের পাকমণ্ড নির্গত হয়। তাহারা এই রোগে প্রবলভাবে আক্রান্ত হয়, ঘন ঘন ঘন তাহাদিগের পীড়ার একটি বিশিষ্ট লক্ষণ। পাকাশয়ের মধ্যে পীড়াকর তুচ্ছদ্রব্য থাকা সত্ত্বেও সে দ্রব্য উৎস্রপের জন্ত বমনের পূর্বে পাকস্থলীতে বিশেষ স্থান চেষ্টা না হইলে গা-বমি-বমি করে না। কিন্তু পাকস্থলীর আবরণীর সামান্য বিকলতায় (Simple atony) ঘন ঘন বমন হয় না। এই রোগে রোগীর মন অত্যন্ত দুর্গন্ধযুক্ত হয়, দুই একদিন পূর্বে রোগী যে খাদ্য ভোজন করিয়াছিল তাহাই কিঞ্চিৎ জীর্ণ বা অজীর্ণ অবস্থায় উদগীর্ণ হইয়া থাকে। তুচ্ছদ্রব্য পাকস্থলীতে গাঁজিয়া উঠাতে উদগীর্ণ দ্রব্যে স্লেষ্মা, বাধু, উদ্ভিজ্জাপু এবং তৎসমূহের ক্রিয়াজাত পদার্থ থাকে। কোনপ্রকার পানীয় দ্রব্য গ্রহণ করিবার ক্ষমতা ঘণ্টা পরেও রোগী বিছনায় পাশ ফিরিয়া শুইবার ক্ষমতা সিঁড়ি দিয়া নামিবার সময় তাহার পাকস্থলীর মধ্যে কুলু শব্দ ও তরল দ্রব্যের সঞ্চালন অস্বভব করে। রোগী যখন অর্ধশায়িত অবস্থায় থাকে তখন তাহাকে পাশ ও পাশ করাইলেও ঐ প্রকার কুলু কুলু শব্দ শ্রবণ করা যায়। পাকস্থলীগহ্বরের পরিপূর্ণতার দ্বারা যেরূপ সময়ে উহার আগ্নান বেশ সুস্পষ্ট হইয়া উঠে। ঐ সময়ে মাঝে মাঝে পাকাশয়ের সঞ্চালনক্রিয়াও বুঝিতে পারা যায়। তাহারা এই রোগে আক্রান্ত হয় তাহারা গাশ ও ভয়োৎসাহ হইয়া পড়ে। সাধারণতঃ রোগী পাসা ও কোষ্ঠবদ্ধতা হেতু কষ্ট পায়।

কোন রোগী ক্রমাগত ভীত যন্ত্রণা বা ব্যথা অস্বভব হইলে, তাহার বমন হইতে থাকিলে, শরীর শীর্ণ হইয়া পড়ে, কিংবা তাহার শারীরিক অবসাদ ও ক্লীণতার

অস্বস্তি লক্ষণ প্রকাশ পাইলে রোগীর পরিপাকনালীর অন্তর্নিবিষ্ট কোন যন্ত্র রোগাক্রান্ত হইয়াছে বলিয়াই বুঝিতে হইবে। এ অবস্থায় বিশেষ পর্যবেক্ষণ এবং রোগীর দেহপরীক্ষা করা উচিত।

### আন্ত্রিক অজীর্ণতা।

(Intestinal Indigestion.)

তুচ্ছদ্রব্য সম্পূর্ণ পরিপাক ও উহার সারশোষণ কাজে পাকস্থলীর হাত কত অল্প তাহা আমরা ইতিপূর্বে পাঠকদিগকে খুলিয়া বলিয়াছি। পাকস্থলীর নির্গমপথের মুখ হইতে আরম্ভ করিয়া মলমার পর্যন্ত সূত্রী কুণ্ডলীকৃত অস্ত্রের পরিমাণ ২৮ ফিট। এই কুণ্ডলীকৃত অস্ত্রটি কল্যাণময় প্রকৃতির মহনীয় দান, উহা তাহার খেয়ালের ফল নহে। কারণ খাদ্য দ্রব্য যাহাতে মেদ, মাংস, মজ্জাপ্রভৃতি দৈহিক উপাদানে পরিণত হইতে পারে তৎক্ষণাৎ লোকমাতা প্রকৃতি আমাদিগকে অতিদীর্ঘ অল্পপ্রদান করিয়াছেন। সাধারণতঃ লোকে পাকস্থলীর কথাই ভাবিয়া থাকে, কিন্তু যাহারা সমগ্র পাকযন্ত্রের পরিচয় পাইয়াছেন, তাহারা অস্ত্রের ক্রিয়াকে আর পূর্বের মত তুচ্ছ মনে করিতে পারিবেন না।

অল্পমধ্যেই পরিপাকক্রিয়া সম্পূর্ণরূপে সম্পন্ন হইয়া থাকে, তুচ্ছদ্রব্যের বারআনা পরিমাণ ঐখানেই জীর্ণ হয় এবং উহার সারভাগ ষোলআনা পরিশোধিত হইয়া দেহের ক্ষয়পূরণে সহায়তা করে। মানুষ নিত্য অন্ন, রুটি, তরী তরকারী, শাক সবজী, মৎস্যমাংস, ফলমূল এবং দুগ্ধ ও চিনি, আহার ও তাহার উপর রুচি অনুসারে চা, কফি, মদ প্রভৃতি পান করিয়া থাকে। বলা বাহুল্য, আহার কালে মাংস মৎস্য প্রভৃতি আমিষ খাদ্য এবং সুরাপ্রভৃতির প্রচলন ইউরোপেই খুব বেশী। তবে আজি কালি এ দেশেও দেখাদেখি শাখা নাচিতেছে, বলিয়া কথাটার উল্লেখ করিতাম। যাহারা সাদাসিধা রকমের আহার করেন, রসনার তৃপ্তি অপেক্ষা জীবনধারণই যাহাদিগের লক্ষ্য, তাহাদিগের তুচ্ছদ্রব্যের চারি আনা আন্দাজ আমিষ বা জৈব খাদ্য। সূত্রাৎ

পরিপাককার্য পরিচালনে অল্পকৈ ক্রিয়াকার্য বেগ পাইতে হয়, তাহা এই হিসাবেই প্রকাশ। এ অবস্থায় আন্ত্রিক পরিপাক কার্যটি সম্পন্ন না হইলে তাহার ফল অতি শোচনীয় হইয়া দাঁড়ায়। আন্ত্রিক অজীর্ণতা-গ্রস্ত ব্যক্তির শরীর ভাঙ্গিয়া পড়ে, দেহের সৌন্দর্য ও লাভ্য গ্রীষ্মকালে ফুলের মত শুকাইয়া যায়।

**স্নেহবস্তুর অপরিপাক।**—যে সময় অন্ত্রমধ্যে অল্পমাত্রায় পিত্তনিসরণ হয় অথবা পিত্তস্রাব একেবারেই বন্ধ হয়, তখন মৎস্য মাংসাদির বশা ও ঘৃত তৈল প্রভৃতি স্নেহপদার্থের পরিপাককার্য সূচ্যরূপে সম্পন্ন হয় না সুতরাং স্নেহপদার্থ সূক্ষ্ম কণিকাসমূহে পরিণত হইতে (emulsified) পারে না। তন্নিম্ন পিত্তমধ্যস্থ লবণসমূহের অভাব অথবা অপ্রচুরতা হেতু স্নেহপদার্থ সহজে দেহগত বা শোষিত হয় না। অগ্ন্যাশয় নিঃসৃত রস কিয়ৎপরিমাণে পিত্তের অভাব পূরণ করিয়া থাকে, কিন্তু পিত্তের প্রভাবে দেহ মধ্যে যে স্নেহদ্রব্যশোষক সাবান উৎপন্ন হইয়া থাকে পিত্তের অভাব বশতঃ সেই সাবানের উৎপত্তিকার্যে বিলম্ব ঘটে, সুতরাং এ অবস্থায় স্বভাবতঃ স্নেহদ্রব্যের শোষণে বিলম্ব উপস্থিত হয়। পিত্তের অভাব বশতঃ তখন পরিপাকসংক্রান্ত অনেক কাজের বোঝা অগ্ন্যাশয়ের উপর পড়ে। অল্প দিনে অন্ত্র তাহার শক্তি বর্ধক পিত্ত-রসে বঞ্চিত হইয়া অতি মন্থরভাবে অজীর্ণ ভুক্ত দ্রব্যের মিশ্রণ ও পরিচালন কার্য চালাইতে থাকে, তন্নিম্ন পিত্তের আংশিক বা সম্পূর্ণ অভাব হেতু অন্ত্রের স্বাভাবিক দৌষ প্রতিশোধক ক্রিয়া বন্ধ হয়, কারণ, পিত্তই অন্ত্রদৌষনাশক। সুতরাং এই অবস্থায় যে পরিমাণ স্নেহ দ্রব্য অগ্ন্যাশয়রসের ক্রিয়া দ্বারা জীর্ণ না হইয়া অন্ত্রমধ্যে থাকিয়া যায়, তাহা পচিয়া বায়ু (gas) উৎপাদন করে। অন্ত্রফীতির ইহাও একটি কারণ বলিয়া পরিগণিত হইতে পারে।

অগ্ন্যাশয়ের (Pancreas) অভ্যন্তরীণ রোগ অথবা উহার ক্রিয়াবিভ্রাট হেতু স্নেহদ্রব্য এবং নাইট্রোজেন-বহুল পুষ্টিকর খাদ্য দ্রব্য সম্পূর্ণরূপে জীর্ণ হয় না।

যেমন পাকাশয় রসের (Gastric juice) অপ্রচুরতা এবং অপকর্ষতা হেতু পাকস্থলীর পরিপাক ভালরূপ সম্পন্ন হয় না, সেইরূপ অগ্ন্যাশয় রসের অপ্রাচুর্য ও অপকর্ষতা বশতঃ আন্ত্রিক পরিপাককার্যও সম্পন্ন হয় না। যখন অগ্ন্যাশয় রসের এই প্রকার দৌষ ঘটে তখন পাকস্থলী হইতে আনীত পাকমণ্ডের সম্পূর্ণ পরিপাক অসম্ভব হইয়া উঠে। বিশেষতঃ যে খাদ্যে খেতসার, মেদ ও অগ্ন্যাশয় স্নেহদ্রব্য অধিক পরিমাণে থাকে, তাহার অধিকাংশই জীর্ণ না হওয়াতে দেহমধ্যে শোষিত হয় হয় না, সুতরাং তদ্বারা দেহের পুষ্টিও হয় না। ফলে অজীর্ণ স্নেহদ্রব্য পচিয়া দুই বায়ু উৎপাদন করে, স্নেহ স্নেহ রোগীকে অত্যন্ত অস্বস্তি ও অসুখ ভোগ করিতে হয়।

বৃহদন্ত্রটি অজীর্ণ ও দুস্পাচ্য ভুক্ত দ্রব্যের আধার স্বরূপ। সুতরাং অজীর্ণ দ্রব্য পরিশেষে বৃহদন্ত্রমধ্যে আশ্রয় লাভ করে। এই বৃহদন্ত্র মধ্যে অসংখ্য জীবাণু (Bacteria) আছে। এই বীজাণুবংশ সেই অজীর্ণ ভোজন দ্রব্য আহাৰ করিয়া পুষ্টি হইতে থাকে। বৃহদন্ত্রনিবাসী বীজাণুরা কখন মিত্র এবং কখন শত্রু কাজ করে। যখন ইহারা মিত্রভাবাপন্ন থাকে তখন তাহাদিগের দ্বারা মাহুয়ের স্বাস্থ্যের উন্নতি ঘটে, যখন ইহারা বীকিয়া বসে তখন মানব দেহে রোগ আসিয়া দেখা দেয়। পরিপাকনালী সংক্রান্ত একটা খুব জটিল, অত্যাবশ্যক ও রাসায়নিক ক্রিয়া ইহাদিগের মুঠার ভিতর আছে। সে যাহা হউক, পরিশেষে এই অজীর্ণ পাকমণ্ডও দেহ হইতে নির্গত হইয়া থাকে। তবে অজীর্ণ খাদ্যদ্রব্য শরীরের পুষ্টি সাধন করিতে পারে না। কিন্তু ভাল করিতে না পারিলে ইনি মন্দই করিয়া থাকেন। অজীর্ণ খাদ্যদ্রব্য দ্বারা শরীরে বিঘ্ন ক্রিয়া হইয়া থাকে। এক অবস্থায় যাহা অমৃত, অবস্থান্তরে তাহাই বিষ। আন্ত্রিক অজীর্ণতার ফল খুব ভয়ানক হইয়া দাঁড়াইতে পারে। আমরা ইতিপূর্বে পাঠককে বলিয়াছি যে (starch) খেতসার এবং মেদ বা স্নেহদ্রব্য পরিপাকক্রিয়ার ফলে যথাক্রমে চিনি ও

পাণে পরিণত হয় সুতরাং দেহপোষণ ও পরিচালন-এই দ্রব্য গুলি ক্রিয়াকার্য প্রয়োজনীয় তাহা পাঠক বুঝিয়াছেন। সুতরাং আন্ত্রিক পরিপাকবিভ্রাট ঠিক খেতসার ও স্নেহদ্রব্য পরিপাক না পাইলে, রোগী শরীরের অজীর্ণতায় আক্রান্ত ব্যক্তির ত্রায় ক্রেশ করে না সত্য, কিন্তু আন্ত্রিক অজীর্ণতা অপকারিতায় শরীরের অজীর্ণতা অপেক্ষা কোন অংশেই হীন নহে। যখন এই রোগে পুষ্টিকর ও তেজোবর্ধক খাদ্য পরিপাক না পাওয়াতে শরীরের পুষ্টি হয় না, স্নেহ স্নেহ রোগীও শোচনীয় অবনতি ঘটে।

কিন্তু নাইট্রোজেন-বহুল খাদ্য এবং ডাউল প্রভৃতি দ্রব্য সম্পূর্ণরূপে জীর্ণ না হইলেও পরে অতিকষ্টে রাসায়নিক ক্রিয়াপ্রভাবে শরীর পুষ্টির উপযোগী হইয়া অন্ত্রমধ্যে শোষিত বা গৃহীত হইয়া থাকে। সৌভাগ্যক্রমে রসের পেশীকোষ মধ্যে যে চিনি থাকে, পরিপাকযন্ত্র দ্বারা স্বীকার পূর্বক তাহা আপন কার্যসিদ্ধির উপযোগী হইয়া লয়, তন্নিম্ন যকৃতমধ্যে যে জাস্তব খেতসার ত থাকে, প্রয়োজনানুসারে তাহারও ব্যবহার হয়। কিছুদিন মেদ বা স্নেহবস্তুর অভাব ঘটিলেও মাত্রা অচল হয় না, কারণ দেহের নানা অংশে রস নিম্নভাগে এবং উদরের অভ্যন্তরীণ যন্ত্রগুলির বিভিন্নভাগে আবরণবস্তুরূপে যে মেদ সঞ্চিত থাকে তাহা দেহের প্রয়োজন সিদ্ধ হয়। কিন্তু কাজটা পেশীতির সম্পূর্ণ বিরোধী। সে যাহা হউক, এইরূপ ঠিকলে পাকাশয় রস (Gastric juice) আপনার অভ্যাস ত্যাগ করিয়া স্নেহ বা মেদবস্তুর জীর্ণ হইবার জন্য উঠিয়া পড়িয়া লাগে। কারণ বৃহদন্ত্রের দ্বারা এই সময়ে তাহাকে জারণ কার্যে সহায়তা করে। পাকাশয়ের রসে মেদ বা স্নেহবস্তু সম্পূর্ণরূপে জীর্ণ হইয়া না।

ভুক্তদ্রব্যের ফেনিলতা (গাঁজন) বশতঃ আন্ত্রিক অজীর্ণতা জন্মিয়া থাকে। ইহা হইলে প্রচুর পরিমাণে শাক ও তরিতরকারী খান সাধারণতঃ তাহারাই এই রোগ আক্রান্ত হইয়া থাকেন। কারণ উদ্ভিদ বস্তুতে

সেলুলোজ (Cellulose) নামে এক প্রকার কঠিন তন্তুময় উপাদান থাকে। প্রথম প্রথম পাকাশয় রসের অপ্রাচুর্য বশতঃ পাকমণ্ডে যথারীতি প্রস্তুত না হওয়াতে উহা অন্ত্রমধ্যে প্রবিষ্ট হইবার পর অত্যন্ত পচিয়া উঠে, তবে পাকক রসের প্রধান উপাদান হাইড্রোক্লোরিক এসিডের ক্রিয়া বশতঃ অন্ত্রমধ্যে পাকমণ্ডে পচনের অনেকটা প্রতিবেদ ঘটিয়া থাকে। পর্যাপ্তপরিমাণে পিত্তরস নিঃসৃত না হওয়াতে অন্ত্রে পাকমণ্ডে পচিয়া থাকে। পাকস্থলীর পরিপাকক্রিয়া ভালরূপে সম্পন্ন না হইলে এই সময় বহুসংখ্যক বীজাণু পাকমণ্ডের সহিত অন্ত্রমধ্যে প্রবেশ করে এবং আপনাদিগের ক্রিয়াপ্রভাবে পাকমণ্ডের গাঁজন আরও বাড়াইয়া দেয়। এমনও ঘটিতে পারে যে পাকাশয়রসের ও অগ্ন্যাশয়রসের অপ্রাচুর্য বা তেজোহানিবশতঃ মাংসের সংযোগতন্তুগুলি যথায়থ-ভাবে বিল্লিষ্ট বা কোমলতা প্রাপ্ত হয় না, সুতরাং স্নেহদ্রব্যের পাচকরস তাহাদিগের উপর পূর্ণতেজে ক্রিয়া করিতে পারে না, কাজেই ভুক্ত মাংস সম্পূর্ণভাবে জীর্ণও হয় না। এইরূপ পরিপাক দৌষ ঘটিলে, প্রচুর মেদবস্তু ও মাংস অর্ধজীর্ণ অবস্থায় বৃহদন্ত্রে (Colon) প্রবেশ করিয়া খুব পচিয়া ও গাঁজিয়া উঠিতে থাকে।

অন্ত্রফীতি (Intestinal flatulence)। প্রবল সাময়িক অজীর্ণতা এবং স্থায়ী অজীর্ণতা রোগে রোগীর অন্ত্রফীতি হইতে দেখা যায়। অন্ত্রমধ্যে অতিরিক্ত বায়ু জন্মিয়াই হউক, অথবা অন্ত্রের মধ্যস্থ বায়ুনির্গমে কোন-রূপ বিলম্ব ঘটাই হউক, প্রচুর বায়ুর প্রকোপবশতঃ রোগীর অন্ত্র ফুলিয়া উঠে। ভুক্ত দ্রব্যে অতিরিক্ত পরিমাণে কপি, আলু, কটা, দাউল, মটরসুঁটি প্রভৃতি উদ্ভিজ্জ ও খেতসারময় পদার্থ থাকিলেই অন্ত্রফীতি ঘটয়া থাকে। অন্ত্রের বিশেষ বিশেষ অবস্থায় এই সব দ্রব্য উত্তমরূপে জীর্ণ হয় না, কাজেই সেগুলি ক্রমে গাঁজিতে ও পচিতে আরম্ভ করিলেই অন্ত্রমধ্যে অতিরিক্ত পরিমাণে বায়ু উৎপন্ন হয়। ফলতঃ অন্ত্রমধ্যে ভুক্তদ্রব্য গাঁজিয়া উঠিলে ও পচিতে আরম্ভ করিলে অন্ত্রফীতি অবশ্যস্বাভাবী।

## সর্পাঘাতের কতিপয় চিকিৎসা- প্রণালী।

শ্রীঅনুতোষ দাসগুপ্ত, এম-এ লিখিত—

( 'ভারত বর্ষ' হইতে উদ্ধৃত )

সরকারী রিপোর্টে জানা যায়, এই দেশে প্রতি বৎসর প্রায় তেইশ হাজার বা ততোধিক লোক সর্প-দংশনে প্রাণত্যাগ করিয়া থাকে। সর্পভয় গ্রীষ্মপ্রধান দেশে সর্পাপেক্ষা বেশী; শীতপ্রধান দেশে অপেক্ষাকৃত কম। নিউজিল্যান্ড এবং আইসল্যান্ড দ্বীপে সর্প দেখিতে পাওয়া যায় না। শীত ঋতুর অবসানে সর্পকুল বিবর ত্যাগ করিয়া আহার অন্বেষণে বহির্গত হয়। ইহারা বহুকাল পর্যন্ত অনাহারে বাঁচিতে পারে। সকল সর্পের বিষ থাকে না। দেশভেদে বিষধর সর্পের সংখ্যা শতকরা—পনের হইতে কুড়ি। সর্পের বিষ শীতকালে অপেক্ষাকৃত নিস্তেজ হইয়া পড়ে; এবং গ্রীষ্মের সময় সমধিক প্রবল হয়। সর্পদষ্ট প্রাণীর শারীরিক আয়তন অল্পসারে বিষক্রিয়ার তারতম্য হইয়া থাকে। ভাইপার নামক সর্পের একবারমাত্র দংশনে একটি মূষিক কিংবা পায়রা সহজেই বিনষ্ট হয়; কিন্তু পুনঃপুনঃ দংশনে একটি অশ্বের মৃত্যু ঘটয়া থাকে। মেজর ওয়াল সাহেব বলেন, ভারতবর্ষে ৬৯ প্রকার বিষধর সর্প দেখিতে পাওয়া গিয়াছে; তন্মধ্যে ৪০ প্রকার সর্প স্থলচর, এবং অবশিষ্ট ২৯ প্রকার সর্প সামুদ্রিক। অসামুদ্রিক জলচর সর্পের বিষ নাই। ভারতবর্ষে সচরাচর চারিপ্রকার সর্পদ্বারা মৃত্যু ঘটয়া থাকে। তন্মধ্যে গোকুর সর্পই সর্পাপেক্ষা মারাত্মক। যে পরিমাণ বিষদ্বারা একটি পূর্ণবয়স্ক লোকের মৃত্যু ঘটিতে পারে, গোকুর সর্পের একবার মাত্র দংশনে তাহা অপেক্ষা দশ হইতে বিশ গুণ অধিক বিষ নির্গত হইয়া থাকে। কতকগুলি সর্পের বিষ মৃদুবীৰ্য এবং অল্প পরিমাণে নিঃসৃত হয়, উহাদের দ্বারা একবার মাত্র দংশনে মনুষ্যের মৃত্যু হয় না।

বিষধর সর্পের উপরের মাড়িতে দুইটি রক্তযুক্ত বৃহৎ, তীক্ষ্ণ দস্ত থাকে, উহাদের মূলদেশে এক একটা খলীর ভিতর বিষ সঞ্চিত থাকে। দংশন করিবার নিমেষের মধ্যে এই বিষ নির্গত হইয়া ক্ষত মুখে প্রবেশ করে। দস্তদ্বয়ের পশ্চাদ্দেশে কতকগুলি বীজবৃত্ত থাকে; এবং এগুলি ভাঙ্গিয়া গেলে পুনরায় দস্তোদগম হয়। যতবার ভাঙ্গিয়া যায় ততবারই দস্তোদগম হয়। সাপুড়িয়াগণ সত্যোদ্ধৃত গোকুর সর্প লইয়া যেরূপ কীড়া কৌতুকাদি প্রদর্শন করে তাহা দেখিলে বিস্মিত হইতে হয়। ইহারা নানারূপ কৌশল এবং ক্ষিপ্ততার সহিত সর্প ধরিয়া থাকে। সর্পবিষ শ্বেতসার (Starch) যুক্ত আঠার মত তরল পদার্থ। রাসায়নিক প্রক্রিয়া দ্বারা জানা যায়, ইহা ক্ষার কিংবা অম্লগুণাত্মক নহে। ইহা অগ্নিতে দগ্ধ হয় না, জলে মিশ্রিত হইলে জল ঘোলা হয় এবং জল অপেক্ষা ইহার আপেক্ষিক গুরুত্ব বেশী এবং ইহা উত্তাপ পাইলে দানায়ুক্ত হয়। কথিত আছে এই বিষ সেবন করিলে কোনরূপ অনিষ্ট হয় না, কিন্তু মুখে কিংবা অগ্নিস্থানে কোন প্রকারে রক্তের সহিত মিশ্রিত হইলে বিষক্রিয়া প্রকাশ পায়।

সর্পাঘাতের চিকিৎসার জ্ঞান নানারূপ উপায় অবলম্বিত হয়, এবং অনেক রকম ঔষধ ব্যবহৃত হইতে দেখা যায়। এ সম্বন্ধে কোনরূপ উপদেশ প্রদান কিংবা আলোচনা করা সম্পর্কে লেখক সম্পূর্ণ অনধিকারী। তথাপি সাধারণের অল্পসন্ধান-স্পৃহা জাগ্রত করিবার উদ্দেশ্যে অধীতবিদ্য এবং প্রত্যক্ষ-দ্রষ্টার উক্তির উপর নির্ভর করিয়া বর্তমান প্রবন্ধে কয়েকটি ঔষধের বিষয় বর্ণিত হইবে। প্রকৃত বিষধর সর্পে দংশন করিলে অধিকাংশ স্থলেই মৃত্যু অনিবার্য। তাহার কারণ,

গণ্য।

এইরূপ সত্ত্বপ্রাণহর যে, অনেক স্থলে চিকিৎসা-শরণাগত হওয়ার পূর্বেই রোগী মৃত্যুমুখে পতিত ওঝা দ্বারা চিকিৎসা করাইবার পদ্ধতি এদেশে প্রচলিত হইতে প্রচলিত আছে। অনেক সময় উহাদের চিকিৎসা-প্রণালী হার মানিয়া যায়। উহাদের হাতেও লোকের মৃত্যু হয়। যে সকল ওঝা এবং চিকিৎসকের হাতে প্রতীকার হইতে জানা যায়, তাহার প্রত্যেক রোগীই বিষধর দ্বারা আহত হইয়াছে কি না তাহা অনেক স্থলে সন্দেহে পারা যায় না। সচরাচর লোকে বিষধর এবং সর্পের পার্থক্য বুঝিতে পারে না এবং বিষহীন সর্পে সংখ্যাই অত্যন্ত অধিক। এই কারণে অনেক ওঝা কিংবা চিকিৎসকের প্রদত্ত ঔষধের উপ-পাতা সম্বন্ধে স্থির সিদ্ধান্ত করা কঠিন। কিন্তু কানেক স্থপ্রসিদ্ধ ওঝা সর্পবিষের অমোঘ ঔষধ হইতে আছে, এ কথা অস্বীকার করিবার উপায় নাই। প্রত্যেক বিষেরই প্রতিষেধক আছে। দ্রব্যগুণে বিশ্বাস করা চলে না। কিন্তু সাপুড়িয়াগণ অনেক মিথ্যা কবচ ও নানাপ্রকার গাছের শিকড় ঔষধ বিক্রয় করিয়া থাকে। এই সমস্ত প্রতারণার সত্য ও মিথ্যার মধ্যে প্রভেদ বুঝিয়া লওয়া কঠিন হইতে পারে, এবং স্থলবিশেষে দ্রব্যগুণে বিশ্বাস ক্রমশঃই হ্রাস হইতে অপনীত হইতেছে। সর্পাঘাত, সর্পদংশনের দংশন ও অনেক প্রকার চিকিৎসার অব্যর্থ ঔষধ আমাদের দেশে অনেকে জানিতেন, অপরকে শিখাইতেন না। ঔষধ শিখাইলে না ঔষধের গুণ থাকে না। এই কারণে যুগযুগান্তরের সঞ্চার ফলে যে সকল ঔষধের সন্ধান পাওয়া গিয়াছিল, তাহা ক্রমে-ক্রমে লোপ পাইতেছে। এ মধ্যে সংবাদপত্রাদিতে ২১১টি ঔষধের বিষয় বর্ণিত পারা যায়। তাহার মধ্যে কতকগুলি অতিশয় ঔষধ, এবং কতকগুলি স্থানভেদে বিবিধ নামে পরিচিত ঔষধ, সহজে চিনিয়া লওয়া যায় না। করবী ফুলের অনেকেই শুনিয়াছেন, কিন্তু করবী ফুল বলিলে

সর্পাঘাতের কতিপয় চিকিৎসা প্রণালী।

পূর্ববঙ্গবাসী যে ফুল বুঝিবে, পশ্চিমবঙ্গবাসী সে ফুল মনেও স্থান দিবে না। পূর্ববঙ্গবাসী যাহাকে করবী ফুল বলে, পশ্চিমবঙ্গবাসী তাহাকে 'কলকে-ফুল' বলিয়া থাকে; এবং করবী-ফুল বলিলে সচরাচর যাহাকে শ্বেত ও রক্ত করবী বলা হয় তাহাই মনে করিবে। চট্টগ্রাম অঞ্চলে করবী কিংবা কলকে ফুলকে স্বর্ণঘটা বলা হয়। খোড় এবং মোচা পূর্ববঙ্গবাসীর নিকট একার্থবোধক; কিন্তু পশ্চিমবঙ্গবাসী "খোড়" বলিলে, —কদলী-বৃক্ষের অভ্যন্তরস্থ সারভাগ বুঝিবে। এইরূপ, বৃক্ষাদির স্থানভেদে ভিন্ন ভিন্ন নাম হওয়াতে, একই নাম ভিন্ন ভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন অর্থবোধক হওয়াতে, বৃক্ষলতাদি বাছিয়া প্রকৃত ঔষধ পাওয়া যায় না, এবং তৎসম্বন্ধে চিকিৎসা বিফল হইয়া থাকে। ঔষধ-প্রয়োগেও বুদ্ধি ও বিবেচনার বিশেষ দরকার। চিকিৎসা-বিদ্যায় অনেকেই পারদর্শী হন, কিন্তু হাতবশ সকলের হয় না। কুইনিন ম্যালেরিয়া জ্বরের শ্রেষ্ঠ ঔষধ, কিন্তু অপব্যবহারে ইহা দ্বারা কুফল হওয়া আশ্চর্য্য নহে। উপযুক্ত মাত্রায় নিয়মিতরূপ ব্যবহার না করিলে, জ্বর বন্ধ হইয়া আবার হইতে পারে। একবারে অধিক মাত্রায় সেবন করিলেও বধিরতা ও অগ্নাশ্র অনেকে প্রকার অপকার হইতে পারে। ইহার ব্যবহার সম্বন্ধে অনভিজ্ঞতাবশতঃ ইহা সকলের নিকট সমান আদৃত নহে। সেইরূপ, সর্পাদির ঔষধ অজ্ঞলোকের হস্তে ব্যবহৃত হইলে সন্তোষজনক ফল পাওয়া যায় না। প্রত্যেক ঔষধেরই একটা প্রয়োগ-বিধি আছে। তাহা অমান্য করিলে ঔষধে কাষ হয় না। এই কারণে ঔষধ জানা থাকা সত্ত্বেও সকল ওঝা বা চিকিৎসক সমান ফল দর্শাইতে পারেন না।

সর্পে দংশন করিলে, তৎক্ষণাৎ ক্ষত-স্থান হইতে রক্ত-সঞ্চালন বন্ধ করিবার জ্ঞান, উপরে ভিন্ন-ভিন্ন স্থানে উত্তমরূপে বাঁধিয়া দিতে হয়। বাঁধিবার উপযুক্ত দড়ি তাড়াতাড়ি পাওয়া যায় না; স্ততরাং হতবুদ্ধি না হইয়া পরিধেয়-বস্ত্র ছিন্ন করিয়া তদ্বারা তৎক্ষণাৎ বাঁধিয়া ফেলা উচিত। বিপদের সময় এইরূপ সাধারণ উপায়



মনে হয় না। তৎপরে আহত স্থান চিরিয়া উত্তপ্ত রক্তবর্ণ লৌহ-শলাকা দ্বারা পোড়াইয়া দেওয়া উচিত। এই কার্য যত শীঘ্র সমাধা হয়, ততই উপকার। ইহার পর ডাক্তারগণ সচরাচর পটাশিয়াম পার্মাঙ্গেনেট জলে মিশ্রিত করিয়া ক্ষতস্থান উত্তমরূপে ধুইয়া দেন। সর্পাঘাত-চিকিৎসার জন্ম এক প্রকার অল্প পাওয়া যায়; উহার বাটের মধ্যে পটাশিয়াম পার্মাঙ্গেনেট সর্বদা রক্ষিত থাকে। সর্পদষ্ট ব্যক্তির ক্ষত-স্থান হইতে রক্ত চুষিয়া লওয়ার ব্যবস্থা আছে। এই বিষাক্ত রক্ত কাহারও উদরস্থ হইলে ক্ষতি নাই, কিন্তু তাহার দন্তের মাড়িতে কিংবা মুখের ভিতর অত্র স্থানে ক্ষত থাকিলে তদ্বারা তাহার রক্তের সহিত এই বিষের সংযোগ ঘটিলে তাহার মধ্যে বিষক্রিয়া প্রকাশ পায়। সুতরাং এই প্রণালী সর্বতোভাবে নিরাপদ নহে।

ঈশার মূল নাম লতা বিশেষ সর্পাঘাতের একটি প্রসিদ্ধ ঔষধ—এ কথা অনেকেই অবগত আছেন; কিন্তু এই গাছ সকলে চিনেন না; এবং যাহারা স্পর্শ করিয়া বলেন, ইহা আমরা চিনি, তাঁহাদের মধ্যেও সকলে চিনেন কি না, সে বিষয়ে সন্দেহ করিবার যথেষ্ট কারণ আছে। এই গাছের সন্নিহিত বর্ণনা করাই এই প্রবন্ধের মুখ্য উদ্দেশ্য। ইংরেজী উদ্ভিদশাস্ত্রে এই গাছ *Artistolochia Indica* নামে অভিহিত হইয়াছে। এই গাছ লতা বিশেষ, সচরাচর বৃক্ষাদি বেটন করিয়া বদ্ধিত হয়। কাণ্ড পঞ্জরিত (ribbed), পত্রসমূহ বিভিন্ন আকারবিশিষ্ট; ২ হইতে ৪ ইঞ্চি লম্বা, ১ হইতে ২ ইঞ্চি চওড়া। কচি পাতাগুলি লম্বা ও সরু; বড় পাতাগুলির উপরিভাগ চওড়া, এবং নীচের দিকে ক্রমশঃ সরু হইয়াছে, এবং অনেক স্থলে বোঁটার দিকে অল্প বা অধিক চেরা। পত্রের প্রান্তদেশ ঈষৎ তরঙ্গায়িত। প্রত্যেক পত্রে ৩টি কিংবা ৫টি শিরা থাকে, এবং পত্রগুলি পর্যায়ক্রমে সন্নিবিষ্ট। পুষ্পবৃন্তের বিপরীত দিকে এক-একটি ক্ষুদ্র উপপত্র আছে। পুষ্প সবুজবর্ণ, সরু এবং লম্বা। পাপড়ি, পরাগকোষ প্রভৃতি গর্ভকোষের শীর্ষস্থানে

অবস্থিত। বীজগুলি ত্রিকোণাকার ও পক্ষযুক্ত। Dr. Hooper প্রণীত *Flora of British India*, Roxburgh প্রণীত *Flora Indica* এবং Prain প্রণীত *Bengal Plants* নামক সুপ্রসিদ্ধ গ্রন্থদ্বয়ে এই লতার যেরূপ বিবরণ প্রদত্ত হইয়াছে, তাহার কিয়দংশ নিম্নে উদ্ধৃত হইল।

Stem twining, shrubby, quite glabrous, young shoots striated. Leaves from linear to ovate-oblong; base cuneate, rounded, or shallow-cordate, waved, 3 or 5 nerved; bract opposite base of peduncle. Petiole very slender. Perianth straight, greenish; base globose, tube shortly funnel shaped. Flowers hermaphrodite; calyx tubular, superior; stamens 6; ovary inferior, locular, Capsule half to two in. long, oblong, grooved; seeds flat, triangular and winged.

এই গাছের সন্তোষিত পত্র উগ্রগন্ধযুক্ত, এবং প্রায় কুইনিনের মত তিক্ত। ইহার শুষ্ক পত্র চর্ষণ করিলে এক প্রকার মিষ্ট আশ্বাদ পাওয়া যায়, এবং ইহার রস অত্যন্ত উত্তেজক। ভারতের প্রায় সর্বত্রই এই গাছ জন্মে। নেপাল হইতে নিম্নবঙ্গে, চট্টগ্রামের পার্বত্য প্রদেশে, দক্ষিণাত্য প্রদেশের সর্বত্র এবং সিংহলে তিন হাজার ফিট পর্যন্ত উচ্চস্থানে এই গাছ দেখিতে পাওয়া যায়। বঙ্গদেশে স্থানভেদে এই গাছ ঈশার মূল, ঈশমূল, ঈশমল প্রভৃতি নামে অভিহিত হয়। পূর্ববঙ্গের জর্নৈক মুসলমানের নিকট জানা গিয়াছে, সাপুড়িয়াগণ ঈশার মামুদ নামক লতা সর্পদংশনে ব্যবহার করে। সম্ভবতঃ এই গাছও ঈশার মূলের নামান্তর মাত্র। পৃথিবীর অনেক স্থলে এই জাতীয় গাছ সর্পবিষমূল বলিয়া পরিচিত। আমেরিকাত্তর *Aristolochia Serpentina*, এবং তথায় উহাকে সর্প ভাজ্জিনিয়া সর্পমূল (*Virginia Snake-root*) বলা হইয়াছে। সুবিখ্যাত উদ্ভিদশাস্ত্রজ্ঞ বেলফোর সাহেব লিখিয়াছেন, "Birthworts have pungent, aromatic,

stimulant, and tonic properties, some have been celebrated for their effects on the nervous system, others as antidotes for snake-bites" এই জাতীয় গাছগুলি কটু, উগ্রজ্ঞানযুক্ত, উত্তেজক বলবর্ধক। কতকগুলি জরায়ুর উপর বিশেষ কার্যকারী, অপরগুলি সর্পাঘাতের প্রতিষেধক বলিয়া পরিচিত। J. Reynolds Green প্রণীত *Botany*তে আছে "Many of the species are regarded as useful in the treatment of snake-bites" অর্থাৎ এই জাতীয় গাছ পৃথিবীর অনেকাংশে সর্পাঘাত-চিকিৎসায় কার্যকারী বলিয়া প্রসিদ্ধ হইয়াছে। ভারতবর্ষে অতি প্রাচীনকাল হইতে এরিষ্ট লোকিয়া ইণ্ডিকা অর্থাৎ ঈশার মূল সর্পাঘাতের ঔষধ বলিয়া পরিচিত। ঐরাণিক গ্রন্থাদিতে এই গাছ সর্প বিষমূল বলিয়া নির্দিষ্ট হইয়াছে। শার্দূল-চর্ম্ম পরিহিত সর্পবেষ্টিত মহাদেব মন্দিরে শঙ্করবাড়িতে গমন করিলে শাশুড়ী বরণ করিয়া আসিলেন। বরণভালাস্থিত ঈশারমূলের সন্নিহিত হইয়া মহাদেবের কটিবেষ্টিত সর্প পলায়ন করিলে পরিষেয় ব্যাঘ্রচর্ম্মখানি খসিয়া পড়িল, এবং মহাদেব দিগম্বর মূর্ত্তি ধারণ করিয়া বড়ই অপ্রস্তুত হইলেন। এ সম্বন্ধে একটি প্রাচীন গান হইতে কয়েকটি উদ্ধৃত হইল:—

“ঈশ্বর প্রতিকূল, বরণকুলায় ছিল ঈশ্বরমূল,  
গন্ধে ফণী পলায় আসে, বাঘাঘর প'ল খসে,  
বসলেন নেংটা হয়ে ঠাংটা চেপে  
বাবাজী ভুতের বাউল”

এই গাছ সর্পবিষমূল বলিয়া সর্বত্র পরিচিত হইলেও প্রায়োগ-প্রণালী অনেকেরই জানা নাই। যাহা পরিচিত তাহা অসম্পূর্ণ, এবং তাহাতে নির্ভর করা উচিত নহে। কতিপয় সম্ভ্রান্ত এবং সুশিক্ষিত এবং প্রণালীতে ব্যবহার

করিয়া কৃতকার্য হইয়াছেন, নিম্নলিখিত ঘটনাবলী হইতে তাহা বুঝিতে পারা যাইবে।

R. Lowther Esq. বহুকাল পূর্বে এলাহাবাদে কমিশনার ছিলেন। তিনি এই ঔষধ প্রয়োগ করিয়া বহু সর্পদষ্ট ব্যক্তির আরোগ্যসাধন করিয়াছেন। Mr. Breton, Deputy Collector of Customs এই গাছটা তাঁহার নিকট পাঠাইয়া দিয়াছিলেন। ব্রেটন সাহেবের বাড়ীর সন্নিহিত একটা উইটিপির ভিতর একটা গোকুর সর্প আশ্রয় লইয়াছিল। একদিন কতকগুলি সাপুড়িয়া আসিলে তিনি তাহাদিগকে ঐ সাপটা মারিয়া ফেলিতে বলেন। একটা সাপুড়িয়া ঐ স্থানের অনেকটা খুঁড়িয়া গর্ত্তটা কোন্ দিকে গিয়াছে, তাহা ঠিক করিবার জন্ত হাত স্রবশ করাইয়া দিল। তৎক্ষণাৎ গর্ত্তস্থিত সর্প তাহার অঙ্গুলিতে দংশন করে। তাহা দেখিয়া দলের একটা লোক নিকটস্থ খালের তীরবর্ত্তী একটা গাছ হইতে কতকগুলি পাতা লইয়া আইসে, এবং তাহার রস ক্ষতস্থানে রগড়াইয়া লোকটাকে স্পর্শ করে। মিঃ ব্রেটন তৎক্ষণাৎ লোকটাকে লইয়া গিয়া সেই গাছটি বাড়ীতে আনিয়া নিজের বাগানে রোপণ করিয়া রাখেন। সাপুড়িয়া বলিল, ঐ গাছের শিকড় তাহারা সর্বদা সঙ্গে রাখে, এবং উহা দ্বারা সর্পাঘাতের চিকিৎসা করে। ব্রেটন সাহেব এলাহাবাদে নিযুক্ত হইলে গাছটি তথায় লইয়া আসেন, এবং উহা দ্বারা অসংখ্য সর্পাঘাত রোগীর প্রাণরক্ষা করেন। তৎপরে তিনি কোন দূরবর্ত্তী স্থানে বদলী হইলে কমিশনার মিঃ লোথারকে এই গাছটি দিয়া যান। তিনিও এই গাছটি দ্বারা অনেক লোকের প্রাণরক্ষা করিয়াছেন। একবার একটা সর্পাঘাতা স্ত্রীলোক মৃশু অবস্থায় তাঁহার নিকট আনীত হইয়াছিল। তাহাকে অত্যধিক মাত্রায় এই ঔষধ সেবন করাইয়া স্পর্শ করা হয়। স্ত্রীলোকটাকে বাড়ী লইয়া যাওয়ার সময় সঙ্গে একটা পাতা দিয়া বলিয়া দেওয়া হইল, পুনরায় যন্ত্রণার উদ্বেক হইলে যেন উহা ব্যবহার করা হয়। কিন্তু কোনরূপ যন্ত্রণার

উদ্বেক না হওয়া সত্ত্বেও রাত্রি ১টার সময় উহা পুনরায় সেবন করান হয়। তাহাতে রোগিনীক এতদূর যত্নতা হইয়াছিল যে সে মাথা ঘুরিয়া পড়িয়া যায়।

আর-একদিন একটি হিন্দু যুবতী জ্বীলোককে সংজাহীন অবস্থায় আনা হয়। জ্বীলোকটিকে যুঁতপ্রায় দেখিয়া জটনৈক কর্মচারী, কমিশনার সাহেবকে ঔষধ প্রদান করিতে নিবেদন করেন, পাছে কোন ফল না দেখিলে ঔষধের উপর লোকের বিশ্বাস কমিয়া যায়। রোগিনীর নাড়ীর স্পন্দন ছিল না, এবং গাত্র পাথরের স্থায় ঠাণ্ডা হইয়াছিল। কিন্তু তাহার স্বামী অত্যন্ত কাতরতা প্রকাশ করায় সাহেব তিনটি মধ্যমাকৃতি পাতা উত্তমরূপে পিষ্ট করিয়া দশটি গোলমরিচ সহ এক আউন্স জলের সহিত মিশ্রিত করিয়া অতি কষ্টে রোগিনীর মুখ খুলিয়া সেবন করাইয়া দেন। ঔষধ পাকস্থলীতে প্রবেশ করিলে সাহেব লোকের সাহায্যে রোগিনীকে উঠাইয়া বসাইয়া রাখিলেন। ৮।১০ মিনিট পরে রোগিনীর নিয়ন্ত্রে নাড়ীর স্পন্দন অল্পতর করিতে পারা গেল। তৎপর রক্তসঞ্চালনের সহায়তার জন্য রোগিনীকে কয়েকজন লোকের সাহায্যে দাঁড় করাইয়া হাঁটাইতে চেষ্টা করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে দেখা গেল রোগিনী নিজের পায়ে উপর ভর করিতে চেষ্টা করিতেছে। তখন তাহাকে সোজা করিয়া দাঁড় করাইতে আদেশ দেওয়া হইল। কয়েক মিনিট পরে রোগিনী দীর্ঘনিশ্বাস ফেলিল, এবং তাহার একটু চৈতন্য-সঞ্চার হইল। ইহার পরই রোগিনী চীৎকার করিয়া বলিল, 'আমার বুক জলিয়া যাইতেছে।' তখন তাহাকে আর একটি পাতা ছেঁচিয়া এক আউন্স জলের সহিত খাওয়ান হইল। এ সময় তাহার বক্ষঃস্থল ও বাহুদ্বয় যুঁত মাংসের মত শীতল ছিল। কিছুকাল পরে রোগিনী ক্ষতস্থান দেখাইয়া দিল। স্থানটি গোলাকার, এবং মসীবর্ণ ধারণ করিয়াছিল। সাহেব ঐ স্থানে একটি পাতার রস উত্তমরূপে প্রয়োগ করিলেন, এবং জ্বীলোকটিকে দুই ঘণ্টাকাল হাঁটাইলেন। জ্বীলোকটি শীঘ্রই আরোগ্য-

লাভ করিয়া বাড়ী প্রস্থান করিল। পরদিন সকালে ফল দর্শিতে পারে, উল্লিখিত ঘটনাবলী হইতে সাহেবের সহিত পুনরায় সাক্ষাৎ করিতে আসিয়াছিল। তাহাতে পারা যায়। রোগীর অচেতন অবস্থায় এই সাপটাকে মারিতে পারা যায় নাই;—জ্বীলোকটার রস সূচল পিচকারী (Hypodermic Syringe) উহাকে "কোলাপাম্প" (kobra-kapelle) বলিয়া শরীরের ভিতরের রক্তের সহিত সংযোগ করিয়া বর্ণনা করিয়াছিল। উপকার দর্শিতে পারে।

একবার বর্ষার প্রারম্ভে একটি প্রোটা জ্বীলোককে জটনৈক বৃদ্ধ এবং বহুদশী ভদ্রলোকের নিকট এই কমিশনার সাহেবের নিকট আনা হয়। জ্বীলোকটিয়াছি, তিনটি খেঁটুফুল গাছের (ভাঁট গাছ=সংস্কৃত খুব প্রাতঃকালে অন্ধকারে ঘর-বাঁট দেওয়ার সময় Volkameria infortunata) প্রধান শিকড় সর্পাহত হয়, এবং সকলকে ডাকিয়া বলে, "আমাকে উপ-root) তিনটি লইয়া সাতটি গোলমরিচ সহ ইতুরে কামড়াইয়াছে" এ কথায় কাহারও খেয়াল পায় না। এবং জ্বীলোকটি শিশুকে স্তম্ভপান করাইবার। \* কিছুকাল পূর্বে সংবাদপত্রে প্রকাশিত জন্তু বিছানায় গিয়া শুইল। কিছুকাল পরে লোকটিয়াছিল যে, আমেরিকার জটনৈক সুপ্রসিদ্ধ ডাক্তার দেখিতে পাইল, জ্বীলোকটি অচেতন অবস্থায় পড়িয়া পুষ্কর কাণ্ডের রস সর্প-বিষের বলিয়া ঘোষিত রহিয়াছে, এবং মুখ হইতে ফেন নির্গত হইতেছে। কেহ কেহ বলেন, কলমী-শাকের (Convolvulus jrepens) অর্ধ ছটাক পরিমিত সর্বলৈ তাহাকে সাপে কামড়াইয়াছে মনে করিয়া ওঝা ডাকিয়া আনিল। ওঝা একঘণ্টাকাল নানারূপ চেষ্টা করিয়া পূর্ণবয়স্ক ব্যক্তিকে সেবন করাইলে সর্পবিষ নষ্ট করিয়া নিরাশ হইয়া তাহাকে কমিশনার সাহেবের। জটনৈক চিকিৎসকের মুখে শুনিয়াছি যে, এই নিকট লইয়া যাইতে বলিল। সাহেবের নিকট সেকোবিষের (arsenic) প্রতিষেধক। জয়-আনীত হইলে তিনি দেখিলেন জ্বীলোকটির দেহের বীজের রস (Croton tiglium) চোখে পচিতে আরম্ভ করিয়াছে। তখন তিনি দেহটাকে ধার পর চক্ষু রক্তবর্ণ ধারণ করিলে, সর্পাহত সংকার করিতে আদেশ দিয়া শিশুটিকে অবিলম্বে জীবনের আশঙ্কা থাকে না বলিয়া শুনিতে আনিতে আদেশ করিলেন। শিশুটিকে আনা হইল, যাঁহা যায়। ইহার গুণ সম্বন্ধে Flora Indica-সাহেব দেখিলেন, শিশু সম্পূর্ণ অচেতন, কিন্তু তখনও তা সুবিখ্যাত Roxburgh লিখিয়াছেন, প্রাণবায়ু বহির্গত হয় নাই; শরীরে তাপ আছে; "Tamul Physicians say, it cures all venereal মাথাটি স্কন্ধদেশ হইতে খুলিয়া পড়িয়াছে, সোজা complaints and bites of venomous animals" করিলে পুনরায় খুলিয়া পড়ে। সাহেব তৎক্ষণাৎ I. Arthur Thomson, M. A. স্বপ্রণীত এরিষ্টলোকিয়ার একটি ক্ষুদ্র পাতার তিন ভাগের এক-পঞ্চ-বিষয়ক পুস্তকে (Outlines of Zoology) ভাগ ছোট টেবিল-চামচ পরিমিত জলের সহিত মিশ্রিত করিয়া উহার পাকস্থলীতে প্রবেশ করাইয়া গিলান, চট্টগ্রামের পার্শ্ব-প্রদেশের কোন এক সন্ন্যাসীর নিকট দিলেন। ৪৫ মিনিট পরে শিশু দীর্ঘনিশ্বাস ফেলিয়া পুষ্কর সর্প-বিষের ঔষধ শিখিয়া তাহা পরীক্ষার্থ বিজ্ঞানচর্চার পি, সি, রায় মহোদয়ের নিকট পাঠাইয়া দেন। এই ঔষধও চক্ষু মেলিল, এবং কিছুক্ষণ চীৎকার করিয়া শিশু বিগত খেঁটু ফুলের মূলের রস, এবং গোলমরিচ সহ সেবন করিতে হইল। পরদিবস প্রাতঃকালে শিশুটিকে স্বস্থাবস্থায় ডাক্তার পি, সি, রায় মহোদয় না কি রাসায়নিক প্রক্রিয়া এই ঔষধ বিষের বলিয়া স্থির করিয়াছেন। ঘটনা সভ্য হইলে পরীক্ষা দ্বারা পূর্বোক্ত বৃদ্ধ ও বহুদশী ভদ্রলোকের উক্তি সমর্থিত আনিয়া সাহেবকে দেখান হইল।

এই ঔষধ কি ভাবে এবং কিরূপ মাত্রায় প্রয়োগ করা উচিত।—প্রবন্ধ-লেখক।

লিখিয়াছেন, যে সর্পাঘাত আহত হওয়ার পর, তাহার পিত্তরস ক্ষতস্থানে প্রয়োগ করিলে বিষ নষ্ট হইয়া যায়।—"It is interesting to notice a recent discovery, requiring amplification, that the bile of a poisonous snake is an antidote to its venom."

বসন্ত, কলেরা, প্লেগ প্রভৃতি পীড়ার আক্রমণ নিবারণ কিংবা নিরাকৃত করিবার জন্য টীকা লওয়ার পদ্ধতি আছে। প্রথমতঃ রোগের বীজাণু স্তম্ভমাত্রায় অল্প জীবদেহে প্রবেশ করাইয়া উহা হইতে উৎপন্ন বীজাণু কিংবা রসবিশেষ মনুষ্য-দেহে প্রবেশ করান হয়। ইহা দ্বারা রোগের আক্রমণ নিবারণ হইয়া থাকে। কিন্তু কুকুর কিংবা শূগলে দংশন করিলে কসৌলীতে এই প্রণালীতে চিকিৎসা হইয়া থাকে। বৈজ্ঞানিক-মতে সর্পাঘাতে যত্ন নিবারণের জন্য এইরূপ টীকার ব্যবস্থা আছে। একটি ঘোড়াকে সর্পাঘাত দংশন করাইতে হয়। ঘোড়াটি কয়েকদিন রোগের যত্ননা ভুগিয়া নিরাময় হইলে পুনরায় ঐ সর্পাঘাত দংশন করাইতে হয়। এইরূপ ৩৪ বার দংশন ও প্রতীকারের পর এই ঘোড়া হইতে serum গ্রহণ পূর্বক মনুষ্য শরীরে প্রবেশ করাইলে উক্ত জাতীয় সর্পের দংশন হইতে জীবনাশের আশঙ্কা থাকে না। যে দেশে একজাতীয় সর্পের সমধিক উপদ্রব, সেখানে এই প্রণালী দ্বারা উপকার দর্শিত পারে।

ভারতবর্ষ, সিংহল, আফ্রিকা ও আমেরিকার কোন কোন অংশে এক প্রকার প্রস্তর সর্পাঘাত-চিকিৎসায় ব্যবহৃত হইয়া থাকে। টেনেন্ট সাহেব (Sir James Emerson Tennent K. C. S., LL. D.) স্বপ্রণীত প্রবন্ধ-বিশেষে এই প্রস্তরের বর্ণনা করিয়াছেন। এই প্রস্তর চেপটা, বাদামের আকৃতিবিশিষ্ট এবং ঘোর কৃষ্ণবর্ণ। সর্পাহত ব্যক্তির ক্ষতস্থানে এই প্রস্তর ৫।৬ মিনিট লাগাইয়া রাখিতে হয়। প্রস্তরখণ্ড ক্ষতস্থান হইতে রক্ত চুষিয়া কিছুক্ষণ পরে পড়িয়া যায়, তখন রোগীর কোনরূপ জীবনের আশঙ্কা থাকে না।

১৮৫৪ সালের মার্চ মাসে টেনেন্ট সাহেবের একজন বন্ধু কয়েকজন সরকারী কর্মচারী সহ বিনটেনি সহরের নিকটবর্তী অরণ্যের পার্শ্বস্থিত রাস্তা দিয়া অখারোহণে যাইতেছিলেন। তাঁহারা দেখিতে পাইলেন দুইজন তামিল হঠাৎ জঙ্গলে প্রবেশ করিয়া একটি গোকুর সর্প ধরিয়া আনিল। তৎপরে সাপটাকে চূপড়ীর মধ্যে রাখিবার সময় সাপটা এক ব্যক্তির ৩৪ স্থানে কামড়াইয়া দেয়। ক্ষত হইতে প্রবল বেগে রক্ত পড়িতে লাগিল। অপর লোকটা তৎক্ষণাৎ দুই-খানি সর্প-বিষের প্রস্তর ক্ষতস্থানে লাগাইয়া দিল, এবং আহত ব্যক্তির স্বস্তি হইতে হস্ত পর্যন্ত উত্তমরূপে ধর্ষণ করিতে লাগিল। লোকটার মঙ্গলা শীঘ্র কমিয়া গেল, এবং তাহারা সাপটা লইয়া গন্তব্য স্থানে প্রস্থান করিল।

কেণ্ডার ডিষ্ট্রিক্ট জঙ্গ মিষ্টার লেভেলিয়ার ১৮৫৩ সালে টেনেন্ট সাহেবকে লিখিয়াছিলেন যে, একবার তিনি একটি সাপুড়িয়াকে জঙ্গলে সর্প অন্বেষণ করিতে দেখিয়াছিলেন। কিছুকাল পরে গর্ভ হইতে একটি সর্প বাহির হইয়া তাহার উরুতে দংশন করে। লোকটা তৎক্ষণাৎ আহত স্থানে সর্প-প্রস্তর লাগাইয়া দেয়। ১০ মিনিট পরে ক্ষতস্থান হইতে প্রস্তরখণ্ড পড়িয়া যায়। তখন সে লেভেলিয়ার সাহেবকে বলে যে, তাহার জীবনের আর কোন আশঙ্কা নাই। এই ঘটনার পরে উক্ত লোকটাকে লেভেলিয়ার সাহেব অনেকবার সুস্থশরীরে দেখিয়াছিলেন।

টেনেন্ট সাহেব এইরূপ একখানা প্রস্তর কয়েকবার ব্যবহৃত হওয়ার পর সংগ্রহ করিয়া সুবিখ্যাত বৈজ্ঞানিক ফেরাডে (Faraday) মহোদয়ের নিকট পরীক্ষার্থ পাঠাইয়াছিলেন। ফেরাডে সাহেব রাসায়নিক বিশ্লেষণ দ্বারা স্থির করিয়াছেন, উহা একখণ্ড দৃঢ় অস্থিমাত্র। (a piece of charred bone) পর্যায়ক্রমে কয়েকবার উহা দ্বারা রক্ত শোষণ করিয়া উহাকে দৃঢ় করা হইয়াছে। প্রথমতঃ উত্তাপ প্রয়োগে উহা হইতে কতকটা জলীয়ংশ এবং এমোনিয়াম বাহির হইয়া গেল। বায়ুতে আরও অধিক উত্তাপ প্রয়োগ করা

হইলে, উহার সমুদয় কার্বন পুড়িয়া বাহির হইয়া গেল, এবং কেবলমাত্র প্রস্তরের আকারাক্রম তৎস্বাভাব পড়িয়া রহিল।

ডাক্তার ডেভি লিখিয়াছেন, মেনিলাবাসী সন্ন্যাসিগণ প্রস্তর নিবারণ করিয়া স্থিরভাবে ও একাগ্রচিত্তে এই "প্রস্তর" প্রস্তুত করিয়া বিক্রয় দ্বারা যথেষ্ট পরমাণ করিবার জন্ত, শ্রম-লাঘবের হেতু এবং রোগী ও উপার্জন করে। তিনি ইহার রাসায়নিক পরীক্ষার দ্বারা-যাহা স্থির করিয়াছেন, তদ্বারা ফেরাডে সাহেবের মত সমর্থিত হইয়াছে।

আমেরিকার মেক্সিকো প্রদেশে ব্যবহৃত প্রস্তরের প্রস্তুত-প্রণালী ও ব্যবহার সম্বন্ধে মিষ্টার হার্ডিথানবার্গের নিকট যাহা লিখিয়াছেন, নিয়ে তাহার সারাংশ উদ্ধৃত হইল।

একটি হরিণ-শৃঙ্গের কিয়দংশ ঘাস দ্বারা জড়াইয়া তাহা একখণ্ড তামার পাতে উত্তমরূপে আচ্ছাদিত করিয়া কাঠ কয়লার অগ্নিতে ফেলিয়া দিতে হয়। আশুন নিভিয়া গেলে দেখা যায়, ঐ শৃঙ্গ অদ্বার পরিণত হইয়াছে। তখন উহা ব্যবহারের উপযুক্ত হয়। সর্পাঘাতের ক্ষতস্থান একটু চিরিয়া উহা লাগাইয়া নীচে একটি জলপাত্র রাখিতে হয়। কয়েক মিনিট পরে প্রস্তরখণ্ড জলের মধ্যে পড়িয়া যায়। তখন উহা নেকড়া দ্বারা শুষ্ক করিয়া ক্ষতস্থানে পুনরায় লাগাইতে হয়। একমিনিট পরেই উহা পুনর্বার জলের মধ্যে পড়িয়া যায়। তখন উহা পূর্বের ত্রায় বস্ত্রখণ্ড দ্বারা শুষ্ক করিয়া ক্ষতস্থানে লাগাইতে হয়। কিন্তু এবার প্রায় লাগাইবামাত্রই পড়িয়া যায়। মেক্সিকো প্রদেশে অপারসুরা নামক নগরে একটি লোককে রোটল সর্পে দংশন করিয়াছিল। হার্ডি সাহেব স্বয়ং তাহাকে এই প্রণালীতে চিকিৎসিত হইয়া আরোগ্য লাভ করিতে দেখিয়াছেন।

এতদেশে নকুল ও সর্পের যুদ্ধ অনেকেই দেখিয়াছেন। বস্তুতঃ নকুল সর্পের প্রবল শত্রু; সর্প দেখিলেই আক্রমণ করে, এবং অধিকাংশ স্থলে সর্প হারিয়া যায়। অনেকে সর্পের উপদ্রব হইতে রক্ষা পাওয়ার জন্ত নকুল পুষ্টিয়া থাকেন।

বিষ নামাইবার সময় ঔষাগণ যে সকল মন্ত্র উচ্চারণ করিয়া থাকে, তাহার আধ্যাত্মিক কিংবা বৈজ্ঞানিক গাথ্যা আমরা জানি না। দর্শকদিগের কোলাহল ও ঔষাগণের স্ত্রিভাবে ও একাগ্রচিত্তে নিবারণ করিয়া স্থিরভাবে ও একাগ্রচিত্তে এই "প্রস্তর" প্রস্তুত করিয়া বিক্রয় দ্বারা যথেষ্ট পরমাণ করিবার জন্ত, শ্রম-লাঘবের হেতু এবং রোগী ও উপার্জন করে। তিনি ইহার রাসায়নিক পরীক্ষার দ্বারা-যাহা স্থির করিয়াছেন, তদ্বারা ফেরাডে সাহেবের মত সমর্থিত হইয়াছে।

আমোছা দ্বারা প্রহার করা, ঝাড়া, চাপ দেওয়া, বসান, ঝড় করান প্রভৃতি দ্বারা রক্ত-সঞ্চালন ও কৃত্রিম উপায়ে রাস-প্রশাস পরিচালন কার্য সাধিত হয়।

## পাঁউরুটি প্রস্তুত প্রণালী।

শ্রীরজনীকান্ত দাস লিখিত—

গত শ্রাবণ মাসের স্বাস্থ্য-সমাচারে পাঁউরুটি প্রস্তুত প্রণালী প্রকাশিত হইবার পর পাঁউরুটি প্রস্তুত করিয়া আনন্দিত হইয়াছেন। কিন্তু পাঁউরুটি প্রস্তুত করিতে পারিলেও আশাহীনরূপে প্রস্তুত সম্বন্ধে যে উপায় নির্দেশ করিয়াছিলাম, তাহা গাথাইয়া অনেকটা কাজে লাগিয়াছে দেখিয়া আমি প্রস্তুত সম্বন্ধে অত্র যে সকল তথ্য আমি অবগত আছি, তাহা বিবৃত করিতেছি। অনেক দেশীয় উপাদানে পাঁউরুটি প্রস্তুত করিবার উপায় আমি বর্ণন করিলাম। আমার অভি-

উপসংহারে নিবেদন এই, বাহারি এরিইলোকিয়া, এবং সর্পবিষের অস্ত্র ঔষধ সম্বন্ধে নানারূপ তথ্য অবগত আছেন, এবং যিনি যখন যেরূপ ঔষধের সন্ধান পান, তাহা দেশের ও দেশের উপকারার্থ প্রকাশিত করিবেন। এই সমুদয় ঔষধ বর্ধার্থ কলপ্রদ বলিয়া সপ্রমাণ হইলে জগতের অশেষ উপকার সাধিত হইবে। যে সকল পাঠক-পাঠিকা তাঁহাদের অমূল্য সময় নষ্ট করিয়া অল্পগ্রহ পূর্বক ধৈর্য-সহকারে এই প্রবন্ধ পাঠ সমাপন করিলেন, তাঁহারা এই অযোগ্য লেখকের আন্তরিক ধন্যবাদ গ্রহণ করিবেন।

জ্ঞতা দ্বারা স্বাস্থ্য-সমাচারের পাঠকপাঠিকাগণ কিয়ৎ-পরিমাণে উপকৃত হইলেও শ্রম সফল জ্ঞান করিব।

খেজুর ও তালরস কিয়ৎকাল কোন স্থানে রাখিয়া দিলে গাঁজিয়া ফুলিয়া উঠে। গুড়ও অবস্থা বিশেষে বায়ু হইতে জল আকর্ষণ করিয়া সময় সময় এতটা ফুলিয়া উঠে যে হাঁড়ি উপচাইয়া পড়িয়া যায়। সূজি এবং ময়দা প্রভৃতিতে জল দিয়া বিশেষ অবস্থায় কিয়ৎ-কাল রাখিয়া দিলেও রাসায়নিক ক্রিয়াহেতু ফুলিয়া উঠে। পাঁউরুটি প্রস্তুত করিতে হইলে প্রথমে ময়দা বা সূজিকে উপযুক্তরূপে ফুলাইয়া বা ফাঁপাইয়া তুলিতে হয়।

আমাদের দেশীয় প্রণালীতে পাঁউরুটি তৈয়ার করিবার নিম্নলিখিত প্রণালীটি সর্বোৎকৃষ্ট। আমি নিজে এই প্রণালীর কার্যকারিতা পরীক্ষা করিয়া উহার উপযোগিতা সম্বন্ধে সন্তোষলাভ করিয়াছি।

দশ সের পরিমাণ উৎকৃষ্ট ময়দায় সওয়াসের পরিমাণ

বিশুদ্ধ তালের তাড়ি এবং উপযুক্ত পরিমাণ জল মিলাইয়া উহা মুষ্টিবদ্ধ হস্তে উত্তমরূপে মর্দিত করিতে হইবে। ময়দা স্ফূর্তিত হইলে একটা গামলায় তিন চতুর্থাংশ উক্ত স্ফূর্তিত ময়দার দ্বারা পরিপূর্ণ করিয়া একখানা পরিষ্কার মোটা চাদর দিয়া ঢাকিয়া রাখিতে হইবে। কিয়ৎকাল পরে (অনুমান ২৩ ঘণ্টা) যখন মর্দিত ময়দা ফুলিয়া গামলাটি পরিপূর্ণ হইবে তখন পূর্বোক্ত মর্দিত ময়দায় ছোট ছোট খামিরার গোলক প্রস্তুত করিবে ও একখানা পরিষ্কৃত কাষ্ঠখণ্ডের বা একটি বড় টেবিলের উপর গোলকগুলি সাজাইয়া রাখিয়া আবার একখানা পরিষ্কৃত মোটা চাদর দিয়া সে গুলিকে ঢাকা দিতে হইবে। কিয়ৎকাল পরে যখন খামিরার গোলকসমূহ উপযুক্তরূপে স্ফীত হইয়া উঠিবে তখন টিনের চাকতির উপর কলার পাত বসাইয়া তাহার উপর খামিরার গোলক স্থাপন পূর্বক অবিলম্বে টিন চাকতিসমূহ লম্বা কাঠের হাতলের উপর বসাইয়া তন্দুরে প্রবেশ করাইয়া দিয়া হাতল টানিয়া আনিতে হইবে, এইরূপে সমস্ত খামিরার-গোলক তন্দুরের ভিতর দেওয়া হইলে তন্দুরের মুখ ঢাকিয়া দিতে হইবে। এখানে স্মরণ রাখা উচিত যে খামিরার গোলক সমূহ টেবিল বা কাষ্ঠখণ্ডে রাখিয়া ঢাকা দেওয়ার পর তৎপ্রতি লক্ষ্য রাখিতে হইবে। কারণ গোলকগুলি অন্তরিত স্ফীত হইলে ফাটিয়া যাইবে এবং সেগুলি উপযুক্তরূপে প্রস্তুত ভাল না হইলে রুটী হইবে না। গোলকগুলি কি পরিমাণ ফুলিলে উত্তম রুটী প্রস্তুত হইবে তাহা বিচার ও অভিজ্ঞতার দ্বারা নির্ণয় করিতে হইবে। কারণ উহা লিখিয়া বুঝান সম্ভবপর নহে। সকলের মনে রাখা আবশ্যিক যে খামিরা দেওয়াতে পাউরুটীর ময়দা বা সূজির বিশেষ পরিবর্তন ঘটয়া থাকে। খামিরার রাসায়নিক ক্রিয়া বশতঃ ময়দা ও সূজির মধ্যে অত্যধিক বায়ু সঞ্চারিত হয় তৎকালে উষ্ণবায়ুর তাপে যখন রুটী স্ফূর্তিত করা হয় তখন গোলকের ভিতরের বায়ু বাহির হইয়া যাওয়াতে রুটী উত্তমরূপে স্ফূর্তিত ও সুপক হয়। এইরূপ স্ফূর্তিত ও সুপক রুটী সহজে পরিষ্কার হইয়া থাকে।

উপযুক্ত বায়ুর তাপ দেওয়ার প্রয়োজনীয়তা এই বোঝে। পাউরুটী প্রস্তুত করিবার সময় স্মরণ রাখিতে তাহাতে সকল স্থানে সমান তাপ প্রযুক্ত হয়। হতরায় হইবে যে পাউরুটী উষ্ণবায়ুর তাপে স্ফূর্তিত হওয়া কোন স্থান চুইয়া যায় না এবং কোন স্থান কাটা যাক না।

উপরে যে প্রণালীর উল্লেখ করিলাম তাহারে ব্যবসায়ের পক্ষে উপযোগী, কিন্তু গৃহে ব্যবহার্য্য অল্প পরিমাণে পাউরুটী প্রস্তুত করিতে হইলে উক্ত পরিমাণের দিকে লক্ষ্য রাখিয়া উহার এক চতুর্থাংশ এক বা অষ্টমাংশ হিসাবে ময়দা ও তাড়ি লইয়া, রুটী তৈয়ার করা যাইতে পারে। পাউরুটী ময়দা ও সূজি দ্বারা প্রস্তুত হইতে পারে। প্রত্যেক উপকরণ দ্বারাই পরীক্ষা বাঞ্ছনীয়। আমি নিজে ময়দা এবং সূজি উভয় প্রকার দ্রব্য দ্বারা পরীক্ষা করিয়াই সফল লাভ করিয়াছি। অনভ্যস্ত কার্য্যে প্রথম বারে কেহ কৃতকার্য্য হইতে না পারেন, কিন্তু তাহাতে নিরাশ হইবার কোন হেতু নাই। যে কার্য্যে আমি নিজে কৃতকার্য্য হইয়াছি তাহাতে অল্প কৃতকার্য্য হইবে না এরূপ বিবেচনা করিবার কোন কারণ নাই। দুই এক বারের চেষ্টায় বিফলমনোরথ হইলে তাহাতে আসে যায় কি? আমার নিজেরও প্রথম কয়েকবার চেষ্টা বিফল হইয়াছিল কিন্তু পরে আমি সম্পূর্ণ কৃতকার্য্য হই।

এতদেশীয় ময়দার সূজি জলে গুলিয়া দীর্ঘকাল পচাইয়া থাকে। জলে গোলা সূজি উষ্ণস্থানে সারা দিন রাত অর্থাৎ ২৪ ঘণ্টা কাল রাখিলে স্বতই ফুলিয়া উঠে কিন্তু পাউরুটী ব্যবসায়িগণ অতি শীঘ্র কার্য্য সম্পাদন করিবার জন্ত সূজি বা ময়দাতে তাড়ি প্রয়োগ করিয়া থাকে। তালের তাড়িই সাধারণতঃ প্রয়োগ করা হয়। খেজুরের তাড়ি দ্বারাও উক্ত কার্য্য সম্পন্ন হইতে পারে। আমি তালের তাড়ি দ্বারাই পরীক্ষা করত আশা করিয়া ফল লাভ করিয়াছি। পাউরুটী উষ্ণবায়ুর তাপে স্ফূর্তিত হওয়া আবশ্যিক। শ্রাবণ মাসের “স্বাস্থ্য-সমাচারে” যে প্রকার সমতল উনানের বিষয় উল্লেখ করিয়াছিলাম, তাহাতে একবারে ছোট ছোট ৩৪ খানা রুটী সেকা হইতে

নাশিত হয়, তিনি সেই উপায় অবলম্বন করিতে পাউরুটী প্রস্তুত প্রণালী সহজে গত শ্রাবণ মাসের “স্বাস্থ্য-সমাচারে” প্রকাশিত দ্বিতীয় প্রণালীতে

## বিবিধ সংগ্রহ।

মেডিকেল স্কুলের বৃত্তি।—গবর্নমেন্ট এই বৃত্তি পরিবর্তে ২০টা ১৫টাকার বৃত্তি দেওয়া হইবে।

ইংরেজদিগকে ভাত খাওয়াইবার আয়োজন।—ইংলণ্ডে ময়দা বিক্রয় হয় কিন্তু গবর্নমেন্টের আদেশে তাহাতে শতকরা ৭০ ভাগের বেশী গমচূর্ণ থাকে না। গম ক্রমেই দুর্লভ হইতেছে, তাই রেজুনের প্রয়োগ ইংরেজ বণিক ইংলণ্ডে চাউলের রুটি প্রচলন করিবার উদ্যোগ করিতেছেন। তাহারা ইংলণ্ডে ময়দা স্থাপন বিতরণ করিয়া ইংরেজদিগকে ভাতের পরিষ্কারতা বুঝাইয়া দিবার আয়োজন করিতেছেন।

বড়লাট পত্নীর প্রতিশ্রুতি।—লেডি চেমস-ফোর্ড লিলাতীর ব্রাহ্মবালিকা বিদ্যালয়ের পুরস্কার বিতরণ সময়, ঐ বিদ্যালয়ে স্বাস্থ্য-নীতি এবং গৃহস্থালী শিক্ষা দেওয়া হয় বলিয়া বিশেষ আনন্দ প্রকাশ করিয়াছেন। তিনি একটি পুরস্কার প্রদানেও প্রতিশ্রুত হইয়াছেন। ঐ প্রদান বৎসরে “গৃহস্থালী” বিষয়ে যে বালিকা সর্বোচ্চ স্থান অধিকার করিবে তাহাকে সেই পুরস্কার দেওয়া হইবে।

বাইকার্কনেট অফ সৌভা ৩ গ্রেণ্ড স্থলে ৩. গ্রেণ্ড হইবে। বাহারী পাউরুটী প্রস্তুত করিতে সমুৎসুক তাহার এবিষয়টি যেন স্মরণ রাখেন।

বিলাতী ঔষধাদি আজকাল দুর্লভ এবং পল্লীগ্রামে দুশ্রাপ্য। অতএব প্রধানতঃ পল্লীগ্রামবাসীদিগের জন্ত কিরূপে তাড়ি দ্বারা পাউরুটী-প্রস্তুত করিতে হয়, তাহাই বিবৃত করিলাম।

পাস্তুর চিকিৎসালয়, শিলং।—শিলংএর নব-প্রতিষ্ঠিত “এডওয়ার্ড মেমোরিয়েল পাস্তুর ইনষ্টিটিউট” এক্ষণে চিকিৎসার জন্ত লোকগ্রহণের উপযোগী হইয়াছে। গবর্নমেন্ট গত ৫ই জানুয়ারী এই সরকারী সংবাদ প্রকাশ করিয়াছেন যে, এখন হইতে এই চিকিৎসালয় ক্ষিপ্তপশুদষ্ট ব্যক্তি ভর্তিকরা হইবে। কলিকাতা হইতে শিলং পৌছিতে ২৬ ঘণ্টা সময় লাগিয়া থাকে।

ধূমপান নিবারণ।—বড়দিনের সময় মাস্তাজে সার স্ত্রীস্বামী আইয়ারের সভাপতিত্বে ছাত্র-সম্মিলন সভার অধিবেশন হইয়াছিল, তাহাতে ধূমপান নিবারণ প্রস্তাব বিশেষভাবে গৃহীত হইয়াছে। ধূমপানে ছাত্রগণের যে বিশেষ স্বাস্থ্যহানি ঘটে তাহা সকলেই অনুধাবন করিতেছেন।

আয়ুর্বেদ সম্মেলন ও প্রদর্শনী।—আগামী ২৫শে হইতে ২৮শে ফেব্রুয়ারী এই কয়দিন পুনা নগরে নিখিল ভারতবর্ষীয় আয়ুর্বেদ সম্মেলনের অষ্টমবার্ষিক অধিবেশন হইবে। তৎসংস্থটি আয়ুর্বেদ-প্রদর্শনী ১৮ই ফেব্রুয়ারী হইতে ১৮ই মার্চ পর্য্যন্ত খোলা থাকিবে।

কুস্তি।—পত ১৬ হইতে ২০শে আন্তর্জাতিক পর্বাস্ত ৫ দিন কলিকাতার ময়দানে ভারতের প্রসিদ্ধ পালোয়ান-গণের কুস্তি হইয়াছিল। মুর্শিদাবাদের নবাব বাহাদুর, বর্তমানের মহারাজাধিরাজ, দিনাজপুরের মহারাজ প্রভৃতি এই অলিম্পিকের প্রধান উদ্যোগী ছিলেন। কালু, গামা, ইমামবন্দ, রাজাব, হোসেন বন্দ প্রভৃতি বহু প্রসিদ্ধ পালোয়ান কুস্তি লড়িয়া ছিলেন। একমাত্র ভীম-ভবানী ব্যতীত আর কোন বাদালী পালোয়ানকে ক্রীড়াক্ষেত্রে নামিতে দেখা যায় নাই। চতুর্থ দিন ভারতের সর্বশ্রেষ্ঠ পালোয়ান বা

Champion আখ্যা লাভের অল্প সুবিখ্যাত কুস্তিগির গামা ও হোসেনবন্দের মধ্যে প্রতিযোগিতা হইয়াছিল। গামা অল্প সময়ের মধ্যেই হোসেনবন্দকে পরাজিত করেন। বঙ্গেশ্বর লর্ড কারমাইকেল স্বহস্তে গামাকে “Champion”এর নিদর্শন স্বরূপ একটি রৌপ্য “গুরুজ” বা গদা পুরস্কার দিয়াছেন। গামা সোনার ঘড়ি, আংটি, মখমলের জামা প্রভৃতি অল্প উপহারও প্রাপ্ত হইয়াছেন। অসংখ্য লোকে ব্যায়ামের অত্যন্ত ফল, পালোয়ানগণের শারীরিক গঠন ও অমাহুতিক শক্তি দেখিয়া নয়ন সার্থক করিয়াছেন।

## প্রাপ্তি স্বীকার।

প্র্যাকটিশনার বা বাদালী ভাবায় আদর্শ এলোপ্যাথিক চিকিৎসা পুস্তক। ডাক্তার শ্রীযুক্ত কিরণ চন্দ্র ঘোষ এল্, এম্, এস্, প্রণীত। ঠিকানা—১১৪১ মানিকতলা স্ট্রীট, কলিকাতা।

এই পুস্তকখানি পল্লীগ্রামবাসী চিকিৎসকগণ এবং স্কুল ও কলেজ হইতে পরীক্ষোত্তীর্ণ ছাত্রদিগের জ্ঞান সঞ্চালিত হইয়াছে। ইহাতে বাদালী দেশের যাবতীয় ব্যাধি, তাহাদের কারণ, লক্ষণ, রোগ নির্ণয় ও চিকিৎসা

বিশদভাবে প্রদত্ত হইয়াছে। প্রত্যেক ব্যায়ামের সাধারণ চিকিৎসা ও প্রত্যেকের উপসর্গ সকল ও তাহাদের চিকিৎসা পৃথক পৃথক ভাবে সন্নিবেশিত আছে। পুস্তকখানি বিশেষ সরসভাবে লিখিত, একবার পাঠ করিলেই সকলে বিনা ক্লেশে ইহার মর্ম গ্রহণ করিতে পারিবেন। ছাপা ও কাগজ ভাল, সুন্দর বাঁধান। আশাকরি পুস্তকখানি চিকিৎসকগণের বিশেষ আদরে আসিবে।

প্রেরিত পত্র—স্থানাভাব বশতঃ এবার কোন পত্রের উত্তর প্রকাশ করা হইল না।

# স্বাস্থ্যসমাচার



“শরীরমাদ্যং খলু স্বর্গসামান্যম্”

পঞ্চম বর্ষ।

ফাল্গুন ১৩২৩ সাল

একাদশ সংখ্যা।

## আলোচনা।

জলসংস্থানে সুব্যবস্থা।—অর্থনীতিনিপুণ আর এক ফ্রেজার যখন বাঙ্গালার বিধাতা তখন তিনি কল্পনা করিয়াছিলেন, কোন জলকষ্টপীড়িত পল্লীতে জলবোর্ডের টাকায় কুয়া বা পুকুর কাটাইতে হইলে খরচের এক তৃতীয়াংশ গরীর প্রজাদিগকে হইবে, নচেৎ জেলাবোর্ডের তহবিল হইতে বাহির হইবে না। এই ব্যবস্থা করিবার আর এওফর তহবিলের দিকে যতটা ছিল প্রজার অবস্থার দিকে ততটা ছিল না, জেলাবোর্ডের তহবিল যে প্রজার ধনেই এ কথাটাও তিনি ভুলিয়া গিয়াছিলেন। যে সকল গ্রামের অধিকাংশ প্রজা নিতান্ত তাহাদিগকে অনেক সময়ে চোখের জলে পিপাসা পাইতে হইত। আমরা দেখিয়া সুখী হইলাম, লর্ড কারমাইকেলের গবর্নমেন্ট এই প্ৰত্যক্ষ ব্যবস্থা তুলিয়া দিয়াছেন। এখন কষ্টপীড়িত স্থানে কেবল বোর্ডের অর্থে কুয়া ও পুকুর কাটাইতে পারা যাইবে। বাঙ্গালার কালো মানুষের এই ব্যবস্থার গুণে গ্রীষ্মের দাবদাহের জল খাইয়া জুড়াইবে আর দুই হাত তুলিয়া গরকে আশীর্বাদ করিবে।

উৎকলে দুর্ভিক্ষ।—পুরী জেলার পরিখদ অঞ্চলের বহুস্থানে দারুণ দুর্ভিক্ষ দেখা দিয়াছে। লোকের অবস্থা এত শোচনীয় হইয়াছে যে তিন হাজার নরনারী কেবল ঘাসের বীজ ও মূল আহাৰ করিয়া কোন মতে দেহ ও প্রাণের বন্ধন অটুট রাখিয়াছে। যিনি সরকারের নিকট এই সংবাদ দিয়াছেন, তিনি পরিখদের রাজকুমার। খবরটা রাজকুমারের কর্ণ পর্যন্ত পৌঁছিতেও কোন না দুই চারি মাস কাটিয়া গিয়াছে, সুতরাং ঐ অঞ্চলের অল্পকষ্ট কিরূপ ভয়ানক হইয়া উঠিয়াছে তাহা এই ঘটনাতেই প্রকাশ। পৃথিবীর কোন সভ্য দেশেই মাহুষ অল্পাভাবে এমন পশুর অধিক ক্লেশ পায় না। ‘মাছের মা’ ভারতভূমিতে সবই মানাইয়া যায়। এদেশের প্রজারা শুধু নিষ্ক ও নিরন্ন নহে, তাহারা নীরব এবং নিস্ত্রিত। ক্ষুধারাক্ষসীর তাড়নায় মাঝে মাঝে তাহাদিগের ঘুম ভাঙিলেও তাহারা মুখ ফুটিয়া দুঃখ জানাইতে পারে না। মুর্খতার মোহিনী শক্তি এমনই ভয়ানক। যাহা হউক, কমিশনার ও কালেক্টর লোকের দুর্দশা স্বচক্ষে দেখিয়া আসিয়া রিলিফ কার্যের ব্যবস্থা করিয়াছেন। যাহারা না খাইয়া মরিতে বসিয়াছে, তাহাদিগের পক্ষে একমুষ্টি অন্নও সামান্য নহে।

গোহত্যা-নিবারণ।—যাহারা চক্ষুমান, দেশের দুঃখভূগতিতে যাহাদিগের স্বয়ং কাদে, তাঁহারা সকলেই জানেন যে স্বদেশবাসীর স্বাস্থ্যোন্নতি ও কৃষির কলাপের জন্ত গোহত্যা নিবারণ নিতান্ত আবশ্যিক। গোমাংসে মনুষ্যের যে পুষ্টি ও তুষ্টি হইয়া থাকে, গোহত্যা হইয়া থাকে,—এটি শুধু হিন্দুর কথা নহে, যাহাদিগের উর্দ্ধতন সপ্তম পুরুষ পর্যন্ত গোমাংসে পালিত, পুষ্ট এবং পুলকিত হইয়াছিলেন, বিজ্ঞানের অহুরোধে তাঁহারাও এই কথাই বলিতেছেন। গোজাতির সংখ্যা হ্রাস ও অবনতির সঙ্গে সঙ্গে কৃষকদিগকেও কৃষিকার্যে মহা অসুবিধা ভোগ করিতে হইতেছে। খাঁটি দুধ, খাঁটি গাওয়া ঘি দেশে দুর্লভ হইয়াছে। এত অসুবিধা তথাপি গোহত্যা-নিবারণের কোন চেষ্টাই হইতেছে না। বাঁচিয়া থাকাকাটা যদি পলিটিক্সের গণ্ডীর ভিতর পড়ে—তাহা হইলে গোরক্ষাও পলিটিক্সের বাহিরে পড়া উচিত নহে। ভাল দুধ ঘির অভাবে লোকের যে কষ্ট হইতেছে, মুসলমান সঙ্জনগণও সে কষ্ট হইতে নিষ্কৃতি পাইতেছেন না। তবে এ বিষয়ে এত উদাসীন কেন? বাঙ্গালী এসব কাজে উদাসীন হইলেও দেশীয় রাজগণ এ বিষয়ে নিশ্চেষ্ট নহেন। কাশ্মীর, হায়দ্রাবাদ প্রভৃতি বড় বড় দেশীয় রাজ্যে গোবধ নিষিদ্ধ। আমরা গুনিয়া স্থখী হইলাম, দেবগড়ের রাজা রণজিৎসিংজী নিজ রাজ্যে গোহত্যা রহিত করিয়াছেন। তিনি ব্যবস্থা করিয়াছেন, যাহারা এই নিয়ম লঙ্ঘনপূর্বক গোবধ করিবে তাহাদিগের একবৎসর কাল কারাদণ্ড, ৫০০ টাকা অর্থ দণ্ড, অথবা উভয় দণ্ড হইতে পারিবে। যাহারা গোহত্যার সাহায্য করিবে তাহাদিগের ছয় মাস কারাদণ্ড ও ২৫০ টাকা অর্থ দণ্ড অথবা উভয় দণ্ডই হইতে পারিবে। রাজা দীর্ঘজীবী হউন।

মদ্যপান।—সে দিন মাদ্রাজের বিশপ বা লাট-পদবী খ্রীষ্টান ধর্মযাজকদিগকে মদ খাওয়া ছাড়িতে আদেশ দিয়াছেন। বলিয়াছেন, “আমি বেশ

বুঝিয়াছি, ধর্মযাজকগণ মদ খাওয়ার অভ্যাসটা না ছাড়িলে, তাঁহারা কর্তব্য পালনে সমর্থ হইবেন না।” এটি খুব পাকা কথা। কর্মক্ষেত্রে নীতি অপেক্ষা দৃষ্টান্তের মহিমা খুব বেশী। সুতরাং যাহারা মানবের উপদেষ্টার আসন গ্রহণ করিয়াছেন, তাঁহারা সংযমী ও ত্যাগী না হইলে মানুষ পুণ্ডিত নীতি মানিবে কেন? কিন্তু যে খ্রীষ্টান পাদরীরা মানুষের মদ খাওয়া বন্ধ করিয়া তাহাকে অধঃপতনের অতলম্পর্শ অক্ষুণ্ণ হইতে উদ্বার করিতে চাহেন, তাঁহারা মদ্যব্যবসায় বন্ধ করিবার জন্ত উষ্ণতা পড়িয়া লাগেন না কেন? যে দেশের লোক একবার অনাবৃষ্টি ও শস্যহানি হইলেই অনাহারে মরে, সে দেশে রাজকোষের পরিপূষ্টির জন্ত মদের কর্মনাশা বহিতে দেওয়া কোন্ ধর্ম ও কর্মনীতির অঙ্গমোহিত। গবর্নমেন্ট যখন করুণায় বিগলিত হইয়া চীনাওয়ানদের উন্নতির জন্ত আফিমের চাষ উঠাইয়া দিতে পারিয়াছেন, তখন খাস ভারতীয় প্রজার জন্ত মদের ব্যবসায় না উঠাইয়া দিবেন কেন? খ্রীষ্টীয় ধর্ম-যাজকসম্প্রদায় একবার এ বিষয়ে চেষ্টা করুন না?


মাতৃশিক্ষা।—ভারতলসনারা যে বীরপুত্রের মা হইতে চাহেন, তাহা আমরা বিশ্ব-বিশ্রুত মহিলাকবি বিদূষী সরোজিনী নাইডুর কংগ্রেস বক্তৃতায় বেশ বুঝিয়াছি। নারীদিগের এই উচ্চাকাঙ্ক্ষা আমাদের পক্ষে খুব শ্রমসাধ্য কথা। কিন্তু নারীরা ছেলের মা হইবার আগে মাতৃশিক্ষা বিধিমত শিক্ষা না পাইলে, যথার্থ বীরমাতা হইতে পারিবেন বলিয়া বোধ হয় না। আমরা দেখিয়া স্থখী হইলাম, নারীদিগকে মাতৃশিক্ষা ও সন্তান-পালন সম্বন্ধে শিক্ষা দিবার জন্ত বোম্বাই নগরে একটি শ্রেণী খোলা হইয়াছে। বোম্বাই নগরের স্বাস্থ্য-সভা (Bombay Sanitary Association) এই সদনুষ্ঠানের প্রবর্তন করিয়াছেন। বিলাতের গ্লামস্টাউন এসোসিয়েশন দেশের অত্যধিক শিশুমৃত্যু নিবারণ করিবার জন্ত যেরূপ উত্তম প্রকাশ করিতেছেন, তাহার পরিচয় পাইয়াই স্বাস্থ্যসভা এই মাদ্রাসিক অনুষ্ঠানে হস্তক্ষেপ করেন। নারীদিগের একবৎসরব্যাপী শিক্ষা

শেষ হইবার পর, তেত্রিশটি ছাত্রী শিক্ষা সম্বন্ধে পরীক্ষা দেন। ইহাদিগের মধ্যে বাইশজন পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। পরীক্ষায় উত্তীর্ণ হইবার নূন সংখ্যা শতকরা ৫৫ নির্দিষ্ট হইয়াছিল। মাতৃশিক্ষার সফলতা দেখিয়া বোম্বাইয়ের সঙ্জনগণ এই শিক্ষা সম্বন্ধে খুব উৎসাহিত হইয়াছেন, সহরের ভিন্ন ভিন্ন অংশে নূতন নূতন শ্রেণী খোলা হইতেছে। নারীদিগের ব্যবহারের জন্ত একখানি প্রাথমিক সচিব শিক্ষাপুস্তক প্রণীত হইতেছে। বঙ্গভূমি মহাকবি মেঘচন্দ্রের ‘ভারত’ স্মরণ্যে ‘শুধুই ঘুমায়ে রয়’,— বড় জোর তপ্তরসনায় কথার থৈ ফুটাই। বড় খেতাব কংবা কাঞ্চনের আকর্ষণ না থাকিলে, অর্থপুষ্ট পুরুষেরাও আলস্যের আরাম ছাড়িয়া এ সব কাজে মমিত্যে চাহেন না। এ দুর্গতি কতদিনে ঘুচিবে?

রাজপরিবারে নিরামিষ-ভোজন।—নিরামিষ খাদ্য যে মানুষের আয়ু ও বলবর্ধক,—শরীরের পুষ্টি ও স্বাস্থ্যোন্নতিসাধন করিবার জন্ত মাংসভোজনের কোন প্রয়োজন নাই, একথা বিজ্ঞান সঙ্গত। আধুনিক বৈজ্ঞানিকগণ পরীক্ষার দ্বারা নিরামিষ আহারের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করিয়াছেন। কিন্তু লোভে পড়িয়া মানুষ ধন ও মাংসাহার ছাড়িতে পারিতেছে না। অনেক লে মানুষ বিকৃত ও রোগবীজভূত মাংস খাইয়া অসংখ্য ব্যাধি দ্বারা আক্রান্ত হইতেছে। তাই ইউরোপ ও আমেরিকায় নিরামিষ আহারের প্রবর্তনের জন্ত আন্দোলন আলোচনা চলিতেছে। বর্তমান মহাযুদ্ধ উপলক্ষে সমুদ্রপথ বিঘ্নসঙ্কুল হওয়াতে ইংলণ্ডে খাদ্য দ্রব্য দুর্লভ ও দুস্কূল্য হইয়াছে। তাহার উপর নিরামিষ খাদ্য অপেক্ষা আমিষ খাদ্যের মূল্য অনেক বেশী। তাই এই দুর্দিনে প্রজাসাধারণকে মিতাচার ও নিরামিষ-ভোজন বিষয়ে শিক্ষা দিবার জন্ত ইংলণ্ডের ধর্মীশ্বর—আমাদের রাজরাজেশ্বর পঞ্চম জর্জ মহোদয় নিজ পরিবারে সপ্তাহে দুই দিন, নিরামিষ আহারের ব্যবস্থা করিয়াছেন। বলা বাহুল্য, স্বয়ং সম্রাটও প্রথমে দুই দিন নিরামিষ ভোজন করিতেছেন। সুতরাং

ইংলণ্ডের সম্রাট সঙ্জনগণ ও রাজরাজেশ্বরের দৃষ্টান্তে নিরামিষ ভোজনে প্রবৃত্ত হইবেন। সমাজের উচ্চস্তরে যে ব্যবস্থার প্রবর্তনা হইবে, উহার নিয়ন্ত্রণে সেই ব্যবস্থা অবশ্যই চলিয়া যাইবে। কারণ দেশের বরণ্য পুরুষেরা আহার ও বেশভূষা সম্বন্ধে যেরূপ আচরণ করিবেন, জনসাধারণও তাহার অনুবর্তী হইবে। বর্তমানক্ষেত্রে ইংলণ্ডে নিরামিষ খাদ্যের প্রবর্তন-চেষ্টা, খাদ্যসংস্কারের উত্তম মাত্র নহে, উহা এখন রাজনীতিক প্রয়োজন বলিয়াই নির্দ্ধারিত হইয়াছে। সম্রাট মহোদয়কে এই সদনুষ্ঠানে ব্রতী দেখিয়া নিরামিষ-ভোজনের পক্ষপাতী বৈজ্ঞানিকগণ বলিতেছেন, আমিষ খাদ্যে শরীর ধারণ পক্ষে অপরিহার্য নহে, এইবারে লোক তাহা ঠেকিয়া শিথিবে। বৈজ্ঞানিক ও নিরামিষ-ভোজনের পক্ষপাতী ধীমান ব্যক্তিদিগের আশা ফলবতী হউক। তাহা হইলে এদেশের লোকেরও চোখ ফুটিবে। যাহারা সাহেবদিগের দেখাদেখি অখাদ্য ও কুখাদ্য খাইয়া জন্ম ও জীবন ধন্য বোধ করিতেছেন, তাঁহারা আপনাদিগের ভ্রম বুঝিতে পারিবেন।

অতিভোজনের অপকারিতা।—আজিকাল বিলাতে অতিভোজনের অপকারিতা সম্বন্ধে আন্দোলন চলিতেছে। অপরিমিত আহার এবং রসনার তৃষ্ণার জন্ত অমেধ্য দ্রব্যাদি আহারই যত রোগের গোড়া। ইহাতে অর্থ ও স্বাস্থ্য উভয়ই নষ্ট হইতেছে। ই, ওয়েক কুক নামক জর্নাল লেখক, বিলাতের “ইভনিং নিয়ুজ” পত্র প্রবন্ধ লিখিয়া বলিয়াছেন, আমরা সাধ করিয়া রোগ ডাকিয়া আনি। অধিক আহার করিয়া পুষ্টির পরিবর্তে শরীরের দুষ্টি ঘটাইয়া থাকি। মিঃ কুকের উক্তি ফাঁকা আওয়াজ নহে, তিনি বহু যুক্তি ও প্রমাণ দ্বারা নিজ সিদ্ধান্তটিকে প্রতিপাদন করিয়াছেন। তিনি আরও বলিয়াছেন, পরিমিত আহার করিলে মস্তপানের তৃষ্ণা এবং মাংসাহারের স্পৃহাও কম পড়ে। যাহারা অজীর্ণ, অন্ন প্রভৃতি নানা রোগে কষ্ট পাইতেছেন, আশা করি এই উক্তি শ্রবণে তাঁহারা মিতাহারের প্রয়োজনীয়তা স্বয়ং প্রমাণ করিবেন।



## মধু।

শ্রীনরেন্দ্রনাথ বসু লিখিত—

এই মধুমাংসে, মন্দ মধুর মলয়মাকুতের লীলা-  
হিল্লোলে, মাধবিকার মুকুলমালার মঞ্জু বিকাশে,  
মধুকবের মনোমদ গুঞ্জে, আশ্রমুকুলের শিহরণে,  
কোকিলের কুহরণে,—রূপে রসে, ছন্দে ও গন্ধে যখন  
জীবন ভরিয়া উঠিতেছে—যখন তরুণতা, কুরঙ্গ, বিহঙ্গ,  
পতঙ্গ মধুর মোহনমন্ত্র পড়িয়া বলিতেছে, মধু—মধু—  
মধু, তখন এই মধুবাসরে একবার মধুর কথা বলিলে  
হয় না? আধ্যাত্মিকতার দিক দিয়াই দেখ আর  
পার্শ্বিকতার দিক দিয়াই দেখ,—মধু সময়ের সার, মধু  
রসের সার—মধু রূপের সার। আমরা ভোগমত্ততার  
ভিতর দিয়া না বুঝিয়া স্বভাবী বাহাকে খুঁজিতেছি,  
তিনি যে “ভূতানাং মধু।” তবে মধুর কথাই বলি।

হস্ত খাত্তসমূহের স্বাদের মধ্যে মিষ্টই শ্রেষ্ঠ স্বাদ,  
আবার সকল প্রকার মিষ্টত্বের মধ্যে মধুর মিষ্টত্বই  
সর্বশ্রেষ্ঠ। মধু মিষ্টতার মাপকাঠি। মিষ্টতার তুলনা  
করিতে হইলে সর্বত্র মধুর সহিতই তুলনা করি। কোন  
খাদ্য অতি সুমিষ্ট হইলে আমরা বলিয়া থাকি ‘মিষ্ট  
যেন মধু’। কেবল খাওয়ার সঙ্গে যে মধুর তুলনা করা  
হয়, তাহা নহে। বাক্য, কার্য, দৃশ্য, কাল যাহাই অতি  
সুন্দর,—সুন্দরগ্রাহী, মধুর সহিত তাহারই তুলনা করিয়া  
থাকি। আমরা ‘মধুমাথা কথা’ ‘মধুময় দৃশ্য’ ‘মধু  
যামিনী’র ভক্ত। শ্রেষ্ঠত্ব বুঝাইবার সময় অনেক  
স্থলেই মধুর সহিত সকল বিষয়ের তুলনা করি।  
মহাকবি মাইকেলের সম্বন্ধে লিখিত হইয়াছে :—

“নামে মধু, কার্যে মধু, বাক্যে মধু-বার  
এহেন মধুরে ভুলে হেন সাধ্য কার।”

যখন সকলই মধু, তখন সে মধুকে কেহ কখনও  
ভুলিতে পারে না ইহাই লেখক জানাইয়াছেন। এখানে  
মধুরই শ্রেষ্ঠত্ব প্রতিপাদক হইয়াছে।

ইংরাজিতেও মধু বা Honeyর মিষ্টত্ব বা শ্রেষ্ঠত্ব  
সর্ব-বিদিত। “As sweet as honey” (মিষ্ট যেন মধু),—সাধারণতঃ পুষ্পের এই মিষ্ট রস হইতেই উহার  
সকলের মুখেই উচ্চারিত হয়। বিবাহের পরে যুগ্মের উৎপত্তি হইয়া থাকে। তবে কতকগুলি এরূপ  
নবদম্পতি “Honey-moon” ‘মধু-বাসর’ যাপন করিয়াও আছে, যাহারা প্রায় গন্ধশূণ্য কিন্তু মিষ্টরসে পূর্ণ।  
যান। ধনের উপাসক পাশ্চাত্যেরা অর্থের সর্ব শ্রেষ্ঠত্ববিখ্যাত বৈজ্ঞানিক ডার্বিন বিভিন্ন উদ্ভিদের পুষ্প  
জানাইতে গিয়া মধুর সহিতই উহার তুলনা করিয়াই মিষ্ট রস উৎপাদনের কারণ বিশেষরূপে  
বলিয়া থাকেন—

“Money, Money, Money,  
Brighter than Sun-shine,  
Sweeter than Honey.”

সকলের কাছেই যখন মধুর আদর, তখন আশাশংখ্য ফুল আবশ্যিক। উইলসন সাহেব (A. S.  
Wilson) বিশেষ অল্প-  
করা যায়, মধু সম্বন্ধে এই আলোচনা পাঠক পাঠিকার  
কাছেও মিষ্ট লাগিবে।

সংস্কৃতে মধু, মাক্ষিক, মাধবীক, ক্ষৌদ্র, সারগা  
মাক্ষিকাবাস্ত, বারটীবাস্ত ভূজবাস্ত ও পুষ্পরসোক্তব-এই

বিভিন্ন নাম।

কয়টি নাম দেখিতে পাওয়া যাবে লিখিয়াছেন যে, “সাধারণ লাল ক্রোভার  
যায়। ইহাকে হিন্দুস্থানে অগ্রাণ্ড পুষ্প অপেক্ষা অনেক অধিক মিষ্টরস পূর্ণ  
ও তামিলে—সহত, মধু, তৈলঙ্গ—তেনী, মহারাষ্ট্রেইলেও ঐ শ্রেণীর ১২৫টি ফুল হইতে মাত্র ১ গ্রাম  
ও গুজরাটে—মধু, কণাটে জেনতুল্ল, ফারসীতে শহদাৎ গ্রেণের কিঞ্চিৎ অধিক) মিষ্ট রস পাওয়া যায়।

কাদশ সংখ্যা ]

দ্বীন, আরবীতে অসহুল্ নহল বলে। ল্যাটিনে  
[a], ফরাসিতে Miel, জার্মান ভাষায় Honig এবং  
ইতালীতে Honey (হনি) বলা হয়।

মক্ষিকারা প্রধানতঃ পুষ্প হইতে যে মিষ্ট রস  
গ্রহণ করিয়া নিজেদের প্রস্তুত আহার ‘মৌ-চাকে’  
মধু কি? মক্ষিক করে তাহারই নাম মধু।  
মক্ষিকা ব্যতীত বোলতা জাতীয়  
যেক প্রকার পতঙ্গও মধু সংগ্রহ করিয়া থাকে।  
শরসের অভাবে শুড় ও চিনির রস হইতেও মক্ষিকা-  
গকে মধু সংগ্রহ করিতে দেখা যায়।

শুক-গরম আবহাওয়াই পুষ্পসমূহের মিষ্ট রস  
সংরক্ষণের পক্ষে বিশেষ উপযোগী। এই মিষ্ট রস  
পুষ্পের পাপড়ি, শূয়া, প্রভৃতির  
গঠন-বৈচিত্র্য ও অবস্থানের  
রস। বিশেষত্ব দ্বারা বৃষ্টি হইতে রক্ষা

একজন বিশেষজ্ঞ তাঁহার পুস্তকে লিখিয়াছেন  
সর্ব-বিদিত। “As sweet as honey” (মিষ্ট যেন মধু),—সাধারণতঃ পুষ্পের এই মিষ্ট রস হইতেই উহার  
সকলের মুখেই উচ্চারিত হয়। বিবাহের পরে যুগ্মের উৎপত্তি হইয়া থাকে। তবে কতকগুলি এরূপ  
নবদম্পতি “Honey-moon” ‘মধু-বাসর’ যাপন করিয়াও আছে, যাহারা প্রায় গন্ধশূণ্য কিন্তু মিষ্টরসে পূর্ণ।  
যান। ধনের উপাসক পাশ্চাত্যেরা অর্থের সর্ব শ্রেষ্ঠত্ববিখ্যাত বৈজ্ঞানিক ডার্বিন বিভিন্ন উদ্ভিদের পুষ্প  
জানাইতে গিয়া মধুর সহিতই উহার তুলনা করিয়াই মিষ্ট রস উৎপাদনের কারণ বিশেষরূপে  
বলিয়া থাকেন—

একটি মৌ-চাকের উপযোগী মধুসংগ্রহ করিতে

উইলসন সাহেব (A. S.  
Wilson) বিশেষ অল্প-  
সন্ধান পূর্বক তাঁহার  
“On the Nectar  
of Flowers” নামক

কয়টি নাম দেখিতে পাওয়া যাবে লিখিয়াছেন যে, “সাধারণ লাল ক্রোভার  
যায়। ইহাকে হিন্দুস্থানে অগ্রাণ্ড পুষ্প অপেক্ষা অনেক অধিক মিষ্টরস পূর্ণ  
ও তামিলে—সহত, মধু, তৈলঙ্গ—তেনী, মহারাষ্ট্রেইলেও ঐ শ্রেণীর ১২৫টি ফুল হইতে মাত্র ১ গ্রাম  
ও গুজরাটে—মধু, কণাটে জেনতুল্ল, ফারসীতে শহদাৎ গ্রেণের কিঞ্চিৎ অধিক) মিষ্ট রস পাওয়া যায়।

মধু।

৩২৫

এই অল্পপাতে এক কিলোগ্রাম (২:২ পাউণ্ড বা  
একসের) মধু পাইতে হইলে ১,৫০০,০০০ গুলি পুষ্প  
আবশ্যক।” মধু উৎপাদক পুষ্পসমূহের মধ্যে—আপেল,  
শতভুলী, বারবেরি, কড়াই, চেঁরী, ক্রোভার, তুলা,  
জাক্রান, মনকা, ইউকেলিপটস, পদ্ম, হায়েসিছ, পুদিনা,  
সরিষা, পিঁয়াজ, পিচ, শ্যামপাতি, তিল, রাম্পবেরি,  
ট্রুবেরি, শালগম, ডায়োলেট, উইলো প্রভৃতিই প্রধান।  
এগুলি ব্যতীত অগ্রাণ্ড ফুল হইতেও অল্পাধিক পরিমাণে  
মধু পাওয়া যায়।

পুষ্পের রস তরল জলের মত, কিন্তু মক্ষিকা-দেহে  
বিচিত্র রাসায়নিক ক্রিয়ার প্রভাবে সেই রস মধুতে  
পরিণত হয়। রাসায়নিক  
পরিবর্তন ব্যতীত, পুষ্প-  
রসের জলীয় ভাগ

উবাইয়া দিয়া মধুর আয়তন মাত্র ৫ রাধিবার আর  
একটি প্রক্রিয়া আছে। মক্ষিকারা সমস্ত দিন চাকে  
পুষ্পরস সঞ্চয় করিবার পর, যদি কেহ ব্যতিক্রমে  
চাকের নিকটে গমন করেন, তাহা হইলে প্রবল গুণ  
গুণ শব্দ শুনিত পাইবেন। ইহা সমবেত মক্ষিকাগণের  
পক্ষচালনার শব্দ। এইরূপ পক্ষচালনা-প্রক্রিয়া দ্বারাই  
রসের জল উবাইয়া দেওয়া হয়।

একটি মৌ-চাকে প্রায় ৩০,০০০ মক্ষিকা থাকে  
এবং পরিষ্কার আবহাওয়ায় সন্তোঃপ্রসুতিত কুসুমাকীর্ণ  
পুষ্পক্ষেত্র হইতে তাহার  
মক্ষিকার মধু ৭১০ সের পর্যন্ত মধু  
সংগ্রহ।

আনিয়া সঞ্চয় করিতে  
পারে। কতকগুলি মক্ষিকা মধুর অল্পসন্ধান আপনাদের  
আবাস হইতে দুই মাইলেরও অধিক পথ অতিক্রম  
করিয়া থাকে। একটি মক্ষিকা সমগ্র জীবনে ২ ডাম  
(১২০ ফোটা) মধু সঞ্চয় করে।

যাহারা পূর্বে কখনও দলবদ্ধ হয় নাই এরূপ  
মক্ষিকা দ্বারা সংগৃহীত মধু, কিংবা যে মধু উত্তাপে  
বা বিনা উত্তাপে মৌ-চাক হইতে  
করিত হয় তাহাকে ইংরাজীতে  
“Virgin-honey”—“অকলঙ্ক  
মধু।”

মধু বলে। ইহার তুলনায় পুরাতন চাকের মধু নিকট।  
উহা সাধারণতঃ ঘোর বর্ণের, গাঢ় এবং গন্ধে ও স্বাদে  
অপেক্ষাকৃত হীন হইয়া থাকে। পুরাতন মৌ-চাক  
অপেক্ষা নবীন মক্ষিকা প্রস্তুত নূতন চাকে অধিক  
পরিমাণে মধু পাওয়া যায়।

প্রায় সকল খাটি মধুই আলোক ও ঠাণ্ডায় উল্লস্ক  
রাখিলে অস্বাভাবিক দানাদার হইয়া থাকে। উহার  
জলীয় ভাগ মোটা কাপড় দিয়া ছাঁকিয়া সহজেই পৃথক  
করা যাইতে পারে। মৌ-চাক ভাঙ্গা মধু বিক্রয়ের  
জন্য সাধারণতঃ গরম করিয়া ও কাপড় দিয়া ছাঁকিয়া  
পরিষ্কার করা হয়। কিন্তু কাহারও কাহারও মতে  
সাধারণ অবস্থায় প্রাপ্ত মধুই সর্বোত্তম।

স্থানভেদে মধুর বর্ণের ও গুণের বিভিন্নতা দেখা  
যায়। বিক্রয় মধু তিন প্রকার। প্রথম, যাহা  
মৌ-চাকের গহ্বরসমূহের মধ্যে থাকে, দ্বিতীয়, যন্ত্রের  
সাহায্যে (পাশ্চাত্যদেশে) চাক হইতে সংগৃহীত মধু,  
এবং তৃতীয়, চাক নিকড়ান মধু। প্রথম প্রকারের মধু  
নির্মল, প্রায় বর্ণশূন্য বা ঈষৎ পীত। পুরাতন  
মধু ক্রমশঃ কৃষ্ণবর্ণ ধারণ করে। কিন্তু মধু ও মৌ-  
চাক উভয়ই বহুকাল অবিকৃত থাকে।

ডেক্সট্রো-গ্লুকোজ ও লেভো-গ্লুকোজ নামক শর্করা  
মধুর প্রধান উপাদান। জল, মোম, তৈলসার, রজনদ্রব্য,  
অল্পপরিমাণ খনিজ দ্রব্য ও  
**মধুর উপাদান।**  
পুষ্পরেণু প্রভৃতিও মধুতে  
পাওয়া যায়। বিভিন্ন প্রকারের বিশ্লেষণ দ্বারা মধুতে  
শতকরা—ডেক্সট্রো-গ্লুকোজ—৩৬.৫৭, লেভো-গ্লুকোজ  
—৩৬.৪৫, খনিজ উপাদান—০.১৫ হিসাবে পাওয়া  
যায়। তন্মধ্যে মোম, পুষ্প-রেণু ও অজ্ঞাত দ্রব্যের  
পরিমাণ অতি অল্প, শতকরা ২.১ অপেক্ষা অধিক নয়,  
বাকি সমস্তটাই জল। মধুর আপেক্ষিক গুরুত্ব গড়ে  
১.৪১।

মধুর পরিবর্তে কোন দ্রব্য ব্যবহারের বা মধু  
প্রস্তুত করিবার কোন কৃত্রিম উপায় এখনও উদ্ভাবিত হয়

**মধুতে  
ভেজাল।**

নাই। কিন্তু মধুজীবীদিগকে মধুতে  
অতি সামান্য হইতে শর্করা  
ভাগ পর্যন্ত ভেজাল মিশাইয়া  
বিক্রয় করিতে দেখা যায়। মধুতে ময়দা, জিলাটিন,  
খড়ির গুঁড়া, শাদা মাটি, জল, চিনি, গুড়, চিনির রস,  
প্রভৃতি দ্রব্য ভেজাল দেওয়া হয়।

অনেকে সাধারণ কড়ির জারে মধু সঞ্চিত করিয়া  
রাখেন। কিন্তু কড়ির জারের পরিবর্তে পাথরের  
পাত্রেই মধু রাখা কর্তব্য। কড়ি  
জার সীসক ধাতুজাত  
দিয়া রঞ্জিত করা হয়। তাহার

**মধু সংক্রান্ত  
স্বাস্থ্যের পাত্র।**

সংস্পর্শে মধুর রাসায়নিক ক্রিয়া হওয়াতে মধু দূষিত  
হইয়া থাকে। সাবধানে রাখিতে পারিলে, সাধারণ  
মুদ্রায় পাত্র বা কাচ পাত্রে মধু সঞ্চিত করা যাইতে পারে।

আমরা দেহ-পুষ্টি ও রসনার তৃপ্তির জন্য প্রত্যহ  
সকল শর্করা গ্রহণ করি মধু তদপেক্ষা অধিক হিতকর,  
কেন না সাধারণ চিনি পাকক্রিয়া  
ফলে গ্লুকোজে পরিণত হইবার পর  
শরীরে শোষিত হয়। কিন্তু মধুর  
শর্করা গ্লুকোজ অবস্থাতেই থাকে, সুতরাং মধু পাকক্রিয়া  
উপস্থিত হইবামাত্রই রক্তের সহিত মিশ্রিত হইয়া যায়।  
মধু পানে পাকক্রমের কর্মভার বৃদ্ধি পায় না, অর্থাৎ  
দেহের পক্ষে এই পুষ্টিকর উপাদানটি অনায়াসে সর্ব  
শরীরে ব্যাপ্ত হইয়া পড়ে। আমাদের রক্তের শর্করা  
উপাদান গ্লুকোজরূপেই থাকে এবং এই গ্লুকোজই  
আমাদের দেহে কর্মশক্তি ও উত্তাপ দান করে।

**মধুর  
শ্রেষ্ঠত্ব।**

মিষ্টরসের জন্য মানবের যে স্বাভাবিক লালসা  
আছে তাহাতে দেহে মিষ্টরসের ত্রাণ্য আবশ্যিকতা  
প্রকাশ পায়। মধুর পরিমিত ব্যব  
হারে সে অভাবের যেমন পূরণ হয়,  
অল্প কিছুতেই এত সহজে তাহা  
হইতে পারে না। স্বভাবজাত, পুষ্টিকর খাদ্য দ্বারা দেহের  
অভাব পূরণ করিলে আর রোগ ভোগ করিতে  
হয় না। আজকাল অতিরিক্ত চিনি ও মিষ্টান্নাদি

**মধু ও  
স্বাস্থ্য।**

ভারতের বিভিন্ন প্রদেশের  
মধু উৎপত্তির স্থান সমূহের  
উল্লেখ নিম্নে করা হইল।  
বঙ্গদেশ :—সুন্দরবন, ছোটনাগপুর, চট্টগ্রাম,  
জিলিং, ভূটান এবং নেপাল হইতে মধু আমদানী  
হয়। দার্জিলিংএর তিস্তা উপত্যকায় সময়  
মত এতবড় মৌ-চাক হয় যে প্রায় এক মাইল দূর  
তেও সেগুলি দেখা যায়।  
আসাম :—আসামে খাসিয়া পর্বত এবং দীর্ঘান্ত  
দেশের জঙ্গল সমূহ হইতে মধু সংগৃহীত হয়।  
যুক্তপ্রদেশ :—যুক্তপ্রদেশে ডেরাদুনের পূর্বস্থ  
ল এবং খারি প্রভৃতি স্থান হইতে মধু সংগৃহীত  
হয়। সাহারানপুরবাসী মধুব্যবসায়ীদের হস্তেই তথাকার  
মধু ব্যবসায় প্রধানতঃ ন্যস্ত আছে।  
মধ্যপ্রদেশ :—মধ্যপ্রদেশের জঙ্গল সমূহ হইতে  
শত শত মণ মধু পাওয়া যায়। চাঁদগড়ে একরূপ  
ক্ষিকার আধিক্য যে জঙ্গলে প্রবেশ করা একরূপ  
সাধ্য ব্যাপার। রায়গড় পাহাড়কে মৌ-চাকের  
পাহাড় বলা হয়। বিটুল, চান্দা, ছিন্দোয়ারা, দামো,  
সেদাবাদ, জবলপুর, মান্দলা, নিমার, রায়পুর এবং  
আরও প্রভৃতি মধু সরবরাহের প্রধান স্থান।

ব্রহ্মদেশেই Brights Disease ও মূত্রগ্রন্থির  
রোগ কঠিন পীড়া এবং মিষ্ট খাদ্যের পচন দ্বারা  
প্রকার রোগ উৎপন্ন হইতে দেখা যাইতেছে।  
মধুর মিষ্টানের প্রতি অত্যধিক লালসা মিটাইবার  
অজ্ঞাত মিষ্ট দ্রব্যের পরিবর্তে মধু খাইতে দিলে  
স্বাস্থ্য-হানির সম্ভাবনা হইতে নিষ্কৃতি পাওয়া যায়।  
কোন বিশেষজ্ঞ বলেন, মধুর আর একটি  
গুণ এই যে, অজ্ঞাত শর্করার ত্রাণ্য মধু সেবনে  
হের স্থলতা জন্মে না। এই কারণে আমাদের  
মান সম্রাটের মাতা মহারাণী আলেকজেন্দ্রা অনেক  
বার খরিয়া সাধারণ মিষ্টানের পরিবর্তে মধু দ্বারা  
মিষ্টান্নাদি গ্রহণ করিতেন।

**ভারতে মধু  
উৎপত্তির স্থান।**

ভারতের বিভিন্ন প্রদেশের  
মধু উৎপত্তির স্থান সমূহের  
উল্লেখ নিম্নে করা হইল।  
বঙ্গদেশ :—সুন্দরবন, ছোটনাগপুর, চট্টগ্রাম,  
জিলিং, ভূটান এবং নেপাল হইতে মধু আমদানী  
হয়। দার্জিলিংএর তিস্তা উপত্যকায় সময়  
মত এতবড় মৌ-চাক হয় যে প্রায় এক মাইল দূর  
তেও সেগুলি দেখা যায়।  
আসাম :—আসামে খাসিয়া পর্বত এবং দীর্ঘান্ত  
দেশের জঙ্গল সমূহ হইতে মধু সংগৃহীত হয়।  
যুক্তপ্রদেশ :—যুক্তপ্রদেশে ডেরাদুনের পূর্বস্থ  
ল এবং খারি প্রভৃতি স্থান হইতে মধু সংগৃহীত  
হয়। সাহারানপুরবাসী মধুব্যবসায়ীদের হস্তেই তথাকার  
মধু ব্যবসায় প্রধানতঃ ন্যস্ত আছে।  
মধ্যপ্রদেশ :—মধ্যপ্রদেশের জঙ্গল সমূহ হইতে  
শত শত মণ মধু পাওয়া যায়। চাঁদগড়ে একরূপ  
ক্ষিকার আধিক্য যে জঙ্গলে প্রবেশ করা একরূপ  
সাধ্য ব্যাপার। রায়গড় পাহাড়কে মৌ-চাকের  
পাহাড় বলা হয়। বিটুল, চান্দা, ছিন্দোয়ারা, দামো,  
সেদাবাদ, জবলপুর, মান্দলা, নিমার, রায়পুর এবং  
আরও প্রভৃতি মধু সরবরাহের প্রধান স্থান।

পঞ্জাব :—পঞ্জাবে পার্কৃত্য স্থান সমূহেই প্রধানতঃ  
মধু উৎপন্ন হয়। বাসার, চম্বা, হাজারা, বেলম, কাংড়া,  
কাশ্মীর, ফুল, সিমলা প্রভৃতি স্থান মধুর জন্য বিখ্যাত।  
হাজারায় নভেম্বর মাসে, কুলুতে জুলাই ও অক্টোবরে,  
চম্বায় মে-জুন ও সেপ্টেম্বর-অক্টোবরে, এবং কাশ্মীরে  
সেপ্টেম্বর-অক্টোবরে মধু সংগ্রহ করা হয়। এক একটি  
চাকে ১০ সের হইতে ১০ আধ মণ পর্যন্ত মধু পাওয়া যায়।

কুরম উপত্যকা ও আফগানিস্থান :—এই দুই  
স্থানে পার্কৃত্য লোকেরা বিশেষভাবে মধুর চাষ করে  
এবং উহা কতকপরিমাণ ভারতে চালান দেয়।

রাজপুতনা :—রাজপুতনায় অম্বর, বাওজারি,  
দেওয়ানি, মান্দলা এবং তোদগড় প্রভৃতি স্থানে মধু  
সংগৃহীত হইয়া থাকে।

বোম্বাই :—বোম্বাই প্রেসিডেন্সিতে প্রধানতঃ  
খান্দেসের সাওপুরা পর্বত এবং দক্ষিণাপথ হইতে  
মধু সংগৃহীত হয়। সমগ্র প্রদেশের সংগৃহীত মধু  
প্রধানতঃ বোম্বাই ও গোয়া সহরে চালান দেওয়া হয়।

বেরার :—বেরারের ইলিচপুর, মঙ্গরুল, মেলঘাট  
এবং উন্ প্রভৃতি স্থান মধুর জন্য বিখ্যাত। এই  
প্রদেশের সরবরাহ অধিক নহে।

মাদ্রাজ :—মাদ্রাজের সকল পর্বত ও ছোট ছোট  
পাহাড়ে মৌ-মাছি দেখা যায়। কিন্তু বেলারি, কোয়েম্বা-  
টোর, কুডাপ্পা, গঞ্জাম, গোদাবরী, কৃষ্ণা, কারুল,  
মাহুরা, মালাবার, নেলোর, নীলগিরি, উত্তরআর্কট,  
দক্ষিণকাণাড়া, ত্রিচিনাপল্লী এবং তিজাগাপত্তম প্রভৃতি  
স্থানেই মধু সরবরাহের জন্য প্রসিদ্ধ।

ব্রহ্মদেশ :—ব্রহ্মদেশে ভামো, চিন্দুইন, কাথা,  
মাণ্ডালে, মিনুবু, পিইয়না এবং টেনাসেরিম প্রভৃতি  
মধু সরবরাহের প্রধান স্থান। উত্তর চিন্দুইনেই মধু  
ব্যবসায়ের বিশেষ উন্নতি দেখা যায়। দক্ষিণ চিন্দুইনে  
মানকাদাউ মধু বিক্রয়ের স্থান।

উল্লিখিত স্থানসমূহ ব্যতীত ভারতের অজ্ঞাত  
অনেক স্থলেই গৃহস্থেরা আবশ্যকীয় মধু সংগ্রহের জন্য  
নিজ নিজ বাটীতে বা উচ্চানে মৌ-চাক রাখিয়া থাকে।



আমেরিকার যুক্ত রাষ্ট্রে ১০০,০০০ লক্ষেরও উপর মৌ-চাকি প্রতিপালক আছেন । সমগ্র জনসংখ্যার

**অন্যান্য দেশে মধুর উৎপত্তি ।**

১২০ জনের মধ্যে অন্ততঃ একজন মধু উৎপাদনে সচেষ্ট । এত লোকের চেষ্টায় যে বহুলপরিমাণে মধু উৎপন্ন হয়, সে বিষয়ে সন্দেহ নাই । অস্ট্রােলিয়া দেশ হইতেও এদেশে প্রতি বৎসর ২৫০০,০০০ লক্ষ পাউণ্ড মধু আমদানী করা হয় । এই মধুর শতকরা ৯৫ ভাগ কিউবা, মেক্সিকো, হায়টি, সালভাদোর, চিলি, নিকারাগুয়া এবং ভেনিজুইলা প্রভৃতি স্থান হইতে এবং বাকি ৫ ভাগ ইউরোপ হইতে আসিয়া থাকে । প্রতি পাউণ্ড মধু ২০ সেন্ট (১১/০ আনা) দরে বিক্রীত হয় । কসিকা দ্বীপে বহুল পরিমাণে মধু উৎপন্ন হয় এবং প্রাচীনকালে মধুই তথাকার প্রধান উৎপন্ন জব্য ছিল । ইংলণ্ডে ১৩শ ও ১৪শ শতাব্দীতে প্রতি গ্যালন মধু ৭ পেন্স হইতে ১৪ পেন্স দরে বিক্রীত হইত । ওয়েলস্ দেশে Wrexham 'রেজহাম' নামক স্থানে বৎসরে দুইবার মধু বিক্রয়ার্থ বড় হাট বসিয়া থাকে । ইংলণ্ডের রাজপরিবারে ব্যবহারার্থ অনেক মধু প্রতি সপ্তাহে সানড্রিংহামস্থিত রাজকীয় মধুমক্ষিকালয় সমূহ হইতে আনীত হয় । হাঙ্গেরী দেশে সর্ববৎসরে প্রায় ২০০,০০০ হন্দর মধু উৎপন্ন হয় । ১৮৭০ অব্দের গণনায় তথায় প্রতি ১০০০ অধিবাসী হিসাবে গড়ে ৪০ টি এবং অস্ট্রিয়ায় হাজারকরা ৪৫ টি মৌ-চাক রাখার প্রমাণ পাওয়া গিয়াছিল । পোলাণ্ডে এক বিশেষ উপায়ে গঠিত মৌ-চাকে ২০ সের পর্যন্ত মধু পাওয়া যায় । কিন্তু তথাকার সাধারণ মৌ-চাকে দেড় সেরের অধিক মধু মিলে না । প্যাালেটাইনে বিশেষভাবে মধুর চাষ করা হয় । ৪ ফিট লম্বা ও ৮ ইঞ্চি ফাঁদ বিশিষ্ট ও রৌদ্রে শুষ্ক মাটির নল মৌ-চাক রূপে ব্যবহৃত হয় । নলের এক দিক একেবারে বন্ধ এবং অপরদিকে মক্ষিকা প্রবেশের জন্ত একটি সামান্য ছিদ্র থাকে । এইরূপ নল সারি সারি বুলাইয়া বা উপরি উপরি গাদা করিয়া রাখা হয় । তুরস্কদেশে পর্বতগহ্বরে মক্ষিকারা মৌ-চাক প্রস্তুত

করে । আফ্রিকার অনেক স্থলে, বিশেষতঃ পশ্চিমে গাম্বিয়ায় নিকট অনেক মৌ-চাক হইয়া থাকে ।

ইউরোপে বিখ্যাত নার্কোরের (Narborne) মধু খেতবর্ণ, দানাদার এবং পরম স্বগন্ধযুক্ত হইয়া থাকে । Gatinais এর মধু খেতবর্ণ, কিন্তু নার্কোরের মধু অপেক্ষা অল্প

**বিভিন্ন দেশ-জাত মধু ।**  
গন্ধযুক্ত ও অল্প দানাদার । খেত ক্লোভার হইতে উৎপন্ন মধু হরিভাত খেতবর্ণ এবং হিদার হইতে উৎপন্ন মধু স্বর্ণাভ পীতবর্ণ হইয়া থাকে । ব্রাজিল দেশজাত মধু নানাপ্রকার । কয়েক প্রকার মধু কুবর্ণ ও অল্পদানযুক্ত এবং কয়েক প্রকার মধু অতি উৎকৃষ্ট । ভারতজাত মধু পীতবর্ণ এবং অতি স্বগন্ধযুক্ত হইয়া থাকে, কিন্তু উহা ইংলণ্ড ও স্কটলণ্ড জাত মধুর তুল্য ঘন নহে । মরিশস্ দ্বীপ জাত এক প্রকার মধু গাঢ়, হরিভাত এবং বিশিষ্ট স্বগন্ধযুক্ত, পশ্চিম ভারতে এই মধুর বিশেষ আদর দেখা যায় । মার্টা জাত মধু কমলা লেবুর পুষ্প হইতে সংগৃহীত হয় বলিয়া বড় স্বগন্ধযুক্ত হইয়া থাকে । মক্ষিকা দ্বারা কৃত্রিম মিষ্টরস হইতে মধু সংগ্রহ করাইয়া এক প্রকার গোলাপী মধু উৎপন্ন করা হয় । বিখ্যাত নার্কোরের মধু প্রধানতঃ রোজমেরি প্রভৃতি পুষ্প হইতে সংগৃহীত হয় বলিয়া কখন কখনও সাধারণ মধুতে 'রোজমেরি' পুষ্পসার দিয়া নকল 'নার্কোরের' মধু প্রস্তুত করা হয় ।

কয়েক প্রকার মধু বিষাক্ত । ব্রাজিল দেশজাত লাল মধু এই শ্রেণীর অন্তর্গত । পূর্ব-নেপালে বসন্ত কালে যে বৃক্ষ মধু সংগৃহীত হয়, তাহা অনিষ্টকর । পারস্য দেশ জাত এক প্রকার কৃষ্ণাভ মধুও অপকারী । আমেরিকার যুক্ত রাষ্ট্রের উত্তর ভাগের কয়েক প্রকার মধুও বিষাক্ত । কুর্গ প্রদেশের জঙ্গলে এক প্রকার মধু পাওয়া যায় উহা অল্পপরিমাণে সেবন করিলেই, মাথা ধরে, শরীর অবসন্ন হয়, দারুণ তৃষ্ণা, বমনোদ্বেগ প্রভৃতি লক্ষণ প্রকাশ পায় । দক্ষিণ আফ্রিকায়ও এক প্রকার

মধু উৎপন্ন হয় । কতকগুলি বৃক্ষ কুলের মিষ্ট মক্ষিকার পক্ষেও প্রাণহানিকর ।

অতি প্রাচীনকালে মধু একটি খাদ্যরূপে ব্যবহৃত হত, তখনকার দিনে মধু বাতীত প্রায় আর কোন মিষ্টের প্রচলন ছিল না । প্রাচীনকালে উৎপন্ন ও মধু অতি পুরাকাল হইতে ব্যবহৃত হইয়া আসিতেছে ।

আয়ুর্বেদ শাস্ত্রে মধু সম্বন্ধে বিশেষ আলোচনা আছে । প্রাচীন সান্দ্রনদিগের ব্যবহৃত একটি সাধারণ উপাদানরূপে মধুর উল্লেখ দেখা যায় । "কোরানে" মক্ষিকা ও মধু সম্বন্ধে আলোচনায় লিখিত আছে—"মক্ষিকারা তাহাদের উদর হইতে মধু বর্ণের যে রস বাহির করে তাহার মধ্যে মানবের আবশ্যকীয় ঔষধ আছে ।"

মধু হইতে প্রাচীনকালে মস্ত প্রস্তুত হইত । আয়ুর্বেদে মধু হইতে প্রস্তুত মাক্ষরী মদিরার উল্লেখ আছে । প্রাচীন রোমের (Mulsam) 'মুলসাম' নামক মধু ও জল একত্র ফুটাইয়া প্রস্তুত করা হইত । মধু ও মশলা মিশ্রিত এক প্রকার মস্তকে মারে বা পিমেন্ট' বলা হইত । প্রাচীন মিশরে দ্রব্যাদি বিক্রিত রাখিবার জন্ত মধুর বিশেষ আদর ছিল । আচায়ে সমূহে বহুদিন হইতেই ফল রক্ষণ ও মিষ্টায় লভ্য কার্যে মধু বহুল পরিমাণে ব্যবহৃত হইয়া আসিতেছে । প্রাচীনকালে ধর্মকার্যে ভারতবর্ষের আশে অনেক স্থলেই মধুর ব্যবহার ছিল । গ্রীকেরা উত্তর উদ্দেশে মধু প্রক্ষেপ করিতেন । পেরু-দেশবাসী সভ্যগণ সূর্যের পূজায় মধু উৎসর্গ করিত । ভারতের প্রায় সকল স্থানের অধিবাসীরাই নিকট প্রীতিকর খাদ্যসামগ্রীরূপে বিশেষ সমাদৃত ।

**ভারতে মধুর ব্যবহার ।**  
হিন্দুর সমস্ত দেবদেবীর পূজা, যজ্ঞাদি, বিবাহ, শ্রাদ্ধ প্রভৃতি সকল ক্রিয়া কর্মেই মধু আবশ্যক । বিবাহে "মধুপর্কে", শ্রাদ্ধে পিণ্ডদানাদি ক্রিয়ায়, পূজায় "মধুপর্কে", পঞ্চামৃতে, নৈবেদ্যে ও

হোমে এবং অস্বস্তি ভুজাছুঠানে মধুর আবশ্যক হয় । মধু বাতীত হিন্দুর কোন সংস্কর্ম অস্বস্তান সম্ভব নহে বলিলেও অতুক্তি হয় না । ত্রীলোকদিগের অস্বস্তের ত্রতের মধ্যেও "মধু-মণ্ডা"র ত্রত বিশেষ আদরণীয় । মধু দিয়া নানা প্রকার মিষ্ট খাদ্য প্রস্তুত হইয়া থাকে । যে সকল স্থানে প্রচুর মধু উৎপন্ন হয়, সেখানকার লোকে মধুই সাধারণ মিষ্টরূপে ব্যবহার করে । তাহাদের গুড় চিনির আবশ্যক হয় না । নবজাত শিশুর মুখে সর্বপ্রথমই অল্প মধু দেওয়া হয় এবং পরে ইহা শিশুর একটি খাদ্যরূপে বখানিয়মে ব্যবহৃত হইয়া থাকে । শিশু, বৃদ্ধ ও রোগীর জন্ত সাধারণতঃ সকল স্থলেই অস্বাস্তি মিষ্টের পরিবর্তে মধুই দেওয়া হয় । ফল সংরক্ষণের জন্ত ইহা বহুল পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে । খাসিয়া পাহাড়ে কখন কখনও মৃত দেহ কয়েক দিনের জন্ত মধুর মধ্যে ডুবাইয়া রাখা হয় । ভয় সংপাত্ত বা পৃথক দুইটি সংপাত্ত সংযোজনের জন্ত মধু ও চূণে প্রস্তুত পুটিন ব্যবহৃত হয় ।

কয়েকটি রোগের চিকিৎসায় মধু ঔষধরূপে এদেশে অনেক সময় ব্যবহৃত হইয়া থাকে । শিশুদের কক্ষ, কাসি নিবারণের জন্ত মধু দেওয়া হয় । পুরাতন মেহ রোগে খাঁটি মধু ও হোল্য নিবারণে জলমিশ্রিত মধু প্রধান ঔষধরূপে গণ্য । চূণে ও মধুতে মিলাইয়া বেদনায়ুক্ত ক্ষীত অঙ্গে প্রলেপ দেওয়া হয় । কুঁচকী ফুলিলে বা গলায়, বগলে বীচি হইলে মধুর সহিত গোলমরিচ চূর্ণ মিশাইয়া লাগাইলে আশু উপকার হইতে দেখা যায় । মধুর সহিত সোহাগার বৈ মিশাইয়া জিহ্বার ঘায়ে লাগান হয় । উপদংশ ক্ষতে ত্রিফলা ভঙ্গ মধুতে মিশাইয়া প্রলেপ দিবার ব্যবস্থা আছে । চক্ষুরোগে অনেকেই পদ্মমধু ব্যবহার করে । আয়ুর্বেদীয় প্রায় সমস্ত প্রসিদ্ধ মোদক ও অবলেহতেই মধু দেওয়া হয় । ঔষধের অস্বপানের মধ্যে সাধারণতঃ মধুই শ্রেষ্ঠ । বিশেষতঃ বাল-রোগে মধুভিন্ন অন্য কোন অস্বপান প্রায়ই ব্যবহৃত হইতে দেখা যায় না ।

পৃথিবীর প্রায় সকল স্থানেই একটি বিশেষ মিষ্ট

খাদ্যরূপে মধু বহুল পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে। আমেরিকার যুক্তরাষ্ট্র, জার্মানী ও ইংলণ্ডে মধু বিকৃত ও কেক প্রভৃতি প্রস্তুত করিবার জন্ত অনেক পরিমাণে ব্যবহৃত হয়। বিকৃত ও কেক মিষ্ট করিবার জন্তই যে কেবল মধু দেওয়া হয় তাহা নহে, ঐ সকল খাদ্য অনেক দিন যাবৎ অবিকৃত থাকে ইহাও মধু ব্যবহারের আর একটি কারণ। মধু দিয়া প্রস্তুত মিষ্টান্নাদি কয়েক মাস এমন কি কয়েক বৎসর পর্য্যন্তও অবিকৃত থাকে। বিশেষ ভোজে “Honey-buns” নামক যে মধু-মিষ্টান্ন পরিবেশন করা হয় তাহা গ্রেটব্রিটনের সর্বত্রই বিখ্যাত।

জার্মানীতে “Honey-tea” “মধু-চা” পান করা একটি সাধারণ প্রথা। এক কাপ্ গরম জলে এক কি দুই চামচ ঘন মধু দিয়া ইহা প্রস্তুত করা হয়। এই অভ্যাসের দ্বারা অনেক বৃদ্ধ তাঁহাদের আয়ু বাড়াইয়া থাকেন। চাল, ছুখ ও মধু দিয়া প্রস্তুত পায়স সকল দেশেই একটি স্বাস্থ্যবর্ধক খাদ্য বলিয়া বিবেচিত। মূত্রগ্রন্থির সকল রোগে উপবাসের পর যখন খাদ্য দেওয়া হয় তখন পাশ্চাত্য চিকিৎসকেরা অল্পাল্প মিষ্টের পরিবর্তে মধুরই ব্যবস্থা দেন।

ইংলণ্ডের সর্বজন প্রিয় Mead of yore মত্তে মধু থাকে। Methoglin বা Hydromet পানীয় মধু হইতে প্রস্তুত হয়। আমেরিকায় Buck-wheat জাত কৃষ্ণবর্ণ, তীব্রগন্ধ মধুই অধিক পরিমাণে উৎপন্ন হইয়া থাকে। এই মধু খাওয়ার অযোগ্য হইলেও তদ্বারা উৎকৃষ্ট “বিয়ার” মত্ত প্রস্তুত হয়। এই মধু শ্বাসনলীর রোগে বিশেষ উপকারী বলিয়া উহার দ্বারা কাসির ঔষধ প্রস্তুত হইয়া থাকে।

মধু হইতে প্রস্তুত এক প্রকার মত্তের আবিষ্কারণ দেশে বিশেষ প্রচলন আছে, লোকে দূরে ভ্রমণের সময় এই মত্ত সঙ্গে লইয়া যায়। রুশিয়ার Lipetz নামক একপ্রকার পানীয় অত্যুৎকৃষ্ট মধু হইতে প্রস্তুত করা

হয়। কখন কখনও Ale মত্ত স্তম্ভ করিবার জন্তও মধু ব্যবহৃত হয়। শস্তের বীজ ও পক্ষীর ডিম্বাদি দূরদেশে পাঠাইতে হইলে কখন কখনও মধুর ভিতর রাখিয়া পাঠান হয়। মধু মিশ্রিত টাটকা মাখন বা সর এবং রুটি আরবিদিগের অতি প্রিয় খাদ্য। মাদাগাস্কার দ্বীপে বড়দিনের উৎসবের সময় একদিন রাণী ও তাঁহার নিমন্ত্রিত অতিথিগণকে মধু মিশ্রিত ভাত খাইতে দেওয়ার রীতি আছে। সেখানে শিশুদের মজলের জন্তও পবিত্রজলাশয়ে মধু প্রক্ষেপ করা হয়।

পাশ্চাত্যদেশে কতকগুলি গৃহপ্রচলিত ঔষধ মধু দিয়া প্রস্তুত করা হয়। সমপরিমাণ মধু ও লেবুর রস মিশ্রিত করিয়া এক এক চামচ আশ্বে আশ্বে পান করিলে গলকত, শ্বরভঙ্গ প্রভৃতিতে বিশেষ উপকার পাওয়া যায়।

এক পাইট জলে এক মুঠা ‘ওটমিল’ দিয়া ফুটাইয়া লইয়া উহা নাম মাত্র গরম থাকিতে উহাতে এক চামচ (table spoon) লেবুর রস ও দুই চামচ মধু মিশ্রিত করিয়া ঠাণ্ডা করিতে হয়। ইহা একাধারে আহার ও ঔষধ। সর্দি কাসির সময় গলা শুষ্ক করিতে আরম্ভ করিলে এই প্রকার মধুমাথা বস এক এক চামচ সেবনে বিশেষ উপকার হইয়া থাকে।

পাকযন্ত্র সমূহের প্রদাহে একবারে রোগ মুক্তি না হউক অনেকটা শাস্তির জন্ত চিনির পরিবর্তে মধুর ব্যবস্থা দেওয়া হয়। এই অবস্থায় পাকযন্ত্র সমূহ সাধারণ শর্করা পরিপাক করিতে পারে না। কিন্তু মধু সেবনে এরূপ কোন অসুবিধা নাই।

মধু একটি স্নিগ্ধকর দ্রব্য। ফোটিক ও ক্ষতাদি আবৃত রাখার জন্ত ইহা ব্যবহৃত হয়। কস্মেটিক রূপেও ইহা ব্যবহৃত হইয়া থাকে। মধু বৃথ এবং গলার মধ্যের শ্রাব বৃদ্ধি ও মুখের শুষ্কতা, কাসি এবং গিলিবার কষ্টের শাস্তি করে। ইহা কুল্লি করিবার ও কাসির ঔষধ এবং অবলেহ প্রস্তুত করিবার জন্ত

ব্যবহৃত হয়। মধু পুষ্টিকর এবং ইহা অধিক মাত্রায় পবনে বিরচনের কার্য করে, এই কারণে শিশুদের পিত্ত পরিষ্কারের জন্ত মধু দেওয়া হয়। মধু “কাষ্টের রেগেলের” উৎকৃষ্ট অল্পপান। ইহা নবজাত শিশুর সেবা ঔষধ সমূহের অল্পপানরূপে ব্যবহার করা যাইতে পারে। মধু গরম করিয়া স্নানেন্ন দিয়া হাঁকিয়া লইয়া পরে

মধু—শীতবীর্ষ্য, লঘু, ক্রীষৎ কষায়, মধুর রস, ধারক ও কৃশতাকারক, চক্ষুর হিতকারক, অগ্নির দীপক, শ্বরবর্ধক, ব্রণ রোপক ও ব্রণ শোধক, শরীরের কোমলতা

**আয়ুর্বেদে মধু।**

মধু—শীতবীর্ষ্য, লঘু, ক্রীষৎ কষায়, মধুর রস, ধারক ও কৃশতাকারক, চক্ষুর হিতকারক, অগ্নির দীপক, শ্বরবর্ধক, ব্রণ রোপক ও ব্রণ শোধক, শরীরের কোমলতা

মধু—শীতবীর্ষ্য, লঘু, ক্রীষৎ কষায়, মধুর রস, ধারক ও কৃশতাকারক, চক্ষুর হিতকারক, অগ্নির দীপক, শ্বরবর্ধক, ব্রণ রোপক ও ব্রণ শোধক, শরীরের কোমলতা

মধু—শীতবীর্ষ্য, লঘু, ক্রীষৎ কষায়, মধুর রস, ধারক ও কৃশতাকারক, চক্ষুর হিতকারক, অগ্নির দীপক, শ্বরবর্ধক, ব্রণ রোপক ও ব্রণ শোধক, শরীরের কোমলতা

মধু—শীতবীর্ষ্য, লঘু, ক্রীষৎ কষায়, মধুর রস, ধারক ও কৃশতাকারক, চক্ষুর হিতকারক, অগ্নির দীপক, শ্বরবর্ধক, ব্রণ রোপক ও ব্রণ শোধক, শরীরের কোমলতা

মধু—শীতবীর্ষ্য, লঘু, ক্রীষৎ কষায়, মধুর রস, ধারক ও কৃশতাকারক, চক্ষুর হিতকারক, অগ্নির দীপক, শ্বরবর্ধক, ব্রণ রোপক ও ব্রণ শোধক, শরীরের কোমলতা

মধু—শীতবীর্ষ্য, লঘু, ক্রীষৎ কষায়, মধুর রস, ধারক ও কৃশতাকারক, চক্ষুর হিতকারক, অগ্নির দীপক, শ্বরবর্ধক, ব্রণ রোপক ও ব্রণ শোধক, শরীরের কোমলতা

উহাতে আবশ্যিকমত জল মিশাইয়া উহার আপেক্ষিক গুরুত্ব ১.৩৬ রাখিলে ডাক্তারী Mel Depuratum প্রস্তুত হয়। ডাক্তারী Confectio Piperis, Mel Boracis, Oxymel Scillæ, Oxymel Urgineae Scammonii এবং Conf. Terebinthinol প্রভৃতি ঔষধ মধু দিয়া প্রস্তুত করা হয়।

মাক্ষিক ভ্রামরঃ ক্ষৌদ্রঃ পৌত্তিকঃ ছাত্রমিত্যপি।  
আর্ধ্যমৌদালকঃ দালমিত্যস্তৌ মধুজায়ঃ।

মাক্ষিক মধু—পিত্তল বর্ণ বৃহৎ মক্ষিকাকে মধু-মক্ষিকা বলে, তৎকৃত তৈলবর্ণ মধুকে মাক্ষিক মধু বলা যায়। মাক্ষিক মধু সকল মধু হইতে শ্রেষ্ঠ। ইহা লঘু এবং নেত্ররোগ, কামলা, অর্শঃ, ক্ষত, শ্বাস, কাশ ও ক্ষয়রোগ বিনাশক।

ভ্রামর-মধু—সচরাচর যে সকল ভ্রমর দেখা যায়, তাহা অপেক্ষা কিঞ্চিৎ ছোট ভ্রমর দ্বারা সঞ্চিত ফটিক তুল্য মধুকে ভ্রামর মধু বলে। ইহা রক্তপিত্ত নাশক, মূত্ররোধক, গুরু, মধুরবিপাক, অভিঘান্দি, অত্যন্ত পিচ্ছিল ও শীতবীর্ষ্য।

ক্ষৌদ্র-মধু—স্বল্প মক্ষিকাকে ক্ষৌদ্রা বলে তৎকৃত মধুই ক্ষৌদ্র বলিয়া মুনিগণ কর্তৃক উক্ত হইয়াছে, ইহা কপিলবর্ণ। ইহা মাক্ষিক মধুর স্নায় গুণযুক্ত, বিশেষতঃ ইহা প্রমেহ নাশক।

পৌত্তিক-মধু—মক্ষকের স্নায় ক্ষুদ্রকায়, কৃষ্ণবর্ণ ও অত্যন্ত পীড়াদায়ক এক প্রকার মধু মক্ষিকা বৃহৎ বৃহৎ বৃক্ষের কোটারভ্যন্তরে মধু সঞ্চিত করে পশুতগণ উহাকে পুত্তিকা বলিয়া থাকেন, তৎকর্তৃক উৎপন্ন স্নায় মধুকে বনচরগণ পৌত্তিকমধু বলিয়া থাকেন। ইহা রুক্ষ, উষ্ণবীর্ষ্য, পিত্তবর্ধক, রক্তদূষক, দাহজনক, বাতবর্ধক, বিদাহি, প্রমেহ ও মূত্রকৃচ্ছ-নাশক এবং গ্রন্থি প্রভৃতি ক্ষত শোধক।

ছাত্র-মধু—কপিল ও গীতবর্ণ এক প্রকার মক্ষিকা আছে তাহারা হিমালয় বনে প্রায়ই ছত্রাকার মৌচাক প্রস্তুত করে, ঐ চাক হইতে উৎপন্ন মধুকে ছাত্রমধু বলা যায়। ইহা কপিল গীতবর্ণ, পিচ্ছল, গীতবীর্ষ্য, কক, মধুর বিপাক এবং ইহা ক্রিমি, শিউর, রক্তপিত্ত, প্রমেহ, জ্বর, পিপাসা, মোহ ও বিষদোষনাশক। তুলিকর ও অধিক গুণ বিশিষ্ট।

আর্য্য-মধু—অরুৎকার মূনির আশ্রমজাত মধুক বুকের নির্ঘাসকে আর্য্য বলা যায়, মালব দেশে উহাকে শ্বেতক বলিয়া থাকে। কেহ কেহ বলিয়া থাকেন যে, তীক্ষ্ণত্ব বিশিষ্ট গীতবর্ণ বটপত্র, সন্দূশ এক প্রকার গীতবর্ণ মক্ষিকা আছে, তাহাকে আর্য্য কহে, তৎকৃত মধুই আর্য্য নামে অভিহিত। ইহা চক্ষুর অত্যন্ত হিতকারক, কক ও পিত্ত বিনাশক, কষায় তিক্ত রস, কটু বিপাক এবং পুষ্টি বর্ধক।

ঔদ্যালক মধু—কপিলবর্ণ ক্ষত্রকায় এক প্রকার মক্ষিকা আছে, উহারা প্রায়ই বক্ষীক (উই-চিপী) মধ্যে বাস করে, এই মক্ষিকা দ্বারা কপিলবর্ণ অন্ন-পরিমিত যে মধু প্রস্তুত হয়, তাহাকে ঔদ্যালক বলা যায় ইহা কটিকারক, স্বরবর্ধক, কুষ্ঠ ও বিষদোষনাশক। অন্নকষায় রস, উষ্ণবীর্ষ্য, কটু বিপাক এবং পিত্তবর্ধক।

দাল-মধু—যে মধু পুষ্প হইতে ক্ষরিত হইয়া পত্রোপরি সঞ্চিত হইতে থাকে, তাহাকে দালমধু বলা যায়। ইহা অন্ন-মধুর-কষায় রস কিন্তু কষায় রস

অন্ন ও মধুর রস অধিক। লঘুপাক, অগ্নির দীপ্তিকারক কফ, কক, কটিকারক, বমি ও প্রমেহনাশক; মিষ্টি ও পুষ্টিকারক এবং ওজনে গুরু।

সবিষ ভ্রমরগণ বিযুক্ত পুষ্প হইতেও রস আহরণ করিয়া মধু প্রস্তুত করে অতএব মধু নীতলই গুণকারক। বিষ সঞ্চয় থাকায় উষ্ণমধু অথবা প্রশস্ত মধু। উষ্ণ ভ্রব্যের সহিত মধু সেবন করিবে না। উষ্ণার্জ ব্যক্তির পক্ষে মধু সেবন বা উষ্ণকালে মধু সেবন নিষিদ্ধ, কারণ উহা বিষের ভ্রমর অপকার করে।

‘মধুর’ সমাপ্তি মধুময় হওয়া উচিত। “মধুরেণ সমাপয়েৎ”—আমাদের চিরন্তন ব্যবস্থা। তাই সেই মধুর বেদমন্ত্র—

“ও মধুবাতা ধৃত্যতে মধু করত সিদ্ধবঃ। ও মাধ্বীর্গঃ সত্যোমী মধুনক্ত মতোবসঃ মধুস্যং পার্থিবঃ রজঃ। ও মধু দৌরন্ত নঃ পিতা মধুমান্ নোবম্পতি মধুমাংস্ত স্বর্ঘ্যো মাধ্বীর্গা বো ভবন্ত নঃ।”

“উনপকাশস্যু ও ঋতু সকল মধুর হউক, নদী সকল মধুস্রাবিনী এবং ওষধি সকল মধুর হউক, রজনী, প্রভাত ও পার্থিব রজঃ সকল মধুর হউক। অস্তরীষ স্বর্ঘ্য, বনম্পতিসকল মধুর হউক এবং গো সকল মধুর ক্ষীরযুক্ত হউক।”

বলিয়া প্রবন্ধ শেষ করিলাম।

## গার্ভীগীর কর্তব্য।

বধূয়ের পর মাতৃত্ব। পরের মেয়ে ঘরের বোঁয়া “মা” হইবার,—তুই বংশের তুইটি শোণিত-রাকে মিলাইয়া মিলাইয়া স্বসন্তান পেটে ধরিবার দিকার পায় বলিয়াই বধু-বন্দনায় গৃহীর গৃহে এত আনন্দের স্রোত বহে, অমরত্ব ও ঐশ্বর্যের নিদর্শন মনুর্কী বধুর মাধায় ঝরিয়া পড়ে। বধু নারী-নারায়ণী। গীর কল্যাণী শক্তিতে পুষ্ট হইয়া প্রত্যেক বংশ ধর্মে কর্মে যে সিদ্ধিকে পাইতে চাহে, বধু আপনার দিবা বংশকে সেই সিদ্ধির দিকে এক পা অগ্রসর করিয়া দেন। স্বভরাং বধূয়ের সাধনাও যা মাতৃত্বের আনাও তাই।

যে নারী প্রজাপতির-বরে সৌখিনে সিদ্ধুর এবং তে ইন্দুধবল শঙ্খকরণ পরিয়া বধু হইয়াছেন, তাহাকে এক বাদে কালি,—ছেলের মা হইতে হইবে; কিন্তু গীর নবনীতে গড়া পুতুলটির মত ছেলে কোলে গিয়া ঘর আলো করিয়া বসিব, পতি ও পিতৃকুলের দ্বারে গরবিণী হইব ভাবিলেই মাতৃত্বের সাধনা করা না। মা হইতে গেলে কিছু শিক্ষা চাই,—কিছু সাপড়া চাই। আগে বাঙ্গালী যখন, একাঙ্গবর্তী পরিবারের ছায়ায় বাস করিত,—যখন বাঙ্গালী তপ্তখোন্নার মত এখানে সেখানে ছিটকাইয়া পড়ে নাই,—যখন ‘বোঁ-মা’দের মা-গিরির উমেদারী করিবার স্ববিধা ছিল,—গর্ভচর্যা সঙ্কে বধুরা প্রবীণাদিগের নিকট কিছু কিছু শিক্ষা পাইত, তাহাদিগের অভিজ্ঞতার ফল অনা-সে লাভ করিত। কিন্তু বাঙ্গালীর সংসারধর্মের সেই গোপার হাটবাজার ভাঙ্গার সঙ্গে সঙ্গে সে শিক্ষা, সে অভিজ্ঞতা তুলত হইয়াছে, অনেক ক্ষেত্রে একেবারে লোপ পাইয়াছে। পুরাতন গিয়াছে, কিন্তু পুরাতনের গুণ-আসন পড়িয়া রহিয়াছে।

তবে আধুনিক বিজ্ঞানের প্রভাবে, এ বিষয়ে দিকার পথ খুব মুক্ত হইয়াছে। তাই আমরা বাঙ্গালার

কল্যাণী বধুদিগকে, মা হওয়ার বিজ্ঞাটা কিছু কিছু শিখাইবার জন্ত লেখনী ধরিয়াছি। আশা করি, তাহারা বাঙ্গালার ছালাদিগের চাঁদমুখ আর নারী-নারায়ণীর পুণ্যভ্রত স্মরণ করিয়া আমাদের কথামূলি শুনিবেন ও স্মরণ করিয়া রাখিবেন।

নারী অস্তঃসন্ধা বা ‘পোয়াতি’ হইবার পর তাহার প্রথম কাজ গর্ভচর্যা। এই গর্ভচর্যাটি ঠিকমত বুঝিতে হইলে গর্ভ সঙ্কে কয়েকটা খুব দরকারী কথা বুঝা ও বুঝান আবশ্যক। কারণ যে মন্দির স্বর্গচূড়ার মুকুট পরিয়া মেঘ ভেদ করিয়া উপরে উঠিবে তাহার বনিয়াদটা কেমন হইবে, কি উপায়ে, কেমন মন্দির সংযোগে সে বনিয়াদ গাঢ়িতে ও গড়িতে হইবে শিল্পীকে তাহা ভালমতেই শিখিতে হইবে। কিন্তু মাতৃত্বের এই চমৎকার দেহ-মন্দিরটার বনিয়াদের কথা বলিতে হইলে,—বিজ্ঞানের দৃষ্টিতে এই তথ্যটি বেশ করিয়া বুঝিতে ও বুঝাইতে হইলে, কথটা অনেক দূরে গিয়া পড়ে। তখন ইহার ভিতর স্বর্গ-মর্ত্যের একটা সঙ্কে খুব স্পষ্ট হইয়া উঠে। কথটা কেন বলিলাম বুঝাইতেছি।

প্রথম দৃষ্টিতে বোধ হয়, মানবের দেহ-মন্দিরের বনিয়াদটা, তাহার শৈশবে নিহিত। আরও একটু সূক্ষ্মদৃষ্টিতে দেখিলে বোধ হয় শিশু যখন কণিকার মত ক্রণাক্রুররূপে তাহার মায়ের গর্ভে ছিল সেই গর্ভাবস্থায় ইহার বনিয়াদ নিহিত; দৃষ্টিশক্তিকে আরও দূরে লইয়া গেলে দেখা যায়, বনিয়াদটা মাতা ও পিতার প্রজনন-কোষগুলি বা ডিম্বাণু ও বীজাণুর ভিতর নিহিত,—আরও দূরে চাহিয়া দেখ, দেখিবে ঐ বনিয়াদ শিশুর পূর্বপুরুষগণের দেহে নিহিত।

কিন্তু অত দূরের কথা এখন শুনিয়া কাজ নাই। গার্ভীগীর সহিত গর্ভের সঙ্কে খুব প্রত্যক্ষ, ইহা তাহার জীবনের অংশ, অহুত্বের গোচর ও অধিকারের

অন্তর্গত। সুতরাং আমরা সংক্ষেপে গর্ভাধানের কথা বলিয়া মানবজন্মের প্রত্যক্ষ বনিয়াদের কথাটা উনাইব। নর ও নারীর দুইটি আলাহিদা বীজকোষের,—অর্থাৎ নারীর ডিম্বাণুর (Ovum) সহিত পুরুষের বীজাণুর (Spermatozoon) সন্মিলনে জরায়ুর মধ্যে গর্ভাক্রুরের উৎপত্তি হয়। এই গর্ভাক্রুর বা ক্রণাক্রুর মাহুষের শরীরের গোড়ায় বনিয়াদ।

ডিম্বাণু ও বীজাণু পরস্পর মিলিয়া মিশিয়া জীবাঙ্কুরকে গড়িবার আগে উহার মাতৃ ও পিতৃ-দেহের ভিতরে প্রজনন-মন্ড্রে থাকে, রোগে ও আরোগ্যে,—স্বখে ও দুঃখে তাহারা দেহীর স্বচ্ছন্দ-ধারী ভাগী হয়, সুতরাং ক্রণাক্রুরে রোগ ও আরোগ্যের, স্বখ ও দুঃখের প্রভাব থাকে। ঐ কারণে নরনারীর মিলনের ফল সন্তান দুইটি বংশের সংস্কার ও ভালমন্দের দ্বারা মণ্ডিত। তাহাকে অল্প ও অধিক পরিমাণে বংশাক্রমের দাসত্ব করিতেই হয়, অবস্থার ফাঁদে পড়িয়া নিয়তিনির্দিষ্ট গর্ভে চলিতে হয়। এই কারণেই ছেলের স্বাস্থ্য মাতাপিতার,—বিশেষতঃ মাতার স্বাস্থ্যের উপর নির্ভর করে। সুতরাং একটু তলাইয়া বুঝিলে স্পষ্টই বুঝা যায়, শিশুর পিতৃপুরুষদের,—তাহার পিতা-মহ—প্রপিতামহ প্রভৃতি পুরুষ পরম্পরার,—প্রকৃতি, প্রবৃত্তি, স্বাস্থ্য, সংস্কার ও সাধনার উপর, তাহার মনুষ্যত্বের পত্তন। আবার বংশধারায় যাহা শুভ, সুন্দর ও সত্য তাহাকে ফুটাইয়া তোলা—আর যাহা কুৎসিত, কদম্ব, তাহাকে ফেলিয়া দেওয়া,—অর্থাৎ খাদ বাহির করিয়া দিয়া খাটি সোণা হওয়াই মনুষ্যত্বের সাধনা, উনাই পৌরষ ও প্রতিভার সৃষ্টি, মানবীয় বিভূতির বিকাশ।

এ সাধনায় যাহারা সিদ্ধিলাভ করে, ধোপে টিকিয়া যায়, তাহারাই যথার্থ মাহুষ হয়, তাহার মাহুষকে জ্ঞান ও আনন্দ, অল্প ও অনাময় দিতে পারে, জগতে জয়ী হয়, পৃথিবীর উপর প্রতাপের পতাকা তুলিয়া ধরে। যাহারা এসাধনা করিতে না পারে, যাহারা ঐশ্বর্য্য পাইয়া পুরুষের পর পুরুষ ভোগে মত্ত হয়, ইচ্ছার সেবক হয়, পাপপুণ্য বোধ হারাইয়া ভোগা-

য়তন দেহের সেবা ও তৃষ্ণিকাই জীবনের সার বক্রান্ত ডায়েরী—ছেলের মজল ও ভাবী প্রয়োজনের তাহাদের বংশতরুতে ঘুণ ধরে, পৌরুষের প্রবাহ মাকেই রাখিতে হয়। মোট কথা, কুমার রোগের আবর্জনা জমিয়া তাহাকে পক্ষিল ও গতিহীন একটা কাদার তাল চাকে বসাইয়া ঘুরাইয়া দিয়া করিয়া তুলে, ক্রমে মহানদ—জলের আলিপনায় পরিণতির কৌশলে ঘট গড়িয়া তোলে, মাকেও তেমনই হয়, তারপর সে রেখাও মিলাইয়া যায়। আর কোমর নিপুণতা ও শিকার গুণে চরিত্রের তেজ ও মতে বংশধারাটা কিছু দিন বজায় থাকিলেও সে বংশধারার দ্বারা ক্ষুদ্র একটু ছেলে ও মেয়েকে মানুষ বংশধরেরা—স্বতন্ত্রী ও হতভাগ্য হইয়া ধূলয় লুটায় তুলিতে হয়। বংশাক্রমের প্রভাব যাহাই দুর্বল ও দীনশ্বরের যে পরিণাম তাহাই লাভ করে না কেন, কিন্তু মাহুষের জীবনে মায়ের প্রভাব সুতরাং মাহুষের উপর বংশাক্রমের প্রভাব অত্যাচারেই কম নহে। সুতরাং মা ছেলেকে 'শিব' প্রবল। তাই পূর্বপুরুষের কথা ভাবিয়া পরপুরুষের গিয়া যাহাতে 'বানর' গড়িয়া না বসেন, তজ্জন্ম সমঝিয়া চলিতে হয়। এক কথায় বংশাক্রমের সাধনাকাল হইতেই, ছেলে মানুষ করা সম্বন্ধে গর্ভিণীর এক দিকে যেমন আত্মবিকাশের সাধনা তেমনই অন্য ও সংযম আবশ্যক।

দিকে বীজশুদ্ধির সাধনা। যে ফুলটি বর্ণগন্ধরসে পরিপূর্ণ ছেলেকে 'ভাল ছেলে' করিতে হইলে গর্ভাবস্থা হইয়া ফুটিয়া উঠে, তাহা সফলই প্রসব করে। তাই পোষ্যাতিকে ভাল খাইতে ও ভাল থাকিতে অতীত ও বর্তমান বাপিয়া যে সম্বন্ধের ও অহুত্বের কারণ মায়ের রক্তের সহিত পেটের ছেলের সূত্র হারের মত শোভা পাইতেছে, তাহার এতদূর সম্বন্ধ। ভূজঙ্গবোর সার—যে সঞ্জীবন রস, প্রান্তে বংশের আদি পুরুষ ও অপর প্রান্তে বংশের উত্তরাই মাতৃশরীরের রক্ত ও রসে পরিণত হইয়া, পুরুষ;—এই দুই পুরুষের মধ্যে কামনা ও কামনা জলে মগ্ন কোমল কমল-কোরটির মত গর্ভোদক-সাধনা ও সিদ্ধির যেকোন বিকাশ ও বিলাস ঘটায় তাহা ক্রমের শরীরে প্রাণশক্তির সঞ্চার করে।—উত্তরপুরুষ তাহারই ফল। সুতরাং পূর্বপুরুষের দোষে, অনাচারে ও অত্যাচারে গর্ভদশায় প্রতি চক্ষু রাখিয়া আমরা যদি আমাদের একবার তাহা সেই অমৃতোপম রক্ত বিষতুটে ও বিকার-বিচারের কষ্টপাথরে কষিয়া দেখি তাহা হইলে আমরা হইলে গর্ভস্থ খোকার অপকার অবশ্যস্বাভাবী। উঠিয়াছি কি পড়িয়াছি—গোণা আছি না রাং হইয়াছিরাং পেটের ছেলের মজলামজল কি পরিমাণে মায়ের তাহা অবিলম্বে বুঝিতে পারি।

দেখে মাহুষ গড়িবার ও মাহুষ হইবার চেষ্টা হইতে হইবে না। হইতেছে বলিয়া বংশাক্রমের কথাটা একটু বলিয়া যাহারা স্বাস্থ্য হারাইয়া এবং রোগে কাতর হইয়া কিন্তু বংশাক্রমের প্রভাব প্রবল হইলেও, মাহুষাক্রমের প্রভাব এবং মাতার সন্তানপালনের প্রভাব খুব প্রত্যক্ষ ও স্পষ্ট। কারণ, মাকে ছেলের পিতৃপুরুষের সঙ্কে ভাবিতেছেন, তাহার অতীত কথা জ্ঞান সব করিতে হয়। ছেলেকে খাওয়ান, ধোওয়ান করিয়া এক দিকে যেমন ক্ষুদ্র হইতেছেন অল্পদিকে মুহান, শয্যা গুয়াইয়া ঘুম পাড়ান, তাহার মনমুগ্ধরূপে বর্তমান-ক্ষেত্রে আশার ক্ষীণ রশ্মিরেখার পরিষ্কার করা প্রভৃতি সব কাজের ভারই মায়ের উপর কাং না পাইয়া স্মরণ হইতেছেন। আর ভবিষ্যৎ? তদ্ভিন্ন ছেলে কোন্ সময়ে কেমন ছিল, কবে তাহা হইতে উঠিয়াছে তাহাদিগের পক্ষে নিবিড় অন্ধকারে আচ্ছন্ন। কেমন পীড়া হইয়াছিল, কি রোগে সে কত দিন অত হতাশ হইবার প্রয়োজন নাই। আমরা ভুগিয়াছিল প্রভৃতি ছেলে সংক্রান্ত সব ব্যাপারের একটা দার দোষে, সমাজ-বিপ্লবের বিভ্রমণায়, দুই তিন

পুরুষ শরীর ও মন সম্বন্ধে কিছু কম-খোর হইয়া পড়িয়াছি সত্য, কিন্তু এই দুই তিন পুরুষের উর্ধ্বে যে পুরুষ-পরম্পরার হার চলিয়াছে, সেই পুরুষ-পরম্পরা স্বস্থ, সবল, ভেজস্বী ও মনস্বী ছিলেন,—সুতরাং আধুনিক শিক্ষা ও সভ্যতার বিকারে আমরা কিছু কম-মজবুত হইয়া পড়িলেও আশঙ্কার কোন কথাই নাই। কারণ বংশাক্রমের প্রভাব খুব প্রবল,—বংশধারার দুই তিন পুরুষ শরীর ও মনের হিসাবে কিছু খাট হইয়া থাকিলেও বংশবীজের সে পূর্বতন প্রভাবটা লোপ পায় নাই। উহা সাময়িকভাবে বেন ঘুমাইয়া রহিয়াছে। ঠিক সময় মত রৌদ্র জল বাতাস পাইলে বীজ যেমন অকুরিত, পল্লবিত হইয়া শাখা-প্রশাখা মেলিয়া প্রকাণ্ড বনস্পতিতে পরিণত হয়, আমরা অবস্থাকে অমূল্য করিয়া লইয়া প্রজননবিভার মর্ম্ম বুঝিয়া আপনাদিগের শরীর ও মনের সংস্কার পূর্বক আবার ঠিকমত চলিতে আরম্ভ করিলে দেশে উদ্যোগী পুরুষসিংহের জন্ম হইতে বিলম্ব হইবে না। যাহারা দেশের দশা ও জাতির পরিণাম সম্বন্ধে চিন্তা করেন,—পৃথিবীর ইতিহাসের সহিত যাহাদিগের পরিচয় আছে, তাহারাই জানেন,—আমাদের 'গোড়ায় গলদ' নাই। মাকে আমরা কিছু গলদ করিয়া থাকিলেও তাহা গুধরাইয়া লইবার উপায় আছে। সে উপায় মায়ের পদদ্বয়ে এবং তাহাদিগের স্নেহপীযুষভরা হৃদয়টিতে স্ত্যস্ত ও নিহিত আছে। আমাদের জননীরা মাহুষ গড়িতে শিখিলে আমরা মাহুষ হইয়া উঠিব। আর সেই মায়ের হাতেগড়া মাহুষগুলিকে স্বধর্ম্ম ও স্বদেশপ্রেমের আঠা দিয়া জুড়িয়া দিতে পারিলে দুই তিন পুরুষের মধ্যে একটা প্রকাণ্ড জাতি গড়িয়া তোলাও সম্ভব হইবে না।

যাক,—এখন আবার মূল প্রশ্নের কথা বলি। প্রত্যেক পোষ্যাতিকে স্বসন্তানবতী হইবার ইচ্ছা করিলেও অত্যাচার, অনাচার, অনভিজ্ঞতা ও অহুত্ব প্রভৃতি অনেক কারণে পোষ্যাতিকে অকালে অপুষ্ট সন্তান প্রসব করিয়া থাকেন। ঐরূপ ছেলে জন্মবার কয়েক সপ্তাহ

পরে মরিয়া যায় এবং সঙ্গে সঙ্গে সমস্ত পরিবারের মধ্যে একটা ব্যর্থ সন্তানবির বেদনাও আগাইয়া দিয়া যায়। সব অল্পপ্রত্যঙ্গ পুষ্টি ও সবল কেবল ফুসফুস বা শ্বাসযন্ত্র দুর্বল,—দেহের তিতরকার সব যন্ত্রস্ত্র ক্রিয়াপটু এবং সতেজ—কেবল জননযন্ত্রটি বিকল, নারীদের মধ্যে এরূপ দৃষ্টান্ত বিরল নহে। সুতরাং বধু সন্তান পেতে ধরিলে যদি এরূপ কোন কারণে ছেলের পরিপুষ্টির ব্যাঘাত ঘটে, তাহা হইলে সুস্থ এবং হঠে পুষ্ট খোকা খুঁকীর চাঁদমুখ দেখার কোন ভরসাই থাকে না। সুতরাং কোনও উপায়ে পেটের খোকাখুঁকীদের স্বাস্থ্যটি বাহাতে গোড়া হইতেই ভাল থাকে, মায়ের চিকিৎসায় ছেলের যদি উপকার হইবার পথ থাকে তাহা হইলে আগেই সে চেষ্টাটা করিতেই হয়। গর্ভিণীর শরীর ও মনের ক্ষুষ্টি বাড়াইয়া তাঁহার স্বাস্থ্যটিকে পরিপূর্ণ করিয়া তুলিবার চেষ্টাই—পরিজনদের পক্ষে গর্ভিণীকে সুসন্তানবতী করার যথার্থ চেষ্টা।

নারী যখন অন্তঃসত্ত্বা হইয়া আমাদের গৃহে নারায়ণীর পদ্মাসনটি দখল করিয়া বসেন, যখন গুরুজন ও পরিজনদের আগ্রহ ও আশীর্বাদভরা আনন্দোজ্জ্বল দৃষ্টি পুষ্পবৃষ্টির মত তাঁহার উপর পড়িতে থাকে তখন গর্ভিণীকে সুসন্তানের মা হইবার জন্ত অস্ত্রুত বা উৎকট কিছুই করিতে হয় না। গর্ভিণীরা সাধারণতঃ স্বাস্থ্য সংক্রান্ত ধরাবাঁধা আইন গুলি মানিয়া চলিলেই তাঁহাদের শরীর ও মন ভাল থাকে। তবে গর্ভিণী মাত্রকেই এ সময়ে এই একটা কথা খুব মনে রাখিয়া চলা দরকার যে, এখন তাঁহার পূর্বাভাস অনেক পরিবর্তন হইয়াছে, তাঁহাকে নিজের শরীরের রসরস দিয়া আর একটি জীবকে পুষ্ট করিয়া তুলিতে হইতেছে, সুতরাং একটা দেহের উপর দুইটা শরীরের পোষণ ও পালনের ভার পড়িয়াছে। এই ভারটা একটু বুঝিয়া স্থবিয়া বহিলেই কোন গোল ঘটে না এবং কোনরূপ বেগ পাইতেও হয় না। যে সব নারী সন্তানসন্তানবির পর হইতে স্বাস্থ্যের নিয়মগুলি মানিয়া চলেন, গর্ভদশায় তাঁহা-

দিগকে নুতন কিছুই করিতে হয় না। কিন্তু ছেলে পেতে ধরিলে পূর্ক হইতেই যে সব মহিলার শরীর রুগ্ন ও দুর্বল গর্ভাবস্থায় তাঁহাদিগের ক্ষুদ্র স্বাস্থ্যকে পুষ্ট করিয়া তোলা আবশ্যিক।

ইহার জন্ত পর্যাপ্ত পুষ্টিকর ও লঘুপাক খাদ্য প্রয়োজন। কিন্তু হত স্বাস্থ্যটি ফিরিয়া পাইবার জন্ত অপরিমিত ভোজনের বা কোন একটা বিশেষ বস্তু অধিক খাওয়ার দরকার নাই। পুরুষদের মত মেয়েরাও সাধারণতঃ যে পরিমাণ আহার করিয়া থাকেন, তাহাতে শরীরের সব অভাব কুলাইয়া, দেহ পোষণের উপযোগী কিছু কিছু উপাদান শরীরে সঞ্চিত থাকে। গর্ভাবস্থায় গর্ভিণী-দিগের কোন কোন বিশেষ বিশেষ বস্তু আহারের দিকে যৌক থাকে। এই বস্তু গুলি স্বাস্থ্যের পক্ষে অপকারী না হইলে গর্ভিণীর উহা খাইতে কোন বাধাই নাই। কিন্তু আমাদের ও অন্যান্য দেশের নারীরা অন্তঃসত্ত্বা হইবার পর, পোড়া মাটী, অম্বার, সুপারি, পানের ভাজা মসলা প্রভৃতি কতক গুলি অপদার্থ খাইবার দিকে আগ্রহ প্রকাশ করিয়া থাকেন। এই সব জিনিষ পোষ্যাতিকে খাইতে দেওয়া কোনমতেই উচিত নহে, কারণ এই গুলির অধিকাংশই খুব অপকারী। নারীরা একবার এই সব অপকারী অপদার্থ ভোজনে প্রভ্রয় পাইলে, তাঁহাদিগের এই প্রব্যগুলি ভোজনের স্পৃহা খুব বাড়িয়া যায়, এবং সঙ্গে সঙ্গে তাঁহারা অজীর্ণ ও উদরাময় রোগে আক্রান্ত হইয়া অকল্যাণকেই ডাকিয়া আনেন। আহার বিষয়ে এরূপ স্পৃহা সাময়িক রুচিবিকার বৈ কিছুই নয়। শিক্ষার দোষে এরূপ রুচি বিকার ঘটয়া থাকে। “কত্বেপ্যেব পালনীয়া শিক্ষণীয়ান্তি যত্নতঃ”—আমরা কত্বে শিক্ষা সঘর্ষে এই পুরাণ উপদেশটি তুলিয়া গিয়াছি বলিয়াই আমাদের এত দুর্গতি ঘটয়াছে। কত্বে স্বাস্থ্যনীতি ও গার্হস্থ্য ধর্ম সঘর্ষে শিক্ষা দেওয়া খুব শক্ত কাজ নহে। এই বিষয়ে দারিদ্র্যের দোহাই দিয়া নিশ্চেষ্ট থাকা কোন মতেই শোভা পায় না।

নারীগণের গর্ভাবস্থায় গর্ভস্থ জন্মের দেহপুষ্টির সমাচ্ছ অবলম্বন, মাতৃ-শোণিত। সুতরাং মায়ের আহারের দোষে ও গুণে ছেলের দেহগঠনের উপাদান গুলি ও মন্দ হইতে পারে। বাহারা খুব গরীব, এই শ্রেণীর লোকের মধ্যে নারীরা গর্ভবতী হইলে, পেটের ছেলে দেহ-গঠনের যে উপাদান মার নিকট পায় তাহা অনেক সময়েই খুব মন্দ, আর সঙ্কতিপন্ন হইয়া গঠনের গর্ভিণী বধু ও কত্বে গর্ভস্থ খোকাখুঁকী-দিগকে যে পুষ্টির উপাদান যোগাইয়া থাকেন তাহা অনেকটা ভাল। আহাৰ্য্য জন্মের গুণগতপার্থক্য এই পার্থক্যের মূল। তবে গর্ভস্থ সন্তানের পুষ্টির উপাদান ভাল ও মন্দ হইবার আরও কারণ আছে। মাতার পরিপাকশক্তি, জীবনযাপনের পদ্ধতি এবং শরীরের স্বাস্থ্য ও অস্বাস্থ্যের উপর উহা অনেকটা নির্ভর করে। সুতরাং এই সমস্ত বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া গর্ভিণীর আহারের বন্দোবস্ত করিতে হয়।

গর্ভিণীর আহারসম্বন্ধে আমাদের এবং পৃথিবীর অন্যান্য দেশে একটা প্রবল কুসংস্কার প্রচলিত আছে। লোকের ধারণা, গর্ভিণীরা যে সব জিনিষ খাইতে চাহে, ভাল হউক, মন্দ হউক তাহাকে সে খলি খাইতে দিতে হয়, নচেৎ পেটের ছেলে পরিণামে মসৃষ্ট, অস্থবী ও ভগ্নোৎসাহ হইয়া থাকে। এই সংস্কারের মূল্য বাহাই হউক, গর্ভিণীকে অখাদ্য-কুখাদ্য কোন মতেই খাইতে দেওয়া উচিত নহে। অনেকের ধারণা আছে যে—গর্ভিণীকে একই পাকস্থলীর সাহায্যে দুইটি শরীরের ‘খোরাক’ যোগাইতে হয় সুতরাং তাহার আহারের মাত্রা খুব বাড়াইয়া দেওয়া উচিত। কিন্তু এই ধারণা ভ্রান্ত, ক্ষুধা নিবৃত্তির জন্ত গর্ভিণী যে পরিমাণ আহার করিয়া তুষ্ণদ্রব্য অনায়াসে পরিপাক করিতে পারে, প্রকৃত প্রস্তাবে তাহাই তাহার পেটের ছেলের পুষ্টির পক্ষে পর্যাপ্ত। খাদ্য একদিকে যেমন পরিমিত হইবে, অত্রদিকে তেমনই উহা লঘুপাক হওয়া চাই। বাসি, পচা, অধিক মসলা ও মৃত-সংযুক্ত, গুরুপাক, ও দুষ্কৃত্য গর্ভিণীকে খাইতে দিতে

নাই। সুতরাং তাহার খাদ্যগুলি খুব সাদাসিধা গোছের অথচ পুষ্টিকর হওয়া আবশ্যিক।

গর্ভিণীর স্বাস্থ্য অটুট রাখায় জন্ত একদিকে যেমন লঘুপোষণ দরকার, অত্রদিকে তেমনই তাহার শারীরিক পরিশ্রম বা ব্যায়াম আবশ্যিক। গরীব গৃহস্থ ঘরের কুলনারীদিগকে গৃহস্থালীর সব কাজই করিতে হয়, সুতরাং তাঁহাদিগের শারীরিক পরিশ্রম এবং বিস্তৃত বায়ু-সেবন একরকম আপনাআপনিই হইয়া যায়। কিন্তু যে সব গৃহস্থের সহরে বাস, বাহারা সহরের গলি, ঘুঁজি এবং আবর্জনাপূর্ণ নর্দমার তীর তুর্গন্ধে পরিব্যাপ্ত “বস্তী” প্রভৃতিতে বাস করেন, তাঁহাদিগের কথা স্বতন্ত্র। কারণ পল্লীবধুদের মত তাঁহাদিগের ললনাগণকে গৃহস্থালীর জন্ত শারীরিক পরিশ্রম করিতে হইলেও, বিস্তৃত বায়ু সেবনের সুযোগ তাহাদিগের বড় একটা ঘটয়া উঠে না,—এই অবস্থা গর্ভিণী ও গর্ভস্থ জন্মের পক্ষে অপকারী।

কাঁকা জায়গায় শারীরিক পরিশ্রম বা ব্যায়াম করিলে, শরীরের মাংসপেশীগুলি খুব দৃঢ় হয়, শ্বাস-প্রশ্বাস ক্রিয়ার উন্নতি ঘটে এবং সন্তানপ্রসব কার্যটা শীঘ্র ও সহজে হইয়া যায়। আর পেটের ছেলেও খুব প্রচুর পরিমাণে অক্সিজেন পাইয়া বেশ পুষ্ট হয়। অভ্যস্তরীণ বায়ুসঞ্চার বা শরীরের তন্ত্রর মধ্যে অক্সিজেনের সঞ্চালনের জন্ত তাহার দেহের রক্ত খুব বিস্তৃত হইয়া থাকে।

গর্ভাবস্থায় নিম্নশ্রেণীর লোকের কুলকামিনীদের শারীরিক পরিশ্রমের সুবিধা থাকিলেও আজিকালিকার মধ্যবিত্ত গৃহস্থদিগের গর্ভিণী বধু ও কত্বেদিগের সে সুবিধা আর নাই বলিলেই হয়। কারণ খুব বড় ঘরের মহিলাদিগের দেখাদেখি ইঁহারা নবীন সভ্যতা ও নুতন বিলাসের স্রোতে গা ঢালিয়া দিয়াছেন, ইহাদিগের এখন, “রাঁধা বাড়ী হাঁড়ী কাড়া যুচেছে বালাই”। বাটনা বাটা কুটনো কোটা এবং লক্ষীপূজার আলিপনা দেওয়াটা পর্যাপ্ত পিসীমানী ও দাসদাসী দিয়াই চলিতেছে। এখন একদিকে যেমন ঘরের ঘরে

উৎকল ও রাঢ়ের "বামুন ঠাকুর" এবং হট্টমন্দির ক্ষেত্রত "বামুন ঠাকুর" বা বামুণী" আমদানী, অত্রদিকে তেমনই অন্ন, অজীর্ণ, হিষ্টিরিয়া, মাথা ধরা প্রভৃতি হরেক রকম রোগের বাড়াবাড়ি ও ছড়াছড়ি। কুটুম্ব-নারায়ণ বাড়ি আসিলে, অনেকস্থলেই তাঁহাকে বামন ঠাকুরের রায় খাওয়াইয়া ও "সযত্নে-ওজন-করা" মূত্ৰ হাশিটি পান করাইয়া বিদায় করা হয়। মধ্যবিত্ত সমাজের নিম্ন স্তরের লোকদিগের মধ্যে অনেকের ঘরের কত্কা ও বধুদিগকে দায়ে পড়িয়া এখনও পোষ মানিতে হইতেছে, কেননা বামনের মাহিনা যোগানটা অনেকের সামর্থ্যে কুলাইয়া উঠে না। কিন্তু মেয়েদের এই অবস্থাটা, স্ত্রী ও পুরুষ কাহার দোষে ঘটয়াছে তাহা ঠিক বলা যায় না। যাহার বা যাহাদিগের দোষেই ইহা ঘটিয়া থাকুক দোষ দোষই রহিয়াছে। বাঁচিবার এবং বাঁচাইবার জন্ত এ দোষের শীঘ্রই সংশোধন আবশ্যক।

গর্ভাবস্থায় গৃহিণী, বধু ও কন্যাদের কোনরূপ গুরুতর পরিশ্রমসাধ্য কাজ করিতে দেওয়া উচিত নহে। যাহাতে গর্ভে বা শরীরে কোনরূপ 'চোট' বা চাপ লাগে তেমন কাজ করা খুব অশ্রায়। ভারী জিনিষ তোলা প্রভৃতি যে সব কাজে মাংসপেশীর উপর খুব জোর পড়ে এমন সব কাজ করাও অশ্রুচিত। যে ঘরের জানালা দরজা খোলা থাকে এবং যেখানে অনায়াসে হাওয়া খেলিতে পায় এমন সব স্থানেই গর্ভিণীদিগের বাস ও কাজের পক্ষে উপযুক্ত। গর্ভাবস্থায় মেয়েদের খিয়েটার, যাত্রা ও গানের আসর প্রভৃতি জনপূর্ণ স্থানে যাওয়া একেবারেই নিষিদ্ধ।

গর্ভিণীর আহার সম্বন্ধে আরও দুই একটা কথা বলা আবশ্যক মনে করি। অভ্যাস ও অশিক্ষার দোষে আমরা ছেলেবেলা হইতেই গুরু-ভোজন করিতে শিখি, যতটা খাইলে শরীর পোষণ হইতে পারে আমরা তদপেক্ষা বেশী খাইয়া থাকি, শারীরিক পরিশ্রমের জন্ত যতটা আহাৰ্য্য আমাদের পেটে সহ্য তাহার অনেক বেশী ভোজন করি। এইরূপ কু-অভ্যাসের

ফলে উদরের বহরটি বেশ বাড়িয়া যায়, কৃত্রিম অভাবের সৃষ্টি হয়, স্তত্রাং ক্ষুধা থাকুক না থাকুক 'পেট' ভরিয়া না খাইলে কেমন অস্বস্তি ও অসুস্থতা বোধ হয়। কিন্তু এই অস্বস্তি ও অসুস্থতা ক্ষুধা নহে, বলিতে গেলে উহা 'আহরে' ছেলের আবদার। খাওয়া সম্বন্ধে অস্বস্তি প্রায় পাইয়া পাকস্থলীর অভ্যাস দাঁড়াইয়াছে, ঐরূপ অসুস্থতা বোধ তাহার লক্ষণ। কিন্তু ঐ অসুস্থতা নানা প্রকার ব্যাধি এবং শারীরিক যন্ত্রণার গোড়া। উহার প্রভাবে শরীরের যন্ত্রগুলির স্বাভাবিক ক্রিয়া উলটপালট হইয়া যায়। ঐ উলটপালটের জন্ত দেহে বিষক্রিয়া হয়। যন্ত্রগুলির ক্রিয়ার দোষে অন্ন বা নাড়ী ভূড়ীর মধ্যে ভুক্ত দ্রব্য পচিয়া ও গাঁজিয়া বিষ উৎপাদন করে। এখনকার সত্য সমাজের সকলকেই অস্বাভাবিক পরিমাণে এই আত্মকৃত বিষক্রিয়ার (auto-intoxication) ভুগিতে হয়। স্তত্রাং গর্ভিণীকে যেমন দুইটি শরীরের (নিজের ও সন্তানের) খোরাক যোগাইতে হয়, তেমনই দুইটি শরীরের দূষিত পদার্থও নিকাশ করিতে হয়, কারণ পেটের ছেলের শরীরের দূষিত পদার্থ বাহির হইবার স্বতন্ত্র পথ ও পয়োনালা নাই। সন্তানের শরীরের সমস্ত দূষিত পদার্থ মায়ের শরীরে গিয়া পড়ে, স্তত্রাং সন্তানের শরীরনির্গত দুইপদার্থ এবং গর্ভিণীর আত্মকৃত বিষক্রিয়াজাত দুই পদার্থ নিকাশ করিতে গিয়া দেহের দূষিত পদার্থ নিকাশের যন্ত্র (liver and kidneys) যত্ন ও মূত্রগ্রহি দুইটিকে বলা আবশ্যক। যাহাতে শরীরের সব অল্প-খুব বেগ পাইতে হয়। এ অবস্থায় পোষ্যটির গর্ভে অনায়াসে রক্তসঞ্চালন হইতে পারে এবং আহারের দোষ ঘটিলে ঐ যন্ত্রগুলির কঠোর ক্রিয়ামতে জরায়ু বা গর্ভের উপর চাপ না পড়ে একশেষ হয়। স্তত্রাং এ অবস্থায় খাত্তের পরিমাণ দিকে দৃষ্টি রাখিয়া শাড়ী একটু টিলা করিয়া বাড়ান কোন মতেই উচিত নহে। বরং অধিকালোই উদ্দেশ্য সিদ্ধি হইতে পারে। স্তত্রাং এ পরিমাণে জল খাইয়া যত্ন ও মূত্রগ্রহি নিকাশের পথয়ে অধিক কিছু বলা বাহুল্য, কারণ এখনও গুলি সাফ রাখা, কোষ্ঠ পরিষ্কারের ব্যবস্থা করা এবং মাদিগের দেশের নারীরা দেহে সর্বদা নবযৌবনের স্নান ও গাত্রমার্জনা দ্বারা ঘর্ষাদি নির্গমের এবং তা ফুটাইয়া রাখিবার জন্ত কর্সেট প্রভৃতি নানা প্রকার খাস যন্ত্রের ক্রিয়াবৃদ্ধির ব্যবস্থা করা খুব আবশ্যক। ঐ প্রসাধন দ্রব্যের ব্যবহার শিখেন নাই। তবে অনেক মনে করেন, পর্যাপ্ত আহারের অভাবে শিষ্কিতা বঙ্গললনাগণের মধ্যে যাহারা সত্যতার হারাধে অথবা স্বামীর মনস্তপ্তির জন্ত তাঁহাদিগের

[ পঞ্চম সংখ্যা ]

শরীর হইয়া পড়ে, তাহার শরীরে তেজ থাকে কথাটি আদৌ ঠিক নয়। অতি ভোজন এবং উহার ফল আত্মকৃত বিষক্রিয়ার দ্বারা শরীরের অপকার হয়, এমন আর কিছুতেই হয় না। মাদিগের পরিপাক শক্তি বেশ আছে, এবং যাহারা জায়গায় থাকিয়া স্বাস্থ্যের নিয়মগুলি মানিয়া ন, অল্পভোজনেও তাঁহাদিগের শরীর নিরাময় বল থাকে।

গর্ভিণীর মনটি যাহাতে প্রফুল্ল থাকে, যাহাতে তাহার মুখে আনন্দের হাসি ফুটে ওরুজনদিগের ব্যবস্থা করা উচিত। কুদৃশ দেখিয়া কুকথা শুনিয়া তাহার মনে কুভাবের উদয় না হয়, যাহাতে কোনও মতে ভয় না পায়, উত্তেজিত হইয়া না উঠে, তাহার মনে কোনরূপ ভয় বা শীতকর চিন্তার উদয় না হয়, সমস্ত তাহার ব্যবস্থা হইতে হয়। আসল কথা বংশধরকে শিব গড়িতে তাহার গর্ভধারিণীর চারিদিকে শিবভাবের ম দিতে হয়, দৃশ্বে, ভাবে, কার্যে ও কথায় "সত্যং হৃন্দরং" এর মাধুর্য ও পবিত্রতা ফুটাইয়া তুলিতে ছেলে গোড়া হইতে মাতৃদেহের মাধুর্য ও মহীয়সী বৈশিষ্ট্যের দ্বারা পুষ্ট ও প্রভাবিত না হইলে ঠিকমত হইতে পারে না।

পোষ্যটির পরিচ্ছদ সম্বন্ধে এখানে দুই একটা কথা বলা আবশ্যক। যাহাতে শরীরের সব অল্প-খুব বেগ পাইতে হয়। এ অবস্থায় পোষ্যটির গর্ভে অনায়াসে রক্তসঞ্চালন হইতে পারে এবং আহারের দোষ ঘটিলে ঐ যন্ত্রগুলির কঠোর ক্রিয়ামতে জরায়ু বা গর্ভের উপর চাপ না পড়ে একশেষ হয়। স্তত্রাং এ অবস্থায় খাত্তের পরিমাণ দিকে দৃষ্টি রাখিয়া শাড়ী একটু টিলা করিয়া বাড়ান কোন মতেই উচিত নহে। বরং অধিকালোই উদ্দেশ্য সিদ্ধি হইতে পারে। স্তত্রাং এ পরিমাণে জল খাইয়া যত্ন ও মূত্রগ্রহি নিকাশের পথয়ে অধিক কিছু বলা বাহুল্য, কারণ এখনও গুলি সাফ রাখা, কোষ্ঠ পরিষ্কারের ব্যবস্থা করা এবং মাদিগের দেশের নারীরা দেহে সর্বদা নবযৌবনের স্নান ও গাত্রমার্জনা দ্বারা ঘর্ষাদি নির্গমের এবং তা ফুটাইয়া রাখিবার জন্ত কর্সেট প্রভৃতি নানা প্রকার খাস যন্ত্রের ক্রিয়াবৃদ্ধির ব্যবস্থা করা খুব আবশ্যক। ঐ প্রসাধন দ্রব্যের ব্যবহার শিখেন নাই। তবে অনেক মনে করেন, পর্যাপ্ত আহারের অভাবে শিষ্কিতা বঙ্গললনাগণের মধ্যে যাহারা সত্যতার হারাধে অথবা স্বামীর মনস্তপ্তির জন্ত তাঁহাদিগের

গর্ভিণীর কর্তব্য।

ইউরোপীয় ভগিনীদিগের সজ্জা ও পরিচ্ছদ লইয়াছেন, তাঁহাদিগের এ বিষয়ে খুব সাবধান হওয়া আবশ্যক, যাহাতে গর্ভাবস্থায় পেটের উপর কোন চাপ না পড়ে সে বিষয়ে যেন তাঁহারা বিশেষ দৃষ্টি রাখেন।

যিনি ছেলের মা হইয়া কুল-লক্ষ্মী নাম সার্থক করিবেন গর্ভাবস্থায় তাঁহার শরীর যাহাতে সুস্থ সবল থাকে, পরিপাককার্যটি নিয়মিতভাবে সম্পন্ন হয় সে দিকে তাঁহাকে দৃষ্টি রাখিয়া চলিতে হইবে। যে সকল রোগী সংক্রামক ও স্পর্শক্রামক রোগে কষ্ট পাইতেছে, সে সব রোগীর কাছে যাওয়া গর্ভিণীদিগের কোনমতেই কর্তব্য নহে। দৈবক্রমে গ্রামে বা নগরে সংক্রামক বসন্ত রোগ দেখা দিলে গর্ভিণীর নৃতন করিয়া বসন্তের টিকা লওয়া আবশ্যক। মোট কথা, গর্ভাবস্থায় যাহাতে শরীর সুস্থ ও মন প্রফুল্ল থাকে এবং অসাবধানতা বশতঃ কোনরূপ রোগের বীজাণু শরীরের ভিতর প্রবেশ করিয়া মা ও ছেলের কোন অপকার করিতে না পারে সে বিষয়ে সর্বদা লক্ষ্য রাখিয়া চলা উচিত।

গর্ভাবস্থায় যে কোনরূপ তীক্ষ্ণবীৰ্য্য ঔষধ খাইতে নাই, একথা বাদামী স্ত্রী ও পুরুষ সকলেই জানেন, আর এ দেশের কুল-ললনারা বিলাতের সুসভ্য নারীদিগের স্ত্রায় এখনও উত্তেজক পানীয়ের ভক্ত হইয়া উঠেন নাই স্তত্রাং তাঁহাদিগকে এ বিষয়ে উপদেশ দেওয়া অনাবশ্যক বলিয়া বিবেচনা করি, তবে যদি কেহ সাধ করিয়া খাল কাটিয়া কুমীর আনিয়া থাকেন, সে স্বতন্ত্র রূপ। তাঁহাদিগের পক্ষে শুধু এইটুকু বলা আবশ্যক যে গর্ভাবস্থায় সবরকম উত্তেজক ও মাদক দ্রব্য সেবন নিষিদ্ধ।

যাহারা ভাগ্যদোষে রুগ হইয়া পড়িয়াছেন বা স্বামীর অনাচারের ফলে কোনরূপ সাংঘাতিক ব্যাধি দ্বারা পীড়িত হইয়াছেন, তাঁহারা গর্ভিণী হইলে সূচিকিৎসকের পরামর্শ লইয়া বলাধানের জন্ত তাঁহাদিগের চিকিৎসা আবশ্যক। লজ্জাবশতঃ এ বিষয়ে উপেক্ষা প্রকাশ করিলে গর্ভিণী ও সন্তান

উভয়েরই বিশেষ অনিষ্টপাতের সম্ভাবনা। গর্ভাবস্থায় কোন কোন নারীর পা দুইটি ফুলিয়া উঠে। ঐরূপ পা ফুলা বড়ই আশঙ্ক্য বিষয়, কারণ ঐ লক্ষণটি উদরীর নিদর্শন। হৃৎপিণ্ডের দুর্বলতা বশতঃ উদরী রোগ জন্মিয়া থাকে, সুতরাং পা-ফুলা হৃৎপিণ্ডের দুর্বলতার লক্ষণ, তন্ত্রির বৃক (kidney) সংক্রান্ত রোগ জন্মিলে পা-ফুলিয়া থাকে। এই দুইটি রোগই গর্ভিণী ও পেটের ছেলের পক্ষে ঘোর বিপজ্জনক। সুতরাং গর্ভিণীর পা-ফুলিলে এবং সঙ্গে সঙ্গে তাঁহার হাতের পিঠ, চোখের পাতা জলভারাক্রান্ত হইয়া ফুলিয়া উঠিলে, অবিলম্বে ইহার প্রতীকারের জন্ত বিচক্ষণ চিকিৎসকের পরামর্শ গ্রহণ করা আবশ্যিক।

গর্ভাবস্থায় প্রতিদিন প্রত্যবে ও রাত্রিকালে স্তনের বোঁটাটি জল দিয়া ভাল করিয়া ধুইয়া ফেলা আবশ্যিক। বিশেষতঃ প্রথম পোয়াতির পক্ষে মাসের শেষ দুই সপ্তাহে স্তনের বোঁটা দুইটি ধোওয়া খুব আবশ্যিক। নতুন পোয়াতিদিগের মধ্যে কাহারও কাহারও স্তনের বোঁটা খুব ছোট এবং খেবড়ান গোছের হয়। ইহাতে ধোকাখুকীদিগকে স্তন্যদান করিবার সময় খুব অসুবিধা ভোগ করিতে হয়। একটু চেষ্টা দ্বারা এই অসুবিধার প্রতিকার হইতে পারে। যে সব গর্ভিণীর স্তনের বৃন্তটি ছোট ও খেবড়ান তাঁহারা যদি জলপাইয়ের তেলের (olive oil) সহিত মেথিলেটেড স্পিরিট (methylated spirit) সমান পরিমাণে মিশাইয়া এবং উহা স্তনের বোঁটা দুইটিতে মাখাইয়া বুড়া আঙ্গুল এবং তর্জনী দ্বারা স্তন-বৃন্তটিকে আর্ষণ করেন তাহা হইলে উহার গঠন-দোষের সংশোধন হইতে পারে। স্তনের খেবড়ান বোঁটা অনেক সময়ে দুধের চাপে এবং কোলের ছেলের মুখের টানে কাটিয়া যায় এবং

স্তনে ক্ষত হয়। সুতরাং এবিষয়টির প্রতি উপেক্ষা করা কোনমতেই স্ববুদ্ধির কাজ নহে। আমাদের দেশের বধু ও কস্তুরা স্বভাবতঃ লক্ষ্মীপীলা, প্রথম গর্ভকালে তাঁহাদিগের সেই স্বভাবসিদ্ধ লক্ষ্মী আরও বৃদ্ধি পায়, তজ্জন্ত তাঁহারা গর্ভসংক্রান্ত অনেক নিয়ম পালনে সঙ্কোচ বোধ করিয়া থাকেন। কিন্তু কার্যকালে অসুখা লক্ষ্মী কোনমতেই শোভন নহে—বিশেষতঃ যে সব কাজের সহিত তাঁহাদিগের নিজের ও সন্তানের মঙ্গল নির্ভর করিতেছে, কোনরূপ ভাব বা আবেগের বশীভূত হইয়া তাহার প্রতি উপেক্ষা প্রকাশ মূঢ়তা মাত্র।

নিতম্বাস্থি দুইটির গঠন-দোষে অনেক সময়ে গর্ভিণীকে সন্তানপ্রসবকালে সঙ্কটে পড়িতে হয়। সুতরাং এ বিষয়ে লক্ষ্য রাখা বিশেষ আবশ্যিক। বাস্তবিক বধুদের মধ্যে যাহার নিতম্বাস্থির গঠন-দোষে বস্ত্রদেশের আকুলন ঘটিয়াছে, চিকিৎসকের পরামর্শ লইয়া তাঁহার ঐ দোষটি যথাসাধ্য সংশোধন করা আবশ্যিক।

গর্ভাবস্থায় যদি তলপেটের নিম্নস্থ প্রদেশ প্রদাহযুক্ত হয় এবং প্রসবদ্বার হইতে কোন প্রকার শ্রাব বাহির হয়, তাহা হইলে সন্তানের জন্ম হইবার পূর্বেই উহার প্রতীকার করা আবশ্যিক। কারণ প্রস্রাব-দ্বার হইতে যে শ্রাব বাহির হয় উহা একরূপ বিষাক্ত যে সন্তান-প্রসব-কালে উহা ধোকার চোখে প্রবেশ করিলে বিষ-ক্রিয়ার ফলে ছেলের জন্মের মত অক্ষ হইবার আশঙ্কা খুব বেশী। সুতরাং যে সব পোয়াতি স্ত্রীরোগ বা অল্প কোনরূপ রোগে ভুগিতেছেন, তাঁহাদিগের পূর্কালে এ বিষয়ে সাবধান হওয়া বিশেষ আবশ্যিক।

## বাঁচিব কি মরিব ?

ডাক্তার শ্রীহরেন্দ্রচন্দ্র বসু লিখিত :—

আমরা বাঁচিব কি মরিব, এ কথা আজকাল কেই ভাবিতেছেন। একদিকে প্লেগ বসন্ত ও অন্যান্য প্রভৃতি রোগ আমাদের দেশটা একেবারে পরিবার উপক্রম করিয়াছে। প্রতি বৎসরকারী রিপোর্টে এই সকল রোগে মৃত লোকদিগের সংখ্যা ক্রমশঃ পুষ্ট হইতেছে। আমাদের বাঁচিয়া থাকাই এখন একটা আশ্চর্যজনক ব্যাপার হইয়া গিয়াছে। তাই ইচ্ছায় অনিচ্ছায় মনে পড়িতেছে, আমরা বাঁচিব কি মরিব ?

অল্পাংশ দেশের লোক চারি পাঁচ মাস পরে কি কাজ হবে, পূর্ক হইতে তাহার একটা সংকল্পপত্র প্রস্তুত রাখা রাখে, এবং অবাধে তদনুসারে কাজ করে। আর আমরা বৈকালে কি কাজ করিব তাহা প্রাতঃকালে ভাবিতে পারি না। কোন কাজ বিকাল বেলা করিতে পারি না। প্রায়ই বলিয়া থাকি, “যদি ঈশ্বর ইচ্ছায় বিকাল পায় ভাল থাকি তবে এই কাজ করিব।” বিকাল না ভাল থাকিব কি না তৎসম্বন্ধে আমরা কৃতচিন্ত হইতে পারি না। আমাদের দুঃবস্থা এখন ই শোচনীয় হইয়া পড়িয়াছে।

প্রায় অনেক পরিবারেই এমন দিন যায় না, যখন ঐ পরিবারের কোন না কোন ব্যক্তি মরিব না কোন একটা রোগে কষ্ট না পান। গরের এইরূপ আক্রমণের হাত হইতে রক্ষা পাওয়ার উপায় কি ? এ সকল কথা অনেকেই ভাবিতেছেন। অনেকেই একটা না একটা প্রতিকারোপায় খুঁজিয়াছেন।

কেহ বলেন, কলেরা, বসন্ত ও প্লেগের টীকা দেও, তা হইলে এই সকল রোগ হইতে অব্যাহতি পাইবে।

কেহ বলেন, দরজা, জানালায় গোহার জাল লাগাও, মশারি খাটাইয়া তাহার ভিত্তরে রাত্রিকালে নিত্রা বাও, তাহা হইলেই ম্যালেরিয়ার হাত হইতে নিষ্কৃতি পাইবে। বুকিলাম, এ সকল উপায় দ্বারা কতকগুলি ব্যারামের হাত হইতে কিছু অব্যাহতি পাওয়া গেল। কিন্তু টীকা লইয়াও ত অনেকে নিষ্কৃতি পান না। দরজা, জানালায় জাল লাগাইয়াও ত অনেকে ম্যালেরিয়ায় কষ্ট পান।

রোগের বীজাণু সর্বদা বাতাসে ভর করিয়া সর্বত্র শিকারাবেশে ঘুরিয়া বেড়াইতেছে, শিকার পাইলে আর নিস্তার নাই; অমনি তাহাকে অভিজুত করিয়া ফেলে। আমরা ভরসা করিয়া দুধটুকু পান করিতে পারি না—তাহাতে রোগের বীজাণু! যে জল নহিলে প্রাণ বাঁচে না, তাহাতে লক্ষ লক্ষ বীজাণু! কোন খাণ্ডটিই বা আমরা নিশ্চিন্তচিত্তে খাইতে পারি ? সমস্ত জিনিষই ত রোগ উৎপাদক বীজাণু পরিপূর্ণ। এমন কি যে বাতাসটুকু আমরা নিশ্বাস দ্বারা গ্রহণ করি তাহাও বীজাণুর আধার। আমরা বাঁচিব কেমন করিয়া ?

রাস্তায় যাও, দেখিবে, যক্ষ্মার রোগী তাহার গয়ের নিঃসঙ্কোচে রাস্তায় ফেলিতেছে। তোমার বসিবার ঘরে যাও, দেখিবে, সেখানেও তোমার কোন হিঁতৈষী বন্ধু আসিয়া তোমার ঘরের মেঝের উপর খানিকটা গয়ের ফেলিবে। দ্বিধা নাই,—সঙ্কোচ নাই,—সেই গয়ের হইতে বীজাণু উঠিয়া সাংঘাতিক বশ্মায় তোমাকে যে আক্রমণ করিতে পারে, বন্ধুদের তাহা একবারও ভাবিলেন না। কোন প্রতিবেশীর বাড়ীতে কলেরা হইল, সেই বাড়ীর লোকেরা কলেরার মলে দূষিত কাপড় প্রভৃতি যে পুকুরে নিঃসঙ্কোচে ধোত করিল,

সেই পুকুরের জল হয় ত সমস্ত গ্রামবাসীর একমাত্র পানীয়। এ সকল কার্যে তোমার প্রতি রোগীর কোন সন্দেহ নাই, ষিখা নাই—ভয় নাই—অথবা ভবিষ্যতের ভাবনা নাই।

কাহারও বাড়ীতে বসন্ত বা ম্পেগ হইল, যে সেই রকমের রোগীর শুক্রবা করিতেছে সে নিঃসন্দেহে রোগীর গৃহে ব্যবহৃত পরিচ্ছদাদি পরিয়াই হাতে, বাজারে, সভায়, ধিয়েটারে, তোমার বৈঠকখানায় যাওয়া আসা করিতেছে। এই রকম যে দেশের অবস্থা, সে দেশের লোকের বাঁচিয়া থাকিবার আশ্চর্য্য নহে কি ?

তুমি না হয় দরজা জানালায় জাল দিয়া রাখিলে, তোমার গায়ে মশা বসিতে দিলে না। তোমার খাওয়া জিনিষে মাছি বসিতে দিলে না। কিন্তু তোমার এই সকল হিতৈষী বন্ধুর হাত হইতে রক্ষা পাইবে কেমন করিয়া ? বাজার হইতে খাদ্য জব্য তোমাকে আনিতেই হইবে, না হয় বাজারে পক্ষ কোন জব্য না আনাই হইল; অত্যাচার সকল জিনিষ ত না আনিয়া উপায় নাই। কেমন করিয়া জানিবে যে তোমার প্রতিবেশী সেই ময়দা, সেই চাউল, তৈল, লবণ, স্বত প্রভৃতি তোমার নিত্য প্রয়োজনীয় জিনিষে বীজাণুদুষ্ট হস্তার্শণ করিয়া তৎসমুদয় পবিত্র করিয়া দেন নাই ?

এ সকল কাণ্ড যে, দেশের লোকের শিক্ষার অভাবেই হইতেছে তাহাতে সন্দেহ নাই। স্বাস্থ্যনীতি সম্বন্ধে শিক্ষা লাভ করিয়া সমস্ত দেশকে রোগশূন্য করিবার আগে দেশ আশান হইবে, শিক্ষার গতি দেখিয়া ইহা বেশ অস্বাভাবিক হইতে পারে।

এই ত গেল দেশের অবস্থা। এদেশে হাজার চেষ্টা করিয়াও আমরা সংক্রামক-রোগের বীজাণুর হাত হইতে সম্পূর্ণরূপে রক্ষা পাইতে পারি না। এ সকল ক্ষেত্রে কি বাঁচিবার কোন উপায় নাই ? নিশ্চয়ই আছে।

আমাদের দেশের লোক ধর্মভীরু। এই ধর্মভীরু যে দিন হইতে আমাদের ত্যাগ করিয়াছে সেই

দিন হইতেই আমাদের অধঃপাত আরম্ভ হইয়াছে। যিনি নিন্দা করিতেছি না। ইহা দ্বারা যে রোগের সাধারণে সকল তথ্য বুঝে না বলিয়াই ভারতবর্ষের হইতে আমরা অনেকটা অব্যাহতি লাভ করিতে মুনির্ভবিগণ এক ধর্মের ভিতর দিয়াই জনসাধারণকে রি জাহাজে কোনই সন্দেহ নাই। আমার বলিবার স্বাস্থ্য-নীতি শিক্ষা দিয়াছিলেন।

যে দেশের শাস্ত্রের অস্বাস্থ্যশাসন বলে, বাড়ীতে রোগীর বাঁচিবার কারণে ব্যারামের হাত হইতে নিষ্কৃতি লাভ থাকিলে ভিক্ষা দিতে নাই, পাছে সেই এক মুষ্টিতে সমর্থ হই না। চাউলের সহিত রোগবীজ ছড়াইয়া পড়ে। যে দেশের আমাদের দেহটিকে একটি রোগপ্রতিবেদক সূক্ষ্ম শাস্ত্রে বলে, চতুষ্পথে জলাশয় প্রভৃতি স্থানে মলমূত্ররূপে পরিষ্কৃত করিতে না পারিলে আমরা কখনই ত্যাগ করিলে পাপ হয়, যে দেশে স্বাস্থ্য-রক্ষার এই ধর্মের আক্রমণ হইতে রক্ষা পাইব না। পক্ষান্তরে রূপ শত শত অস্বাস্থ্যশাসন এখনও বিদ্যমান, সেই দেশেরা এমন কাজ করিতেছি যাহা দ্বারা আমরা ক্রমশঃ হইতে আজ রোগ ভাড়াইবার জন্ত কত উপায়ই না আমাদের প্রকৃতিকে, স্বভাবকে একরূপ বিকৃত করিয়াই আমরা হাতড়াইতেছি।

আমরা দেখিতে পাই, লোকে বাজারে প্রস্তুত হইতে পারে এমন ব্যারাম প্রায় নাই। সেই ঠাণ্ডা ধূলিকণাপূর্ণ, পর্য়ুষিত ও বীজাণুর আবাসস্থল লুচি আমরা যদি সর্বদা গায়ে কাপড় দিয়া থাকি, মুক্ত মিঠাই প্রভৃতি খাইতে এমন আর ষিখা বোধ করে না। ঠাণ্ডা হাওয়ায় বাহির হই, তাহা হইলে আমাদের বাজারের প্রস্তুত পেরেটা, কাটলেট, চপ কিনিয়া খাইতে ক্রমে কিরূপ দাঁড়ায় ? স্বভাবতঃ আমাদের যে রোগ-আর সন্দেহ বোধ করে না। কিন্তু পূর্বে দেশের বিশেষক ক্ষমতা আছে, ক্রমশঃ তাহা লোপ পায় এ অবস্থা ছিল কি ? তখন লোকে এমন স্থানে বসিয়া আমরা সর্বদাই নানাপ্রকার পীড়ায় কষ্ট পাইতে আহা করিত, যেখানে বিড়ালটি পর্য্যন্ত তাহাদের কি। রোজ ও বৃষ্টি হইতে শরীর রক্ষা করা নিশ্চয়ই আহাধ্য বস্তুর দিকে দৃষ্টি নিক্ষেপ করিতে পারিত না। কিন্তু যাহাকে রোজ ও বৃষ্টিতে উপেক্ষা করিয়া ছেলেরা বাড়ীর বাহিরে কোন জিনিষ আহা করিলে রন সংগ্রামের জন্ত দিবসের অধিকাংশ সময় মাঠে বাড়ীর গৃহিণীরা “বাতাস লাগার” ভয়ে ভীত হইতেন, তাই হইতে হয়, সে কি অত্যাপেক্ষা সহস্রগুণ অধিক আহা করিয়া উচ্ছিন্নমুখে কোন ছেলেকে বাড়ীর বাহিরে যাইতে দিতেন না। দোকানির প্রস্তুত খাওয়া জিনিষ পক্ষে অভেদ্য চূর্ণরূপ নহে ?

তখন সুলভ ছিল না। এখন একটু হালুয়া খাইতে আমাদের এই রোগ-প্রতিবেদক ক্ষমতা যথাবিধি হইলেও বাজারে দৌড়াইতে হয়। কেবল উপর-নিচ করিতে হইবে, নচেৎ আমরা এই অসংখ্য উপর স্বাস্থ্যসংক্রান্ত দুই একটা নিয়ম মানিলে চলিবে। গবীজাণুর আক্রমণ হইতে পরিভ্রাণ পাইতে যাব না।

যদি সর্বদা শৌচের নিয়মগুলি পালন করিয়া, আমরা শুক্রাচারে থাকিতে পারি, যদি পূর্কের ত্যাগ আচারসম্পন্ন হইতে পারি, তবেই আমরা এই সকল রোগপ্রতিবেদক ক্ষমতা লাভ করিতে পারিব। এই সকল আচার ও শৌচের নিয়ম রক্ষা করিতে হইলে

আমাদিগকে পূর্বতন শাস্ত্রব্যবহার অস্বাস্থ্যবৈজ্ঞানিক তথ্যগুলির অস্বীকরণ ও প্রচার পূর্বক সেই পুরাতন ব্যবস্থা চালাইতে হইবে।

এখনও আমরা দেখিতে পাই, যে সকল ব্রাহ্মণ শুক্রাচার, কখনও বাজারের পক্ষ খাওয়া খান না, ত্রিসন্দেহ্য তান্ননির্দিষ্ট কোষাকুষ্টি লইয়া পূজাদি করেন, ঘরের প্রস্তুত সাত্ত্বিক আহার্য্য নির্জন গৃহে, যে স্থানে বিড়াল ত দূরের কথা মঁকিকা পর্য্যন্ত প্রবেশলাভ করিবার স্থিতি পায় না, সে স্থানে বসিয়া আহা করেন, তাঁহারা প্রায়ই কোনপ্রকার সংক্রামক পীড়া ত দূরের কথা সামান্য অস্বাস্থ্যাদিতেও ভোগেন না। তাঁহারা রোগপ্রতিবেদক ক্ষমতা বিশিষ্টরূপে লাভ করিয়াছেন। তাই তাঁহারা ঐরূপ স্বস্থ। তাঁহারা সাত্ত্বিক আহা করেন, তাই তাঁহাদের কান্তি উজ্জল।

বিংশ শতাব্দীর সত্যতা আমাদেরিগকে বড়ই বিকৃত করিয়া ফেলিয়াছে। আমরা না এদিকে, না ওদিকে। পাশ্চাত্য দেশের মত যাহারা থাকিতে পারিতেছেন তাঁহারা এক রকম স্বাস্থ্য মন্দ রাখিতেছেন না। কিন্তু তাহা এই গরিব দেশের পক্ষে বড়ই বায়নাধ্য। শিক্ষার অভাবে সাধারণ লোকে সেই নিয়মসম্মত সর্বতোভাবে চলিতেও পারিতেছে না। অথচ অস্বাস্থ্য-করণপ্রিয় আমরা অস্বাস্থ্য করিতে যাইয়া নিজেদের যাহা ছিল তাহাও হারাইতেছি; যাহা চাহিতেছি তাহাও পাইতেছি না। আমাদের নিজস্ব যাহা আছে তাহা কুসংস্কার বলিয়া ত্যাগ করিতেছি, হাসিয়া উড়িয়া দিতেছি, অথচ পাশ্চাত্য নিয়মগুলিও সম্যক প্রকারে শিথিলে পারিতেছি না। এ অবস্থায় লোকের যাহা হইয়া থাকে আমাদেরও তাহাই হইতেছে। আমরা সাহেবী আচার সম্পন্ন বাবুদিগের দেখাদেখি চপ কাটলেট খাইতে যাইয়া বাজারের নিকট, পর্য়ুষিত, অল্পমূল্যের জিনিষ খাইয়া রোগগ্রস্ত হইতেছে। চা পান করিতে যাইয়া বিষ পান করিতেছি।

তাই বলিতেছিলাম, আমাদেরিগকে সেই হিন্দুর আচারপদ্ধতি মানিয়া চলিতে হইবে। নচেৎ আমরা



এই অশিক্ষিত দেশে কদাচ বাহ্য রক্ষা করিয়া চলিতে পারিব না।

হিন্দুদিগের সর্বোৎকৃষ্ট ধর্ম গ্রন্থ শ্রীভাগবতে আমাদের আহারের সম্বন্ধে তিনটি প্রকার নির্দিষ্ট হইয়াছে। সাম্বিক রাজসিক ও তামসিক আহার।

আয়ুঃসত্ত্ব বনারোগ্য সুখপ্রীতি বিবর্জনঃ ।

রক্ষাঃ স্নিগ্ধাঃ স্থিরা হৃদ্যা আহারাঃ সাত্ত্বিকপ্রিয়াঃ ॥

যাহা আয়ু, সাত্ত্বিকভাব, বল, আরোগ্য, আনন্দ, ও ক্রুর বর্জক রসযুক্ত, স্নেহযুক্ত, যাহার সারাংশ দেহে স্থায়ী হয় এরূপ, এবং যাহা দৃষ্টিমাজেই পরিতোষকর এই প্রকারের আহার সাত্ত্বিকগণের প্রিয়। অর্থাৎ এইরূপ আহার শ্রেষ্ঠ।

কটু, লবণাত্যুৎকৃত্য তীক্ষ্ণরক্ষ বিদাহিনঃ ।

আহারা রাজসশ্চেষ্টা দুঃখ শোকাময় প্রদাঃ ॥

অতিকটু, অতি অম্ল, অতি লবণ, অতি উষ্ণ, অতিশয় তীক্ষ্ণ ও কক্ষ বিদাহী এই সকল রাজসিক ব্যক্তির প্রিয় আহার। এই সকল আহার দুঃখ, শোক ও রোগের প্রবর্তক।

যাতি-ধামং গতরসং পুতি পর্যুযিতঞ্চ যৎ ।

উচ্ছ্রীমপি চামেধ্য ভোজনং তামস প্রিয়ম্ ॥

শীতলাবস্থাপ্রাপ্ত, গতরস, দুর্গন্ধবিশিষ্ট, পূর্কদিবস পক, অস্তুর উচ্ছ্রী, এবং অখাদ্য যে সকল খাদ্য তাহা তামসদিগের আহার।

এখন আমরা কি প্রকারের খাদ্য দ্বারা সাধারণতঃ জীবিকা নির্বাহ করিয়া থাকি বলিলে বোধ হয় অত্যাতি হইবে না যে আমরা সাধারণতঃ তৃতীয় প্রকার অর্থাৎ তামস আহার দ্বারাই আমাদের শরীর-ধারণ করিয়া থাকি। অস্তুতঃ পক্ষে না হয় আমরা দুঃখ, শোক ও রোগপ্রদ রাজস আহার গ্রহণ করিয়া থাকি। সাত্ত্বিক আহার কয়জনে গ্রহণ করিয়া থাকেন ?

এই সকল কদমে উদরপূতি করিয়া, আমরা রোগ-প্রতিষেধক ক্ষমতা একেবারেই হারাইতেছি। সন্দেহে ইহা দ্বারা আমাদের দেহ রোগের পূর্ববর্তী (Predisposing cause) বা উদ্বীপক (Exciting

cause) কারণের আধার হইয়া পড়িতেছে। এরূপ ব্যারাম না হওয়াটাই আশ্চর্য।

এই ত গেল আহার সম্বন্ধে। শৌচ এবং আচার নিয়ম সম্বন্ধেও আমরা পঞ্চত্রয় হইয়া পড়িয়াছি।

আমরা আজকাল অণুবীক্ষণ যন্ত্র সাহায্যে যে সকল জীবাণু দেখিয়া তাহা হইতে জীবন রক্ষা করিবার উপায় সকল উদ্ভাবন করিতেছি, সুন্দরনী ঋষিগণ যোগবলে দিব্যদৃষ্টিতে সে সকল সন্দর্শন করিয়া বহুকাল পূর্বে আমাদের জীবনযাত্রানির্বাহের নিয়ম প্রণালী লিপিবদ্ধ করিয়া রাখিয়াছেন। এরূপ কথা অনেকে আজকাল বিশ্বাস করিয়া থাকেন। এমন কি যাহা বিজ্ঞান অজ্ঞাপি আবিষ্কার করিতে পারেন নাই, তাহাও তাঁহারা তাঁহাদের দিব্য দৃষ্টি দ্বারা সম্যক উপলব্ধি করিয়া তাহারও বিধিব্যবস্থা প্রণয়ন করিয়া রাখিয়াছেন। আজকালকার বৈজ্ঞানিকগণ সেই সকল তত্ত্বের কতক কতক আবিষ্কার করিয়া যখন তাঁহারা ইহার সমর্থন করিয়াছেন, তখনই আমরা তাহা গুনিয়া অবাধ হইয়া যাইতেছি ও নির্কির্বাদে এবং বিনা তর্কে তাহার অমুর্ভবী হইতেছি।

ইহার দৃষ্টান্ত দিতে গেলে অনেকই দেওয়া যায়। যাহারা এ সকলে বিশ্বাস বা আস্থা স্থাপন করিবেন না, বালায় প্রতিজ্ঞাবদ্ধ, তাঁহাদের কাছে এ সকল দৃষ্টান্ত প্রদর্শন করিবার প্রয়াস বুঝা।

হিন্দু ধর্মোক্ত শৌচের নিয়মগুলি পর্যালোচনা করিলে বেশ উপলব্ধি হয় যে ইহা অসীম বৈজ্ঞানিক ভিত্তির উপর সংস্থাপিত। আধুনিক জীবাণুতত্ত্ব ইহার মূলে অবস্থিত।

যেমন মহাশয় শরীর কতকগুলি অরময় কোষ দ্বারা নির্মিত, তেমনই পৃথিবীর যাবতীয় পদার্থই কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র আণুবীক্ষণিক কোষ দ্বারা নির্মিত। এই জীবাণুসমূহ জগতময় ব্যাপ্ত এবং জীবাণুগণ সর্বদাই চতুর্দিকে ছুটাছুটি করিয়া পরস্পর, পরস্পরের সহিত মিলিত হইতেছে। সুতরাং যখনই আমরা কোন পদার্থের নিকটবর্তী হইতেছি; তখনই এই সকল পদার্থ

সকল আমাদের দেহে আসিতেছে, এবং আমাদের দেহেরও কতকগুলি জীবাণু নিকটবর্তী রসমূহে মিলিত হইতেছে। এইরূপ অসীম জীবাণুয়ের গত্যাত অনবরত সমভাবে, ও অবিচলিত-রূপে চলিতেছে।

এখন দেখা যাউক, শৌচের সহিত ইহাদের কি প্রকারে ইহা সহজেই অমুমিত হইতে পারে যে যদি আমরা কোন প্রকার বিবাক্ত জীবাণুর আবাসস্থল পদার্থের নিকটবর্তী হই বা তাহা স্পর্শ করি বা সেই সকল পদার্থ হইতে বিবাক্ত জীবাণু সকল আমাদের দেহে আসিবার সুবিধা পায়। পক্ষান্তরে আমরা হিন্দু ধর্মোক্ত শৌচের নিয়মগুলি প্রতিপালন করিয়া চলি, তাহা হইলে এইরূপে কোন কার রোগোৎপাদক জীবাণু সকল আমাদের শরীরে বেশ লাভ করিবার সুবিধা পায় না। সুতরাং আমরা সুস্থ শরীরে থাকিতে পারি। এইরূপ সাত্ত্বিক-বে থাকিতে থাকিতে আমাদের দেহে রোগ প্রতিষেধক ক্ষমতাও বৃদ্ধি পায়। তখন কোন কার রোগোৎপাদক জীবাণু শরীরাত্মক প্রবেশ রিলেও, তাহা দূরীভূত করিবার ক্ষমতা আমাদের ঋষ্ট থাকিবে। সুতরাং আমরা রোগাক্রান্ত হইব না। এ সম্বন্ধে বিশদরূপে বলিতে গেলে হিন্দুদিগের সাত্ত্ব রীতিনীতি (rules and customs) সম্বন্ধে আলোচনা করিতে হয়। ভরসা করি, আমার উদ্দেশ্য, দুমাজেই হৃদয়ঙ্গম করিতে সমর্থ হইয়াছেন। অতএব সম্বন্ধে বিশদ আলোচনায় বিবৃত রহিলাম।

আমরা দেখিলাম আহার ও শৌচের প্রতি অবলা করিয়াই আমরা নানা প্রকার রোগের দ্বারা ক্রান্ত হইয়া পড়িতেছি। দেখিলাম, সাত্ত্বিক আহারই উৎকৃষ্ট আহার। তাহা লাভ করাও কষ্টকর ও অসাধ্য নহে। সুতরাং উহাই সকলের অবলম্বনীয় ওয়া উচিত। শৌচের নিয়ম প্রতিপালন করিয়া আমরা রোগের বীজ সকলের আক্রমণ হইতে দূরে থাকিতে সমর্থ হই। আরও দেখিলাম এই আহার

ও শৌচের নিয়ম সকল প্রতিপালন করিয়া আমরা এক প্রকার রোগপ্রতিষেধক ক্ষমতা লাভ করিতে সমর্থ হই, বাহা আর কিছুতেই হওয়া সম্ভবপর নহে।

এইরূপ রোগপ্রতিষেধক ক্ষমতা আমরা আরও কয়েকটি উপায় দ্বারা লাভ করিতে পারি, তাহার সংক্ষেপ উল্লেখ এ স্থলে না করিয়া আমি থাকিতে পারিলাম না। ধর্মোক্তোদিত স্বাস্থ্যনীতির অমুর্ভবন পূর্বক রোগ প্রতিষেধক ক্ষমতা লাভ করিতে করিতে আমরা এতদূর অগ্রসর হইতে এবং এমন অবস্থায় উপনীত হইতে পারি, যে আর আমাদের আহারের বা শৌচের নিয়মগুলি পালন না করিলেও কোন ক্ষতি হয় না। এরূপ দৃষ্টান্ত আমাদের দেশে বিরল নহে। দৃষ্টান্ত স্বরূপ, প্রাচীন কালের কথা ছাড়িয়া দিয়া, আধুনিক, ত্রৈলোক্যস্বামী প্রভৃতিকে দেখিলেই আমরা ইহা বুঝিতে পারি। কিন্তু এই অবস্থা লাভ করিবার পূর্বেও তাহা লাভ করিতে হইলে আমাদের আহারের ও শৌচের নিয়মগুলি অবশ্য পালন করিতেই হইবে।

সাধারণতঃ ত্রিসন্ধ্যা, পূজা ও ভাঙাতে যে প্রাণা-য়ামের ও আসনের অভ্যাস করিতে হয়, তাহার দ্বারাই আমরা রোগ-প্রতিষেধক ক্ষমতা বহুপরিমাণে অর্জন করিতে পারি। অভ্যাস দ্বারা শরীরের গঠন সুদৃষ্ট, মন স্থির, এবং শরীরের মধ্যে সরলভাবে রক্ত-সঞ্চালনের সুবিধা হয়। প্রাণায়াম দ্বারা রক্তে অধিক পরিমাণে অক্সিজেন যাইতে সমর্থ হয়; মন একাগ্র হয়, এবং ইচ্ছাশক্তি অসাধারণরূপে বর্দ্ধিত হয়, পূজা ও সন্ধ্যায় আমাদের ধ্যান করিবার শক্তি বাড়িয়া যায়, সুতরাং মনের শক্তিও খুব বৃদ্ধি হইবার সুবিধা হয়। ধ্যানের দ্বারা মনে যে কি অনীর্কচনীয় প্রফুল্লতা জন্মে তাহা অভ্যাসকারী ব্যক্তিমাজেই অবগত আছেন।

এই পূজা সন্ধ্যায় মধ্যে আমাদের আরও কতক-গুলি বিষয় লক্ষ্য করিবার আছে। ইহার দ্বারাও উদ্দিষ্ট বিষয়ে খুব সাহায্য প্রাপ্ত হওয়া যায়। কর ও অজ্ঞান্য এই পূজা সন্ধ্যায়ই অঙ্গ। ইহা দ্বারা আমাদের শরীরের তাড়িতশক্তি (Magnetic force)

সমধিক বলবতী হয়। যে ভোজননির্মিত .টাট, কোষা  
কুবি লক্ষ্য। এবং পূজায় ব্যবহৃত হয় তাহা বৈজ্ঞানিক  
হিসাবে খুব দরকারী, কুশ, চর্ম ও কষলনির্মিত  
আলন, স্তম্ভ পুষ্প, চন্দন, ধূপ, দীপ, ইত্যাদি সকলই  
আমাদের মনে এবং শরীরে একপ্রকার তাড়িতশক্তির  
স্রোত আনিয়া দেয়। এই সকলে মিলিয়া শরীর  
এবং মনের এমন আহাৰ, এমন ঔষধ যোগায়, যাহা

এ পর্যন্ত কোন ভেষজবিৎ আবিষ্কার করিতে পারেন  
নাই। এই সকল অভ্যাস দ্বারা আমরা আমাদেরই খুব প্রবল থাকে, তাঁহারা যেন আপনাদিগকে  
শরীরকে ক্রমে ক্রমে কেবল রোগ কেন, শীত, উষ্ণতা সৌভাগ্য ও সম্পদশালী বলিয়া জান করেন,  
সুখ, দুঃখ সকলেরই দুর্ভেদ করিয়া তুলিতে পারি। এই বিধাতদন্ত বিভব পৈতৃক সিন্ধুকে সজ্জিত  
পর জগতের কথা ছাড়িয়া দিলেও ইহজগতে ইহা  
কম লাভের বিষয় নহে।

## অজীর্ণতা।

### অজীর্ণতার প্রতিষেধ।

আমরা ইতিপূর্বে অজীর্ণতা সম্বন্ধে যে সব তথ্যের  
আলোচনা করিয়াছি, সেগুলির অমূল্য পূর্বক  
পাঠক নিশ্চয়ই বুঝিয়াছেন যে প্রত্যক্ষভাবে যন্ত্র-গত  
দোষ ও রাসায়নিকক্রিয়া বশতই হউক, অথবা পরোক্ষ  
ভাবে স্নায়ু-কেন্দ্রের ক্রিয়া বশতই হউক, (Reflex  
action) কোনও রকমে পাকযন্ত্রতন্ত্রের প্রতিক্ষেপ  
বা অন্তর্মুখীন অভ্যন্তরীণ আস্তরণ (lining mem-  
brane,) গ্রন্থিসমূহ, পেশীমালা, শোণিত-সঞ্চালন ও  
স্নায়ুপুঞ্জের উপাদান-তন্ত্রসমূহের কোনও প্রকার ক্রিয়া-  
বিভ্রাট এবং অপচয় ঘটিলেই প্রধানতঃ অজীর্ণতা ঘটয়া  
থাকে। পরিপাক-যন্ত্রতন্ত্রের বিকার, বিকলতা ও ক্ষয়ের  
পরিমাণের উপর যে অজীর্ণতার তারতম্য নির্ভর করে,  
একথাও পাঠকের বুদ্ধিতে বাকি নাই। পরের  
উৎপীড়নে মানুষের গাত্রচর্ম ছড়িয়া হেঁচিয়া যাইতে  
পারে, ছিন্ন, দক্ষ, প্রদাহযুক্ত ও ব্রণ-কণ্টকিত হইতে  
পারে, কিন্তু যে ছদ বা আবরণটি পরিপাক-যন্ত্রতন্ত্রকে  
বর্ষের মত ঢাকিয়া রাখিয়াছে—তাই চারিটি বিশিষ্ট  
ঘটনার কথা ছাড়িয়া দিলে, মানুষের নিজের চেষ্টা  
ভিন্ন সেই আবরণীর গায়ে কোনও প্রকার গুরুতর  
আঘাত লাগিতে পারে না। অনেকেই জানেন, অগ্নি  
স্পর্শে শরীরের চর্ম পুড়িয়া গেলে পরিপাক-যন্ত্রতন্ত্রের

অভ্যন্তরীণ আবরণীর ক্ষতি হইবার বিশেষ সম্ভাবনা  
বাস্তবিক, কোন কারণ বশতঃ কাহারও গাত্রচর্ম গুরুতর  
রূপে পুড়িয়া গেলে, তন্ত্রতন্ত্র পরিপাক-যন্ত্রতন্ত্রের  
অত্যন্ত বিভ্রাট ঘটে। কিন্তু এইরূপ ঘটনা সাধারণতঃ  
ঘটিতে দেখা যায় না। সুতরাং অজীর্ণতার দিক দিয়া  
দেখিলে এই ঘটনাকে হিসাবের ভিতর ধরা যায় না।  
অজীর্ণতা সম্বন্ধে মানুষ নিজেই নিজের শক্তি  
পাকস্থলী মানুষের গোলামি করে বলিয়া মানুষ তাহার  
উপর বিষয় জুলুম-জ্বরদস্তি করিয়া থাকে। অতিমাত্র  
পীড়নের পর পাকস্থলী বেচারী যখন হাল ছাড়িয়া দেয়,  
তখনই অজীর্ণতা আরম্ভ হয় এবং মানুষের “আকেল  
লাভের সময় আসে। অধিকাংশ লোকের ‘ডিসপেপ্টিয়া’  
সিয়া’ বা অজীর্ণতা,—তাহাদিগের অত্যাচার-অনাচারের  
ফল,—সুতরাং পাপের প্রায়শ্চিত্ত।

‘ডিসপেপ্টিয়া’ বা অজীর্ণতারোগের প্রতীকার  
করিতে হইলে পরিপাক যন্ত্র-তন্ত্রের উপাদান-তন্ত্র  
সমূহের বিকার ও অপচয় যাহাতে না ঘটে, এবং বিকার-  
পটুতার প্রতিমূর্তি স্বরূপ দেখিতে পাই, যৌবন-  
শক্তি ও ক্ষয়শীল তন্ত্র-সমূহ যাহাতে স্বাভাবিক অবস্থায়  
ও শক্তিশাল করে তাহার দিকে খুব নজর রাখিতে  
হইবে, কেননা পাকযন্ত্রতন্ত্রের উপাদান বিকৃত হইলে  
পরিপাক-ক্রিয়ার বিকার বা বিভ্রাট অবশ্যই  
এ কারণে এই ভব রক্তস্রাব হইতেই অকস্মাৎ বিদায়

লইয়া অতৃপ্ত আশার তীব্র তীব্র বেদনার সমাজকে  
ক্লান্ত করে। সকল দেশে এইরূপ ঘটতেছে, বাকালার  
ইহার দৃষ্টান্তও খুব বেশী।

মস্তিষ্ক, হৃৎপিণ্ড ও পাকশয়—এই ত্রিশক্তির দ্বারা  
মানুষের দেহরথটি চলিতেছে। সংসারের রথ-যাত্রায়  
—যাহারা সকলের সন্মুখে রথ লইয়া দাঁড়াইয়াছেন  
—যাহাদিগের আকাজক্ষা উচ্চ, লক্ষ্য মহৎ তাহাদিগের  
এই তিনটি নিয়ামক-শক্তির মধ্যে কোনটিকে অস্ত  
দুইটির অপেক্ষা অধিক পরিচরম করিতে হইতেছে,  
তাহা ঠিক করিয়া বলা খুব কঠিন। তবে আমাদের  
এ বিষয়ে যতটা অভিজ্ঞতা আছে তাহাতে বলিতে  
পারি পেটের উপরই চাপটা বেশী পড়ে,—তা  
অপরিমিত আহারেই হউক আর উপযুক্ত আহারের  
অভাবেই হউক। গরীব পাকস্থলীকে বোঝা বহিতে  
হয়। সুতরাং পরিমিত এবং পর্যাপ্ত আহার ও  
পরিপাকের উপর এই দেহরথের শুভাশুভ নির্ভর  
করিতেছে। আহারের পরিমাণ যে কোন কারণে  
ক্রমাগত অল্প বা অধিক হইলেই বিভ্রাট অনিবার্য।

সাদাসিধা গোছের আহারই আদর্শ আহার। আর  
এইরূপ আহারই আমাদের লক্ষ্য হওয়া উচিত।  
এই শাস্ত্রশাসিত দেশে,—চপ, কাটলেট, অম্লেট,  
কোণ্ডা, ক্যারি, রোস্ট প্রভৃতি আমদানী হইবার  
বহু পূর্বে সেই সাদাসিধা আহার বা সামান্ত আহার  
আদর্শ আহার বলিয়া প্রচলিত ছিল। কিন্তু ইউরোপীয়  
সভ্যতার উন্মেষ ও বিকাশের সঙ্গে সঙ্গে আমরা সে  
সব পুরাতন কথা উড়াইয়া দিয়াছি, এবং পুরাতনকে  
পুরাতন ব্যাধির তায় দূরে পরিহার করিবার চেষ্টা  
করিতেছি। কিন্তু এখন আবার পুরাতন তথ্যগুলি,  
নববিজ্ঞানের আলোকমুকুট পরিয়া প্রতীচ্য দেশ হইতে  
ধীরে ধীরে এদেশে আসিতেছে। তাই পুরাতন দধি  
ও ঘোলের আদর হইয়াছে। আহারে আমিষ অপেক্ষা  
নিরামিষ খাদ্যের পরিমাণ বৃদ্ধি যে নিরাপদ ও স্বাস্থ্যকর  
একথাও শুনিতে পাইতেছি। কারণ পুরাতন তথ্যগুলি  
ইউরোপ ও আমেরিকার পরীক্ষাশালাগুলিতে নূতন  
বাহন ও জুগলান্ড করিয়া এদেশে আসিতেছে।

সাদাসিধা আহারের কথা শুনিয়া কেহ যেন কদম ও অপকুট ব্যঞ্জন না বুঝেন। কদম ও অপকুট ব্যঞ্জন আদৌ লোভনীয় নহে। বাজারের প্রবাদে প্রকাশ, ধৈর্যের [হিমগিরি এক ধনঞ্জয় ভিন্ন, কোন ভাগ্যধরের জামাতৃস্বয়ং একে একে শতর মন্দির হইতে প্রস্থান করিয়াছিলেন। প্রবাদটা এই:—

“হবির্বিনা হরির্বাতি বিনাপীঠেন মাধবঃ।

কদমৈঃ পুণ্ডরীকাকঃ হারেণ ধনঞ্জয়ঃ”।

সুতরাং সাদাসিধা আহারের অর্থ কদম ও অপকুট ব্যঞ্জন নহে। ফলতঃ আহার্য্য ভ্রব্য, স্বদৃশ, স্বরস, স্বগন্ধ ও পুষ্টিকর হওয়াই প্রার্থনীয়। কারণ খাদ্য ভ্রব্যের এই সকল গুণের সহিত পরিপাকের সম্বন্ধ খুব ঘনিষ্ঠ,—কথাটা পূর্বেই বলিয়াছি। খাদ্য-ভ্রব্যের উপকরণগুলি যত টাটকা ও বিশুদ্ধ হইবে, উহা ততই উপাদেয় ও উপকারী হইবে। এই কারণে ঈষদুষ্ণ অন্নব্যঞ্জন খুব রুচিকর এবং হিতকারী। নবায়ের গন্ধ যে কিরূপ তৃপ্তিকর এবং নবায়ের স্বাদ কিরূপ রুচিকর তাহা শারীরিক-পরিষ্কার-বিমুখ বাজালী ভ্রলোকদিগের মধ্যে খুব কম লোকেই জানেন, কারণ জঠরাগ্নি মন্দ হওয়াতে বাজালী সঞ্জনগণ এখন সিক চাউল ও বাগাম চাউলেই ভুক্ত হইয়াছেন, টাটকা চাউলের অন্ন ও পরমাত্র তাঁহাদিগের পেটে সহ্য না। ঘাউক, টাটকা ও ঈষদুষ্ণ খাদ্যের কথাই বলি। ঈষদুষ্ণ খাদ্য, পাকাশয়ের,—পরিপাক-গ্রহি-সমূহের পক্ষে উদ্দীপক। পরিপাকগ্রহির ক্রিয়া উদ্দীপ্ত করিবার জন্ত ভোজন-বিলাসীরা বহু মসলা যুক্ত খাদ্য আহার করেন, কিন্তু রন্ধন-নিপুণা গৃহিণীরা স্বহস্তে প্রস্তুত সামান্য মশলাযুক্ত খাদ্য ঈষদুষ্ণ অবস্থায় যেরূপ উপাদেয় ও অগ্নির উদ্দীপক তাহা অনেক বাজালীই জানেন বলিয়াই আমার বিশ্বাস। বেশী লবঙ্গ, মরিচ, সরিষার বাটনা দেওয়া তরকারী আহার করা উচিত নহে, তরকারির সহিত অধিক গরম মসলা খাওয়াও নিষিদ্ধ। কিন্তু দুর্ভাগ্যক্রমে বাজারের অনেক স্থলেই অধিক মসলা-দেওয়া ব্যঞ্জন খাওয়ার

রীতি চলিতেছে। কিন্তু ঐরূপ ভোজনে পরিপাকের অগ্নিবর্জক ঔষধাদি ব্যবহার পূর্বক আহার অগ্নিমন্দ্য ঘটয়া থাকে। যাহারা ইদানীং বিলাতী ‘সাষেক চাল’ বজায় রাখিয়া যান, তাঁহারা ভ্রান্ত আচার গ্রহণ করিয়া বিলাতী খানাও ধরিয়াছেন। ঐরূপ চেঁচায় বিপরীত ফলই ফলিয়া তাঁহারা আহারে রুচি বাড়াইবার জন্ত অনেক সময়। কারণ পাকস্থলী ও তাহার আত্মবিক্রম যন্ত্রসমূহ সাহেবদের দেখাদেখি, বাঁঝালো আচার (stomach অতি ভোজনের ফলে ভ্রান্ত ও বিকল হইয়া condiments) খাইয়া থাকেন। এই সব বিলাতী, তখন উহাদিগের বিক্রম ও পরিমিত লঘুপাক আচারের সংস্পর্শে পাকস্থলীর পরিপাক-গ্রহিণী আহার ব্যতীত কোন ঔষধই জঠরের পরিপাক অপচয় ঘটে ও উহার আন্তরগণের উত্তেজনা হ্রাসের পুনরুদ্ধাপন করিতে পারে না। সুতরাং অতি তাহাতে প্রথমটা খুব ক্ষুধা বোধ হওয়াতে ভোজনকারী অত্যন্ত বিলাসী ব্যক্তিকে অচিরে ঘোর অজীর্ণ পরিমাণ ছাড়াইয়া যায়। সুতরাং এই উত্তেজনাক্রমে আক্রান্ত হইয়া অশেষ দুঃখ ভোগ করিতে হয়। খাদ্যের রাসায়নিক-ক্রিয়ার প্রভাবে এক দিকে যেমন শরীর রক্ষার জন্তই ভোজন, রসনার পরিষ্কারি স্বাভাবিক পরিপাক-ক্রিয়ার বিঘ্ন ঘটে, অত্র দিকের আত্মবিক্রম ও অপরিহার্য্য ব্যাপার হইলেও তেমনই অতি-ভোজন-প্রবৃত্তি উদ্দীপ্ত করে। সুতরাং প্রথমে শরীরের প্রতি লক্ষ্য রাখিয়া আহার করিলে উগ্র বিলাতী আচার খাওয়া কোনমতেই যুক্তিসিদ্ধান গোল ঘটে না। রসনা যাহা চাহে শরীর তাহা নহে। বিশেষতঃ আচার তৈয়ার করিবার জন্ত গােহে কি না বুঝিতে কোন কাণ্ডজ্ঞানসম্পন্ন লোকের সকল রাসায়নিক ভ্রব্য ব্যবহার করা হয় তাহা ঈষদুষ্ণ হইতে পারে বলিয়া আমরা মনে করি না। কিন্তু সহিত অনেক অপকারী ও অপকুট ভ্রব্য ভোজনকারীকে অনেক সময় রসনার তৃষ্টির জন্ত মনকে চোখ দেওয়া হয়। সুতরাং আহারে রুচি বাড়াইবার জন্ত অধিক পরিমাণে স্বাদু ও গুরুপাক ভ্রব্য আহার এই প্রকার দুই ভ্রব্য আহার করা সঙ্গত নহে।

যাহাদের মুখরোচক খাদ্য ভোজনের সাধ ও সাধু ও মিষ্টান্ন পরিমিতভাবে ভোজন করিলে দেহ দুইই আছে, তাঁহাদিগের মধ্যে অনেকেই কিছুকালকাল ও রসনার তৃষ্টি অবাধে হইতে পারে এবং মাঝে মাঝে বহু মসলা ও ঘৃত-চর্কিত পোলাও, কালিয়ামায়ে পলায়-পরমায় এবং আত্মবিক্রম আমিষ ও মাংস, চপ, কার্টলেট প্রভৃতি বহুপ্রকারের দেশী ও বিদেশী খাদ্যাদিও আহার করা যাইতে পারে। বিদেশী অন্নব্যঞ্জন খাইয়া পরিশেষে পরিপাকশক্তিহীনতঃ সংঘের শাসন মানিয়া চলার যে শিক্ষা তাহা মস্তকটিও ভোজন করিয়া বসেন। কেবল যে পোলাও, মাদাদিগের নাই বলিয়া আমরা বিপন্ন হইয়া পড়ি, কালিয়া, রোট, মটন খাওয়াতেই লোকের পরিপাকশক্তি অধিক মসলা ও ঘৃত সংযুক্ত হইলে যেরূপ হিসাব শক্তির মুক্তির পথটি মুক্ত হয় তাহা নহে, অতিরিক্ত পরিমাণে খাওয়া উচিত, সাদাসিধা জিনিষও ঠিক তেমনই পরিমাণে লুচি, তরকারী, মিঠাই, মোড়া, ক্ষীর, পিষ্টকবিবেচনা করিয়া আহার করা কর্তব্য; ফলতঃ অতি পরমাত্র প্রভৃতি ভোজনেও ঐরূপ ঘটয়া থাকে। ভোজন যাহাতে প্রসন্ন না পায় সর্বদা সে দিকে নজর আসল কথা,—“সর্বমত্যন্তগর্হিতম্” নীতিটির দিকোথা আবশ্যিক। সকলেই জানেন, চাউল, দাউল, দুই রাখিয়া পরিমিতভাবে আহার করিলে পরিপাকশক্তি, শাকসবজি, ফলমূল, ঘৃত, তৈল ও চিনি কাঁহাকেও অতি ভোজনের কঠোর প্রায়শ্চিত্ত করিতে প্রবৃত্তিতে মনুষ্য দেহের পোষণ ও পরিচালনোপযোগী হয় না। যাহারা অগ্নিমন্দ্যের সূচনায় সাদাসিধা ও বহু পর্যাপ্ত পরিমাণে আছে। সুতরাং ঐ সকল ভ্রব্য পরিমিত আহারের ব্যবস্থা না করিয়া ভোগ-বাসনার অধারীতি রন্ধন করিয়া আহার করিলে অনায়াসে

শরীরে উত্তাপ ও কর্মশক্তির সংস্থান হইতে পারে। দেহের উৎপাদনতন্ত্র বা খাত্ত (Tissues) গঠনে যে উপকরণের আবশ্যিক তাহার নাম (proteid অর্থাৎ) আমিষ উপাদান। এই বৈজ্ঞানিক আমিষ উপাদান যে মৎস্য, মাংস, ডিম্ব ও দুগ্ধে আছে তাহা নহে, দাউল, বাদাম প্রভৃতি কয়েকটি উদ্ভিদেও ঐ উপকরণটি পর্যাপ্ত পরিমাণে পাওয়া যায়। যে লোক খাত্তে, দেহে প্রধানতঃ উত্তাপ ও কর্মশক্তির (heat and energy) সংস্থান হয়, আধুনিক বিজ্ঞানের ভাষায় তাহাদিগকে কার্বো-হাইড্রেটস—Carbo-hydrates ও ফ্যাটস বা স্নেহবস্তু বলে। খেঁচোর, শর্করা ও শক্তজাতীয় খাত্ত কার্বো-হাইড্রেটের এবং ঘৃত, চর্কি ও তৈল প্রভৃতি স্নেহবস্তু পর্যায় ভুক্ত। আমিষ উপাদান মনুষ্য-দেহে কিয়ৎপরিমাণে কার্বো-হাইড্রেট ও ফ্যাটস বা স্নেহবস্তুর স্থান অধিকার করে। কিন্তু আমিষ উপাদানের স্থান অধিকার করিবার শক্তি স্নেহজাতীয় খাত্তের নাই।

আহার কালে আমিষ জাতীয় খাত্তসামগ্রী যাহাতে অধিক পরিমাণে উদরস্থ না হয় সে বিষয়ে খুব সাবধান হইয়া আহার করা উচিত। কারণ আমিষ জাতীয় খাত্তই রন্ধনশালার সার, উহা যেমন স্বাদু, তেমনই লোভনীয়। সুতরাং আহারকালে সহজেই লোকের এই শ্রেণীর খাত্ত ভোজনের মাত্রাটা কিছু চড়িয়া যায়। তাই মনুষ্য যত আগ্রহের সহিত, মৎস্য, মাংস ও ঘৃতাদির দ্বারা প্রস্তুত অন্নব্যঞ্জন আহার করে, ক্ষীর সর, নবনী, ছানা এবং ঐ সব উপাদানে রচিত মিষ্টান্ন দ্বারা যত ভক্তির সহিত রসনার সেবা করে, শাক সূজ, ঘট, চচ্চড়ি, সড়সড়ি, আলুরদম প্রভৃতি ভোজন-কালে তত আগ্রহ প্রকাশ করে না। আহার বিষয়ে এই স্বাভাবিক বোঁক বা প্রবণতাকে সামলাইয়া চলা আবশ্যিক। তন্নিম্ন ভুক্ত ভ্রব্যগুলি যাহাতে উত্তমরূপে চর্কিত হয় তাহার প্রতি বিশেষ লক্ষ্য রাখাও দরকার কেননা বিধাতা মনুষ্যকে গবাদি পশুদিগের স্তায় রোমন্থন করিবার শক্তি প্রদান করেন নাই। কিন্তু

হৃৎপিণ্ডের এদেশে বিলাতী পদ্ধতিতে শিক্ষাদান এবং সরকারী কার্য-পরিচালনের ব্যবস্থা প্রবর্তিত হওয়ার পর হইতে এদেশের মসীজীবী ভ্রমলোকদিগের এবং স্কুল কলেজের ছাত্রদিগের চর্চণ করিয়া খাওয়ার অভ্যাসটা এক প্রকার ঘুচিয়া গিয়াছে। স্কুল কলেজ এবং আপিস আদালতে যাইবার আগে ইহার অন্ন-ব্যঞ্জনগুলিকে একরকম 'স্নাডগেলা' করিয়া থাকেন। আবার এই শ্রেণীর ভ্রমলোক ও যুবকদিগের মধ্যে আজিকালি 'ডিস্‌পেপ্‌সিয়া'—বা অজীর্ণতার প্রভাব যত বেশী এমন আর কোন সমস্যাঘের মধ্যে নহে। ভাল রকম চিবাইয়া খাইলে খাদ্য পিষ্টপেষিত ও লালার সহিত মিশ্রিত হইয়া পত্রিপাক কার্যটাকে সহজ করিয়া

তুলে, তন্নির উদরপূষ্টিও ধীরে ধীরে হইতে থাকে। ইহাতে অল্পে অল্পে পাকশয় রস নিঃসরণের পরিমাণ হয়। ভোজ্য ও ক্ষুধার আন্দাজ বুঝিয়া পরিমাণে আহার করিবার অবসর পান। খাদ্যব্যয় ধীরে ধীরে চিবাইয়া খাওয়াতে অপরিমিত ভোজনের সম্ভাবনা খুব কমিয়া যায়। অনেকে তাড়াতাড়ি খাইতে গিয়া অনেক সময় অধিক আহার করিয়া ফেলেন। ঐরূপে অপরিমিত ভোজনটা ক্রমশঃ তাহারি অভ্যাসগত হইয়া যায়। আহারের সময় অতি পরিমাণে জল খাইতে হয়। কেহ কেহ আহারকালাদিতে জলপান করেন না। আহারের এক বা দুই ঘণ্টা পরে জলপান করেন। এ অভ্যাসটি খুব ভাল

কর হইয়া থাকে। চশমা উৎকৃষ্ট এবং নির্দোষ হইলে এবং উহার নম্বর চক্ষুর চাহুয়ায়ী হইলে তাহা হইতে চক্ষুর হানি আর কোন সম্ভাবনা নাই। অধিক উহা Second Quality Pebble (যাহাতে বহু দোষ পান থাকে) অপেক্ষা সর্বাংশে শ্রেষ্ঠ। কাচের চশমা হার করা একেবারেই অসুচিত। কারণ এক খণ্ড কাচের সর্ক অংশে সমান power থাকে না, উহাতে পালিশ থাকে না, বহুপ্রকার দাগ এবং আরও অধিক দোষ বর্তমান থাকে। First Quality Pebbleএর চশমা যে উৎকৃষ্ট তাহাতে আর কোন দোষ নাই।

৪। সকলেরই যে ৪০ বৎসরের পরে চালুশে তাহা নহে। কাহারও দুই বৎসর পূর্বে বা পরে। তাহা অনেকটা স্বাস্থ্যের উপর নির্ভর করে। আবার যাহাদের পূর্বে Myopia or Short sight থাকে তাহাদের চালুশে দেরীতে ধরে। এই কারণে ৪০ বৎসর পর সমবয়স্কদের ভিতর 'কট দৃষ্টি শক্তির' তারতম্য দৃষ্ট হয়।

## প্রেরিত পত্র।

( ১ )

প্রশ্ন—

১। অভিজ্ঞ চক্ষু পরীক্ষক ডাক্তার দ্বারা চক্ষু পরীক্ষা না করাইয়া চশমা ব্যবহার করিলে কোন দোষ হয় কি না ?

২। ডাক্তার দ্বারা পরীক্ষাস্তে চশমা ব্যবহার করিলে সেই চশমায় কতদিন চলিতে পারে ?

৩। কাচ, ক্রিস্টাল ও পেবেল এই তিন প্রকারের চশমার মধ্যে কোন প্রকারের চশমা চক্ষুর পক্ষে হিতকর এবং কেন ?

৪। দেখা যায় চল্লিশ বৎসর বয়সের পর প্রায় অধিকাংশ লোকেরই চোখে চালুশে ধরে, এবং সম-বয়স্ক ব্যক্তিদের মধ্যে কাহারও ধরে, কাহারও বা ধরে না ইহারই বা কারণ কি ?

শ্রীশশিভূষণ চক্রবর্তী

বসোয়া পোঃ, রামপুর হাট, বীরভূম।

উত্তর—

১। অনভিজ্ঞ ব্যক্তির দ্বারা চক্ষু পরীক্ষা করাইয়া চশমা ব্যবহার করা কোন প্রকারেই উচিত নহে। তাহাতে চক্ষুর বিশেষ হানি ঘটবার সম্ভাবনা। যে সকল ডাক্তার বিশেষরূপে চক্ষু পরীক্ষা ও চশমা ব্যবস্থা শিক্ষা করিয়া না আসিয়াছেন তাহারাও আমাদের মতে অনভিজ্ঞ ব্যক্তির অন্তর্গত।

২। চক্ষুর বর্তমান অবস্থানুসারে চশমা ব্যবহার করা হয় এবং চক্ষু সেই অবস্থায় যতদিন থাকে ততদিন এক চশমাতেই চলে, পরে চক্ষুর অবস্থার পরিবর্তন ঘটিলে চশমারও পরিবর্তন করিতে হয়। চক্ষুর অবস্থার পরিবর্তন কতদিনে ঘটবে তাহা নিশ্চয় করিয়া বলা যায় না। সুতরাং এক চশমা কতদিন চলিতে পারে তাহাও ঠিক বলা যাইতে পারে না।

৩। চক্ষে যে নম্বরের চশমার প্রয়োজন ঠিক সেই নম্বরের চশমা ব্যবহার না করিলে চক্ষুর অহিত হয়। আবশ্যকীয় নম্বরের ব্যতিক্রম হইলে পেবেলের চশমা সূদূর থাকে ?

( ২ )

প্রশ্ন—

১। স্বাস্থ্য বজায় রাখিবার মানসে ভোর বেলা ২০ মিনিট মাট্টাডন্ (বুকডন্, বইটকারি ইত্যাদি) করা কালীন শরীর হইতে স্বর্ধ নির্গত না হইলে

উচিত কি হাত মুখ ধুইয়া exercise করা উচিত কি না ?

২। আহার করিতে বসিয়া ব্যঞ্জনাদিতে হুন্ খাইলে শরীরের রক্ত ধারাপ হয় ইহা

কতদূর সত্য ?

৩। কি নিয়ম পালন করিলে চিরকাল দস্ত

৪। কেহ কেহ বলেন শুধু হরীতকী খাইলে বীর্ধ্য তরল হয়, এই বক্তৃ ইহার সঙ্গে হুন্ ব্যবহার করা কর্তব্য, আপনাদের মতে ইহা কতদূর সত্য ?

শ্রীকানাই লাল বন্দ্যোপাধ্যায়  
বিহারগাড়া, পোঃ দিবীরপাড়, ঢাকা।

উত্তর—

১। ব্যায়াম কালীন শরীর হইতে স্বর্ধ নিঃসরণ ব্যক্তিগত অভ্যাস ও ঋতুর উপর নির্ভর করে। ব্যায়াম কালে মন সংযোগ করিয়া ব্যায়াম করাই সর্বাঙ্গিক আবশ্যক। স্বর্ধ বাহির হউক বা না হউক তাহার সহিত ইহার কোন সম্পর্ক নাই।

হাত মুখ ধুইয়া শৌচ প্রস্রাব করিয়া ব্যায়াম করা উচিত। শীতকালে গায়ে জামা দিয়াও ব্যায়াম করা যাইতে পারে।

২। লবণ আহার অভ্যাসের উপর নির্ভর করে। কেহ বা কম লবণ খান কেহ বা বেশী লবণ খাইয়া থাকেন। শরীরে শোধ বা রক্ত মধ্যে লবণের আধিক্য থাকিলে লবণ আহারে অপকার হয়। নতুবা ভাত তরকারির সহিত খাইলে কোন ক্ষতি হয় না।

৩। "স্বাস্থ্য-নীতি" (ব্যক্তিগত) পুস্তকে প্রকাশিত সকল নিয়ম পালন করিলে শরীর সুস্থ থাকে এবং সেই সঙ্গে দস্তও সূদূর থাকে।

৪। হরীতকী ব্যবহারে বীর্ধ্যদোষ সম্বন্ধীয় রোগ সকল উপশমিত হয় এইরূপই আমাদের অভিজ্ঞতা।

( ৩ )

প্রশ্ন—

১। শীত ঋতুর প্রারম্ভেই অনেকের জিহ্বায় এক প্রকার বাঁ হয়—সমস্ত জিহ্বা গুড়ি গুড়ি গোটায়া আচ্ছাদিত হয়। উহা অতীব কষ্টদায়ক। খাদ্যব্যয় সামান্য লক্ষ্য মিশ্রিত থাকিলেই, উহা খাওয়া অসম্ভব হইয়া উঠে। সময়ে সময়ে জিহ্বায় বেদনা হয়, সময় সময় অবিহিত লাল নিঃসৃত হয়। উহার কোন প্রতিবেদক বা প্রতিকারক ভেষজ আছে কি না ?

২। কোন অস্থি ব্যতিরেকে গরমজল সেবনে অস্থি হয় কি না? যদি প্রতিদিন রাত্রিতে (শীতের রাত্রিতে) সেবন করা যায়, তাহা ভাল না মন্দ?

৩। একদিন খেলা, একদিন বেড়ান, একদিন কৃষ্টি—এই প্রকার অনিয়মিত ব্যায়ামে কি কোন অপকার আছে? ব্যায়াম যদি প্রতিদিনই হয়—তবে এক এক দিন এক এক প্রকার করিলে দোষ কি?

শ্রীভূপেন্দ্রনাথ সেন,  
সিরাজগঞ্জ, পাবনা।

উত্তর—

১। বাহাতে পেট গরম না হয় ও দাঁত পরিষ্কার থাকে তৎবিষয় দৃষ্টি রাখিলে ও জিহ্বাতে অপরিষ্কার জন্মাইতে না দিলেই জিহ্বায় প্রায়ই ঘা হইতে পারে না। জিহ্বায় ঘা হইলে, (Borothymol), Alum and Pot. Chloras) প্রভৃতি জলের সহিত মিশ্রিত করিয়া কুলি করিয়া; ("Caustic lotion" gr 5 to dr. 1) "Resorcin and Glycerine" grs 10 to dr. 1) প্রভৃতি তুলি করিয়া জিহ্বায় লাগাইলে সম্বর আরাম হইয়া থাকে।

২। গরম জল সেবনে কোনরূপ দোষ নাই। বরং ইহার দ্বারা অস্থনালী প্রভৃতি দোষ হইয়া, কোষ্ঠ পরিষ্কার হইয়া যায়।

৩। অতিরিক্ত না হইলে এইরূপ ব্যায়ামের দোষ নাই।

( ৪ )

প্রশ্ন—

১। নিদ্রিত অবস্থায় নাক ডাকে কেন, ইহার প্রতিকার কি?

২। দাঁতের গোঁড়া হইতে সামান্য কারণেই রক্ত পড়ে কেন, এবং কি উপায়ে তাহা নিবারণিত হইতে পারে?

৩। বাঙ্গালী জাতির কত বৎসর পর্যন্ত ব্যায়াম করা যুক্তি সঙ্গত, অধুনা প্রচলিত স্থলত ও স্থবিধায় কোন ব্যায়াম অবলম্বন করা উচিত?

শ্রীহরিন্দাস দে,  
মিঠাপুকুর লেন, বর্ধমান।

উত্তর—

১। গলার ভিতর "Adenoid" or "Enlarged Tonsil" থাকিলে, নাকের ভিতর "Polypus" থাকিলে বা সর্দি হইয়া নাক বন্ধ হইয়া বাইরে নিঃস্রাবস্থায় নাসিকা গর্জন হইয়া থাকে।

২। দাঁতের কোনরূপ রোগ থাকিলে ও Scurvy নামক রোগে দাঁতের গোঁড়া হইতে সাধারণতঃ রক্তস্রাব হইয়া থাকে। ইহার কারণ নির্দেশ করিয়া উপযুক্ত চিকিৎসা করা প্রসস্ত।

৪। যতদিন লোক বাঁচিয়া থাকে, ততদিন ব্যায়াম করা যুক্তি সঙ্গত। ব্যায়াম সম্বন্ধে বয়সের কোন তারতম্য নাই তবে যে যেরূপ ব্যায়াম সম্বন্ধে করিতে পারে তাহার তদনুযায়ী ব্যায়াম করা উচিত।

( ৫ )

নিম্নলিখিত মুষ্টিযোগ দ্বারা বহু স্ত্রীলোক হ্রস্ব রক্ত ভাঙ্গা বা রোহিণী রোগ হইতে ৩ দিনে আরোগ্যলাভ করিয়াছেন।

মুষ্টিযোগ।—একটি গোয়ালিকা লতা শিকড় সমেত সওয়া ছয় গণ্ডা (২৫টা) গোলমরিচের সহিত জলে বাটিয়া ৩টা বটিকা বানাইতে হইবে। ঐ তিনটা বটিকা পর্যায়ক্রমে অর্থাৎ ১মটা ১ম দিন, ২য়টা ২য় দিন এবং ৩য়টা, ৩য় দিন প্রাতে জল দিয়া সেবন করিলে তিন দিনেই রোগ আরোগ্য হইবে।

মানিকউদ্দীন আহান্দ,  
হেড পণ্ডিত—বোর্ড এম, ই, স্কুল,  
আদমদীঘি, বগুড়া।

# স্বাস্থ্যসমাচার



“শরীরমাতং খলু ধর্মসাধনম্”

পঞ্চম বর্ষ।

চৈত্র ১৩২৩ সাল

{ দ্বাদশ সংখ্যা।

## আলোচনা।

ভারতে চা পান—কয়েক বৎসরের মধ্যে ভারতে চা পানের অভ্যাস কিরূপ বৃদ্ধি পাইয়াছে সে সম্বন্ধে প্রতি 'Bengalee' পত্র আলোচনা করিয়াছেন। ৮ বৎসর পূর্বে বাহারী কলিকাতায় আসিয়াছিলেন হারা যদি এক্ষণে আর একবার আসেন, তাহা লে সহরের চারিদিকে এত চায়ের দোকান দেখিয়া শেষ বিস্মিত হইবেন। পাঁচ বৎসর পূর্বে কলিকাতায় কয়েকটা মাত্র চায়ের দোকান ছিল। দিকাতায় ইণ্ডিয়ান টি সেস্ কমিটির বাৎসরিক রিপোর্ট Mr. H. W. Newby সাহেব ভারতে চায়ের বাহার সম্বন্ধে অনেক জ্ঞাতব্য কথা বলিয়াছেন। হার মতে, চায়ের ব্যবসায়ের প্রসারের জন্ম নহে, ঐ কারণেও ভারতে চা পানের আরও প্রচলন হইয়া উচিত। চা পানের অধিক প্রসারে মস্ত মস্ত হ্রাসের সহায়তা হইবে। মাদকতা নিরাসী হইয়া কয়েকটা কর্মী ১৯১৩ অব্দে বড়লাট লর্ড হাট্টিং বাহাদুরের সহিত সাক্ষাৎ করিয়া প্রস্তাব করে- চায়ের দোকান সমূহের দ্বারা মত্তপান নিবারণে সহায়তা হইবে। বড়লাট বাহাদুর এই প্রস্তাব প্রায়োগী বোধ করিয়া প্রাদেশিক শাসনকর্তৃগণের

পোচর করেন। প্রাদেশিক গবর্ণমেন্ট, কমিশনার এবং কলেক্টরগণ চা পানের প্রসারের পক্ষে এবং Newby সাহেবের কার্যের বিশেষ সহায়তা করিয়াছেন। চা পানের প্রসার বৃদ্ধির চেষ্টা হওয়ার পর ভারতের প্রধান প্রধান কয়েকটা সহরে আরও কতগুলি চা-পানের নূতন দোকান বসিয়াছে তাহাও সাহেব বক্তৃতায় জানাইয়াছেন।

সহর	কার্যারম্ভের পূর্বে ছিল	পরে নূতন স্থাপিত।
মাদ্রাজ	২৩৫	১৬৬
দিল্লী	৫৫	১০৩
কালী	৫	১০১
লক্ষৌ	১৩	৯৩
কানপুর	১৭	৭১
ত্রিচিনাপলী	১৩	৩১
চট্টগ্রাম	৫৮	৩৪
মহিশূর	৩২	১৩

এক বৎসর পূর্বে কলিকাতায় ৪৪৪টা চা পানের দোকান ছিল কিন্তু এক্ষণে এইরূপ দোকানের সংখ্যা হইয়াছে। ইহা ব্যতীত হাটল

তৈয়ারী চা বিক্রয় হয়। কলিকাতার চা পানের দোকান সমূহে বৎসরে প্রায় ২৫৮০০০ পাউণ্ড চা বিক্রয় হয়। সমগ্র ভারতবর্ষে বর্তমানে বৎসরে ৩৫০০০০০ সাড়ে তিন কোটি পাউণ্ড চা ব্যবহৃত হয়। এক সময়ে কলিকাতার চা পানের দোকান সমূহ দুই লোকের আড্ডা বলিয়া মনে করা হইত, এক্ষণে এই সকল দোকান ভর্তী সহরবাসিগণের সাময়িক বিশ্রামের স্থানে পরিণত হইয়াছে। চায়ের দোকানদারেরা দৈনিক ২ হইতে ৩ টাকা লাভ করে। কয়েকটা বড় দোকানের মাসিক আয় ২০০ হইতে ৩০০ টাকা। সকল শ্রেণীর লোক এমন কি পাড়োয়ান, সহিস, মুটে সকলেই চা পান খরিয়াছে। ৫,২৫০ জন প্রমজীবি কার্য করে একরূপ একটা কারখানায় দিন ২,৫০০ কাপ চা বিক্রয় হইতেছে।

যদি আমরা প্রমাণ পাই যে ভারতে চা পানের প্রসারের সঙ্গে সঙ্গে মদ্য পানের আশঙ্করূপ হ্রাস হইতেছে এবং দেশীয় ও বিদেশী আমদানি মত্ত হইতে আবগারী বিভাগের আয়ও বিশেষ কমিয়াছে, তাহা হইলে Newby সাহেব যে সমগ্রদেশবাসীর নিকটেই বিশেষ ধন্যবাদের পাত্র বলিয়া বিবেচিত হইবেন, সে বিষয়ে সন্দেহ নাই।

বিলাতী খাদ্যের আমদানী বন্ধ।—ইংলণ্ড হইতে বহুলক্ষ টাকা মূল্যের মাছ, মাংস, বিস্কুট, আচার, ফল, জমানফল, রোগীর ও শিশুর নানা প্রকার খাদ্য প্রভৃতি বৎসর ভারতবর্ষে আমদানী হইয়া থাকে। সাহেবদের দেখাদেখি এদেশের অবস্থাপন্ন এবং তৎসঙ্গে সাধারণ লোকেও এই সকল টিনে বা বোতলে করা খাদ্যের বিশেষ ভক্ত হইয়া পড়িয়াছেন। এই সকল খাদ্য রসনার তৃপ্তিকর হইলেও গুণে ও ক্রিয়ায় যে টাটকা খাদ্যের অল্পরূপ হইতে পারে না,

এ সহজ কথাটি সকলের স্মরণে থাকে না। এসব খাদ্যে অনর্থক অধিক ব্যয়ও পড়িয়া থাকে। অল্প বা লোভের বশবর্তী হইয়া, এই সকল বিদেশী ব্যবহার বিশেষ অববেচনার কার্য। সম্প্রতি ইংলণ্ডে খাদ্যদ্রব্যের বিশেষ অভাব ঘটিয়াছে এবং গতপর্বে হকুম প্রচার করিয়াছেন যে, পরিমিত পরিমাণে আহারও পক্ষে আহারকালে অধ্যয়ন সম্ভব নহে। ও শিশুর খাদ্য ব্যতীত আর কিছু বিদেশে রপ্তানী হই পরিপাকের প্রথমাবস্থায়, এই কার্যের জন্ত না। যাহারা একরূপ খাদ্যের ভক্ত হইয়া পড়িয়াছিলেন, স্বাস্থ্যতন্ত্রে সঞ্চিত সমস্ত শক্তির প্রয়োগ তাঁহাদের অস্থবিধা হইলেও আমদানী বন্ধ হওয়ায়। এ দেশের পরীক্ষার্থী ছাত্র ভিন্ন অন্য কেহ দেশের যে মঙ্গল হইবে সে বিষয়ে সন্দেহ নাই।

বরকালে পড়িবার দিকে বড় একটা মন দেন মত্তপ্রস্তুতে খাদ্যের অপচয়।—সকল দেশে তবে যাহারা বিলাতী প্রথায় জীবন যাপন বহুপরিমাণ খাদ্য নষ্ট করিয়া মত্ত প্রস্তুত করা যেন তাঁহারা একাকী আহার করিতে বসিলে বিলাতে খাদ্যের অভাব এবং তৎসঙ্গে মত্ত প্রস্তুতকার কষ্টটা লাঘব করিবার জন্ত পাঠ করিতে বন্ধ হইয়াছে। “বন্ধবাসী” এসম্বন্ধে লিখিয়াছেন—

“খাদ্যশস্ত্রের সারভাগ দিয়াই মদ তৈয়ারি হই দুই প্রকার কার্য চলিতে থাকিলে পরিপাক যন্ত্রের থাকে। এখন খাদ্যেরই টানাটানি হইয়াছে; মদ এবং পাচক রস নিঃসরণ কার্য বাধা পাইয়া মদ তৈয়ারি বন্ধ। শুধু গ্রেট ব্রুটনে মদ তৈয়ারির বন্ধ। আহারের সময় নিতান্তই পড়িতে হইলে যে পরিমাণ খাদ্যশস্ত্র ব্যবহৃত হইয়া থাকে, তাহা আমদানক পুস্তকাদি পাঠ করা উচিত। কারণ একটা রাজ্যের দুর্ভিক্ষ নিবারণ হইতে পারে। ১৯১১ খৃষ্টি ও প্রসন্নতার উপর পরিপাক কার্যের অঙ্কের ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত এক বৎসরে গ্রেট ব্রুটনে খুব ঘনিষ্ঠ।

মদ তৈয়ারির জন্ত কত খাদ্যশস্ত্র লাগিয়াছিল, তাহা হারের সময় অত্যন্ত উষ্ণ খাদ্য ও অত্যন্ত শীতল জল একটা হিসাব বাহির হইয়াছে। ইহাতে দেখা যায়, জল ও পান কোনমতেই সম্ভব নহে। আমাদের দেশে, চাউল, ভুট্টা, চিনি প্রভৃতি লাগিয়াছে, সর্বপ্রকার গ্রীষ্মপ্রধান দেশে গ্রীষ্মকালে শীতল জল পান ১৭,৩৫,০০০ সতের লক্ষ পঁয়ত্রিশ হাজার টন অধিক জল পান করিয়া থাকেন। কিন্তু একরূপ হিম- হইয়াছে, তাই এই অপচয় নিবারণের ব্যবস্থা হইতেছে। তাহা একবার ভাবিয়া দেখেন না। বরফ-দেওয়া জল অধিক পরিমাণে খাইলে, পাকশয়ের পাচক অত্যন্ত তরল হইয়া যায় এবং উদরস্থ তৃত্ত দ্রব্যের পরিমাণও হ্রাস পায়, এই দুইটিও পরিপাক কার্য পক্ষে বিরজনক সুতরাং আহারকালে অত্যন্ত শীতল জল পান করা কোনমতেই মুক্তিসিদ্ধ নহে।

## অজীর্ণতা।

### অজীর্ণতার প্রতিষেধ।

(পূর্বস্বাস্থ্য)

আমাদিগের দেশে বার ত্রয় উপলক্ষে অনাহারে বা অনাহারে থাকিবার প্রথা অনেক দিন হইতে প্রচলিত আছে। কিন্তু ইদানীং একরূপ উপবাসাদি কুসংস্কারের মধ্যে পরিগণিত হইয়া সভ্যসমাজ হইতে নির্বাসিত হইয়াছে। এখন কিন্তু ইউরোপ ও আমেরিকার স্বাস্থ্যতত্ত্ববিৎ পণ্ডিতেরা একরূপ উপবাস এবং অনাহারের উপকারিতা মুক্ত কণ্ঠে স্বীকার করিতেছেন। তাঁহারা বলিতেছেন—উপবাস বা বহুপরিমাণ স্বাস্থিক আহারে গুরুভোজন পীড়িত পাক- যন্ত্রতন্ত্র একটু রেহাই পায় এবং এই সুযোগে খাদ্যের সার-শোষক কোষ ও রসবাহী নালিকা গুলিকে পরিষ্কার ও মার্জিত করিয়া লইতে পারে। কারণ প্রত্যহ ভোজনের পর পরিপাকক্রিয়ার দ্বারা তৃত্ত খাদ্য দ্রব্যের যে সারাংশ সংগৃহীত হয় তাহারা উষ্ণ কোষ ও নালিকা সমূহ একপ্রকার বন্ধ হইবার উপক্রম হয়। সুতরাং সপ্তাহে একদিন করিয়া অনাহার ও উপবাস করা খুব ভাল। অবশ্য যাহারা প্রত্যহ পর্যাপ্ত পরিমাণে উপাদেয় ভোগে পরিতুষ্ট হইয়া থাকেন স্বাস্থ্যতত্ত্ববিদগণ তাঁহাদিগের পক্ষে এইরূপ উপবাস বা অনাহারের ব্যবস্থা দিয়াছেন। রোগ, দুর্বল এবং পরিমিতভোজী ব্যক্তিদিগের পক্ষে এ ব্যবস্থা নহে।

পরিপাক শক্তিটিকে অক্ষুণ্ণ রাখিতে হইলে প্রত্যহ ফাকা জায়গায় ব্যায়াম বা শরীর চালনা আবশ্যিক। কারণ উদর গুহার (abdominal cavity) তিত্তর শোণিতসকালনের প্রয়োজন খুব বেশী। কিন্তু দেহের সকল অংশ অপেক্ষা এই অংশটাতেই শোণিতের গতি স্বভাবতঃ খুব মন্থর। বিশেষতঃ শীতল জল পান করা কোনমতেই মুক্তিসিদ্ধ নহে।

এবং রাজিকালে উদরগহ্বরের ধমনীর মধ্য রক্তধারা যেন স্বাভাবিক পাতিল্পা ঘুমায়। যকৃত ও অন্ত্রসমূহ (abdominal visura) পরিচালনা করা এবং শোণিত-সঞ্চালনের বেগ বাড়াইবার পক্ষে অখারোহণে ভ্রমণ খুব উপযোগী। সকলের উপযোগী অঙ্গচালনার একটি সরল প্রক্রিয়া আমরা এখানে বিবৃত করিলাম। প্রক্রিয়াটি এই:—বাহু দুইটি উর্দ্ধদিকে খুব প্রসারিত করিয়া দাঁড়াইতে হইবে, তাহার পর প্রসারিত বাহু দুইটি সেই অবস্থায় নামাইয়া সম্মুখের দিকে ধরিতে হইবে। অতঃপর জাহু দুইটি স্থির রাখিয়া প্রসারিত বাহুযুগল নীচের দিকে নামাইয়া হাতের অঙ্গুলির অগ্রভাগ দ্বারা পায়ের অঙ্গুলির অগ্রভাগ স্পর্শ করিতে হইবে। তাহার পর আবার জাহু অবনত না করিয়া পূর্ববৎ উর্দ্ধবাহু হইয়া দাঁড়াইতে হইবে। প্রত্যহ প্রাতঃকালে বার হইতে চব্বিশ বার এই প্রণালীতে অঙ্গসঞ্চালন করিলে বেশ ব্যায়াম করা হইবে। প্রথম প্রথম জাহু নত না করিয়া প্রসারিত বাহুযুগল দ্বারা পদাঙ্গুলি স্পর্শ করিতে কিছু অল্পবিধা ভোগ করিতে হইবে, কিন্তু অভ্যাসের গুণে কার্যটি আয়ত্ত হইলে ব্যায়ামটি অনায়াসেই চলিতে থাকিবে। ক্রমাগত শরীরের আকৃষ্ণন ও প্রসারণে, পরিপাক-যন্ত্রতন্ত্রের রক্তসঞ্চালন ক্রিয়াটি কিরূপ স্বচাৰুৰূপে চলিতেছে এবং পাকস্থলীগুলির কিরূপ আন্দোলন উপস্থিত হইয়াছে, তাহা ভাবিয়া দেখিলে এই ব্যায়াম প্রণালীর উপকারিতা বুঝিতে কাহারও তিলাঙ্ক বিলম্ব হইবে না। এ সম্বন্ধে আরও একটি বলিবার কথা আছে। যে সময় হাত দুইটি উর্দ্ধে প্রসারিত করা হইবে তখন বিশেষ যত্নে নাসিকা পথে শ্বাস গ্রহণ করিতে হইবে এবং অবনত হইবার সময় মুখ দিয়া শ্বাস ছাড়িতে হইবে। একবার শ্বাসপ্রশ্বাসক্রিয়া পরিচালনা যতটা সময় লাগিবে তাহারই মধ্যে বাহু দুইটি উর্দ্ধদেশে প্রসারিত করিয়া সম্মুখ দিকে আনয়ন পূর্বক নত হইয়া করাঙ্গুলি দ্বারা পদাঙ্গুলি স্পর্শ করিতে হইবে। খুব বেগে ভ্রমণ

স্বাস্থ্যের পক্ষে উপকারী এবং ধাবন বা দৌড়ে একটু অমিষ্ণ হইলেও সাবধানী ব্যক্তির পক্ষে আরও উপকারী। কিন্তু এই সাদাসিধা ব্যায়াম বহাতে বড় আসিয়া যায় না। তবে ক্রমাগত শরীরের আকৃষ্ণন ও প্রসারণের প্রতি কোনমতে নিয়মের কুফল অনিবার্য ও শোচনীয়। শারীরিক উপেক্ষা প্রকাশ করা সঙ্গত নহে। স্নান, আহারপূর্বক শারীরিক এবং মানসিক প্রায়শ্চিত্ত অতিক্রম নিত্যা প্রভৃতির স্তায় এই ব্যায়ামকার্যটিও শরীরিবার কোন পার্থিব উপায় আজিও আবিষ্কৃত হয় রক্ষার জন্ত অভ্যস্ত আবশ্যিক। প্রত্যহ এইরূপে। সেখানে কাঙ্ক্ষনের মোহমস্ত থাকে না। ব্যায়ামের ফলে হৃৎপিণ্ড এবং শ্বাসযন্ত্রের ক্রিয় বাজালার কোন কবি, পেটুকের মুখ দিয়া দস্তের বৃদ্ধি পায় এবং পরিপাকযন্ত্রতন্ত্রের গ্রন্থি, পেশী, কোষকীৰ্ত্তন করাইবার সময় বলিরাছেন:—“মানব এবং স্নায়ুগুলির তেজ ও কর্মপটুতা বাড়িতে থাকিলে হুঁপাটি দস্ত, যেন দুই দল ভীষণ সেনা।” পরিপাকনালী মধ্যে যত বিস্তৃত শোণিত সঞ্চালিকাটা খুব ঠিক। মানব বদনের এই ‘দুই দল ভীষণ সেনা’ পরিপাক ও পরিপুষ্টি কার্য ততই স্বচাৰুৰূপে খুব মজবুত থাকিলে ভোজন যুদ্ধটা চলে ভাল পরিচালিত হওয়ায় স্বাস্থ্যভঙ্গের সম্ভাবনা লোপ পায়। অং পরিপাক কার্যটিও পরম নির্বিঘ্নে সম্পন্ন হয়।

আমাদিগের দেশের আহার পদ্ধতি স্বাস্থ্যবিজ্ঞান-ইজ্ঞা দাঁত দুইপাটিকে রক্ষা করিবার জন্ত যত্ন করা সঙ্গত, কারণ প্রত্যহ দুইবারের অধিক ভোজন পরিপাককলেরই কর্তব্য। কোন কারণে দাঁত খারাপ হইলে ক্রিয়ার পক্ষে আদৌ অসম্ভব নহে। যাহাদিগের অগ্নিহারা চিকিৎসা আবশ্যিক। রোগাক্রান্ত দস্ত ও দস্ত-তেজ অধিক, তাহারা মাঝে জলযোগ করিয়া ক্ষুধিবৃদ্ধি তুলিয়া ফেলা উচিত। দস্তমাড়ীর রোগ হইলে করিতে পারেন। কিন্তু আহারের অন্ততঃ পাঁচ খণ্ডাংবা তাহা হইতে বিকৃত রসধারা বাহির হইতে পূর্বক বা পরে ভিন্ন জলযোগ করা উচিত নহে। উহার চিকিৎসা অচিরে আবশ্যিক।

আহার সম্বন্ধে নিয়মের শাসন মানিয়া না চলিলে আহার সম্বন্ধে না বুঝিয়া স্থবিয়া এবং খেয়ালের অজীর্ণতা অবশ্যম্ভাবী, সুতরাং নিয়ম মত নির্দিষ্ট সময়ে খেতে হইয়া কোন কাজ করা কোনমতে যুক্তিসিদ্ধ পরিমিতভাবে আহার করা উচিত, কোনমতেই ইহার হে। যাহারা আমিষ ভোজনে অভ্যস্ত তাহারা ব্যতিক্রম ঘটতে দেওয়া সঙ্গত কাজ নহে। যাহারা কস্মাৎ নিরামিষ ব্যঞ্জন ও ফল মূলের পক্ষপাতী বড় বড় ব্যবসায় কার্যে লিপ্ত, তাহারা এই উপদেশের দ্বারা উঠিলে এবং আমিষ আহার ছাড়িয়া নিরামিষ উপকারিতা স্বীকার করিলেও, উহা তাহাদিগের হার ধরিলে অপকার হইবার সম্ভাবনা। কান্দন পুষ্টিগত বিজ্ঞা এবং পরহস্তগত ধনের সামিল, যত্ন যেমন “নিতুই নূতনের” ভক্ত, পরিপাকনালীটা কারণ অনেক সময়েই কাজে লাগে না। তাহারা মন নহে, পাকযন্ত্রতন্ত্রের নূতন খাণ্ড পরিপাক টাকার টানে ও কাজের ভিড়ে সব দিন সময় মত রিবার শক্তি সহজে হয় না। সুতরাং কাহারও আহার করিতে পারেন না। কিন্তু নিরামিষ দেহ এবং ক আহার্য দ্রব্যের পরিবর্তন হিতকর বলিয়া অক্ষুণ্ণ স্বাস্থ্যের কামনা করিলে নির্দিষ্ট সময়ে আহার দ্বারিত হইলেও সে বিষয়ে তাড়াতাড়ি করা করিতে হয় তাহাতে পরিপাক কার্যটি খুব নির্বিঘ্নে বেচনাসিদ্ধ নহে। ক্রমে ক্রমে আহার্য দ্রব্যের রিবর্তন পূর্বক নূতন খাণ্ড খাইতে আরম্ভ করিলে ফল ফলিয়া থাকে। অনেকে অকস্মাৎ আহার্য দ্রব্যের পরিবর্তন করিতে গিয়া সঙ্কটে পড়িয়া থাকেন। পাকাশয় ও গ্রহণীর ক্ষত নিবারণ অজীর্ণতা, পাকাশয় ও গ্রহণীর ক্ষত নিবারণের একটি বিশিষ্ট উপায়। পাকাশয় ও গ্রহণী

ক্ষত দুই প্রকার, সাময়িক ও পুরাতন। পাকাশয়ের অন্তচ্ছদ বা আবরণীর কোন কোন স্থান নিস্তেজ হইয়া পাকাশয়ের ক্রিয়া বশতঃ হাজিয়া গেলে বা পরিপাক পাইলে এই শ্রেণীর ক্ষত উৎপন্ন হইয়া থাকে। সুতরাং পাকাশয়ের অন্তচ্ছদের নিস্তেজ অংশ ও পাকাশয় রসের ক্রিয়াবশতঃ এই ক্ষত উৎপন্ন হইয়া থাকে। কোন প্রকারে পাকাশয়ের আবরণ-ঝিল্লি ও অন্তচ্ছদের অপচয় ঘটিলে—(Gastritis) পাকাশয় রোগের উৎপত্তি হয়। এই রোগ পাকাশয়ের অন্তচ্ছদের কোন নির্দিষ্ট স্থানে নিবন্ধ থাকিতে পারে এবং ব্যাপকভাবেও সমস্ত ঝিল্লি আক্রমণ করিতে পারে। দস্তমূলবেষ্টনী (Gums), দস্ত সমূহ ও কর্ণেদেশের বিষক্রিয়া এবং গলগ্রন্থির (tonsils) বিকার ও প্রদাহ বশতঃ পাকাশয়ে একরূপ ক্ষত উৎপন্ন হইতে পারে।

কোন কোন ক্ষেত্রে খাণ্ড দ্রব্যের অপকৃষ্টতা এবং তদ্বারা নীত বিষ-বিসর্পের দ্বারাও একরূপ ক্ষত হইতে দেখা যায়। মুখের বিষদুষ্ট অবস্থা (Septic conditions of the mouth) অত্যন্ত অল্পবৃদ্ধি; মানসিক উদ্বেগ ও হুশিষ্ঠা; অনিয়মিত ভোজন, অতিশ্রম ও স্নায়বিক দুর্বলতা হেতু মস্তিষ্কের উত্তেজনা বশতঃ প্রধানতঃ গ্রহণী ক্ষত বা অক্ষত উৎপন্ন হইয়া থাকে। লোকে চেষ্টা করিলে যে এই সকল কারণের প্রতিকার করিতে না পারে এমন নহে। একটু যত্ন—একটু কষ্ট স্বীকার করিলে, একটু বুঝিয়া চলিতে শিখিলে এবং আহার বিষয়ে নিয়ম ও সংযমের শাসন মানিয়া চলিলে, এই সকল কারণের প্রতিকার হইতে পারে। সুতরাং যাহারা স্বাস্থ্যস্বথের ও শারীরিক ক্ষুধার মধ্যাদা হৃদয়ঙ্গম করিয়াছেন, রোগের প্রতীকার অপেক্ষা প্রতিবেদন-অধিক ফলপ্রসূ, এই তথ্যটিও বুঝিয়াছেন, তাহারা যে সময় থাকিতে রোগের প্রতিবেদন বিষয়ে যত্ন করিবেন এরূপ আশা আমাদিগের পক্ষে দুরাশা নহে। সেই উদ্দেশ্যেই আমরা অজীর্ণতা সম্বন্ধে একরূপ বিশদভাবে আলোচনা করিতেছি। কাহাকেও ‘বিভূষণ পরামর্শঃ’ প্রদান করা আমাদিগের অভিপ্রায় নহে।

# খাদ্য ও পথ্য



## দাউল ।

ডাক্তার শ্রীবসন্ত কুমার চৌধুরী লিখিত :—

খাদ্যক্রমের যে সকল উপাদান দ্বারা আমাদের দেহের পোষণ ও বর্দ্ধন হয়, দাউল মধ্যে সেই সকল অনেক উপাদান বর্তমান থাকায়, মাত্র দাউল খাইয়া আমরা কতক দিন জীবিত থাকিতে পারি। খাদ্যক্রমের গুণ-ধর্ম ও বৈজ্ঞানিক শ্রেণী বিভাগের আলোচনা করিলে দেখিতে পাওয়া যায় দাউল মধ্যে জীবনধারণোপযোগী অনেক পদার্থ বর্তমান আছে।

দাউল মধ্যে প্রোটিন বা আমিষ উপাদান, খেতসার, লবণ, স্নেহ ও জল বর্তমান আছে। দাউলের আমিষ উপাদান, দেহের গঠন, বর্দ্ধন, পোষণ ও শক্তি উৎপাদন বিষয়ে হৃদয় ছানার অনুরূপ। দাউলের মধ্যে শর্করা নাই এবং স্নেহের অংশ কম কিন্তু খেতসার অত্যধিক বর্তমান থাকায় ইহা দ্বারা মধেষ্টি তাপোৎপন্ন হয়, কারণ খেতসার পাকরসের সহিত মিশ্রিত হইয়া শর্করায় পরিণত হয় ও শর্করার দ্বারা তাপোৎপাদন করে। দাউল মধ্যে বিবিধ লবণ, দীপক (Phosphorus) ও গন্ধক বর্তমান থাকায় অধিক পরিমাণে দেহের গঠন, বর্দ্ধন ও পোষণের সাহায্য করে। দাউল মধ্যে জলের অংশ অনেক কম বটে কিন্তু জল প্রকৃত পক্ষে খাদ্য জব্য নহে তাহা খাওয়ার সাহায্য করে মাত্র। দাউলের মধ্যে যে আমিষ উপাদান আছে তাহা মাংস ডিম্ব প্রভৃতি প্রাণিজ আমিষ প্রধান খাদ্যের দ্বারা হইলেও তত গুরুত্বপূর্ণ নহে, অথচ

পুষ্টিকর ও কার্যকারী। কতকগুলি দাউল মধ্যে আবার আমিষ উপাদান অত্যধিক বর্তমান থাকায় সেগুলি প্রায় মাংস ও ডিম্বের গুণের অনুরূপ। চাউলে আমিষ উপাদান কম সে জন্ত দাউল সহ অল্প সেবন করিলে তাহা মাংসের দ্বারা কার্যকারী হয়। এই জন্তই হিন্দুশাস্ত্রকারগণ কতকগুলি দাউলকে আমিষ মধ্যে গণ্য করিয়াছেন, উষ্ণ প্রধান দেশের পক্ষে মাংস এবং ডিম্ব অপেক্ষা দাউল অধিক উপযোগী। আমাদের দেশে বহু হিন্দু বিধবা প্রত্যহ শুদ্ধ দাউল ভাত খাইয়া বেশ সুস্থ ও সবল থাকেন ইহাই তাহার উৎকৃষ্ট প্রমাণ।

দাউল মধ্যে অধিক পরিমাণে দীপক (ফস্ফরাস) ও গন্ধক থাকা হেতু অল্প মধ্যে বায়ু জন্মাইয়া পেট ফাঁপা ও অজীর্ণ রোগ জন্মায়, একারণ যে সকল ব্যক্তির স্বভাবতই পাকশক্তি দুর্বল তাহাদের পক্ষে দাউল সেবন হিতকারী নহে এবং যতপি কোন কারণে অজীর্ণ হয় কিম্বা পেটে বায়ু জন্মে তাহা হইলে সেই অবস্থায় দাউল সেবন একেবারে নিষিদ্ধ। দাউল আহার জনিত পেট ফাঁপা ও অজীর্ণ রোগ দাউল আহার বন্ধ করিয়া দিলেই বিনা ঔষধেই আরোগ্য হইয়া থাকে।

পরিশ্রমের ভারতম্যাসূসারে মানব দেহে দাউলের আশ্রয়িতা অল্পভব করা যাইতে পারে। যাহারা অধিক পরিশ্রমী তাহাদের দাউল সহজে জীর্ণ হইয়া পথ্য উপকার দর্শায়। কম পরিশ্রমী সহজে দাউল জীর্ণ হইতে পারেনা সে কারণ তাহাদের পক্ষে দাউল

[ অংক-সংখ্যা ]

পক্ষ দাউলের ঝোল মন্দ নহে। কিন্তু তাহাতে ঝোলের জ্বলীয় লবণ স্রুতি কম বর্তমান থাকে। ই কারণেই দাউলের ঝোল রোগীর স্থপের পথ্য বেচিত হয়।

সুসিক দাউল সেবনে উপকার ব্যতীত অপকার নাই। একারণ যত তাপে অধিকক্ষণ দাউল সিদ্ধ করা কর্তব্য। পুরাতন দাউল সহজে সিদ্ধ হয় না, তাহা সুসিক করণার্থ ২৪ ঘণ্টা শীতলজলে ভিজাইয়া রাখিয়া পরে তাহা যত তাপে সিদ্ধ করিলে সহজে সিদ্ধ হয়। কুপজলে সহজে দাউল সিদ্ধ হয় না বরং ঐ জল সম্বোধে দাউলের আমিষ উপাদান নষ্ট হইয়া যায়; তাহা কুপজলে সিদ্ধ দাউল বলকারক নহে। পোকা দাউলের সার ভাগ নষ্ট হইয়া যায় সেজন্য তাহা উপকারী স্বতরাং তাহা সেবন করা উচিত নহে।

জমির উৎকর্ষ অপকর্ষসূসারে দাউলের উপকারিতা কম বেশ হইয়া থাকে এবং সুসিক হওয়াও তাহার উৎকর্ষতা ও অপকর্ষতার উপর নির্ভর করে। যে সকল দাউল সহজে সিদ্ধ হয় না তাহা অধিকক্ষণ ভিজাইয়া রাখিয়া সামান্য সোডা, কাঁচা পেঁপে অথবা অল্প তরকারী সম্বোধে পাক করিলে সহজে সিদ্ধ হইয়া থাকে।

দাউল সহযোগে খেচরায় প্রস্তুত হইয়া থাকে, তাহা পুষ্টিকর, বলকারক, উত্তেজক ও মুখরোচক। দাউলে আমিষ উপাদান কম থাকায় দাউল ও মসলা সম্বোধে তাহা এইরূপ উপাদেয় হইয়া থাকে। যত তাপে তাহা পলাতু সহযোগে পাক করিলে সহজে পাত্য হয়। ইহাতে তাপোৎপাদন বেশী করে বলিয়া শীতকালেই এরূপ খেচরায় উৎকৃষ্ট।

দাউলের বড়ী অত্যুৎকৃষ্ট তরকারী, উপকারীও বটে। কাঁচা দাউল শীতলজলে অধিকক্ষণ ভিজাইয়া রাখিয়া তৎপরে বাটিয়া তাহা মছন করিলে, আর্দ্রতা তাপ ও বায়ুর অল্পজ্ঞান প্রভাবে তাহাতে একরূপ যত্ন পচন ক্রিয়া জন্মিয়া থাকে। তখন সেগুলিকে কাঁচা আকারে রোজে দিলে তাহার মধ্যের অল্পজ্ঞান তাপ প্রভাবে নষ্ট হইয়া যায় এবং বড়ী গুলি

দাউল ।

৩৫২

হয়। একারণ এগুলি লঘুপাক এবং সহজ পাত্য হইয়া থাকে। এগুলিকে প্রথমে তৈল, দ্রুত দ্বারা ভাজিয়া অথবা অগ্নিতে ঝলদাইয়া লইয়া সিদ্ধ করিলে সুসিক ও মুখরোচক হয়। ভাজা বড়ী ও উৎকৃষ্ট পুরাতন কুম্বাণ্ড ও অত্রান্ত মসলা সহযোগে এইরূপ বড়ী প্রস্তুত হইয়া থাকে এবং বেশ গুরু করিয়া আবেদন পায়ে রাখিলে অনেক দিন ভাল থাকে। বর্ষাকালে সকল জ্ববাই বায়ু হইতে জলীয় ভাগ গ্রহণ করে এবং শীতল হইয়া যায় এইরূপ বড়ীও সে কারণ বর্ষাকালে ভাল থাকে না। শীতকালেই এরূপ বড়ী উপাদেয়। মৎস্য সহযোগেও ইহা মুখরোচক হয়। সকল দাউলে ভাল বড়ী প্রস্তুত হয় না। যে সকল দাউলে আমিষের ভাগ অধিক থাকে সেই সকল দাউলের বড়ী ভাল হয় একারণ এদেশের মহিলারা মটর, মসুর, মুগ ও মাষকলায়েরই বড়ী প্রস্তুত করিয়া থাকেন।

অনেক প্রকার মিঠাই, দাউল সহযোগে প্রস্তুত হয় তাহাও পুষ্টিকর, সুস্বাদু ও বলকারক, স্মরণ রাখা উচিত যে তাহাও সুসিক হওয়া আবশ্যিক। দাউলের মধ্যে শর্করা না থাকা হেতু এই প্রকার মিঠে সহযোগে দাউল উপকারী হয়।

বলিষ্ঠ লোকের পক্ষে কাঁচা দাউল কিছুক্ষণ শীতল জলে ভিজাইয়া রাখিয়া মিঠে অথবা লবণ সহযোগে সেবন করিলে অত্যন্ত বলকারক হয়, এবং দেহে পিত্তের সমতা রক্ষা করে। এজন্য অনেকে ছোলা, মুগ, মার ও মটর জলে ভিজাইয়া কাঁচা আহার করিয়া থাকে।

দাউলের মধ্যে শর্করা উপাদান কম থাকায় মিঠে সহযোগে সেবনে অধিক উপকার দর্শায়। সিদ্ধ দাউলও মিঠে সহযোগে পাক করা কর্তব্য, এবং ইহার মধ্যে স্নেহময় পদার্থ কম আছে বলিয়া দ্রুত ও তৈল সম্বোধে পাক করাই উচিত।

এদেশে নানা জাতীয় দাউল ব্যবহৃত হইয়া থাকে। তন্মধ্যে মাষ ও মসুর জাতীয় দাউলে আমিষ উপাদান অধিক থাকে বলিয়া হিন্দু শাস্ত্রকারগণ তাহা আমিষ প্রধান পথ্য উপকারী কহিয়াছেন। খেচারির দাউল আমিষ



দেশে যথেষ্ট ব্যবহৃত হয় কিন্তু অনেকের ধারণা আছে যে খেসারির দাউলে পক্ষাঘাত রোগ জন্মে। কিন্তু ইহা ভ্রান্ত বিশ্বাস তবে অধিক পরিমাণে সেবন করিলে অজীর্ণ আমাশয় প্রভৃতি রোগ জন্মিতে পারে।

মুগ ও মশুর দাউলের ঘৃষ বা ঝোল বলকারক বলিয়া রোগের পথ্য জন্ত সর্বদা আদরের সহিত ব্যবহৃত হইয়া থাকে এবং ইহা পরিপাক হইতে মাত্র এক ঘণ্টা সময় লাগে।

এদেশে যে সকল দাউল সাধারণতঃ ব্যবহৃত হয় তাহার সংক্ষেপ গুণাগুণ লিখিত হইল।

মশুর—ইহাতে শতকরা জলভাগ প্রায় ১২, আমিষ উপাদান প্রায় ২৫, স্নেহ উপাদান মাত্র ১, খেতসার প্রায় ৬০, বিবিধ লবণ ২। পূর্ববঙ্গে বিশেষতঃ ঢাকা সহরে ইহা বেশী প্রচলিত। ইহা মধুর রস, শীতল, রুক্ষ, শোষক, মল রোধক, বায়ুজনক। পিত্ত-রক্তজ্বর রোগে হিতকর। ইহার ঘৃষ—মধুর রস, শীতল, লঘুপাক, মল রোধক, বলকারক, কফ, পিত্ত, রক্তের, উপকারক। ইহা পরিপাক হইতে প্রায় দুই ঘণ্টা সময় লাগে।

মাষ—ইহা পশ্চিম বঙ্গে বা রাঢ় দেশে অধিক প্রচলিত। ইহাতে জল ভাগ ১২, আমিষ উপাদান ২৫, স্নেহ ১, খেতসার ৫২, বিবিধ লবণ প্রায় ৩ ভাগ বর্তমান আছে। ইহা পরিপাক হইতে ২ ঘণ্টা সময় লাগে কিন্তু ভাজা হইলে প্রায় ৩ ঘণ্টা সময় লাগে। ভাজা অপেক্ষা কাঁচা দাউল বেশী উপকারী।

কাঁচা—মধুর রস, স্নিগ্ধ, লঘুপাক, রুচিকর, বলকারক, পুষ্টিজনক, শুক্রবর্ধক, মল ও মূত্রকারক, মেদ বর্ধক, কফ পিত্ত-কারক, রক্ত পিত্তের প্রকোপক।

ভাজা—মধুর রস, রুচিকর, বলকারক, শুক্রবর্ধক, বায়ুনাশক, গুরুপাক।

মুগ—সকল দেশেই ইহার সমান আদর আছে। বর্ণ ও আকৃতি ভেদে ইহা নানাজাতীয়। তন্মধ্যে সোণা মুগই অধিক উপকারী, ইহাতে জলভাগ ১৩, আমিষ উপাদান ২৪, খেতসার ৬০, স্নেহ ১ ও লবণ ২ ভাগ বর্তমান আছে।

এক ঘণ্টা সময় লাগে। ইহা মধুর রস, স্নিগ্ধ, রুচি বলকারক, শুক্রবর্ধক ও বায়ুনাশক।

ভাজা—সারক, রুচিকর, কফ ও পিত্ত নাশকর ও নেত্র রোগে উপকারী।

ইহার ঘৃষ—মধুর রস, শীতল, লঘুপাক, বলকারক, পিত্ত, কফ নাশক। অরুচি, সস্তাপিত জ্বর পিত্ত নিবারক। সৈন্ধব লবণযুক্ত ঘৃষ সর্ব রোগাগণ ভবিষ্য সমাজের অবলম্বন—তাহারাই

মটর—পূর্ববঙ্গে অধিক প্রচলিত, ইহা কষায় কলঙ্ক লেপিত হইতে দেখিলে—যেমন চক্ষে বায়ু বর্ধক, রুচিকর, আমদোষ কারক। ইহাতে আসে—তেমনি তাহাদিগকে অবশ, অকর্মণ্য ও ১৫, আমিষ উপাদান ২৩, খেতসার ৫৮, স্নেহ পদার্থ ১০, বিবিধ লবণময় পদার্থ ২ বর্তমান থাকে। পরিপাক হইতে তিনঘণ্টা সময় লাগে।

অড়হর—চক্ষিশপরণায়, কলিকাতা ও দক্ষিণ চব্বলে অধিক প্রচলিত। শ্বেত, রক্ত, পীত ভেদে ইহা তিন প্রকার। ইহাতে জল ভাগ ১২, আমিষ উপাদান ২৩, স্নেহ ভাগ ২, খেতসার ৬০, বিবিধ লবণ ৩ ভাগ থাকে। ইহা কষায় মধুর রস, গুরুপাক, রুক্ষ, মলরোধক, কফ পিত্তনাশক ও বায়ু বর্ধক। অন্ন সহযোগে উপাদেয় আহার।

খেসারি—চক্ষিশপরণা, কলিকাতা ও দক্ষিণ চব্বলে অধিক প্রচলিত। রংপুরের খেসারির দাউল প্রসিদ্ধ। ইহাতে জলভাগ ১১, আমিষ ভাগ ২৭, স্নেহ ১, খেতসার ৬০, বিবিধ লবণ ২ ভাগ মাত্র পাওয়া যায়। ইহা পরিপাক হইতে প্রায় ৪ ঘণ্টা সময় লাগে। মধুর কষায় রস, বিশিষ্ট শীতল, গুরুপাক, রুক্ষ। তিক্ত সহযোগে বিশেষ উপকারী।

ছোলা—পশ্চিমদেশে অধিক প্রচলিত, এতদ্ব্যতীত সকল দেশেই ইহার আদর আছে। ইহা অত্যধিক বলকারক বলিয়া বিখ্যাত। ইহাতে আমিষ ভাগ ২৯, জল ভাগ ১০, স্নেহ ভাগ ৪, খেতসার ৫৩ এবং বিবিধ লবণ ৪ ভাগ থাকে। মধুর রস, রুক্ষ, রুচিকর, কাস্তি বর্ধক ও বলের বৃদ্ধি কারক, বায়ুজনক। রক্ত, কফ ও জ্বর হিত জনক। ক্রিমি ও মেহ রোগের হিতকর।

কাঁচা—কফ-পিত্ত-নাশক বলকারক শীতল।

## ছাত্রদিগের শারীরিক স্বাস্থ্য।

শ্রীরমাশ্রমাদ চট্টোপাধ্যায় বি, এ লিখিত :—

(“গৃহস্থ” হইতে উদ্ধৃত)

লিখিবার বোর্ড অল্পষ্ট বা শ্বেতপ্রভ হইলেই তাহার পরিবর্তন করিবার নিয়ম হইয়াছে। এই প্রসঙ্গে সমাজেরও ভাবিবার কথা আছে। সমাজই ছাত্রের অভিভাবক। বাহাতে গৃহে অল্পষ্ট কেরোসিনের আলোয় পাঠ নিষিদ্ধ হয় তাহার প্রতি দৃষ্টি রাখা অভিভাবক যাত্রেরই কর্তব্য। বরং পূর্ববৎ স্নিগ্ধ সর্বপ তৈল অথবা রেড়ির তৈল ব্যবহার কর্তব্য—তথাপি ল্যাম্পের চারিদিকে বসিয়া ছেলেদিগকে পাঠ উপলক্ষে হট্টগোল করিতে দেওয়া উচিত নয়।

যাহা হউক চক্ষুরোগের তবু উপশম আছে। চক্ষুরোগী স্বচ্ছন্দে আহার বিহার ও জীবনের অগ্নাঙ্ক কর্মসাধন করিয়া জীবনের কয়টা দিন “পাড়ী” দিতে পারে। কিন্তু তাহা অপেক্ষাও ভয়ানক ও যন্ত্রণাপ্রদ রোগ সমগ্র ছাত্রসমাজে প্রবেশ করিয়া ইহাকে দিন দিন অন্তঃসারশূন্য, অসার করিয়া তুলিতেছে। এই রোগ একবার আরম্ভ হইলে যেন তাহার আর প্রতিকারের আশা থাকে না। এই রোগ “কোষ্ঠ বদ্ধতা”। কোন কোন মনস্বী, কোষ্ঠবদ্ধতা রোগে নিদান তত্ত্ব বাহির করিতে গিয়া বিচক্ষণ জ্ঞানীর মত বলিয়া বসেন—মাটিতে লৌহের পরিমাণ অধিক হুতরাং কোষ্ঠবদ্ধতাত হইবেই। বলি—বাল্যকাল জলে স্থলে কি হঠাৎ লৌহের পরিমাণ অধিক হইয়া উঠিল? পূর্বে ত এরোগের একরূপ প্রাতীভাব ছিল না। এই রোগের সহসা একরূপ আতিশয্যের কি কারণ, মনস্বিগণই তাহা বিচার করিবেন। কিন্তু একথা উপহাসের নয় যে বর্তমানে বঙ্গীয় সমাজে আহার বিহার, ধর্মীতি নীতির বিশেষ বিপর্যয় হইয়াছে এবং লুপ্তপ্রায় পুষ্টিগুণের পূর্ণমাত্রা ছাত্র সমাজেই

র ও দেশের আশা। এই পুত্রপ্রতীম ছাত্রগণের মনে কত আশা আসে;—ভাবী সমাজের গঠিত হইতেছে মনে করিয়া হৃদয়ে অভূতপূর্ব আশার অবলম্বন। এমন আশার অবলম্বন ছাত্রগণের বর্তমান স্বাস্থ্য দেখিলে বাস্তবিকই বিবাদ সিদ্ধিতে নিমগ্ন হয়। কি জানি মোহিনী মন্ত্রবিদ্যায় ছাত্রগণের স্বাস্থ্য তত্ত্ব যাইতেছে;—একেবারে কোনরূপ রোগবিহীন র যেন ছাত্রসমাজে আদৌ দৃষ্টিগোচর হয় না।

ছাত্রগণের প্রধানতঃ দুইটা রোগ। কলিকাতা প্রভৃতি বড় বড় সহরের ছাত্রগণের প্রায় দৃষ্টি-দুর্বলতা হইতেছে। চতুর্থ শ্রেণীর অপগণ ও এখন নাকে চনমা লাগাইয়া বিচক্ষণ প্রৌঢ় হইতেছে। দশম শ্রেণীতে উঠিতে না উঠিতেই রূপে বহু ছাত্রের চক্ষুরোগ হয়। যৌবনের প্রাছেই রূপে চক্ষুরত্ন বিসর্জন দিয়া কত শত ছাত্রের জীবন যে বিষময় হইয়া উঠিতেছে—তাহা কে না করিবে? স্থলে অবস্থিতি কালে যাহাতে র দৃষ্টিশক্তিতে বিশেষ কোন আঘাত না লাগে—হার জন্ত সদাশয় গভর্নমেন্ট বিধিমত চেষ্টা য়িতেছেন। ছাত্রগণের বসিবার বেঞ্চ ও ডেস্ক এমনভাবে সজ্জিত করা হয় যাহাতে আলোকরশ্মি বস গতিতে জ্বালিয়া চক্ষুতে আঘাত না করে

দিন দেশে দুধ, ঘৃত, দধি ইয়া উঠিতেছে । মফঃস্বলেই ১/৪ সের, ঘৃতে ১/১ ৩/৪ উঠাচ্ছে । ছাত্রগণ পাঠ্যাবস্থায় অথচ স্বাস্থ্যে খাচ্ছে বঞ্চিত প্রায়শ্চৈই বোতিল জীবন দুধ দধির সহিত সাফা ছাত্রগণ মরিচ, সরিষা প্রভৃতি অন্নহারে অভ্যস্ত হয় । ফলও তেছে । এই ব্যাধির উপশম সকল স্নিগ্ধ, পুষ্টিকর দ্রব্যের বা প্রতি ছাত্রাবাসের সঙ্গে হওয়া কর্তব্য । সদাশয় স্বাস্থ্যোন্নতির ইচ্ছায় ও দাসীন্য দমন করিবার সংকল্পে রক্ষা করিতে মনোযোগী বিদ্যালয়ের অধ্যক্ষগণকে ঐরূপ হস্ত সংযুক্ত করিতে উপদেশ ছাত্রাবাসের সহিত গোপালনের এইরূপ সংকল্প সর্বদা হস্তের সহিত এরূপ অস্থিচরিত না বলা যায় না, তবে ঐরাজী বিদ্যালয়ে ছাত্রাবাসের সংযোগ নিতান্ত অসম্ভব না যাহা হউক এইরূপ আহাৰ দমন । ছাত্রাবাসে অবস্থিতি সময় ভোজের আয়োজন হয় । দিন রাত্রে হয় । ছাত্রগণও ভোজন শেষ করিয়া অমনি হইয়া পড়ে । ফলে, প্রায় ছাত্রের উদরাময় ও অজীর্ণ বা অজীর্ণের জ্বর শেষ ভোজের আয়োজন ও পুনর্বার

উদরাময় ও কুমিরোগ হয় অথবা কোষ্ঠবদ্ধতা আক্রমণ করে । তাহার উপর সন্দোষেও আহাৰ রীতি ব্যতিক্রম হইতেছে । ছাত্রগণ বাজী রাখিয়া সন্দেশ মিঠাই অথবা কটা-বিক্রেতার দোকানের অল্পতন সন্দেশ ভক্ষণে প্রবৃত্ত হয়—সময় অসময়, অথবা কালাকালের বিচার তখন তাহাদের কিছুই থাকে না শরীরের প্রতি এরূপ অত্যাচার হইলে স্বাস্থ্য কতদূর অক্ষয় থাকে ? আপাতত কয়েকদিন সন্দেশে আশ্বাদে ভবিষ্যতের কথা মনে হয় না সত্য—কি তাহার পর প্রকৃতির অভিশাপ কঠোর বিধানে বাজী উঠে ।

আহার বিপর্যয়ের কথা বলিয়াছি—এখন রীতি বিপর্যয়ের কথা বলি । পূর্বে আহাৰের পর বিশ্রাম নিয়ম ছিল । সমাজের সকলে তাহা পালনও করিত এখন আমাদের ছরদৃষ্টিতে ছাত্রগণের মনের গাফিরিয়া গিয়াছে । বেলা ৯ টায় কোনরূপে কাকড়া সারিয়া—কোনরূপে অন্নগ্রহণ কার্য শেষ হয় । তাহার পর মুহূর্তেক মাত্র বিশ্রাম না করিয়া সন্ধিগণের সারি ছাত্র অতি দ্রুতগতিতে বিদ্যালয় অভিমুখে রওনা হয় আহাৰের পরই এরূপ ক্ষিপ্ৰগতি ও অস্থির ভাবে পরিপাক কার্যের বিশেষ ব্যাঘাত হয় ।

গভর্নমেন্ট স্কুলে অবস্থিতিকালে ছাত্রগণ যাহা বিস্তৃত দ্রব্যাদি প্রাপ্ত হইয়া জলযোগ করে, তৎপ্রতি সৃষ্টি রাখিবার দায়িত্ব গ্রহণ করিয়াছেন । এখান অভিব্যক্তিগণের কর্তব্য তাঁহারা যেন ছাত্রগণের বাজী রাখিয়া ভোজন করিবার ইচ্ছা অল্পে দমন করিবার চেষ্টা করেন । ছাত্রাবাস হইতেও সকলপ্রকার ভোজ্য চিরনির্কাসন বাঞ্ছনীয় । মধ্যে মধ্যে এইরূপ অযথারূপে অধিক ভক্ষণ অপেক্ষা সাধারণ ভোজনের সহিত অধিক তর পুষ্টিকর খাওয়ার ব্যবস্থা করা কর্তব্য । ছাত্রগণ আপন শরীরের মূল্য ভালরূপ উপলব্ধি না করিলে এই নিদারুণ ব্যাধি এই দেশ হইতে বিদায় গ্রহণ করিবে না । ছাত্রাবাসের ভোজনে আরও দুই

গণ চাউল, ডাউল প্রভৃতি ভোজ্য দ্রব্য ভাল রূপে খোত করে না । আহাৰ্য সামগ্রীর সহিত প্রাপ্ত পরিমাণে বালু, মৃত্তিকা প্রভৃতি মিশ্রিত থাকে । রূপ অথাত্ত ভোজন করিয়াও অনেকের পেটের গার আরম্ভ হয় । আবার পাচক মহাশয়ও ব্যঞ্জন করিবার জন্ত অল্প কোন উপায় স্থির করিতে না রিয়া প্রচুর পরিমাণে তৈল, ব্যঞ্জনাদির মধ্যে চালিয়া । এই দুইটি ব্যভিচারের প্রতিকার না হইলে আবাস ও ছাত্র সমাজ হইতে এ রোগের নিষ্কাসন উপর হইবে না । এই দুইটি বিষয়ে বিদ্যালয়ের পক্ষের দৃষ্টি সর্বতোভাবে প্রার্থনীয় । গভর্নমেন্ট আমাদের “ভাতের হাঁড়ী” পরীক্ষা করিতে পারিবেন অথবা প্রতি দৈনিক আহাৰ্যের মধ্যে বিষবৎ দ্রব্য পরিত্যাগ করাইবার জন্ত ঘরে ঘরে চৌকীদিবার ব্যবস্থা করিতে পারেন না । এ সকল বিষয়ে আমরা জে সাবধান না হইলে আপন পদে আপনি কুড়াল রিয়া আঘাত করা হইবে মাত্র ।

এই ছরদৃষ্টি রোগের এইরূপ অস্বাভাবিক বৃদ্ধির এক কারণ—অল্প বয়সে অস্বাভাবিক ভাবে শরীরগত শক্তির নাশ । এই দুর্ভাগ্য—ছাত্র সমাজে মন দৃঢ় আসন পাতিয়া বসিয়াছে—তাহা যাহারা শিক্ষার্থ কর্মক্ষেত্রে প্রবেশ করিয়াছেন—তাঁহারা ই শেষ অবগত আছেন । কত মেধাবী, সরল শিশু দুর্ভাগ্যের প্ররোচনায় আপনি মজিয়াছে—আরও জনকে এই পাপ পথে চালিত করিয়া দেশ মধ্যে স্মের স্রোত বদ্ধিত করিতেছে । ছাত্রগণের সাবধানতায় আজকাল যাহারাই লিপ্ত থাকেন—তাহাদের সকলের দৃষ্টি এই কলঙ্কর ছাত্রব্যাধির পর পতিত হয় । ভারত পূর্বে সংযম, কঠোরতা, প্রাণতা, নিষ্ঠার জন্ত প্রসিদ্ধি লাভ করিয়াছিল—কি সেই ভারতের পুণ্যক্ষেত্রে এই পাপ অভিনয় হইতেন হইতেছে । দুঃখের বিষয়—সমাজ এই কলঙ্ক কালিমা দূর করিবার জন্ত এখনও বদ্ধ-পরিবর্তন হইতে পারেন নাই । অভিব্যক্তিগণের মধ্যে অনেকে

এখনও এ বিষয়ে সম্পূর্ণ উদাসীন । ছাত্রগণও নিরক্ষণভাবে সর্বা নির্কাসন করিয়া—আপন মতে চলিবার স্ববিধা পায় । বয়ঃপ্রাপ্ত উচ্চশ্রেণীর ছাত্রের সহিত নিম্নশ্রেণীর বালকের সঙ্গ এই কারণে আদৌ বাঞ্ছনীয় নয় । উচ্চশ্রেণীর ছাত্রের চরিত্র সম্বন্ধে সম্পূর্ণ জ্ঞান থাকিলেই তবে এইরূপ সঙ্গের অহুমতি দেওয়া যাইতে পারে । তবে শুধু উচ্চ শ্রেণীর ছাত্রের মস্তকে সমস্ত দোষের বোঝা চাপাইয়া দিয়া—তাহার সঙ্গ বর্জন করিবার উপদেশ দিলে—এ দিকে কর্তব্যের সমাধা হয় না । সমাজের স্তরে স্তরে সকল অঙ্গই এখন পূর্বাপেক্ষা দূষিত ও পাপগ্রস্ত হইয়াছে । আপন অভিজ্ঞতা হইতে বলিতেছি—বাড়ীর চাকর বাকর, সামান্য বেতনের দোকানের কর্মচারী, অপর কি অতি সরল শিশুদের মধ্যে এই পাপ প্রবেশ করিয়াছে । এই পাপের আক্রমণ হইতে ভবিষ্য ছাত্র সমাজকে উদ্ধার করিতে না পারিলে—এই রোগের প্রতিকারের আশা কল্পনা মাত্র ।

এই রোগের অল্প এক কারণ—ভয়স্বাস্থ্য শৈশবে ক্ষীণবীৰ্য্য ছাত্রের পরীক্ষার প্রাক্কালে কঠোর পরিশ্রম । দিন নাই—রাত নাই—পুস্তক হস্তে ছাত্র নিভৃত কক্ষে বসিয়া অধ্যয়নে রত থাকে । প্রাতঃকৃত্য সময়ে বাহ্য প্রস্রাব পরিত্যাগ করা—দস্তখোত করা ও স্বাস্থ্য রক্ষার অপর সকল নিয়মই তাহার নিকট অকিঞ্চিৎকর বোধ হয় । ভ্রমণ ব্যায়াম কোনরূপ শারীরিক পরিশ্রম সমস্তই সে সময়ের জন্ত স্থগিত থাকে এই অতিরিক্ত পরিশ্রমের সঙ্গে, দুর্ভাবনা, দুশ্চিন্তা, লোকলজ্জার ভয়, অভিব্যক্তির ক্রকুটী, শিক্ষকের তিরস্কার, সমস্ত তাহার বৃকে প্রকাণ্ড জাঁতার মত চাপিয়া বসে । ছাত্রগণের চক্ষে এই সময় যেন জীবন মরণের সন্ধিস্থল । পরীক্ষায় অকৃতকার্য হইলে জীবনের সকল আশাকে বিদায় দিতে হইবে, উন্নতির পথ চিরকাল হইয়া পড়িবে, এই ধারণায় ছাত্রগণ রাত্রি জাগিয়া তৃতীয় প্রহর পর্যন্ত অধ্যয়নে লিপ্ত থাকে । এদিকে এই সময় রাত্রির যাহা হইবে সংযমের প্রতি দৃষ্টি রাখাও

সকল সময়ে ঘটিয়া উঠে না। কলে, প্রভাতে বাহু অনেকেরই হয় না। শরীরও অস্বাভাবিক হইয়া রোগাক্রান্ত হইয়া উঠে। আনি না—এই পরীক্ষা-ব্যাপির কি প্রতিকার! বিজ্ঞানগত হইতে অর্ধ বার্ষিক ও বার্ষিক পরীক্ষা তুলিয়া দিয়া সন্ধ্যার সাপ্তাহিক পরীক্ষার ব্যবস্থা হইলে হয়ত ফল হইতে পারে। কিন্তু ম্যাট্রিকুলেশন অথবা ইউনিভারসিটি প্রবেশিকা পরীক্ষা উঠাইয়া দিয়া School final পরীক্ষার আদেশ হইলে—এই গুরুতর পরিশ্রমের কথঞ্চিৎ লাঘব হইবে কিনা বর্তমান অবস্থা হইতে তাহার সম্পূর্ণ নির্দেশ করা কঠিন। যাহা হউক সদাশয় গভর্ণমেণ্ট ও দেশের অভিজ্ঞ ব্যক্তিগণের দৃষ্টি ক্রমশঃ, এদিকে আকৃষ্ট হইতেছে—ইহা বড় আশার কথা। ছাত্রগণের এ সম্বন্ধে কিছু কর্তব্য আছে। সন্ধ্যার হেলায় খেলায় না কাটাইয়া বৎসরের প্রথম হইতে রীতিমত সময় তালিকা করিয়া পরিশ্রম করিবার অভ্যাস যাহাতে হয়—সেদিকে দৃষ্টি রাখিলে পরীক্ষার সময় আদৌ কঠোর পরিশ্রমের প্রয়োজন হয় না। তাহার পর পরীক্ষায় পাশ করিয়া চাকরী গ্রহণ করিবার আশার গুড়ে ক্রমশঃ বালু পড়িয়া যাইতেছে। প্রকৃত পক্ষে পরীক্ষায় পাশ ফেলের উপর জীবনের আশা ভরসার নিভর করা মূর্খতার কার্য। দেশের হাওয়ার পরি-বর্তন হইতেছে। এখন স্বাধীন ভাবে দোকান অথবা বাবসায় খুলিলে লোকের কদর্য্য ভাষায় গালি দিবার স্পৃহা হয় না। অথবা আপন গ্রামে বসিয়া কৃষিক্ষেত্রের উন্নতি সাধন করিতে পারিলে “চাষা” নাম সময়ে অসময়ে হজম করিতেও হয় না। অভিভাবকদিগের কর্তব্য ছাত্রগণ যাহাতে প্রাতঃকাল ও বিকালে মুক্ত বাতাসে ভ্রমণ করিয়া ও অল্প কোনরূপ ব্যায়াম করিয়া শারীরিক স্বাস্থ্য বৃদ্ধির চেষ্টা করে তাহার উপর কঠোর দৃষ্টি রাখেন। এ সময় সহর বাজার পরিত্যাগ করিয়া দূরে যাইতে পারিলেই ভাল হয় অন্ততঃ যাহাতে লোকাকীর্ণ স্থান সভায় কোনরূপে ছাত্রগণের উপস্থিতির অধিকার

